রামায়ণ।

+-

স্থন্দরকাও।

মহ ৰ্ষি বা লা কি প্ৰণীত।

শ্রীযুক্ত বাবু দারকানাথ ভঞ্জ মহাশয়ের অনুমত্যনুসারে

শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য কর্তৃক

অমুবাদিত।

কলিকাতা

বাল্মীকি যভে: শ্ৰীকালীকিস্কর চক্রবর্তী কর্তৃক মুক্তিত। শকাস্থা ১৭৯৯ বৈশে**ও**।

স্থন্দরকাও।

প্রথম সর্গ।

-esse-

অনস্তর মহাবীর হরুমান জানকীর উদ্দেশে ব্যোমপথে
যাইবার সংকলপ করিলেন। তিনি এই ছক্ষর কর্ম নির্বিদ্রে
সম্পন্ন করিবার জন্য গ্রীবা ও মন্তক উত্তোলন করিয়া, র্বভের
ন্যায় শোভিত হইলেন এবং সলিলশ্যামল তৃণাচ্ছন্ন ভূপৃষ্ঠে
হৈম্বরপদে গমন করিতে লাগিলেন। তৎকালে ঐ মহাবল, গর্বিত্ত
সিংহের ন্যায় মৃগ সকল দলিত এবং বক্ষের আঘাতে পাদপদল ভগ্ন করিয়া, পক্ষিগণকে একান্ত শক্ষিত করিয়া তুলিলেন।
মহেন্দ্র পর্বতে নানারপ ধাতু, তৎসমুদায় স্থভাবজাত ও নির্মাল,
ইতন্তত্ত,নীল রক্ত ও পাটল রাগ বিস্তার করিতেছে। তথায় হ্ররপ্রভাব স্থরপ যক্ষ, কিন্তর ও গন্ধবিগণ উজ্জ্লবেশে নিরন্তর
রহিয়াছেন। হরুমান উহার নিম্নদেশে দণ্ডায়মান হইয়া, হুদমধ্যক্ত মাতকের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

অনম্ভর তিনি মুর্যা, ইব্রু, স্বয়স্ত্রায়ু, ও ভূতগণকে কৃতা-ঞ্জলিপুটে অভিবাদন পূর্ব্বক পিতা পবনকে পশ্চিমাস্থে বন্দনা করিলেন, এবং রামের অভ্যুদয়কাশনায় পর্ককালীন সমু-एक्त नगाम विक्रिक श्रेटक लागिलन । वानतगण ठकुर्किक श्रेटक বিশায়বিশ্কারিত নেত্রে উহাঁকে দেখিতে লাগিল। ঐ মহাবীর সমুদ্র লঙ্গনে প্রস্তুত হইলেন। তাঁহার দেহ অতিপ্রমাণ ; তিনি করচরণে পর্বতকে স্নদৃত্রপ ধারণ করিলেন ৷ গিরিবর মহেন্দ্র তৎক্ষণাৎ বিচলিত হইয়া উঠিল! বৃক্ষের পুষ্পা সকল পতিত हरें लागिन l के ममस स्रान्ति शुष्टा मस क ममाकीर्न हु उहार ज পর্মত যেন পুষ্পময় হইয়া গেল ৷ তৎকালে হনুমান বল প্রকাশ পূক্রক ক্রমশ উহাকে নিষ্পীড়ন করিতেছেন; মহেন্দ্র মদমত্ত মাতঙ্কবৎ জলধারা প্রবাহিত করিতে লাগিল ৷ উহার কোন ন্থানে স্বর্ণের প্রভা, কোপাও রজতের আভা এবং কোপাও বা কজ্জলের রুঞ্চকান্তি ; কিন্তু ঐ প্রবল জলস্রোতে সমস্তই বিপর্য্যস্ত ছইয়া গেল। মনঃশিলার সহিত বিশাল শিলা স্থালিত হইতে লাগিল; স্থতরাং শৈল জ্বালাকরাল বহ্নির ধূমশিখার ন্যায় নিরীক্ষিত হইল ৷ গহারস্থ জীবজস্তুগণ বিরুতস্বরে চীৎকার আরম্ভ করিল; দিক্দিগন্ত প্রতিধানিত হইয়া উচিল; উরগগণ স্বস্তিকচিহ্নিত স্থুল ফনমণ্ডল উত্তোলন করিয়া, ক্রোধভরে ঘোর অনল উদ্গার পূর্বক অনবরত শিলা দংশন করিতে লাগিল । শিলা সকল ঐ বিষাক্ত সর্পতৃত্তে খণ্ড খণ্ড হইরা হুতাশনের ন্যায় জ্বলিয়া উঠিল। তথায় যে সমস্ত ওমধি হুল, বিষয় হইলেও তৎসমুদায় আর বিষের উপশম করিতে পারিল না।

অনন্তর মহর্ষিগণ অকমাৎ এই লোমহর্ষণ কাণ্ড উপস্থিত দেখিয়া মনে করিলেন, বুঝি ত্রন্ধাক্ষসেরা এই পর্বত বিদীর্ণ করিতেছে। এই ভাবিয়া সকলে ভয়বিহ্বল চিত্তে পলায়ন করিতে প্রবৃত্ত হইলেন। বিছাধরগণ পানভূমিস্থ স্বর্ণাসন, স্বর্ণ-পাত্র, স্বর্ণকমণ্ডলু, স্বাত্ন লেহন দ্রব্য, বিবিধ মাংস, আর্যন্ত চর্ম, ও স্বর্ণমুক্টি খড়া পরিত্যাগ পূর্বক প্রমদাগণের সহিত ভীত-মনে ধাবমান হইলেন। রমণীগণ হার নূপুর ও কেয়র ধারণ পূর্ব্বক, রক্ত মাল্য ও রক্ত চন্দনে বেশ রচনা করিয়া, মদরাগ-লোহিত লোচনে বিহার করিতেছিল ৷ ইত্যবসরে উহারা সহসা এই অন্তু ত্ত ব্যাপার উপস্থিত দেখিয়া, স্ব স্ব নায়কের সহিত গগন-মার্গে আরোহণ পূর্ব্ব ক হর্ষ ও বিস্ময়ন্তরে সমস্ত প্রত্যক্ষ করিতে লাগিল ৷ মহর্ষিগণ মিলিত হইয়া পরস্পার এই প্রকার জম্পনা আরম্ভ করিলেন, এই পর্বভপ্রমাণ মহাবীর হরুমান মহাবেগে শতবোজন সমুদ্র লঙ্ঘন করিবেন ৷ ইনি রামের ও বানর-গণের শুভসঙ্কম্পে অতি হুস্কর সাধনে প্রবৃত্ত হইয়া, এই অপাক্ত সমুদ্র অনায়াসে পার হইবেন।

তখন বিদ্যাধরগণ মহর্ষিদিগের মুখে এই কথা শুনিয়া, একান্ত বিস্ময়াবিষ্ট হইলেন এবং পর্বতোপরি হরুমানকে বারং-বার নিরীক্ষণ করিতে লাগিলেন!

এ দিকে ঐ প্রদীপ্রপাবকতুল্য মহাবল ঘন ঘন কম্পিত হইতেছেন, এবং সর্মাঞ্চের রোমস্পদ্দন পূর্বক জলদগন্তীর রবে গর্জ্জন করিতেছেন। তাঁহার লাঙ্গুল অনুক্রমে বর্তুল ও লোমে আচ্ছন্ন। তিনি লক্ষপ্রদান করিবার সঙ্কম্পে উহা উদ্ধে নিক্ষেপ পূর্বেক পৃষ্ঠদেশে মুহুমুহু আক্ষালন করিতেলাগিলেন। বোধ হইল, যেন বিহগরাজ গরুড় একটা ভীষণ অজগরকে লইয়া প্রস্থান করিতেছেন।

অনস্তর ঐ মহাবীর, অর্গলাকার ভুজদও পর্বতের উপর
দৃঢ়রূপে স্থাপন করিলেন; পদ্যুগল সঙ্কু চিত করিয়া, ক্রোড়দেলে সর্বাঙ্গ আকুঞ্চন করিয়া লইলেন, এবং এীবা ও বাহুদ্বর
খর্ম করিয়া, তেজ ও বলবার্য্যে বিদ্ধিত হইতে লাগিলেন। তাঁহার
দৃষ্টি নিরস্তর উদ্বের; তিনি হৃদয়ে প্রাণরোধ পূর্মক নিরবছিয়
গমনপথ লক্ষ্য করিতে লাগিলেন, এবং লক্ষপ্রদানের ইচ্ছায় কর্ণসঙ্কোচ করিয়া বানরগণকে কহিলেন, দেখ, আজ আমি রামের
শরদণ্ডের ন্যায় বায়ুবেগে রাবণরক্ষিত লঙ্কায় গমন করিব!
বিদ তথায় জানকীর দর্শন না পাই, তবে এই বেগেই
দেবলোকে উপস্থিত হইব। যদি সে স্থানেও ক্ষতকার্য্য না হই,

তবে লঙ্কাপুরী উৎপার্টন পূর্বক রাক্ষসরাজ রাবণকে বন্ধন করিয়া আনিব!

এই বলিয়া ঐ মহাবীর, গৰুড়ের ন্যায় বেগ প্রদর্শন পূর্বক অকাতরে লক্ষ প্রদান করিলেন। পর্বতন্থ রক্ষ সকল শাখাপ্রশাখা সঙ্কৃতিত করিয়া, চতুর্দ্দিক হইতে উহঁার সহিত মহাপ্রেগ উথিত হইল। রক্ষ সমূহে নানাপ্রকার পূষ্প, বিহক্ষেরা উন্মন্ত হইয়া কলরব করিতেছে। হনুমান গমনবেগে ঐ সকল বৃক্ষ সমন্তিব্যাহারে লইয়া নির্মাল ব্যোমপথে ঘাইতে লাগিলেন। তখন স্বজনগণ যেমন স্বদূরগামী বন্ধুর এবং সৈন্যেরা যেমন নূপতির অনুগমন করে, সেইরপ শাল তাল প্রভৃতি রক্ষ সকল মুহুর্ত্তকাল উহঁার অনুসরণ করিল। ঐ সমন্ন পর্বত প্রমাণ হনুমান পুষ্পা অঙ্কুর ও কলিকার সমাকীর্ন হইয়া, খন্যোতপরিবৃত্ত শৈলের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

অনম্ভর সারবৎ বৃক্ষ সকল স্থালিতবেগে পুস্পভার পরিত্যাগ করিয়া, পক্ষেদ্দনভয়ে পর্কিতের ন্যায় সাগরজ্ঞলে নিময়

হইল, এবং পুস্পরাশি লঘুত্ব বশত ক্রমশ আসিয়া পতিত

হইতে লাগিল ৷ তখন মহাসমুদ্র ঐ সমস্ত স্থাস্কি বিচিত্র পুস্পে

সর্কার পরিব্যাপ্ত হইয়া, বিছাৎমণ্ডিত মেঘ ও নক্ষরখাচিত আকাশের ন্যায় দৃষ্ট হইল ৷ হনুমানের বাছ্ছয় অম্বরতলে প্রসারিত,
তৎকালে উহা গিরিবিবরনিঃসৃত পঞ্চমুখ উরগের ন্যায় লক্ষিত

হইতে লাগিল ৷ ঐ বীর ষেন ভরক্ষসন্ধুল মহাসমুদ্রকে এবং অসীম আকাশকে পান করিবার জন্য যাইতেছেন ৷ ভাঁহার নেত্রদ্বয় পিঙ্গল ও বিহ্নাতের ন্যায় উজ্জ্বল, উহা পর্কভোপরি প্রজ্ঞালিত অনলবৎ প্রকাশিত হইতেছে, এবং পরিবেষভীষণ চক্রন্থরে ন্যায় নিতান্ত চুর্নিরীক্ষ্য হইয়াছে! তাঁহার মুখ্মওল রক্তবর্ণ, উহা রক্ত নাসিকা সংযোগে যেন সন্ধার্গরোগে ভাস্করের প্রভা বিস্তার করিতে লাগিল। উহাঁর লাঙ্গুল উর্দ্ধে উচ্ছি ভ, উহা ইন্দ্রধ্বজের ন্যায় শোভা ধারণ করিল ৷ তিনি ঐ লাঙ্গ লচক্রে বেফিত হইয়া, জ্যোতিশ্চক্রগত স্থর্য্যের ন্যায় নিভাস্ত ভীমদর্শন হুইলেন ৷ উহাঁর কটিভট সম্যক লোহিত, স্থুতরাং পর্বত যেমন দলিত ধাতু দ্বারা শোভা পায়, তিনি সেইরপই শোভিত হই-লেন ৷ উহাঁর কক্ষ্যান্তরগত বায়ু জলদবৎ গন্তীর রবে গর্জ্জন করিতেছে ৷ উল্কা যেরূপ উত্তর দিক হইতে নিঃসৃত হইয়া, গগনে লম্বরেখায় নিরীক্ষিত হয়, হরুমান ঐ স্থদীর্ঘ লাকুল দারা সেই রূপই দৃষ্ট হইলেন। তাঁহার দৈহ উদ্ধে এবং ছায়া সমুদ্র-বক্ষে; স্থতরাং তিনি বায়ুবেগপ্রেরিত নো-যানের ন্যায় বাইতে লাগিলেন ৷ ঐ মহাবীর সমুদ্রের যে যে স্থান অতিক্রম করিয়া চলিলেন, সেই সকল স্থান উহাঁর গতিবেগে উন্মত্তের ন্যায় অন-বরত তরঙ্গ আক্ষালন করিতে লাগিল ৷ তিনি শৈলবৎ বিশাল বক্ষে সাগরের উর্মিজাল প্রতিহত করিয়া মহাবেগে বাইতে-

ছেন ৷ একে উহাঁর দেহবায়ু নিভাস্ত প্রবল, তাহান্তে আবার মেঘবায়ু উত্থিত হইয়াছে, স্মৃতরাং ঐ গভীরনাদী সমুদ্র যার প্র নাই বিচলিত হইয়া উচিল! হরুমান গতিবেগে উহার বৃহৎ বৃহৎ তরক্ষ সকল আকর্ষণ পূর্ব্বক পৃথিবী ও অন্তরীক্ষকে যেন পৃথক নিক্ষেপ করিয়া যাইতেছেন। বোধ হইল. তৎকালে তিনি মেৰুমন্দরাক'র উর্মিজ্ঞাল একাদিক্রমে গণনা করি-তেছেন। ঐ সমস্ত উর্মি হরুমানের বেগে মেঘপথ পর্য্যন্ত উত্থিত इहेशा आंकारण প্রসারিত শারদীয় জলদের न্যায় দৃষ্ট हहेल। তখন বস্ত্রাপকর্ষণে সমগ্র অবয়ব যেমন স্কুষ্ট দেখা যায়, ভদ্রুপ সমুদ্রচর জীবজন্তগণ সম্পূর্ণ নিরীক্ষিত হইতে লাগিল। উরগগণ ব্যোমমার্গে হরুমানকে গমন করিতে দেখিয়া, বিছগরাজ গৰুড বোধে যারপর নাই ভীত হইল। ঐ মহাবীরের ছায়া দশ যোজন বিস্তীর্ণ ও ত্রিশ যোজন দীর্ঘ, বেগপ্রভাবে উহা অতি স্কুদ্য হইয়া উঠিল ৷ ছায়া সততই তাঁহার অনুগামিনী, উহা সমুদ্রবক্ষে নিপ-ক্তিভ হইয়া স্বচ্ছ মেঘশ্রেণীর ন্যায় লক্ষিত হইতে লাগিল। তিনি ৰিরবলম্ব আকাশে সপক্ষ পর্বতবৎ যাইতেছেন। তাঁহার গ্রমন-্ৰেক্স মেঘ হইতে বারিধারা নিঃসৃত হইয়া, সমুদ্রকে যেন পায়ঃ-প্রণালীর অনুরূপ করিয়া তুলিল ৷ ঐ মহাকায় মহাবল, নানা বর্নের মেঘ আকর্ষণ পূর্বক কখন ভীমবেগ বায়ুর ন্যায় এবং কখন বা পক্ষিমার্গে গৰুড়ের ন্যায় চলিয়াছেন। তিনি গতি-

প্রদক্ষে একবার মেষের অন্তরালে আবার বহির্ভাগে, স্কুতরাং ভৎকালে প্রকৃষ ও প্রকাশিত চল্জের ন্যায় যার পর নাই শোভিত হইলেন।

তখন দেবতা ও গন্ধবেরা হরুমানকে এই অন্তঙ কার্য্য সাধনে প্রবৃত্ত দেখিয়া পুষ্পবৃত্তি করিতে লাগিলেন। হুৰ্য্যদেৰ উত্তাপ দানে বিরত হইলেন। বায়ু স্থিপ্ধক্রোতে বহিতে लागिलन। नाग यक ७ तक्तिमा थे महावीतक ज्ञानित শ্রাস্ত দেখিয়া ত্রুতিবাদ আরম্ভ করিলেন। ঋষিগণ উহাঁর ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন ৷ ইত্যবসরে মহাসমুদ্র ইক্টুকুলের সম্মান কামনায় ভাবিলেন, এক্ষণে যদি আমি এই কপিপ্রবীর হরুমানকে সাহায্য না করি, তবে নিয়ণ্টই লোকে আমার অষশ ঘোষণা করিবে ৷ ইক্টাকুরাজ সগর আমাকে সংবর্দ্ধিত করিয়াছেন, এই মহাবীর সেই ইক্টাকুবংশের পরম সহায়! এক্ষণে যাহাতে ইহাঁর প্রান্তি দূর হয়, তাহাই আমার কর্ত্তব্য ছইতেছে ৷ ইনি গতক্রম ছইয়া, গন্তব্য পথের অবশেষ অক্লেশে অতিক্রম করিবেন !

সমুদ্র এইরপ স্বযুক্তি করিয়া, সলিলমগ্ন কনকময় মৈনাককে কহিলেন, মৈনাক! স্বররাজ ইন্দ্র পাতালবাসী অস্বরগণের সঞ্চাররোধ করিবার নিমিত্ত ভোমাকে অর্গলম্বরূপ স্থাপন করি-রাছেন। তুমিও ঐ সকল দৃষ্টবীর্ব্য হ্রাত্মাদিগের পুনক্ষানে

ব্যাঘাত দিবার জন্য অতলম্পর্শ পাতালের নির্গমন-দ্বার অব-রোধ করিয়া আছ । তোমার শক্তি অতীব অন্ত্ । তুমি সর্ম -তোভাবে বর্দ্ধিত হইতে পার । এক্ষণে এই জন্যই আমি তোমায় নিয়োগ করিতেছি, তুমি অবিলয়ে সমুদ্র হইতে গালোখান কর । ঐ দেখ, কপিকেশরী মহাবীর হনুমান রামের কার্য্যসাধন সংকল্পে আকাশপথে ক্রমশঃ তোমার নিকটস্থ হইতেছেন । উনি শ্রাম্ভ ও ক্লান্ত, অতএব তুমি সত্ত্বই উপিত হও ।

অনন্তর গিরিবর মৈনাক সমুদ্রের জলরাশি ভেদ করিয়া, সহসা রক্ষ লতার সহিত উন্ধিত হইল। বোধ হইল, ফেন খরতজে ভাক্ষর মেঘের আবরণ উন্মোচন পূর্বক উদিত হইলেন। ঐ পর্বতের চতুপ্পার্শ্ব সাগরজলে বেটিত, শিখরসকল স্বর্ণময় গগনস্পর্শী ও উজ্জ্বল এবং কিন্ধর ও উরগে পরিপূর্ণ। তৎকালে উহার জ্যোতিতে অসিশ্যামল আকাশ স্বর্ণবর্ণ হইয়া উচিল।

তখন হনুমান মৈনাককে সহসা সমুখে উল্খিত দেখিয়া, লবণ সমুদ্রের মধ্যে বিম্ন বোধ করিলেন, এবং বায়ু যেমন মেঘকে অপানারিত করিয়া যায়, তদ্রূপ উহাকে বক্ষের আঘাতে নিক্ষিপ্ত করিয়া চলিলেন ৷ তদ্ধর্শনে গিরিবর মৈনাক উহাঁর গমনবেগ অনুধাবন করিয়া, হর্ষভরে গর্জ্জন করিতে লাগিল, এবং মনুষ্যারপ ধারণ এবং স্বীয় শিখরে আরোহণ পূর্বক প্রীতমনে কহিল, কপিরাজ ৷ তুমি অতি মুক্ষর কর্ম সাধনে প্রবৃত্ত হইয়াছ ৷

অতএব আমার শিখরে উপবেশন করিয়া ক্ষণকাল বিশ্রামস্থুধ অসুভব কর ৷ দেখ, রঘুবংশীয়েরা এই মহাসমুদ্রকে বর্দ্ধিত করি-য়াছেন ৷ তুমি রামের হিতত্ততে দীক্ষিত, তদ্দর্শনে সমুদ্র তোমায় অর্চ্চনা করিতেছেন । প্রভ্যুপকার করাই সনাতন ধর্ম। তিনি ভোমাকে পূজা করিবার জন্য আমাকে বহুমান পূর্বক নিয়োগ করিলেন ; এবং কছিলেন, এই কপিপ্রবীর শত যোজন লজ্ঞ্মন করিবার নিমিত্ত আকাশমার্গ দিয়া যাইতেছেন। তিনি ভোমার শিখরে ক্লান্তি দূর করিয়া, গন্তব্যশেষ অক্লেশে অভিক্রম করিবেন ৷ বীর ! এক্ষণে ভুমি দাঁড়াও, এবং আমার শিখরে গভক্লম হইয়া যাও। এই স্থানে সুস্বাত্ন স্থান্ধি কন্দ, মূল, ফল স্প্রচুর রহিয়াছে, তুমি ইচ্ছানুরপ ভক্ষণ কর ৷ ভোমার সহিত আমার কোন একটা সম্বন্ধ আছে, তুমি ভুবনবিখ্যাত ও গুণবান; এই জীবলোকে যভ বেগবান বানর দেখিতে পাওয়া যায়, তুমি ভৎসর্মাপেক্ষা শ্রেষ্ঠ ! ভোমার কথা কি, সামান্য অতিথিকেও সংকার করা স্থবিজ্ঞ ধার্ষিকের কর্ত্তব্য হইতেছে। তুমি দেবপ্র-ধান বায়ুর পুত্র এবং বেগে তাঁছারই অনুরূপ; স্বতরাং ভোমায় পূজা করিলে তিনিই সমাদৃত হইবেন। বীর! এক্ষণে যে কারণে তুমি আমার পূজনীয় হইতেছ, তাহারও উল্লেখ করি, প্রবণ কর।

সভ্যযুগে পর্বভসমূহের পক্ষ ছিল। উহারা গৰুড়বৎ মহাবেগে

সর্বত্র পরিভ্রমণ করিত ৷ তদ্দর্শনে দেবতা ও মহর্ষিগণ পর্বতপাত আশক্ষায় নিতান্তই ভীত হইয়া উঠেন ৷

• অনন্তর স্বরাজ ইন্দ্র ক্রোধাবিষ্ট হইয়া, উহাদের পক্ষছেদে প্রবৃত্ত হন । একদা তিনি বজ্ঞান্ত উদ্যুত করিয়া, ক্রোধভরে আমার নিকটস্থ হইলেন । কিন্তু তৎকালে তোমার পিতা পবন আমায় আকাশে তুলিয়া এই লবণসমুদ্রে নিক্ষেপ করেন । তিনি আমায় গোপন করিয়াছিলেন বলিয়া, আমার পক্ষ রক্ষা হয় । বীর ! আমি এই জন্যই তোমায় সন্মান করিতেছি । তুমি আমার পরম মান্য, এবং তোমার সহিত এই আমার সম্বন্ধ । এক্ষণে প্রত্যুপকারের কাল উপস্থিত হইয়াছে ; অত্তবে তুমি প্রসন্ধমনে আমাদিগের প্রীতি বর্দ্ধন কর । বায়ুসম্পর্কে আমিও তোমার পূজ্য । আমি তোমায় দেখিয়া সবিশেষ সন্তোদ্ধ লাভ করিলাম । অতঃপর তুমি প্রান্তি দূর করিয়া আমার প্রদত্ত পূজা গ্রহণ কর ।

ত্থন হরুমান কছিলেন, মৈনাক ! আমি তোমার এই প্রার্থনার একান্ত প্রতিত হইলাম ! এক্ষণে প্রসঙ্গমাত্রেই আতিথ্য অনুষ্ঠিত হইল, তজ্জন্য তুমি কিছুমাত্র ক্ষোভ করিও না ৷ কার্য্যকাল আমাকে ব্যস্তসমস্ত করিয়া তুলিতেছে, দিবসও প্রায় অবসান হইয়া আসিল ৷ বিশেষতঃ আমার প্রতিজ্ঞা এই, যে, শতযোজ-নের মধ্যে আমি কোন স্থানে কদাচ বিশ্রাম করিব না ৷ যাহাই

হউক, এক্ষণে চলিলাম ৷ এই বলিয়া, মহাবীর হনুমান মৈনাককে
স্পর্শমাত্র করিয়া, অপ্রতিহতবেগে গমন করিতে লাগিলেন ৷
সমুদ্র ও শৈল স্বত্মানে উহাঁকে নিরীক্ষণ পূর্ব্বক সমুচিত বাক্যে
প্রশংসা ও আশীর্বাদ করিতে প্রবত্ত হইল ৷

অনন্তর হরুমান ক্রমশঃ দূরতর আকাশে আরোহণ করিলেন, এবং মৈনাককে দেখিতে দেখিতে মহাবেগে যাইতে লাগিলেন। তখন স্থর, সিদ্ধা, ও মহর্ষিগণ এই তুক্ষর কার্য্য দর্শন করিয়া, উহার সবিশেষ প্রশংসা আরম্ভ করিলেন। ইত্যবসরে স্থররাজ ইন্দ্র মৈনাকের সদাচরণে একান্ত সন্তুই হইয়া, বাষ্পাগদগদ কপ্তে কহিলেন, মৈনাক! হরুমান ভয়ের কারণ সত্ত্বেও নির্ভয় হইয়া, এই শত যোজন সমুদ্র লজ্মন করিতেছেন। তুমি উহার প্রান্তিনাশে সাহায্য করিয়াছ। ঐ মহাবীর রামের হিতোদেশেই চলিয়াছন, তুমি যথাশক্তি ইহার অর্চনা করিয়াছ; এই শারণে আমি নিতান্তই প্রাত্ত হইলাম। এক্ষণে তোমাকে অভয় দান করিতেছি, তুমি যথায় ইচ্ছা প্রশ্বান কর।

তখন গিরিবর মৈনাক ইন্দ্রকে প্রসন্ন দেখিয়া একান্ত পরিতৃষ্ট হইল এবং উহাঁর নিকট বর এহণ পূর্বক পুনর্বার সাগরজলে প্রবেশ করিল 1

অনস্তর স্থর, সিদ্ধ, মহর্ষি,ও গন্ধর্মগণ নাগজননী তেজিখিনী সুরসাকে পরম সমাদরে কহিলেন, দেবি! এই পবনকুমার শ্রীমান হরুমান সমুদ্র পার হইতেছেন । তুমি পর্বতাকার খোর রাক্ষসমূর্ত্তি ধারণ পূর্ব্বক পিঙ্গল চক্ষু ও বিকট দস্ত বিস্তার করিয়া, ক্ষণকালের জনা ইহাঁর গমনপথে বিদ্ন আচরণ কর । আমর্ন ঐ বীরের বলবীর্য্য জানিতে একান্ত উৎস্কুক হইয়াছি । দেখিব, ইনি কোন কেশিলে তোমায় পরাজ্য করেন, কি ভয়ে অবসন হন !

তখন স্থরসা তীষণ বিরূপ রাক্ষসরূপ ধারণ করিয়া, হনু-মানের গভিরোধ পূর্বক কহিল, কপিরাজ! দেবগণ ভোমাকে আমার ভক্ষ্যস্করপ নির্দ্দেশ করিয়াছেন ৷ স্থতরাং আজ আমি তোমায় ভক্ষণ করিব 🕻 এক্ষণে তুমি আমার এই আস্ফুক্ররে প্রবিষ্ট হও ৷ এই বলিয়া স্থরসা মুখব্যাদান পূর্বক হনুমানের নিকট দণ্ডায়মান হইল। তথন হনুমান প্রফুল বদনে কহিলেন, ভর্তে শর্থতনয় রাম, ভ্রাতা লক্ষ্মণ ও ভার্য্যা জানকীর সহিত দওকারণ্যে প্রবেশ করিয়াছেন। তথায় রাক্ষসগণের সহিত উহঁ'র ঘোরতর শত্রতা জমে! তিনি একদা কার্য্যান্তরে ব্যাসক ছিলেন, ইত্যবসরে রাবণ বলপূর্বক উহঁার ভার্য্যাকে অপহরণ করিয়া লইয়া যায়। একণে আমি সেই রামের অনুজ্ঞাক্রমে যশ-স্বিনী জানকীর নিকট দূতস্বরূপ যাইতেছি ৷ রাক্ষসি ! চরাচর সম-স্তই রামের অধিকার, ভুমি তন্মধ্যে বাস করিয়া আছ, স্নতরাং এ সময় তাঁহাকে সাহায্য করা ভোমার কর্ত্তব্য হইতেছে। অথবা

আমি সতাই অঙ্গীকার করিতেছি, আমি জানকীরে দর্শন এবং রামকে তাঁহার বৃত্তান্ত জ্ঞাপন পূর্ম্বক পশ্চাৎ তোমার নিকট উপ-স্থিত হইব l হরুমান এই বলিয়া প্রস্থানের উপক্রম করিলেন।

তখন কামরূপিণী স্থরুদা উহাঁর বলবীর্য্যের পরিচয় লইতে একান্ত উৎস্কুক হইয়া কহিল, দেখ, পূর্বের প্রজাপতি ত্রকা আমাকে এইরূপ বর প্রদান করিয়াছেন যে, যে কেহ আমার সম্মুখান হইবে, আমি তাহাকে গ্রাস করিব। এক্ষণে যদি তুমি সমর্থ হও, তবে আজ আমার আস্ফুক্রর হইতে গমন করিও। এই বলিয়া স্থরসা মুখব্যাদান পূর্ব্বিক সহসা হরুমানের অত্যে দণ্ডায়মান হইল ৷ তদর্শনে হরুমনি একান্ত ক্রোধাবিষ্ট হইয়া কহিলেন, রাক্ষসি! তবে তুমি আমার এই স্থদীর্ঘ দেহের অনুরূপ মুখ বিস্তার কর ৷ এই বলিয়া ঐ মহাবীর উহারই দেহ-প্রমাণে স্বয়ং দশ যোজন দীর্ঘ হইলেন। সুরসা বিশ 🎆 জন মুখব্যাদান করিল ৷ ঐ যোর মুখ মেঘাকার নরকসদৃশ ও রসন: করাল। তদর্শনে হরুমান রোধে স্ফীত হইয়া তিশ যোজন বদ্ধিত হইলেন। স্বরদা চত্ত্বারিংশৎ যোজন মুখ বিস্তার করিল। হনুমান পঞ্চাশৎ যোজন দেহ বৃদ্ধি করিলেন; সুরসার মুখ যঠি যোজন হইল। হনুমান সপ্ততি যোজন বদ্ধিত হইলেন; সুরসার भूथ अभी जि यो जन इरेल। इनुभान नविज यो जन मीर्घ इरे-লেন; সুরসার মুখও শত যোজন হইল !

অনন্তর মহাবীর হরুমান তৎক্ষণাৎ মেঘবৎ দেহ সজ্জেপ করিয়া অঙ্কুপ্রথমাণ হইলেন, এবং স্করসার মুখমধ্যে প্রবেশ করিয়া, ঝটিতি নিজ্মণ ও অন্তরীক্ষে আরোহণ পূর্বক কহিলেন, দাক্ষায়ণি । সামি তোমার আস্তর্কুরে প্রবিষ্ট ইয়াছিলাম ৷ এক্ষণে তোমায় নমস্কার, তোমার বর সত্য হইল, অতএব আমিও জানকীর উদ্দেশে চলিলাম ৷

তখন নাগজননী স্থরসা উপরাগমুক্ত চক্রের ন্যায় হনু-মানকে স্বীয় আস্ফাদেশ হইতে নির্গত দেখিয়া পূর্ব্বরূপ ধারণ পূর্ব্বক কহিলেন, বীর! তুমি কার্য্যসাধনের জন্য যথায় ইচ্ছা যাও এবং রামের জানকী লাভে যত্নবান হও!

অনন্তর গগনবিহারী জীবগণ এই ব্যাপার দর্শন করিয়া হত্ত্বানকে বারংবার সাধ্বাদ প্রদানে প্রবৃত্ত হইল ৷ ক্রুমানও মহ ক্রিণ আ ক্রিপথে যাইতে লাগিলেন ৷ মহাকাশ দূর হইতে দূল বিক ; ইতন্ততঃ বিশাল জলদজাল সমস্ত শীতল রাখিয়া , বহগগণ উড্জীন ; নৃত্যগীতাচার্য্য গন্ধর্বেরা বিরাজ করিতে হন ; স্থরধনু নানারাগে রঞ্জিত ; দিব্য বিমান শিংহব্যান্ত বাহনযোগে মহাবেগে গতায়াত করিতেছে ৷ উহা অগ্নিকম্প কতপুণ্যের আশ্রমন্থান ৷ তথায় হব্যবাহী ক্তাশন নিরন্তর জ্বলিতেছেন ; চক্রস্থ্য প্রভৃতি জ্যোতির্মণ্ডল উড্ডালি

ষ্ঠান করিয়া আছেন। উহা সমস্ত বিশ্বের আধার ও একান্ত নির্মাল। উহার কোন স্থানে গন্ধর্করাজ বিশ্বাবস্থ এবং কোথাও বা করিবর প্রবাবত। উহা যেন জীবলোকের চক্রাতপস্বরূপ প্রসারিত আছে। হনুমান প্রজানির্মিত বায়ুপথে মেঘজাল আকর্ষণ পূর্ম্বক মহাবেগে গমন করিতে লাগিলেন।

ইত্যবসরে সিংছিকা নাল্লী কোন এক কামরূপিণী রাক্ষ্মী জ কপিবীরকে দর্শন করিয়া মনে করিল, বুঝি বহুদিনের পর আজ আমার ভক্ষ্য লাভ হইবে। অদূরে ঐ একটী প্রকাণ্ড জীব আগমন করিতেছে, বুঝি ভাগ্যে উহা আমারই হস্তগত হইবে 1 সিংহিকা এই ভাবিয়া হরুমানের ছায়া গ্রহণ করিল ৷ হরুমান সহসা শিহরিয়া উঠিলেন, মনে করিলেন, বায়ুর প্রতিস্রোতে শীন সামৃত্রিক বানের গতিরোধ হয়, সেইরপ একণে কেন আমার গতিরোধ হইয়া গেল ? এই বলিয়া তিনি উদ্ধাশেভাবে ইতন্ততঃ দৃষ্টিপাত করিতে লাগিলেন ৷ দেখিলেন, লবণ সমুদ্রের মধ্য হইতে এক বিকটাকার রাক্ষসী উত্থিত হইয়াছে ৷ তদ্দর্শনে विवालन, किन्तां अ अधीव या, महाकां स्र महावीर्ग हा शाधाही জीবের কথা কহিয়াছিলেন, ইছাই সেই জীব হইবে। ঐ শ্বীমান এইরূপ অনুমান করিয়া, বর্ষার মেদের ন্যায় বর্দ্ধিত হইতে লাগিলেন 1

অনম্ভর সিংহিকা আকাশ-পাতাল-প্রমাণ মুখ ব্যাদান করিয়া,

জ্লদগদ্ধীর রবে গর্জ্জন করিতে লাগিল এবং হনুমানকে লক্ষ্য করিয়া দূর হইতে ধাবমান হইল। তৎকালে ঐ বজ্ঞকায় মহাবীর, রাক্ষদীর বিকট মুখ ও দেহপ্রমাণ দর্শন পূর্ব্বক মর্যভেদের স্থযোগ অনুসন্ধান করিতে লাগিলেন, এবং অবিলয়ে খর্বাকার হইয়া উহার আস্যকুহরে প্রবেশ করিলেন। তখন পর্ব্বকালে রাছ্ যেমন চক্রকে প্রাস করে, তদ্ধেপ ঐ রাক্ষ্যী উহাঁকে এককালে প্রাস করিয়া কেলিল। মহাবল হনুমানও উহার জঠরে গিয়া স্থতীক্ষ নখরপ্রহারে মর্মস্থান ছিম্ম ভিম্ম করিলেন, এবং হৈর্য্য ও চাতুর্য্যে তাহাকে বধ করিয়া বায়ুবৎ মহাবেগে নিক্ষান্ত হইলেন। উহাঁর আকার পূর্ব্ববৎ হইল। নিশাচরী সিংহিকাও ছিম্মর্ম হইয়া সমুদ্রে নিমগ্ন হইয়া গেল।

পরে ব্যোমচর সিদ্ধ ও চারণগণ এই ব্যাপার প্রত্যক্ষ করিয়। হরুমানকে কহিলেন, বীর! আজ তুমি অতি ভয়ঙ্কর কার্য্য করিয়াছ, ভোমারই বলবীর্ষ্যে এই রাক্ষ্যা নিহত হইল। এক্ষণে তুমি নির্কিন্ধে আপনার অতীই সাধন কর। দেখ, যাঁছার বৈধ্য, বৃদ্ধি, দৃষ্টি ও দক্ষতা ভোমার অনুরূপ, তিনি কদাচ কোন বিষয়ে অবসন্ধ হন না।

• তখন মহাবীর হনুমান এইরপ সন্মানিত ও প্রস্থানে অনু-জ্ঞাত হইয়া মহাবেগে গমন করিতে লাগিলেন ৷ অদূরে সমু-জের পরপার; তিনি ইতস্ততঃ দৃষ্টি প্রসারণ পূর্বক শত যোজ-

নের অস্তে বনশ্রেণী দর্শন করিলেন এবং গতিপ্রসঙ্গে বিবিধ বৃক্ষ-পূর্ণ দ্বীপ, মলয় পর্ব্বতের উপবন, সমুদ্রের কচ্ছদেশ, ভত্তভা বৃক্ষ ও লতা এবং নদীসমূহের সঙ্গমস্থান ক্রমশই দেখিতে পাইলেন ! উহাঁর দেহ মেঘাকার; যেন অম্বরকে নিরোধ করিয়া আছে ৷ তন্দুটে তিনি মনে করিলেন, রাক্ষদেরা আমার এই প্রকাণ্ড দেহ ও গতিবেগ নিরীক্ষণ করিলে, যার পর নাই কেতিুহলাক্রাস্ত হইবে ৷ হনুমান এইরূপ অনুমান করিয়া, আপনার পর্বতপ্রমাণ দেহ খর্ক করিলেন এবং মোহমুক্ত যোগীর ন্যায় পুনর্কার প্রহ্ন-जिन् इहेलन । ज्थन (वाध इहेल, यन विनवीर्याहाती जगवान ছরি ত্রিলোকে ত্রিপাদ নিক্ষেপের পর পূর্ব্বরূপে বিরাজ করি-তেছেন। সাগরতীরে লম্ব পর্বত, উহার শিখর সকল রমণীয়; তথায় কেতক, উদ্দালক, ও নারিকেল প্রভৃতি নানা প্রকার রক্ষ প্রেমাণে জিখারাছে। হরুমান স্ববিক্রমে ঐ ভুজন্সকল তরঙ্গপূর্ণ সমুদ্র পার হইয়া, লম্ব পর্বতে পতিত হই-লেন! মৃগপক্ষিগণ চকিত ও ভীত হইয়া উঠিল। হরুমান তথায় উত্তীর্ণ হইয়া, অমরাবতীর ন্যায় মহাপুরী লক্ষা দেখিতে পাইলেন 1

দ্বিতীয় সর্গ।

র্জ মহাবীর, শতযোজন সমূদ্র লজ্জ্মন করিয়া কিছুমাত্র প্রান্ত হন নাই। বহুল আয়াস স্বীকারেও তাঁহার ঘন ঘন নিশ্বাস নিৰ্গত হইতেছে না। তিনি অটলদেহে শোভমান ৷ পরিমিত শক যোজন ত সামান্য, অপেক্ষাকৃত দূরপথ পর্য্যটনই উহাঁর পক্ষে সবিশেষ শ্লাঘার হইতে পারে। তথন বৃক্ষসকল ঐ বীরের মস্তকে পুষ্পার্টি আরম্ভ করিল। তিনি তদ্বারা সমাচ্ছন্ন হইয়া যেন পুষ্পময় দেহে দণ্ডায়মান রহিলেন। লম্ব পর্বতের অপর নাম ত্রিক্ট, ভত্নপরি লঙ্কাপুরী প্রতিষ্ঠিত আছে। হরুমান মৃত্নপদে ক্রমশঃ তদভিমুখে যাইতে লাগিলেন। তথায় স্থনীল স্থবিস্তীর্ণ তৃণাচ্ছন্ন প্রদেশ, মধুগদ্ধি বন, এবং স্থচাৰু তৰুশ্রোণী। হরুমান একটী মধ্যপথ আশ্রয় পূর্বক লঙ্কার দিকে গমন করিতে লাগি-লেন। ত্রিক্টে নানারপ বৃক্ষ; দেবদাক, কর্নিকার, পুষ্পিত খর্জ্জার, প্রিয়াল, কুটজ, কেডক, স্থান্ধি প্রিয়ঙ্গু, কদম্ব, সপ্তচ্ছদ, অসন, কোবিদার ও করবীর l ঐ সমস্ত হক্ষের মধ্যে কডকগুলি মুকুলিড এবং বহুসংখ্য পুষ্পাভরে অবনত রহিয়াছে; পদ্ধবদল বায়ুর मुद्रमक हिल्लाल जात्कालिङ स्टेट्डिह, এवर विस्कृतन मांथा

প্রশাখায় উপবেশন করিয়া মধুর স্বরে কৃজন করিতেছে ৷ তথায় নানারপ স্বচ্চ জলাশয় ও সরোবর, তন্মধ্যে শ্বেত ও রক্ত পথ প্রফুটিত হইয়া আছে এবং হংস সারস প্রভৃতি জলচর জীবগণ সতত বিচরণ করিতেছে ৷ উহার স্থানে স্থানে স্নরম্য ক্রীড়াপর্বিত এবং শোভনতম উন্থান ৷ মহাবীর হ্রুমান এই সমস্ত দেখিতে দেখিতে রাবণরকিত লঙ্কার উপস্থিত হইলেন ৷ মহাপুরী লঙ্কা 📤 প্রশাভী পরিখায় বেষ্টিত! নিশাচরগণ সীতাপহরণ অবধি, রাবণের নিয়োগে, উহার রক্ষাবিধানার্থ ধুনুর্ধারণ পূর্ব্বক চতুর্দ্ধিকে ভ্রমণ করিতেছে। ঐ পুরী অতিশয় রমণীয়; উহা কনকময় প্রাকারে পরিবৃত, অত্যুক্ত সুধাধবল গৃছ এবং পাও বর্ণ স্থপ্রশস্ত রাজপথে শোভিত আছে! উহার ইতস্ততঃ পতাকা এবং লতা-কীর্ণ ফর্নময় তোরণ ৷ দেবশিশ্পী বিশ্বকর্মা ঐ পুরী বহুপ্রয়য়ে নির্মাণ করিয়াছেন ৷ যেমন গিরিগুহা উরগে, সেইরূপ উহা ঘোর-রূপ রাক্ষদে পূর্ন হইয়া আছে ৷ ঐ নগরী পর্বতোপরি প্রতিষ্ঠিত, স্থাতরাং দূর হইতে বোধ হয়, যেন গগনে উড্ডীন হইতেছে ! উহা যেন কাহারও মানসী সৃষ্টি হইবে ! উহার স্থানে স্থানে শভন্নী ও শূলান্ত্র। তথন দেবরাজ ইন্দ্র যেমন অমরাবতীকে নিরীকণ করেন, ভদ্রেপ হনুমান উহাকে সবিস্ময়ে দেখিতে লাগিলেন ৷

অনন্তর ঐ বীর ক্রমশঃ লঙ্কার উত্তর দ্বারে গমন করিলেন। উহা গগনস্পর্শী ; দৃষ্টিমাত্র যেন কুবেরপুরী অলকার দ্বার বোধ হইয়া থাকে। তথায় গৃহ সকল যার পর নাই উচ্চ, বোধ
হয়, যেন আকাশকে ধারণ করিয়া আছে। হসুমান ঐ ছারের
রক্ষাপ্রণালী, সমুদ্র, এবং প্রবল রিপু রাবণের বিষয় চিন্তা করিয়া
অনুমান করিলেন, বানরগণ লক্ষায় আগমন করিলেও ফতকার্য্য
হইতে পারিবে না। যুদ্ধব্যতীত ইহা অধিকার করা স্বরগণেরও
অসাধ্য হইবে। এই পুরী নিডান্ত হুর্গম, রাম এ স্থানে উপস্থিত
হইলেও, জানি না, কি করিবেন। রাক্ষ্যগণের সহিত সন্ধি স্নদূরপরাহত, এবং দান, ভেদ ও য়ুদ্ধেরও কোনরপ স্ববিধা দেখি না।
বলিতে কি, হয় ত স্প্রীব, অঙ্গদ ও নীল প্রভৃতি বানরগণের
এন্থানে আসাই ছুর্ঘট হইবে। যাহা হউক, এক্ষণে জানি, জানকী
জীবিত আছেন কিনা? আমি তাঁহার দর্শন পাইলে পন্টাৎ
কিংকর্ত্ব্য অবধারণ করিব।

পরে হনুমান গিরিশিখরে উপবেশন করিলেন এবং সীতার সহিত সাক্ষাৎ করিবার উপায় চিন্তা করিতে লাগিলেন। ভাবিলেন, এই লক্ষার চতুর্দ্দিক রাক্ষসসৈন্যে রক্ষিত হইতেছে! স্করাং আমি এই আকারে ইহাতে কোন প্রকারে প্রবেশ করিতে পারিব না! রাক্ষসগণ মহাবীর্ধ্য ও মহাবল; জানকীরে অনুসন্ধান করিবার জন্য উহাদিগকে বঞ্চনা করা আমার আবশ্যক হইতেছে! স্করাং আমি আজ রজনীযোগে দৃশ্য ও অদৃশ্য রূপে এই পুরীতে প্রবেশ করিব!

অনস্তর তিনি লঙ্কাকে স্থরাস্থরের অগম্য দেখিয়া, মুহুমুহি দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ৷ ভাবিলেন, আমি দুরু ত রাবণের অসাক্ষাতে কিরপে জানকীরে দেখিব! রামের কার্যনোশ কোন্ত-মতে উপেক্ষণীয় নহে, স্থতরাং আমি একাকী নির্জনে কি প্রকারে দেই অনাথার দর্শন পাইব l দেখ, যে কার্য্য সিদ্ধপ্রায় হয়. ভাহা দুভের অবিমুষ্যকারিতা দোষে দেশকালবিরোধী হইয়া, মূর্যোদয়ে অন্ধকারবৎ বিনষ্ট হইয়া যায় ৷ কর্ত্তব্যাকর্ত্তব্য পক্ষে মন্ত্রণা স্থিরতর হইলেও দূতবৈগুণ্যে সম্পূর্ণ উপহত হইয়া থাকে। অতএব পণ্ডিতাভিমানী দূতই কার্য্যাঘাতের মূল ৷ এক্ষণে যে উপায়ে সংকল্পসিদ্ধ হয়, বুদ্ধিবৈপরীত্য না ঘটে, এবং সমুদ্র-ल्ड्यनदूर्ज्ञ निकुल इरेशा ना यांग्र, उदिवस्य मावधान इउशा আমার আবশ্যক ৷ রাম রাবণের অনিষ্টাচরণে ইচ্ছা করিয়াছেন, কিন্তু যদি রাক্ষদগণ আমায় দেখিতে পায়, তবে ভাঁহারই কার্য্যে বিদ্ন ঘটিবে ! এক্ষণে আর কোনরূপ আকারের কথা দুরে থাক, আমি রাক্ষসরপেও আত্মগোপন করিয়া, লঙ্কায় রাক্ষসগণের অজ্ঞাতে তিষ্ঠিতে পারিব না। অধিক কি, বোধ হয় স্বয়ং পবন-দেবত এন্তানে প্রাক্ত মচারণে সমর্থ নছেন । এই লঙ্কার মধ্যে রাক্ষস-গণের অগোচর কোন বিষয়ই সম্ভবপর হইবে না! স্থতরাং যদি আমি প্রকাশ্যরূপে থাকি, তবে আত্মনাশ, এবং প্রভুরও কার্য্য-ক্ষতি হইবে ৷ অতএব আজ্ঞ রজনীযোগে খর্কাকার হইয়া পুর-

প্রবেশ করিব, এবং উহার ইতস্তত সমস্ত গৃহ অনুসন্ধান পূর্বক জানকীরে দেখিব। হনুমান এইরূপ স্থির করিয়া স্থ্যান্তের প্রতীক্ষা করিতে লাগিলেন।

অনুস্তর স্থ্যদেব অন্তমিত ইইলেন; নিশাকালও উপস্থিত ।
তখন হনুমান আপনার দেহ খর্ম করিয়া মার্জারপ্রমাণ হইলেন। তাঁহার মূর্ত্তি অতি অপূর্ম্ম। তিনি ঐ প্রদোষকালে সত্মর
উথিত ইইয়া রমণীয় লক্ষায় প্রবেশ করিলেন। ঐ পুরীর পথ
সকল প্রশন্ত, সর্মত্র প্রাসাদ; স্থর্নের স্তম্ভ ও প্র্নজাল; কোন
স্থানে সাপ্ততিমিক ভবন, কোথাও বা অন্টতল গৃহ; কুটিম
সকল স্থর্ন ও স্ফটিকে ভূষিত, স্থানে স্থানে বিচিত্র কনকময়
তোরণ। হনুমান ঐ গন্ধর্মনগরতুল্য পুরী নিরীক্ষণ করিয়া,
একাস্ত বিষয় ইইলেন, এবং জানকীদর্শনের ঔৎস্ক্রেয় যার পর
নাই হৃষ্ট ইইতে লাগিলেন।

ইত্যবসরে সহস্ররশা ভগবান চক্র জ্যোৎস্নারপ চক্রাতপে সমস্ত জগৎ আছম করিয়া, হরুমানের সাহায্যবিধানের
জন্যই যেন উদিত হইলেন। তিনি শশ্বধবল ক্ষীরবর্ণ ও মৃণালকান্তি; স্বয়ং তারকাগণমধ্যে বিরাজমান আছেন। হরুমান
উহাঁকে অম্বরতলে উত্থিত দেখিয়া মনে করিলেন, যেন সরোবরে
রাজহংস সম্বরণ করিতেছে !

ততীয় সর্গ।

व्यनखर के शीमान ताजिकात्न अकाकी माहरम निर्छत कतिया, পুরপ্রবেশ করিলেন ৷ লঙ্কা গগনস্পর্শী এবং মেঘাকার লম্ব পর্বতে প্রতিষ্ঠিত ৷ ঐ স্থানে কানন সকল রমণীয়, জল স্বচ্ছ এবং প্রাসাদ শারদীয় অস্বুদের ন্যায় ধবল ৷ তথায় রাক্ষসগণ ভীমরবে গৰ্জ্জন করিতেছে এবং সামুদ্রিক বায়ু নিরস্তুর বহমান হইতেছে! षांतरम्य तृश्माकात यख रखी अवश ठजूर्किएक यशावल ताक्कम-ঐ নগরীকে দেখিলে যেন ভুজগভীষণ স্থরক্ষিত পাতাল পুরী বলিয়া বোধ হয়। উহা বিদ্ব্যুৎ ও মেঘে আবৃত এবং এছ-নক্ষত্রে পূর্ব। উহার স্থানে স্থানে পতাকা কিঙ্কিণীরব বিস্তার পূর্মক উড্ডীন হইতেছে! 'বার সকল কনকময়; বারবেদি যরকভ্যর মণিমুক্তাস্ফটিকে খচিত এবং মণিসোপানে শোভিত আছে। উহা অত্যন্তই পরিক্ষত ও পরিচ্ছন্ন । তথায় অত্যুৎকৃষ্ট সভাগৃহ উচ্চশিরে শোভা পাইতেছে। ইতন্তত ক্রেঞ্চ ও ময়ৄরের কণ্ঠখর, রাজহংসেরা সঞ্চরণ করিভেছে। উহার কোন স্থানে जूर्याध्वनि, (काथां उ वा जूयं तव । किलिक मंत्री यहां वीत हरू यान

ঐ সুসমৃদ্ধ লক্ষা পুরী নিরীক্ষণ পূর্ব্বক অতিমাত্র সম্ভন্ট হইলেন। ভাবিলেন, রাক্ষদসৈন্য অস্ত্রশস্ত্র উত্তোলন পূর্ব্বক নিরবছির এই পুরী রক্ষা করিতেছে, ইহার মধ্যে বলদপে প্রবেশ করিতে কাহারই সাধ্য নাই; কিন্তু বলিতে কি, কুমুদ, অঙ্গদ, ও ব্রেশ প্রভৃতি বীরগণ এই কার্য্য সহজেই পারিবেন। তৎকালে ঐ বীর, রাম ও লক্ষ্মণের বিক্রম স্মরণ পূর্ব্বক হাই ও উৎসাহিত হইতে লাগিলেন। লক্ষার সর্বত্র দীপালোক; বিমল জ্যোৎস্মা অন্ধকার নই করিতেছে; স্থানে স্থানে গোষ্ঠ ও যন্ত্রাগার; হনুমান উহা দেখিতে দেখিতে ক্রমশই গমন করিতে লাগিলেন।

ইত্যবসরে লক্ষার অধিষ্ঠাতী রাক্ষনী পুরদ্বারে সহস। উহাঁকে নিরীক্ষণ করিল, এবং বিরুত্যুখে বিকটনেত্রে স্বয়ং উহাঁর সম্মুখে উপাছিত হইয়া ভৈরবনাদে কহিল,বানর ! তুই কৈ ? কি জন্য এখানে আসিয়াছিস্ ? সত্য বল্, নচেৎ এই দণ্ডেই তোর প্রাণসংহার করিব। নিশাচরগণ এই নগরীর চতুর্দিক নিরস্তর রক্ষা করিতেছে, আজ তুই কোনমতে ইহাতে প্রবেশ করিতে পাইবি না।

তথন হরুমান ঐ সমুখবর্তিনী রাক্ষসীকে কহিলেন, দাকণে! তৃমি আমাকে যাহা জিজ্ঞাসিতেছ, আমি তাহা অবশ্যই কহিব। কিন্তু বল, তুমি কে? কি জন্য এই পুরদ্বারে দণ্ডায়মান আছ? এবং কেনই বা রোষাবেশে আমায় এইরূপ ভর্ৎসনা করিতেছ?

কামরূপিণী লঙ্কা হরুমানের এই কথা শ্রবণ পূর্বক ক্রোধা-

বিষ্ট হইয়া কঠোর ভাবে কহিতে লাগিল, বানরাধমণ আমি রাক্ষসরাজ রাবণের কিন্তরী, এই নগরী রক্ষা করিতেছি । তুই আমাকে উপেক্ষা করিয়া আজ কখনই ইহার মধ্যে প্রবেশ করিতে পারিবি না। আমি স্বয়ং এই লক্ষার অন্বিষ্ঠান্ত্রী দেবতা; বলিতে কি, আজ ভোরে আমার হস্তে নিহত হইয়া এখনই ধরাতলে শয়ন করিতে হইবে!

তখন হরুমান লঙ্কাবিছায়ে যতুবান এবং পর্বতের ন্যায় জটল ভাবে দণ্ডায়মান হইয়া কহিলেন, ভদ্রে! আমি এই প্রাকারবেটিত তোরণদক্ষিত লঙ্কা নিরীক্ষণ করিব, এবং ইহার বন, উপবন ও অভ্যাত অভালিকা সকল অচক্ষে দেখিব, এই কোতৃহলেই এখানে আনিয়াছি।

তখন লয়া কক্ষরে পুনর্কার কহিল, রে নির্কোগ! মহা-প্রভাপ রাবণ এই নগারী রক্ষা করিতেছেন; স্কুতরাং আজ তুই আমাকে জর না করিরা, কখন ইহা দেখিতে পাইবি না। তখন হনুমান বিনীভবচনে কহিলেন, উল্লে! আমি এই পুরী প্রভ্যক্ষ করিয়া পশ্চাৎ স্বস্থানে প্রস্থান করিব।

লঙ্কা হনুমানের এইরপ নির্বস্কাতিশয় দর্শনে অত্যন্ত ক্রুদ্ধ হইল, এবং ভীম রব পরিত্যাগ পূর্মক মহাবেগে উহাঁকে এক চপেটাঘাত করিল। তখন হনুমানও রোষে ঘোর গর্জ্জন করিয়া উঠিলেন, এবং বাম মুক্তি উত্তোলন পূর্মক অনতিবেগে উহাকে প্রহার করিলেন। লক্ষা স্ত্রীলোক, স্কুতরাং তৎকালে তিনি উহার প্রতি অতিযাত ক্রোরপ্রকাশ করিলেন না। তখন নিশাচরী লক্ষা প্রহারবেলে বিহ্বল হইয়া তৎক্ষণাথ বিকটাস্থে বিক্তদুশ্যে ভূতলে পড়িল। তদ্ধনি হতুমানও জীবোধে খার পর নাই ব্লুখিত হইলেন।

অনন্তর লক্ষা নিভান্ত উদ্বিগ্ন হইয়া গ্রুগদহাও বিনীভ্রচনে কহিতে লাগিল, বীর! প্রসন্ধ হও, আমায় রক্ষা কর; বীর পুরুষেরা কখন শাস্ত্রমর্য্যালা লভ্যন করেন না। জামি এই নগ-রীর অধিষ্ঠাত্রী দেবতা, একণে তুমিই আমাকে বলহীর্য্যে পরাজয় করিলে। যাহা হউক, অতঃপর আমি কোন এক**ী পূর্দ্ধক**হার উল্লেখ করিতেছি শুন ৷ একদা ভগবান স্বয়ন্ত্র আঘাকে এই:গো কহিয়াছিলেন, রাক্ষদি! যখন তুমি কোন বানরের হতে পান-জিত হইবে, তখনই জানিও, নিশাচরগণের ভাগ্যে তয় উপস্থিত। বীর! বুকিলাম, আজ ভোমার আগমনে দেই সময় আসি-য়াছে ৷ প্রজাপতির যেরপে নির্বন্ধ, কদাচই তাহা খণ্ডন হইবার নহে ৷ একণে এক জানকীর জন্য হুরাত্মা রাখণের এবং অন্যান্য রাক্ষসগণের সর্বনাশ বটিল ৷ এই পুরী অভিশাপে ভূষিত হইয়া আছে, আজ তুমি স্বচ্নে ইহার মধ্যে প্রবেশ করিয়া সর্বত্ত সেই সভী সীতাকে অনুষণ কর !

চতুর্থ সর্গ।

অনন্তর হরুমান রাত্রিযোগে অত্বার দিয়া প্রাকার উল্লন্ত্রন পূর্ব্বক পুরমণ্যে প্রবিষ্ট হইলেন ৷ তৎকালে তাঁহার এই অসম সাহসের কার্য্য দেখিয়া বোধ হইল, যেন তিনি বিপক্ষ রাবণের মন্তকে বাম পদ অর্পণ করিলেন ৷ লঙ্কার রাজপথ সুপ্রশস্ত ও কুন্মাকীর্ণ, হরুমান উহা আশ্রয় পূর্ব্বক ক্রমশ গমন করিতে লাগিলেন ৷ নগরীর কোথাও হাস্তের কোলাহল উত্থিত হই-তেছে, এবং কোথাও বা ভুর্য্যনিনাদ; উহা রাক্ষসগণের গৃহ-সমূহে মেঘারত গগনের ন্যায় নিরস্তর শেভিত হইতেছে। ঐ সমস্ত গৃহ সুধাধবল ও মাল্যশোভিত, এবং পদা ও স্বস্তিকাদি প্রণালীক্রমে নির্মিত ; উহাতে বজ্র ও অঙ্কুশের প্রতিক্রতি চিত্রিত আছে, এবং হীরকের গবাক্ষ সকল জ্যোতি বিস্তার করি-তেছে! হরুমান ঐ পুরী নিরীক্ষণ পূর্ব্বক রামের কার্য্যসাধন উদ্দেশে ক্রমশ অগ্রসর হইতে লাগিলেন ৷ তৎকালে উহঁার মনে যার পার নাই হর্ষ উপস্থিত হইল। তিনি গৃহ হইতে গৃহান্তর দর্শন করিতে লাগিলেন। তথায় সর্বাক্তমুন্দরী প্রমদা সকল

মদনাবেশে উন্মত্ত হইয়া, মন্দ্র, মধ্য, ও তার স্বরে স্থমধুর সঙ্গীত করিতেছে ৷ কোন স্থানে কাঞ্চীরব, কোথাও নুপুরম্বনি, এবং ' কোথাও বা সোপানশদ। এক স্থানে কেহ করতালি দিতেছে, অন্যত্র সিংহনাদ করিতেছে! কোন গৃহে বেদমন্ত্র জপ এবং কোথাও বা বেদ পাঠ হইতেছে। স্থানে স্থানে রাক্ষদগণ ঘোর-রবে রাবণের স্তুতিবাদে প্রবৃত্ত হইয়াছে। মহাবীর হরুমান গতি-প্রসঙ্গে এই সমস্ত শুনিতে পাইলেন! দেখিলেন, মধ্যম শুলো গুপ্তচর সকল দলবদ্ধ হইয়া আছে৷ উহাদের মধ্যে কেহ দীক্ষিত, কাহারও মন্তকে জটাষ্ট এবং কেহ বা মুণ্ডিত। অনেকে গোচর্ম পরিধান করিয়াছে, কেহ দিগম্বর, এবং কেহ বা বস্ত্রধারী। ঐ সমস্ত রাক্ষসের মধ্যে কেহ ক্টাস্ত্র, কেহ মুদ্দার, কেহ দণ্ড, কেহ কুশমুফি, কেহ অগ্নিকুণ্ড, কেহ কার্মুক, কেহ খড়ান, কেহ শতন্ত্রী, কেহ মুসল, কেহ শক্তি, কেহ বৃক্ষ, কেহ বজ্ৰ, কেহ পণ্টিশ, কেহ ক্ষেপনী, কেহ পাশ এবং কেহ বা পরিষ ধারণ করিয়া আছে ! সকলের সর্বাঙ্গ বর্মে আরত। কাহারও বক্ষঃস্থলে একটীমাত্র স্তনচিহ্ন দৃষ্ট হইতেছে। উহাদের বর্ধনানাপ্রকার; কেহ ভীম-मर्भन, किर हीतथाती, किर विकलांक वर किर वा वामन । छेराता অতিস্ব বা অতিকৃশ নহে, অতিদীর্ঘ বা অতিহুস্থ নছে, এবং অতিগোর বা অতিক্ষও নহে। উহারা বিরূপ ও বহুরূপ এবং সুরূপ ও স্থভেজ ৷ উহাদিগের গলে উৎকৃষ্ট মাল্য এবং অঙ্কে

বিচিত্র অনুলেপ। সকলে বিবিধ বেশভূষায় সজ্জিত আছে।
কাহারও হস্তে ধ্বজদও এবং কাহারও বা পতাকা। উহার।
বেচ্ছাচারে পরাঙ্মুখ নহে! হনুমান অন্তঃপুরসামিধ্যে এই
সমস্ত রাবণনির্দিষ্ট রক্ষক দেখিতে পাইলেন।

অনন্তর ঐ মহাবীর ক্রমশঃ দারদেশে প্রবেশ করিলেন।
তথায় অস্থাণ স্থোরব করিতেছে; ইতস্ততঃ চতুর্দন্তশোভিত
স্থাজ্জিত স্থেত হস্তী: কোন স্থানে রথ, যান, ও বিমান; মৃগপক্ষিণণ উন্মন্ত হইয়া কলরব করিতেছে। ঐ দ্বার মহামূল্য
মণিমুক্তায় খচিত, এবং রাক্ষসসৈন্যে স্থরক্ষিত আছে। উহার
চতুর্দিকে স্থনপ্রাকার; কালাগুক ও চন্দনের সোরত উহার
সর্বজিত করিতেছে।

পঞ্চ সর্গ।

ঐ সময় ভগবান শশাস্ত গগনতলে যেন জ্যোৎস্মাজাল উচ্চার করিতেছিলেন। তিনি শঞ্জধবল ও মূণালবর্ণ; উহঁার চতুর্দ্দিক তারকাস্তবকে বেটিত আছে; তিনি গোচ্চে মনমত্ত র্যের ন্যায় ব্যোমে সঞ্চরণ করিতে লাগিলেন ৷ তৎকালে সকলের ত্রুখসন্তাপ দূর হইয়া গেল, মহাসমুদ্র উচ্চ্ সিত হইয়া উঠিল, এবং জীবলোক আলোকে রঞ্জিত হইতে লাগিল ! যে এ গিরিবর মন্দরে, প্রদোষে সাগরে, এবং দিবসে কমলবনে প্রাক্ত্রত হইয়া থাকেন, তিনিই প্রিয়দর্শন নিশাকরে বিরাজ করিতে লাগিলেন ৷ হংস যেমন রোপ্য পিঞ্জরে, সিংহ বেমন গিরিগুহায়, এবং বীর যেমন গাঁর্কত কুঞ্জরে দৃষ্ট হয়, দেইরূপা চন্দ্র গগনপথে নিরীক্ষিত হইলেন ৷ উহঁার অঙ্কদেশে পূর্ণ কলঙ্ক, স্কুতরাং তিনি তীক্ষশৃঙ্গ রুষের ন্যায় এবং উচ্চশিখর শ্বেত পর্ব-তের ন্যায় শোভিত হইলেন। স্থ্যের জ্যোতিঃসঞ্চারে উহাঁর নৈসর্গিক অন্ধকার দূর হইয়াগেল! তিনি স্বয়ং প্রকাশশ্রীসম্পন্ন হইয়া, শিলাতলে সিংহের ন্যায়, রণস্থলে মাতক্ষের ন্যায়, এবং স্বরাজ্যে রাজার ন্যায় গগনতলে স্বীয় প্রভাব বিস্তার করিতে লাগিলেন। প্রদাবত্তী প্রাত্তর্ভ হইল ; রমণীগণের প্রণয়কোপ দূর হইয়া গেল, এবং রাক্ষদেরা অবৈধ হিংসা দ্বারা মাংসাহারে প্রবৃত্ত হইল। চতুর্দ্ধিকে স্থমধুর বীণারব ; কামিনীরা প্রিয়তমকে আলিঙ্কন পূর্ম্বক শয়ন করিয়াছে, এবং রজনীচর হিংস্র জন্তুগণ ইতন্ততঃ সঞ্চরণ করিতেছে।

এদিকে মহাবীর হরুমান গমনকালে দেখিলেন, কোন স্থানে পানগোষ্ঠীর কোলাহল হইতেছে, কোথাও বিবিধ যান, অশ্ব ও স্থবাসন এবং কোথাও বা বীরদর্প। কোন স্থানে পরস্পার পার-স্পারকে তিরস্কার করিতেছে। কোন বীর বাহ্বাস্ফোর্টনে ব্যস্ত, এবং কেহ বা অনবরত বক্ষ আস্ফালন করিভেছে ৷ কোন নায়ক প্রোয়সীর কোমল অঙ্কে করন্যাস, এবং কেছ বা বেশবিন্যাস করি-তেছে ৷ কেছ অঙ্গাগ রচনায় উন্মত্ত ; কেছ ৰুচির মুখে নির-বচ্ছিন্ন হাস্য করিতে প্রবৃত্ত হইয়াছে। কেহ শরাসন আকর্ষণে नियुक्त, এবং কেছ বা ক্রোধভরে হৃদমধ্যস্থ হস্তীর ন্যায় খন ঘন নিশ্বাস ফেলিতেছে। কোন স্থানে রহদাকার মাতঙ্গের গর্জন; কোথাও বা সাধুসকল একত্র উপবিষ্ট আছেন। হরুমান এই সকল দর্শন করিয়া, যার পার নাই পারিভুট হইলেন। তিনি দেখিলেন, নিশাচরগণ বিচক্ষণ মধুরভাষী ও আন্তিক। উহা-দিগের নাম স্বমধুর ও স্থাব্য; উহারা জগতের প্রধান; ইহা-

দের প্রত্যেকেই বিভিন্ন প্রকার বেশবিন্যাস করিয়াছে এবং তন্মধ্যে কেহ কেহ যদিও বিরূপ, কিন্তু বেশসে ঠিবে স্কুরূপবৎ শোতা পাইতেছে। উহারা গুণবান এবং গুণানুরপ কার্যে।রও অনু-ষ্ঠান করিয়া থাকে। উহাদিগের পরিণীত পত্নী সকল শুদ্ধস্ভাব মহারুভাব পানাসক্ত ও প্রিয়ানুরক্ত। ঐ সমস্ত স্ত্রী উৎকৃষ্ট বসন ভূষণে নিরপ্তর সজ্জিত হইয়া, স্বদেশিদর্য্যে তারকার ন্যায় দীপ্তি পাইতেছে৷ তাহারা একান্ত লজ্জাশীল, তন্মায় কেহ इर्गाज्यल এवः क्ट वा श्रियंज्यात अक्षाना मत्त्र छेत्रारम উপবিষ্ট আছে। উহারা ভর্তার মনোনীত ও ভর্তুদেবায় नियुक्त । উशांतित माधा किश छेलुतीय भूना, किश खर्नवर्न धदर কাহারও বা কান্তি শশাঙ্কের ন্যায় উজ্জ্ল। কেহ প্রিয়বিরহে উৎকঠিত, কেহ প্রিয়সমাগ্যে পুলকিত আছে ৷ সকলের মুখ-কমল চন্দ্রের ন্যায় সুন্দর, এবং সকলেরই পক্ষাশোভী নেত্র কিছু বক্র। ঐ সমস্ত রমনী পুষ্পামাল্যে স্থশোভিত আছে। উহা-দিগের ভূষণজ্যোতি বিহ্নতের ন্যায় জ্লিতেছে। মহাবীর হরুমান উহাদিগকে দেখিয়া যার পর নাই সম্ভট হইলেন; কিন্তু তন্ত্রা কুমুমিত স্থজাত লতার ন্যায় স্থাভেন সীভার সন্দর্শন পাইলেন না ৷ সীভা ধর্মনিষ্ঠ রাজকুলে বিধাতার মন হইতে সৃষ্ট হইয়াছেন! তিনি একান্ত পতিপরারণা; হানরে রামকে নিরম্ভর চিত্তা করিতেছেন। তিনি সমস্ত রন্ণী

অপেকা উৎকৃত। বিরহতাপ তাঁহাকে একান্তই ক্লিট করি-তেছে। তাহাঁর বাক্য বাস্পভরে গদাদ; তিনি যে কঠে কচির আভরণ পারণ করিতেন, এখন তাহা শূন্য রহিয়াছে। সেই রামমনে হারিণী কামিনী বনবিহারিণী ময়রীর ন্যায় কলকঠে আলাপ করিণা থাকেন। তিনি অস্ফুট চন্দ্রনেখার ন্যায়, ধুা গুলিত কন বরেখার ন্যায়, ফতোৎপন্ন শ্রচিছের ন্যায় এবং বায়ভরে ভগ্ন অর্থান্তলৈ ন্যায় স্বদ্ধ্য। হতুমান তাঁহাকে লা দেখিয়া সাপনাকে অকর্মণ্য বোধে যার পর নাই ছঃখিত হইলেন।

73 77 1

অন্তর ভিনি সপ্ততল প্রাপাদে স্বরিতপদে প্রচান করে। করিতে অদুরে রাশণের আলা, নেবিয়া পাইকেব ! ই ল রক্ত র্ উজ্জল প্রাকারে বেটিত; মুগরাজ দিংহ সেন মহা কে ব করিয়াথাকে, সেই রূপ ভীমরূপ বাফ্নেরা ট ি ক্রুন মিরস্তর রক্ষা করি ভছে। উপার স্থানে সাংম রে প্রাক্তি কনকচিত্রিত বিচিত্র তোরণ এবং মুদিস্তীর্ণ ব 💎 ই চত্তর গ্রাজা রোহী মহামাত্র, শ্রমন্ত্রপটু বীর এবং ছ্রনিবার অম দ্ঠ হই তেছে। রথ সকল দিরদদন্ত অর্ন ও রছতের প**্রিভি ছারা** শোভিত হইয়া, ঘর্ষার রবে ভ্রমণ করিভেছে। ঐ গৃহ বহুরত্নপূর্ন এবং উৎকৃষ্ট আাদনে স্থসভিত্ৰত! তথায় মহারথগণ বাদ করিতেছেন। উহার সর্বজ্ঞ দৃশ্য পদার্থ অতি স্থন্দর; মৃগ-পক্ষিরা অনব্য়ত কলরব করিতেছে; প্রায়দেশে বিনীত অন্তর্পালগণ দুগুরিমান; সর্বাক্সন্থরী কামিনীরা নির্ভার আমোদ প্রমোদ করিতেছে। উহাদের ভূষণরবে সমস্ত গৃহ মুখরিত। তথায় রাজব্যবহার্য্য উপকরণ সমুদার সঞ্চিত

আছে। স্থানে স্থানে উৎক্রফ চন্দনের দেরিভ; মহারণ্যে দিংহ দেমন অবস্থান করে, তদ্রপা মহাজনেরা তল্পারে বাস করিতেছেন। উহার কোথাও শঞ্জনিনাদ কোথাও ভেরীরব, এবং কোথাও বা মৃদঙ্গধানি। ঐ স্থানে নিশাচরগণ প্রতিপর্বেষ ফ্রার্থ সোমরস প্রস্তুত করিতেছে, এবং দেবতারা প্রতিনিয়ত প্রজিত হইতেছেন। ঐ গৃহ সমুদ্রের ন্যায় গন্তীর, এবং সমুদ্রেও ঘোররবে নিরন্তর ধ্বনিত হইতেছে। উহা নানারূপা পরিচ্ছদ এবং নানারূপা রত্নে পরিপূর্ব; মহাবীর হনুমান ঐ দিব্য নিকেতন নিরীক্ষণ পূর্বেক উহাকে লক্ষার অলক্ষার মনে করিলেন।

অনন্তর তিনি উহার প্রাকারে বিচরণ করিতে প্রবৃত্ত হইয়া,
গৃহের পর গৃহ ও উছান সকল অশক্ষিত মনে দর্শন করিতে
লাগিলেন এবং নিশাচর প্রহতের আলয়ে মহাবেগে লক্ষ্ণ
প্রানান পূর্যাক তথা হইতে মহাপার্শ্বের গৃহে উপস্থিত হইলেন।
পরে মহার্থার কুরকর্ব, বিভীষণ, মহোদর, বিরূপাক্ষ, বিদ্যুজ্জিয়া,
বিদ্যুৎ মালী, ত্তনং ব্রু, শুক, সারণ, ইন্দ্রজিভ, জম্বু মালী, স্থমালী,
রিন্দ্রিকেতু, স্থর্গাশক্র, বজ্রকায়, প্রাক্ষা, সম্পাতি, বিহ্যুদ্রপাপ,
ভীম, ঘন, বিঘন, শুকনাভ, চক্র, শঠ, কপট, ভুস্বকর্ব, দং ব্রু,
লোমশ, মুদ্দোগত, মত্ত, ধ্বজ্ঞবি, সাদি, দ্বিজিল্ব, হস্তিমুখ,
করাল, বিশাল, ও রক্তাক্ষ প্রভৃতি বীরগণের গৃহে অনুক্রমে গমন

করিলেন ৷ ঐ সমস্ত নিশাচর অতিশয় ধনবান, হরুমান পর্যা-টন প্রদক্ষে উহাদিগের ঐশ্বর্য্য দেখিতে লাগিলেন ৷ অদূরে রাক্ষণরাজ রাবণের আলয়; তিনি অন্যান সকলের গৃহ অতিক্রম করিয়া তথায় উপস্থিত হইলেন। দেখিলেন, অনে-কানেক বিক্তনয়না রাক্ষ্মী এবং মহাকায় রাক্ষ্ম শুল, মুদ্দার, শক্তি, ও ভোমর ধারণ পূর্ম্বক পর্য্যায়ক্রমে রাবণের শয়নস্থান রক্ষা করিতেছে! উহার কোথাও বিচিত্রবর্ণ বায়ুবেগ-গামী অশ্ব এবং কোথাও বা স্কুদ্ধ্য ও সৎকুলজাত হস্তী! ঐ সকল হুর্দ্দান্ত হন্তীর গণ্ডযুগল হইতে নিরবচ্ছিল্ল মদধারা প্রবা-হিত হওয়াতে, উহারা বর্ষণশীল মেঘ ও উৎসশোভী পর্বতের ন্যায় দৃষ্ট হইতেছে। উহাদের বিক্রম এরাবতের অনুরূপ; উহারা মেঘগদ্ভীর রবে গর্জন পূর্ব্বক শত্রুসৈন্য ছিন্ন ভিন্ন এবং প্রতিপক্ষ মাতঙ্গকে পরাস্ত করিয়া থাকে !

ঐ সুরম্য নিকেতনের কোথাও সেনা সুসজ্জিত ; কোথাও স্বর্ণজালজড়িত তৰুণসূর্য্যকান্তি নানারপ শিবিকা ; কোথাও বিচিত্র লতাগৃহ, কোথাও ক্রীড়াগৃহ, কোথাও রতিগৃহ, এবং কোথাও বা দিনবিহারগৃহ! উহার এক স্থানে চিত্রশালা, অন্যত্র দার্কনির্মিত ক্রীড়াপর্কত শোভা পাইতেছে! ঐ সুন্দর গৃহ অচলরাজ মন্দরবৎ দৃশ্যমান। উহার স্থানে স্থানে মন্ত্রের বাস্যাফি ও ধ্বজদণ্ড উচ্চিত্র আছে: কোথাও অন্তর্ধ রত্ন ও

নিধি সঞ্চিত রহিছে। ধীর পুক্ষেরা নিধিরক্ষার্থ মহিষাদি বলি প্রদান করিতেছে। ঐ দিব্য নিকেতন স্থাস্থ্যর বলিয়া যক্ষেশ্বর কুবেরের গৃহবৎ অনুমান হইয়া থাকে। উহা রত্নের শিরণচ্ছটা এবং রাষণের তেজে যেন স্থ্যপ্রভা বিস্তার করিতেছে। ঐ গৃহে ভোজন পাত্র মণিময় এবং পর্যাক্ষ ও আসন স্থর্ণময়। উহা মদজলে নিরস্তর পঙ্কিল হইয়া আছে; কামিনীগণের কাঞ্চীরব, নুপুরপ্রনি এবং মৃদক্ষের মধুর নিনাদে সততই ধ্বনিত হই-তেছে। উহার প্রাসাদ সকল ঘনসন্ধিবেশে শোভিত, এবং কক্ষ্যা সকল স্থ্বিস্তার্ণ।

সপ্তম সর্গ।

হরুমান দেখিলেন, রাবণের গৃহ মরকতখচিত স্বর্ণময় গবাকে বিছাৎমণ্ডিত বর্যাকালীন মেঘের ন্যায় শোভা পাইতেছে! উহা প্রশস্ত শঞ্চ ও অন্তে পরিপূর্ন; উহার উপরিভাগে একটী বিস্তীর্ন মনোহর শিরোগৃহ নিরীক্ষিত হইতেছে ৷ ঐ সর্বদোষশূন্য স্থস-মৃদ্ধ নিকেতন স্থরাস্তবেরও প্রশংসনীয়; রাক্ষসরাজ রাবণ স্বীয় বলবীর্য্যে ইহা অধিকার করিয়াছেন! পৃথিবীতে ইহা অপেক্ষা উৎকৃষ্ট গৃহ আর নাই। ইহা বহু প্রয়ত্ত্বে নির্মিত, যেন দানব-শিস্পী ময় মায়াবলে প্রস্তুত করিয়াছেন ৷ তন্তব্য সর্কাপেকা শ্রেষ্ঠ আর একটী গৃহ আছে; ভাহার আর উপমা নাই ৷ ঐ গৃহ বিস্তার্ণ মেঘাকার, গগণচারী হংসবাহন স্থরচিত বিমানের ন্যায় স্থদর্শন; দেখিলে বোধ হয় যেন, ভূতলে স্বৰ্গ অবতীৰ্ণ হই-য়াছে ৷ উহা রত্মটিত শ্রীদেশির্য্য উজ্জল এবং রাজপ্রভাবের অনুরূপ! ঐ স্থানে নানারূপ বৃক্ষ পুষ্পস্তবকে শোভিত আছে ; ঐ সমস্ত পুষ্পের পরাগ বায়ুভরে সর্ব্বত্র উড্ডীন হইতেছে। তথায় মেঘমধ্যে সোদামিনীর ন্যায় কামিনী সকল বিরাজমান,

এবং রাবণের পুষ্পক রথও শোভমান আছে। ঐ রথ ধাতুচিত্রিত শৈলশিখরের নায়, নক্ষত্রখচিত নভোমগুলের নায়,
এবং নানারাগলাঞ্চিত মেঘের নায় স্কদ্শ্য। উহার শূন্য
স্থান স্থানপর্বতে পূর্ণ, পর্বত রক্ষে সমাকীর্ণ, রক্ষ পুষ্পে অলক্ষৃত্ত, এবং পৃষ্পাও দল ও কেসরে শোভিত আছে। ঐ রথে
শ্বেত্রকান্তি গৃহ, প্রক্রলমরোজ সরোবর, এবং বিচিত্র বন দৃষ্ট
হইতেছে। উহা অন্যান্য বিমান অপেক্ষা উৎকট্ট; উহাতে
রত্তময় বিহঙ্ক, স্থানময় ভুজঙ্ক, এবং জীবিতবৎ তুরঙ্ক শোভা পাইভেছে। বিহঙ্কের পক্ষ ঈষৎ সঙ্কৃতিত ও বক্র, উহাতে রত্তময়
পুষ্প খোদিত রহিয়াছে। হন্তী সকল বেন ব্যন্ত সমস্ত ; উহাদের দেহে পাল্পরাগ এবং শুণ্ডে পাল্পত্রী। কোখাও বা পাল্বর
উপর দেবী কমলা পাল্বস্তে বিরাজ করিতেছেন।

রাক্ষসরাজ রাবণের গৃহ এইরপ নানারপ উপকরণে সজ্জিত; উহা গুহাশোভিত গিরি ও বসন্তকালীন চাককোটর তব্বর ন্যায় একান্ত রমণীয়; মহাবীর হনুমান ঐ গৃহ দর্শন করিয়া অভিশয় বিশ্বিত হইলেন! তিনি তন্বলে; প্রবেশ করিয়া ইতন্তত সঞ্চরণ করিতে লাগিলেন, কিন্তু পূজ্যস্তাব বিনীত নীতিনিষ্ঠ রামের গুণানুরাগিণী ছঃখিনী জানকীরে না দেখিয়া সত্যন্তই কাত্র হইলেন।

অফ্টন সর্গ।

অনস্তর ধীমান হরুমান ঐ স্থানে দণ্ডায়মান হইয়া, বারংবার পুষ্পক রথ নিরীকণ করিতে লাগিলেন ৷ উহা মণিরত্বখচিত স্বর্ণ-গৰাক্ষশোভিত এবং রমণীয় প্রতিমূর্ত্তিতে স্থসজ্জিত; দেবশিস্পী বিশ্বকর্মা আপনার সমস্ত সৃষ্টিমধ্যে ইহাকেই উৎকৃষ্ট বলিয়া ব্যাখ্যা করেন। ঐ রথ ব্যোম্মার্গে উপিত হইয়া, সূর্য্যের গমনাগমন পথপ্যান্ত শাৰ্শ করিয়াখাকে। উহার সমস্ত অংশ প্রযত্ত্রনির্মিত এবং সমস্তই মহামূল্য 1 উহার মধ্যে বেরূপা রচনা-নৈপুণ্য আছে, দেববিমানেও ভাহা দৃষ্টিগোচর হয় না ৷ উহার প্রত্যেক উপকরণ সবিশেষ গুণসম্পন্ন ! রাক্ষসরাজ রাবণ তপোলব্ধ বীর্ঘ্যপ্রভাবে ঐ পুষ্পক অধিকার করিয়াছিলেন! উহা আরোহীর ইচ্ছানুরপ স্থানে অপ্রতিহতগমনে বিচরণ করিয়া থাকে। ঐ রথের নির্মাণপ্রণালী নিতান্ত বিষ্ময়কর; উহা নানা-স্থানসঞ্চিত নানারূপ উৎকৃষ্ট পদার্থে রচিত হইয়াছে ! পুষ্পক বায়ুবেগগামী এবং অক্তপুণ্যের একান্ত ছর্লভ; যাহারা স্থসমৃদ্ধ यमश्री ७ सूथी, উহা কেবল তাঁহাদিগকেই বহন করিয়া থাকে।

উহা গতিবিশেষ অবলম্বন পূর্ব্বক আকাশের স্থানবিশেষে গমন করিতে পারে। উহাতে নানারপ বিচিত্র পদার্থের সমবায় দৃষ্ট হর। উহা বহুসংখ্য গৃহে পূর্ন এবং নিরেশিখরের ন্যায় উচ্চ। কুওলশোভিত গগনঢারী ভোজনপটু রাভিচর ভূতগণ বিঘূর্নিত ও নির্নিষ্য লোচনে উহাকে বহন করিয়া থাকে। উহা বসন্তের পুষ্পাবৎ চাৰুদর্শন এবং বসন্তেশী অপেক্ষাও স্থানর।

नवम मर्ग।

অনন্তর হনুমান ঐ জনসাধারণ গৃহের মধ্যে আর একটী গৃহ দেখিতে পা লৈন। তথায় রাক্ষ্যরাজ রাবণ বাস করিয়া আছেন! ঐ গৃহ বহুসংখ্য প্রাসাদে বিভক্ত, অদ্ধযোজন বিস্তীর্ণ, ও এক যোজন দীর্ঘ ৷ হরুমান আকর্ণলোচনা সীতার অন্তে-যণ প্রদক্ষে উহার মধ্যে বিচরণ করিতে লাগিলেন ! দেখিলেন, রাবণের বাসগৃহ একান্ত প্রশস্ত ; উহার স্থানে স্থানে ভিদন্তধারী চতুর্দস্তমণ্ডিত মাতঙ্গেরা শোভমান ; রক্ষকগণ অস্ত্র শস্ত্র উত্তো-লন পূর্বক উহার সর্বত নিরস্তর রক্ষা করিতেছে ৷ কোন স্থানে রাবণের রাক্ষসী পত্নী এবং বীর্যাসমান্ত রাজ্বন্যাগণ বিরাজমান ৷ ঐ গৃহকে দেখিলে যেন, তরপদক্ষ ল নক্রকুন্তীর-ভীষণ তিমিঙ্গিলপূর্ণ মহাসাগরের ন্যায় নিভান্ত গম্ভীর বোধ হইয়া থাকে। বক্ষরাজ কুবেরের যে শোভা, চল্রের যে শোভা, উহার মধ্যে তাহাই স্থিরভাবে নিয়তকাল প্রতিষ্ঠিত আছে। কুবের, যম, ও বৰুণের যেরূপ সমৃদ্ধি, রাবণের ভদ্রেপ, বা ভদ-পেক্ষাও অধিক হইবে ৷ তাঁহার হর্মের মধ্যস্থলে পুষ্পক রথ; পুষ্পকের নির্মাণবৈচিত্র দেখিলে বিশায় জন্মে। দেবশিশ্পী বিশ্বকর্মা স্থরলোকে ব্রন্ধার নিমিত্ত ঐ দিব্য রথ নির্মাণ করিয়াছিলেন। উহা বহুরত্বখচিত; ফলাধিপতি কুবের তপোবলে প্রজাপতি ব্রন্ধা হইতে উহা লাভ করেন। পরে রাক্ষসরাজ রাবণ স্বীয় বলবীর্য্যে কুবেরকে পরাস্ত করিয়া উহা হস্তগত করিয়াছেন। ঐ দিবা রথের স্তম্ভ সকল স্বর্ণময় ও স্থরচিত, তহুপরি ব্যান্তের প্রতিকৃতি খোদিত রহিয়াছে। রথ শ্রীসেনিকর্যে উজ্জ্বল; গগনম্পর্শী কূটাগার ও বিহারগৃহে শোভা পাইতেছে। উহা স্বর্ণময় দোপান, ক্ষটিকয়য় গবাক্ষ এবং ইন্দ্রনীলময় বেদিসমূহে অলক্ষ্ত; মহামূল্য পরারাণ এবং নিরূপম মুক্তাস্থবকে খচিত আছে। উহার কুটিম সকল স্থদৃশ্য; এবং স্থানে স্থানে পবিত্রগন্ধী রক্তচন্দ্র অকণরাণ বিস্তার করিতেছে।

তখন মহাবীর হনুমান ঐ তক্ত্র্যপ্রকাশ পুষ্পক রথে আরোহণ করিলেন, এবং উহাতে উপবেশন পূর্বক অন্নপান-সন্থূত সর্ব্যাপী দিব্য গন্ধ আত্রোণ করিতে লাগিলেন। তৎ-কালে বায়ু স্বয়ংই যেন ঐ গন্ধসম্পর্কে গন্ধবৎ পদার্থের স্বারূপ্য লাভ করিয়াছেন। হনুমানের সর্বাঙ্গ সেই বায়ুসংসর্গে স্থগন্ধি, তখন বন্ধু শেষন বন্ধুকে সেইরূপ তিনি তাঁহাকে আত্রাণ করিতে লাগিলেন, এবং কেবল ঐ গন্ধ দারাই রাক্ষসরাজ রাবণের গৃহ অনুমান করিয়া লইলেন।

অনস্তুর তিনি পুষ্পক রথ হইতে অবতরণ পূর্বক রাবণের শয়নগ্যহে প্রবেশ করিলেন! ঐ গৃহ একান্ত রমণীয়; উহার সোপান মণিময়, গবাক্ষ স্বর্ণময়. এবং কুটিক স্ফটিকময়; স্থানে স্থানে হস্তিদন্তনির্মিত প্রতিমূর্ত্তি সকল শোভা পাইতেছে। চতু-র্দিকে রত্মরচিত সরল ও স্থদীর্ঘ স্তম্ব , দেখিলে বোধ হয়, যেন, ঐ দিব্য নিকেতন পক্ষসংগোগে গগনে উড়্ডীন হইতেছে। উহার কুটিমতলে চতুক্ষোণ স্থবিস্তীর্ণ চিত্র আস্তরণ; স্থানে স্থানে বিহঙ্কের। হর্মভরে কলরব করিতেছে। উহা হংসধবল ও অগুৰুধূপে ধূমবর্ন। উহা পত্র ও পুষ্পে স্থসজ্জিত বলিয়া বশিষ্ঠধেনু শবলার ন্যায় নানাবর্ণে রঞ্জিত আছে। ঐ গৃহে দৃষ্টিপাত্মাত্র সকলেই উল্লসিত হয় ৷ উহার প্রভায় লোকের কান্তি পরিপুষ্ট হইয়া থাকে। তৎকালে উহা জননীর ন্যায় রপ, রস প্রভৃতি পঞ্চ পদার্গ্র দারা হরুমানের চক্ষুরাদি পঞ্চেব্রিয়কে পরিতৃপ্ত করিতে লাগিল ৷ তিনি ঐ দিব্য গৃহ দর্শনে মনে করিলেন, ইহা কি ভোগভূমি স্বর্গ, না বৰুণাদি লোক, ইন্দ্রপুরী অমরাবতী না কোন গন্ধর্কের মায়া? দেখিলেন, স্থর্বস্তম্ভোপরি দীপশিখা মহাধূর্ত্তের কপটে পাশক্রীডায় পরাজিত ধূর্ত্তের ন্যায় খ্যান করিতেছে। তৎকালে দীপালোক, রাবণের তেজ ও ভূষণজ্যোতিতে সমস্ত গৃহ যার পর নাই উজ্জ্ব রহিয়াছে ৷

তথায় বহুনংখ্য স্থরপা রমণী নানাবিধ বসন ভূষণ ও উৎকট মাল্যে স্থাজ্জিত হইয়া, চিত্র আন্তরণে শয়ন করিয়া আছে। তখন রাত্রি দিপ্রহর অতীত; উহারা ক্রীড়াকে তুকে বিরত হইয়া, পানভরে অকাতরে নিদ্রা হাইতেছে। উহাদের ভূষণশব্দ আর শ্রুভিণোচর হয় না, স্প্তরাং সমস্ত গৃহ ভূঙ্গালক আর শ্রুভিণোচর হয় না, স্প্তরাং সমস্ত গৃহ ভূঙ্গালক পারবানর ন্যায় শোভা পাইতেছে। উহাদের নেত্র মুদ্রিত, মুখে পার্যাক্ষর; প্রা সকল মুখ্ লী দিবসে বিকলিত এবং রাত্রিকালে মুকুলিত পারের ন্যায় লক্ষিত হইতেছে। তদ্ধু ইই সমস্ত মুখ পার্বাধে নিয়তই প্রার্থনা করিয়া থাকে। ফলত তৎকালে তিনি গুণগোরবে উহাদের মুখ পার্যারই অনুরূপ বোধ করিতে লাগিলেন।

রাবণের শয়নগৃহ ঐ সকল রমণীতে পূর্ণ, স্মতরাং উহা নক্ষত্রথচিত শারদীয় নির্মল নভোমগুলের ন্যায় নিরীক্ষিত হইতেছে।
রাক্ষমরাজ রাবণ ঐ সর্কাঙ্গস্থকরী নারীসমূহে সততই পরিবৃত;
তিনি তারকাবেটিত শ্রীমান শশাস্কের ন্যায় বিরাজিত আছেন।
তখন হনুমান রাজপত্মীগণকে দেখিয়া মনে করিলেন, পুণ্যক্ষয় হইলে যে সকল তারকা গগনতল হইতে স্থালিত হয়,
তাহারাই বুঝি এন্থলে নিলিত হইয়াছে। ফলত উহাদিগের
রূপ লাবণ্য ও উজ্জ্লতা তারকারই অনুরূপ। পানপ্রমোদে

উহাদের কেশপাশ আলুলিত ও অলক্ষার শ্লথ হইয়াছে! সকলেই ঘোর নিজায় নিমগু; কাহারও তিলক বিলুপ্ত, কাহা-রও রুপুর চরণচ্যুত, কাহারও হার পার্শ্বলিষিত, কাহারও মুক্তালাম ছিল্ল, কাহারও বদন স্থালিত, এবং কাহারও বা কাঞ্চীগুণ বিক্ষিপ্ত হইয়াছে। উহারা আদবরদে অলস হইয়া, ভারবহ্নক্লান্ত বড়বার ন্যায় শয়ান ৷ কোন রমণীর কর্ণে কুণ্ডল নাই এবং কাহারও বা মাল্য ছিন্ন ও মর্দিত হইয়াছে। সক-লেই অরণ্যে মাতঙ্গদলিত পুষ্পিত লতার ন্যায় প্রিয়দর্শন 1 কাহারও জ্যোৎসাধবল মুক্তাহার স্তনযুগলের মধ্যে স্ত্রপাকার হইয়া নিদ্রিত হংসের ন্যায়, কাহারও নীলকান্তহার জলকাকের ন্যায়, এবং কাছারও বা স্বর্ণহার চক্রবাকের ন্যায় দৃষ্ট হই-তেছে ৷ উহারা নদীবৎ শোভিত; উহাদিগের জঘনস্থান পুলিন, কিষ্কিণীজাল তরঙ্গ, মুখ কনকপানা, এবং বিলাসই নক্রকুন্ডীর-রূপে অনুমিত হইতেছে। কামিনীগণের মধ্যে কাহারও সুকু-মার অঙ্গে এবং কাহারও বা 'স্তনমণ্ডলে বিহারচিহ্ন ভূষণের ন্যায় শোভিত ৷ কাহারও অঞ্চল মুখমাৰুতে চঞ্চল হইয়! বারংবার মুখেরই উপর পড়িতেছে; দেখিলে বোধ হয়, যেন মুখমূলে স্বৰ্পস্ত্ৰৱচিত নানাবৰ্ণের পতাকা উড্ডীন হইতেছে! কোন রমণীর কুণ্ডল স্থাসপবনে মৃত্র মন্দ আন্দোলিত; তৎ-কালে ঐ মধুগদ্ধী স্বভাবস্থরতি স্বখকর নিশ্বাসবায়ু রাবণকে

সেবা করিতেছে ৷ কেহ নিদ্রাবেশে রাবণবোধ করিয়া পুনঃ-পুন স্বপত্নীর মুখ আত্রাণ করিতেছে ৷ উহাদের মধ্যে সকলেই রাবণের প্রতি একান্ত অনুরক্ত, এবং সকলেই পানসম্পর্কে হত-জ্ঞান ; স্কুতরাং ঐ স্বপত্নীও আবার উহাকে রাবণবোধে চুন্দন করিতেছে। কেহ বলয়মণ্ডিত ভুজলতা এবং রমণীয় বসন উপ-ধান করিয়া শায়ান: এক জন অন্যের বক্ষঃস্থলে মস্তক রাখি-য়াছে; আর এক জনও আবার উহার বাহুমূলে আশ্রয় লই-য়াছে; এক জন অন্যের ক্রোড়ে নিপতিত, আর এক জনও আবার উহার স্তনমণ্ডলের উপর নিদ্রিত। এইরপে সকলে পর-স্পর পরস্পরের অঙ্গ প্রত ঙ্গ আত্রায় পূর্ব্বক ঘোর নিদ্রায় আচ্ছন্ন রহিয়াছে। প্রত্যেকেই প্রত্যেকের দেহ সংস্পর্শে সুখী। উহারা ভুজসূত্রে পরস্পর এথিত হইয়া, মালার ন্যায় শোভা পাই-তেছে ৷ তদ্দনি বোধ হইল, যেন, লতা সকল বসন্তের প্রাত্ন-র্ভাবে কুম্বমিত, বায়ুভরে পরস্পার মালাকারে গ্রাথিত, রক্ষের ক্ষ্যেস সংসক্ত এবং ভৃঙ্গস্তুল হইয়া শোভিত আছে ৷ তৎকালে কানিনীগণ পারস্পার সংশ্লিষ্ট হইয়া শায়ান, উহাদের অঙ্গ প্রত্যঙ্গ ও বসন ভূষণের আর কিছুমাত প্রভেদ লক্ষিত হই-তেছে না। রাবণ নিদ্রিত, স্বতরাং প্রজ্ঞানিত স্বর্ণ-প্রদীপ निर्नित्यस्माहरन निर्द्धाः यन के ममन तम्मीतक प्रिक्षि । রাজুর্ষি, ত্রাহ্মণ, দৈত্য, গন্ধর্ম ও রাক্ষ্যের কন্যা সকল

উহারা তদীয় শ্রীদোন্দর্য্যের একান্ত পক্ষপাতিনী হইয়া, ন্মরা-বেশে স্বয়ংই উপস্থিত হইয়াছে। উহাদিগের মধ্যে এক জানব্দী ব্যতীত কেহই অন্য পুরুষে অনুরাগিণী নহে। ঐ সকল রাজপত্নী সংকুলোৎপন্ন ও রূপসম্পন্ন। উহারা রূপগুণে রাবণের একান্ত মনোহারিণী হইয়া আছে। তখন হনুমান এইরূপ অনুমান করিলেন, যদি রামের সহধর্মিনী এই সমস্ত রাজপত্নীর ন্যায় রাজভোগ্যা হইয়া থাকিতেন, তাহা হইলে রাবণের পক্ষে একপ্রকার শ্রেয় ছিল; কিন্তু তিনি একান্ত পতিপরায়ণা, রাবণ মায়ারূপ ধারণ পূর্ব্বক, তাঁহাকে অতি ক্লেশেই হরণ করিয়াছে।

मन्य मर्ग।

পরে হরুমান শয়নগৃহের ইতস্তত দৃষ্টি প্রসারণ পূর্বাক, এক
ক্ষটিকনির্মিত বেদি নিরীক্ষণ করিলেন। উহা রত্থচিত ও
একাস্ত রমণীয়, ভূলোকে উহার উপমা বিরল। ঐ বেদির উপর
নীলকাস্তময় পর্যায় বিনাস্ত রহিয়াছে! পর্যায়ের পদ সকল
হস্তিদন্তরচিত ও স্বর্ণয়িত, সর্বোপরি মহামূল্য আন্তরণ
অপূর্ব শোভা পাইতেছে! পর্যায় একাস্ত উজ্জ্বল ও অশোক
মাল্যে অলয়্কৃত; উহার একদেশে একটী শশায়সদৃশ শ্বেত ছ্ত্রে
আছে; সর্বার বাস্ত্রনির্মিত পুত্তলিকা চামর বীজন করিতেছে;
উহা বিবিধ গন্ধজ্বেয়ে স্থরভিত এবং অগুরুগুপে স্থবাসিত;
উহাতে একাস্ত মৃত্বল উর্ণায়্বর্ম আস্তর্গি রহিয়াছে।

ঐ পর্য্যক্ষে রাক্ক্সরাজ রাবণ নিজিত আছেন। তাঁহার সর্বাঙ্ক স্থান্ধি রক্তচন্দনে চর্চিত, বর্ণ ঘন মেঘের ন্যায় নীল, নেত্রযুগল আরক্ত, কর্নে উজ্জ্বল কুণ্ডল, পরিধান স্থান্থচিত বস্ত্র, এবং অঙ্কে নানারূপ উৎকৃষ্ট অলঙ্কার। তিনি সন্ধ্যারাগরঞ্জিত বিদ্যান্ধাণুজড়িত জলদের ন্যায় বিরাজ করিতেছেন। তাঁহাকে দেখিলে বোধ হয় যেন, তৰুলতাসঙ্কুল মন্দরগিরি ধরাপৃষ্ঠে পতিত আছে। তিনি কামরূপী ও স্থরূপ; পানপ্রমোদে বিরত হইরা নিক্রা বাইতেছেন, এবং মাতকের ন্যায় ঘন ঘন দীর্ঘ ।
নিশ্বাস পরিত্যাগ করিতেছেন।

তুখন হনুমান লঙ্কাধিপতি রাবণকে দর্শন করিয়া, ভীতবৎ শক্ষিতমনে কিঞ্চিৎ অপসূত হইলেন ৷ পরে সোপানপর্বে ক্রমশঃ আরোহণ পূর্ব্বক, বারংবার ঐ মদবিহ্বল মহাবীরকে দেখিতে লাগিলেন ৷ মহাপ্রতাপ রাবণ নির্বরজলে গন্ধগজবৎ শয়নতলে নিপতিত; তাঁহার ভুজযুগল ইন্দ্রধ্বজের ন্যায় প্রসারিত আছে! উহা কেয়ুরমণ্ডিত স্থুল ও দৃঢ়; দেখিতে অর্গলতুল্য ও করিশুণ্ডা-কার! ঐ ভুজদ্বয়ের অঙ্গুষ্ঠ শোভন নথে ও অঙ্গুরীয়কে স্থােশা-ভিত ; উহা পঞ্চশীর্ঘ উরগের ন্যায় দৃষ্ট হইতেছে। উহা করিবর ঐরাবতের দম্বপ্রহারত্ত্বণে অঙ্কিত, বজ্রান্তে খণ্ডিত এবং বিষ্ণু-চক্রে ক্তবিক্ষত হইয়াছে! উহা সুশীতল স্থান্ধি রক্তচন্দনে চর্চ্চিত; ঐ হস্ত রণস্থলে সুরাস্থরকেও নিবারণ করিয়া থাকে। উহা মন্দরপার্শ্বস্থ রোষদৃপ্ত ভুজগের ন্যায় ভীষণ ৷ পর্বতপ্রমাণ রাবণ ঐ হুই গিরিশৃঙ্গবৎ হস্তে একান্ত শোভিত আছেন। ভাঁহার মুখ হইতে পুলাগন্তরভি বকুলমুবাস মদগন্ধবাহী নিশ্বাসবায়ু, সমস্ত গৃহ পূর্ণ করিয়াই যেন নির্গত হইতেছিল। তাঁহার মুখ কুণ্ডলশোভিত, মস্তকে মণিমুক্তাখচিত ঈষৎস্থালিত वर्गकिती है. विभान वाक त्रक्रहक्तन निश्च मिश्रात. धवः शतिशान

পীতবর্ণ পউবাস। তৎকালে উহাঁকে দেখিলে বোধ হয়, যেন, জাহ্নবীগর্ভে একটী মাতক নিদ্রায় অভিভূত হইয়া আছে 1

ঐ সময় শয্যাগৃহের চতুর্দিকে চারিটি স্বর্ণপ্রদীপ দীপ্য-मान ; ज्यांता विद्यामा ए। जुलएनत न्यांत्र तारागत क्रक करलवत সুস্পৃষ্ট নিরীক্ষিত হইতেছিল! পত্নীগণ উহাঁর পদতলে নিপ উহাদিগের মুখন্ত্রী শশাক্ষমুন্দর, কর্নে নীলকান্তখচিত ষর্ণকুণ্ডল, হস্তে হীরকশোভিত কেয়ুর, এবং গলে অম্লান মাল্য। উহাদিগের মুখশ্রীতে পর্যান্ধ তারকাকীর্ণ গগনের ন্যায় শোভিত আছে ৷ উহারা নৃত্যগীতে অতিশয় পটু, ক্রীড়াকেভুকে প র-শ্রান্ত হইয়া প্রস্থপ রহিয়াছে। উহাদিগের মধ্যে কেহ নৃত্য-কালে স্থললিভ অঙ্গভঙ্গী প্রদর্শন পূর্ব্বক ক্লান্ত, কেহ বীণা আলিঙ্গন করিয়া নিজা যাইতেছে; তদ্টে বোধ হয়, যেন স্রোভোবিহারিণী নলিনী যদৃচ্ছাপ্রাপ্ত একটা পোতের আশ্রয় লইরাছে ৷ কেহ মড্ডুক বাদ্য কক্ষে লইয়া, বালবৎসা জননীর ন্যায় শয়ান; কেহ মৃদক্ষ, এবং কেহ বা পণব গ্রহণ পূর্বক প্রস্থা; কেছ সমুখে ও পৃষ্ঠে ডিণ্ডিম রাখিয়া, যেন, স্বামী ও পুত্রের সহিত নিদ্রিত আছে; কেহ আডমর লইয়া শয়িত; কেহ স্বীয় স্বৰ্ণকলশতুল্য কুচযুগল বাহুপাশে বেউন, এবং কেছ বা অন্যকে আলিঙ্গন পূৰ্বক নিদ্ৰিত।

অনস্তর হরুমান ঐ সমস্ত কামিনীর মধ্যে রাবণের প্রিয়মহিষী

মন্দোদরীকে নিরীক্ষণ করিলেন। তিনি এক স্বতন্ত্র শ্যার শ্যান, মণিমুক্তাথচিত অলস্কাবে সুসজ্জিত, আপনার জীর্সো-দ্দাণ যেন শ্যানগৃহ শোভিত করিতেছেন। তাঁহার বর্ণ কনক-গোর তিনি সমস্ত অন্তঃপুরের অধীশ্বরী। হরুমান ঐ মন্দো-্ক শেয়া উহার রূপ ও যোবন প্রভাবে এইরূপ অনুমান করিলেন বুঝি ইনিই জানকী হইবেন।

ত্রখন হরুমানের মুখ সহসা প্রফুর হইল, এবং মনের হর্ষ উদ্বেল হইয়া উঠিল। তিনি স্বীয় কপিপ্রকৃতি প্রদর্শন পূর্বক কখন বাহ্বাক্ষোটন, কখন পুচ্চুছ্বন, কখন ক্রীড়া, কখন গান, ও কখন বা স্তম্ভে আরোহণ করিতে লাগিলেন।

একাদশ সূর্গ।

অনন্তর হনুমান কপিবৃদ্ধি পরিত্যাগ পূর্ব্বক স্থিরভাবে ভাবিলেন, জানকী রামের প্রতি একান্ত অনুরক্ত, তিনি যে এই বিরহদশায় পানাহার ও নিদ্রা প্রভৃতি ভোগস্থথে আসক্ত হইবেন, এরপ কখন বোধ হয় না; বেশবিন্যাস তাঁহার পক্ষে একান্ত অসন্তব; অন্য ব্যক্তিকে, অধিক কি, স্থররাজ ইন্দ্রকেও যে তিনি প্রার্থনা করিবেন, ইহাও বিশ্বাস্য বলিয়া বোধ হই-তেছে না! রাম সর্বপ্রধান, দেবগণের মধ্যেও কেহ তাঁহার তুল্যকক্ষ নাই। স্কতরাং, এক্ষণে এই যে রমণীকে দেখিতেছি, ইনি বোধ হয়, অন্য কেহ হইতে পারেন!

মহাবীর হনুমান এইরপ অনুমান করিয়া, পানভূমিতে বিচরণ করিতে লাগিলেন ৷ দেখিলেন, তথায় কোন কামিনী পাশ-ক্রীড়ায় শ্রান্ত হইয়া শয়ান, কেহ নৃত্যু, কেহ গীতে ক্লাল্ত, এবং কেহ বা অতিপানে বিহ্বল হইয়া পতিত আছে ৷ উহাদিগের মধ্যে কেহ স্থাবেশে কাহারও রূপবর্ণনা করিতেছে; কেহ গীড়ার্থ স্থান্সভরূপ ব্যাখ্যা করিয়া দিতেছে; এবং কেহ বা দেশকাল সংক্রাল্ত নানা বিষয় উল্লেখ করিতেছে ৷ ঐ পানগৃহে

বিবিধরূপ আহার্য্য বস্তু প্রস্তুত: মৃগ, মহিষ, ও বরাহমাংস স্ত্রপাকারে সঞ্চিত আছে। প্রশস্ত স্বর্ণপাত্তে অভুক্ত ময়র ও -कूक्रुरेग्राःम, प्रथिलवर्गमःकु ठ वताइ ७ वाधीनमगाःम, भूलशक गुगगार्म, नानाक्रभ क्रवल, ছाগ, অদ্ধভুক্ত भगव, এবং স্থপক একশল্য মৎস্য প্রচুর পরিমাণে আহত আছে ৷ এক স্থানে বিবিধ লেহা ও পেয়, অন্যত্ত লবণামুমিত্রিত পুপ, এবং কোথাও বা নানারপ ফলমূল দৃষ্ট হইতেছে! পানভূমি পুজ্পোপহারে সুরভিত এবং ঘনসংশ্লিষ্ট শ্যা ও আসনে সুসজ্জিত; তৎকালে উহা অগ্নিসংযোগ ব্যতীতও যেন প্রদীপ্ত হইতেছে ৷ উহার কোথাও রাশীক্ত মাল্য, কোথাও স্বর্ণকলশ এবং কোথাও বা মণিময় ও ক্ষাটিক পানপাত্র ৷ ঐ সমস্ত পাত্রে সুরা পরিপূর্ণ আছে ৷ স্থরা শর্করা, মধু. পুষ্প, ও ফল হইতে উৎপন্ন, এবং চুর্ন গন্ধান্তব্য সমূহে স্থবাসিত। তথায় কোন পাতের মছ অদ্ধাৰশিষ্ট, কোন পাত্ৰের সমস্তই নিঃশেষে পীত. এবং কোনটী এককালে অস্পৃষ্ট আছে। তৎসমুদায় লোক ব্যবস্থাক্রমে প্রণালী পূৰ্ব্বক স্থাপিত ৷ তথায় বহুসংখ্য শয্যা লোকশূন্য দৃষ্ট হইডেছে; কামিনীগণ পরস্পার পরস্পারের আলিক্সনপাশে বদ্ধ, এক জন অন্যের বস্ত্র এইণ ও ভদ্বারা আপনার নর্মান্স আবরণ পূর্বক নিদ্রিত আছে 1 বায়ু শীতল চন্দন, মধুর মন্থা, এবং বিবিধ প্রকার মাল্য ও ধূপের গন্ধ হরণ পূর্বক প্রবাহিত হইতেছে ৷ তৎকালে

হরুমান ঐ অন্তঃপুরের সমস্ত স্থান পর্য্যটন করিলেন, কিন্তু কোথাও জানকীরে পাইলেন না। তিনি রাবণের পত্নীগণকে দেখিয়া ধর্ম-লোপভয়ে শক্কিত হইলেন ! ভাবিলেন, নিজাবস্থায় পরস্তীদর্শন অবশ্যই আমার দোষাবহ হইবে! আমি জন্মবিচ্ছিন্নে কখন পর-নারী দেখি নাই : বিশেষত আজ এই প্রদারপরায়ণ রাবণকেও নিরীক্ষণ করিলাম, ইহাতে নিশ্যুই আমার পাপস্পর্শ হইবে। তিনি আরও ভাবিলেন, আমি এই স্থানে রাবণের পত্নীদিগকে অসক্ষ চিত অবস্থায় দেখিলাম. কিন্তু ইহাতে আমার ত কিছুমাত্র চিত্রবিকার উপস্থিত হইল না! মনই পাপপুণ্যে ইন্দ্রিয়কে প্রবর্ত্তিত করিয়া থাকে ; কিন্তু আমার মন অটল l আরও স্ত্রীজ্ঞা-তির মধ্যে স্ত্রীকে অনুসন্ধান করা আবশ্যক, অনুদিষ্ট স্ত্রীলোককে কে কোথায় মৃগীর মধ্যে অন্বেষণ করিয়া থাকে ৷ স্বভরাং ইহাতে কদাচই আমার ধর্মলোপ হইবে না ! আমি পবিত্র মনে এ স্থানে প্রবেশ করিয়াছি! এক্ষণে এই অন্তঃপুরের সকল স্থানই দেখি লাম, কিন্ধ কোপাও জানকীরে পাইলাম না।

হরুমান দেবকন্যা ও নাগকন্যা সকল অবলোকন করিলেন কিন্তু ভাহাদের মধ্যে জানকীর উদ্দেশ পাইলেন না। পরি-শেষে ভথা হইতে নিজ্ঞান্ত হইলেন এবং অন্যত্ত সীভার অন্বেষ-গার্থ প্রস্থান করিলেন।

षाम्य मर्ग।

--- 4**

অনম্বর হরুমান ভৎকালে এইরপ চিম্বা করিতে লাগিলেন, আমি এই লক্ষাপুরীর নানা স্থান অনুসন্থান করিলাম, কিন্ত কোথাও সেই চাক্রশ্না সীতাকে দেখিতে পাইলাম না। একণে বোধ হয়, সাধ্বী সীনা দেহত্যাগ করিয়াছেন। তিনি আপনার পাতিত্ততা ধর্ম রক্ষায় একান্ত গুরুবতী, হয় ত পুরা-চার রাবণ ভজ্জনা ভগুমনোরথ হইয়া ভাঁহাকে বিনাশ করি-श्राष्ट्र। त्रांतरनत शङ्गीमन नीर्चाकी डेशाएनत मुन्म विकर्ष जवर আস্তা বিশাল, হয়ত জানকী ঐ সমস্ত রাক্ষদী মূর্ত্তি নিরীক্ষণ পুর্বক ভয়ে প্রাণত্যাগ করিয়াছেন। হা! এক্ষণে তাঁহার দর্শন পাইবার উপায়ান্তর নাই! আমার এই সমুদ্রলজ্মনের শ্রম ব্যর্থ হইল. এবং অস্বেবণের নিরূপিত কালও অতিক্রা**স্ক, হই**য়া গে**ল**ঃ অতঃপর সেই উগ্রন্থভাব স্থগীবের নিকট গমন করা আমার পক্ষে নিতান্তই হুফর হইতেছে। আমি এই অন্তঃপুরের সর্বত্ত अनुमन्नान कतिलाम, तांवरणत পंत्रोमिशरक प्रिथलाम, किन्छ काषा अपेर পि अवापारक भारेलाम ना। आमात ममल भार- শ্রম পণ্ড হইল। আমি সমুদ্র পার হইলে, দৃদ্ধ জাষ্ঠান ও আফন প্রভৃতি হারগণ আমার কি নলিবেন। আমি জিজাসিত হইয়াই বা উইালিগের নিকট কি প্রভুত্তর করিব। একণে আম্বেণের নির্দিষ্ট কাল অতীত হইয়াছে, অতএব প্রায়োপ-বেশনই আমার পক্ষে শ্রেয়ঃ। অথবা নিজের দেহ নফ করা স্বাস্থ্যক নহে। উৎসাহ শ্রীলাভের মূল, উৎসাহ অনির্বাচনীয় স্থা, উৎসাহ কার্যপ্রবর্ত্তক, এবং উৎসাহই কার্যসম্পাদক, স্বতরাং উৎসাহ অবলম্বন করা আমার উচিত হইতেছে। আমি পানগৃহ, পুস্পাগার, চিত্রশালা, ক্রীড়াভূমি, বিমান, ভূমধ্যম্ব গৃহ, চৈত্যস্থান, এবং উন্থান ও প্রাসাদের মধ্যবর্ত্তী প্রথমকল অনুসন্ধান করিয়াছি, একণে যে সমস্ত স্থান দেখি নাই, তাহাই অন্বেষণ করা আমার আবশ্যক হইতেছে।

হনুমান এইরপ অবধারণ পূর্বক লক্কার ইতন্ততঃ পর্যাটন করিছে প্রবৃত্ত হইলেন। তিনি কখন উদ্ধে উথিত, কখন বা নিপজিত হইতে লাগিলেন, কখন কোন স্থানে দণ্ডায়মান হইলেন, কখন বা কএক পদ গমন করিলেন, কখন কোথাও দ্বাররোধ করিয়া দিলেন, কখন বা কোথাও দ্বার উদ্ঘাটন করিলেন। এইরপে ঐ মহাবীর অন্তঃপুরের তিলাদ্ধি ভূমিও দেখিতে অবশিট রাখিলেন না। চৈত্যবেদি, ভূবিবর ও সরোধর অনুসন্ধান করিলেন; বিহুত বিরুপ নানারপ রাক্ষমী, স্কাক্ষম্করী

বিদ্যাধরী এবং পূর্ণচন্দ্রাননা নাগকন্যা অবলোকন করি-লেন, কিন্তু কুত্রাপি দেই পতিপ্রাণা সীতার দর্শন পাইলেন না! তখন তাঁহোর মনে অত্যন্ত বিবাদ উপস্থিত হইল। তিনি নামরগণের উদেয়াগ ও সমুদ্রলজ্যন বিফল দেখিয়া যার পর নাই চিন্তিত হইতে লাগিলেন।

ত্রবোদশ সর্গ।

অনস্তুর হরুমান রাবণের অন্তঃপুর হইতে প্রাকারে অনরোহণ পূর্ব্বক ভড়িভের ন্যায় ঝটিভি কিয়দ্দুর গমন করিলেন ৷ ভাবি-লেন, আমি রামের শুভদংক্রেপ এই লক্ষার সকল স্থানই তরু-সন্ধান করিলাম, কিন্তু কোথাও জানকীর সন্দর্শন পাইলাম না। আমরা পৃথিবীর সরিৎ, সরোবর, ও চুর্গম পর্বত সকল পর্য্যটন করিলাম, কিন্তু কোথাও দেই পতিপ্রাণাকে দেখি ত পাই-नाम मा। विश्वताज मन्याजि किशाहिए न, धरे नहार हरे জানকী আছেন, এ কথা কি মিথল হইবে ? রাবণ বল পুর্বক সীতাকে আনিয়াছে: সূতা এ ন ত সম্পূর্ণ প্রাধীন, তথাচ যে রাবণের ভোগ্যা হ্ইবেন, ইহা সম্ভাপর হইদেছে না ৷ বোধ হয়, ছুরাত্মা রাবণ জানকীরে অপহরণ পূর্বক অপসরণকালে রামের স্থতীক্ষ-শর-পাতে ভীত হইয়া মহাবেগে গগনপথে উপিত হইয়াছিল, সেই সময় দীতা পৃথিমধ্যে উহার করভাষ্ট হইয়া থাকিবেন। অথবা তিনি ব্যোম্মার্গ হইতে মহাসাগর নিরীক্ষণ পূৰ্বক স্ত্ৰীজনমূলভ ভয়েই বিন্ট হইয়াছেন; কিন্তা সেই মুকু-মারী, রাবণের গমনবেগ ও বাহুপীডনে ক্লান্ত হইয়া প্রাণত্যাগ

করিয়াছেন। জানকী রাবণের রথে লুঠিত হইতেছিলেন, গতি-পথে বিস্তীর্ণ মহাসমুদ্র, বোধ হয়, তিনি রথ হইতে স্থালিত হইয়া ্র গভীর জলে নিপত্তিত হইয়া থাকিবেন। না,— দ্রন্ধান্ত রাবণ নিভাস্ত ক্ষুদ্রাশয়. সে ঐ অনাথাকে পাভিত্রতা রক্ষায় যত্রতী দেখিয়া, কুপিতমনে ভক্ষণ করিয়াছে। অথবা রাবণের পত্নীগণ অত্যন্ত চুষ্ট-মভাব, হয় ত তাহারাই সেই অসিতলোচনাকে প্রাস করিয়া থাকিবে। হা! জানকী আর নাই, তিনি পদাপলাশ লোচন রামের ছংসহ বিরহ-ভাপ সহ্য করিতে না পারিয়া. তাঁহারই মুখ্চন্দ্র ধ্যান করিতে করিতে দেহপাত করিয়াছেন। তিনি নিরব চিল্ল, হারাম 'হালক্ষণ ! হা অফোগা ! এই বলিয়া ক্ষণকঠে বিলাপ ও পরিশপ করিতে করিতে আপনার প্রাণাম্ভ করিয়াে ৄেন ৷ অথবা যদিও তিনি জাবিত থাকেন তাহা হইলে পঞ্জরম্ব শারিকার ন্যায় এই স্থানে অনর্গল অঞ্জল বিসর্জ্জন করিতেছেন। সেই জনকনন্দিনা রামের সহধর্মিণী তিনি যে तांवर्गत वर्भविद्धिनो इहरतन करने धक्ति (वाध इस ना। हा! এক্ষণে আমি পত্নীগত গ্ৰাণ রামের নিকট গিয়া কি কহিব > জান-कीरत रमिश नाई, कि रमिश्राकि, अथवा जिनि दिनके इदेशास्त्र. এই সমস্ত কথার কোনটীই তাঁছার নিকট ব্যক্ত করিছে পারিব না 1 যদি কোন কথা বলি ভাহাতে দোষ, যদি না বলি ভাহাতেও দোষ। হা। এক্ষণে আমার গ্রহবৈত্তণ্যে কি সঙ্কটই উপদ্বিত হইল !

অনস্তব হনুমান পুনর্কার মনে করিলেন, যদি আমি সীতার উদ্দেশ না লইয়া কি দিল্লায় গমন করি তাহাতে আমার পুৰু ষার্থ কি ? শতুষোজন সমুদ্র লঙ্ঘন করিবার প্রম ও বছ ব্রেপ্ ছইল : লক্ষা প্রবেশ, এবং নিশাচর দর্শনও নিফুল হইশা গেল। জ্ঞানি না একণে কিহ্নিয়ায় গমন করিলে, স্থগ্রীব আমায় কি বলিবেন ' বানবুগণ কি কহিবে ৷ এবং সেই রাম ও লক্ষ্ণই বা कि कहित्वन । हा ! यमि आमि बामक शिक्षा वनि, य, जानकीत কোথাও দেখিতে পাইলাম না, তবে তদ্ধওেই তিনি প্রাণত্যাগ করিবেন ৷ এই কথা নিতান্ত নিদাৰুণ, বলিতে কি, রাম শ্রবণ করিলে কেম্ম ক্রমেই আর বাঁচিবেন না! লক্ষণ জ্যেষ্ঠ ভক্তি-পরায়ণ রামের মৃত্যু হইলে তিনিও নিশ্চয় মরিবেন ! অন্তর ভরত এই চুংসম্বাদে কাতর হইয়া প্রাণত্যাগ করিবেন, এবং খক-इ.७ डेहाँ जन्मामी इहेरवन! श्रात (मरी किमला). टेकरकशी. ও স্মিত্রা পুত্রশোকে একান্ত অধীর হইয়া শরীরপাত করিবেন ! স্থ্যাব ক্তজ্ঞ ও স্থির প্রতিজ্ঞ, তিনি উপকারী রামের বিয়োগ-ছুংখ ব্যাকুল হইয়া, কোন্মতে প্রাণ রক্ষা করিতে পারি-বেন না! পরে ক্যা পতিশোকে ছুর্মনা ও দীনা হইয়া নিক্ষাই প্রাণভ্যাণ করিবেন ৷ ভারা একে বালির জন্য কাভরা আছেন, তাহাতে আবার সুগ্রীবের বিচ্ছেদ; ভিনি এই অপ্রাতিকর ঘটনায় নিশ্চয়ই মরিবেন। কুমার অক্স জনক

জননীর অদর্শন এবং স্থাতিবর লোকান্তরগমন এই চুই কারণে দেহবিসর্জন করিবেন। অনন্তর বানরগণ প্রভূবিরছে ৰং'ইব ১ইয়া, মুফিপ্রহার ও চপেটাঘাতে স্বস্ব মস্তক চুর্ল করিবে। किंशित अधीव मांग. मांग. ও मधात के मकल वानत्रक প্রতিনিয়ত লালন পালন করিতেন; এক্ষণে ভাহারা বন, পর্ম্বত, বা গুহায় আর বিহার করিবে না. এবং ভর্তুবিনাশশোকে পুত্রকলত্রের সহিত শৈলশিখর হইতে সম ও বিষমস্থলে দেহপাত করিবে। ভাহাদিগের মধ্যে কেহ বিষপানে. কেহ উদ্ধানে কেই অগ্নিপ্রবৈশে, কেই উপবাসে, এবং কেই বা শস্ত্রাঘাতে মৃত্যুলাভ করিবে। বোধ হয়, আমি কিম্বিদ্ধায় প্রবেশ করিলে একটী ভুমুল রোদন শব্দ উল্থিত হইবে, স্কুতরাং এক্ষণে তথায় গমন করা আমার নিতান্ত অকর্ত্ব। হইতেছে। আমি জানকীর উদ্দেশ না লইয়া। স্থ গ্রীবের নিকট কোনক্রমেই याइँ लि भारित ना। वतः यनि किक्तिकां सा याहे, जाहा इहेल ধর্মপরায়ণ রাম, লক্ষ্মণ ও বানরগণ আশাবলে প্রাণ ধারণ করিয়া থাকিবেন। স্কুতরাং আমি এই স্থানে বাণপ্রস্থাশ্রম আতায় পূর্বক ভকতলে বাস করিব; রুক্ষ হইতে যে সমস্ত ফল আমার হত্তে ও মুখে যদুজাক্রমে পতিত হইবে, আমি ভাছা ভক্ষণ করিয়া দিনপাত করিব। অথবা এই জীবনেই বা প্রয়োজন কি? আমি সাগরতীরে জ্বলম্ভ চিম্বা প্রস্তুত করিয়া

এই দেহ ভন্মশৃৎ করিব। কিষা তথার এই সক্কট হুইতে মুক্তির জনা প্রায়োপবেশন করিয়া থাকিব; প্রায়োপবিষ্ট হুইলে শৃগাল, কুকুর ও কাকেরা আমার অঙ্গপ্রভাঙ্গ ছিমানিল করিয়া ভক্ষণ করিবে। জলপ্রবেশই ঋষিনির্দিষ্ট মৃত্যু, আমি তাহাও স্বীকার করিব। হা! আমার সমুদ্রলক্ষ্মনরূপ যশাক্ষর ও স্কুলর কাত্তি সীতার অদর্শনে চির দিনের জন্য বিলুপ্ত হুইল ' আত্মহত্যা মহাপাপ: জীব দেহ রক্ষা করিলে সর্বাধি প্রায় শুতর করিয়া থাকিব, ইহাতে নিশ্চয়ই আমার শ্রোমোলাভ হুইবে।

অনন্তর হরুমান থৈঠা ও সাহস আশ্র পূর্বক পুনর্বার চিন্তা করিছে লাগিলেন, আমি মহাবল রাবণকে বিনাশ করিব। ঐ প্রাচার, সীতাকে হরণ করিয়াছে, এক্ষণে উহার বধসাধন পূর্বক নিশ্চয়ই বৈরশুদ্ধি করিব। অথবা উহার দেহ সমুদ্রবক্ষে উৎক্ষেপণ করিতে করিতে পার পারে লইয়া পশুপতির নিকট পশুর ন্যায় রামকে উপহার দিব। আমি যতদিন না জানকীর সদর্শন পাইতেছি তাবং এই লক্ষাপুরী বারংবার অনুসন্ধান করিব। যদি সম্পাতির বাক্যে বিশ্বাস করিয়া এই স্থানে রামকে আনয়ন করি, আর তিনি আসিয়া যদি জানকীরে দেখিতে না পান, তবে নিশ্চয়ই কুপিত হইয়া আমা-

দিগকে দক্ষ করিরেন। স্কুতরাং এই প্রদেশে মিতাহারী ও জিলেন্দ্রিয় চইয়া, কেন্দ্রলাধান র লিন্দ্র লিন্দ্র বানরের প্রাণ সক্ষট উপান্তে হইবে ইহা উপেক্ষা করা কোনজন্ম উচিত হই-ভেছেনা। এ অদুরে একটী স্থবিস্তীর্ণ ও বৃক্ষবহুল অশোক বন দেখিতেছি, উহা আমার অনুসন্ধান করা হয় নাই, এক্ষণে আমি ঐ বনে গমন করিব। বস্থা, ৰুদ্রা, আদিতা বায়ু ও অপিনীকুমার-যুগলকে নমস্কার করিয়া ঐ বনে গমন করিব। আমি রাক্ষণ-দিগকে পরাজয় পূর্ব্বক, তাপদকে তপঃসিদ্ধির ন্যায়, নিশ্চয়ই রামের হস্তে জানকী অর্পণ করিব।

মহাবীর হনুমান এইরপ রতসঙ্কপে হইয়া, উদিপ্নানে
উথিত হইলেন, এবং রাম, লক্ষ্মণ, সীতা, ও স্থাীবকে উদ্দেশে
প্রণাম করিয়া, চতুর্দিক অবলোকন পূর্ব্বক অশোক বনের অভিমুখে
গমন করিতে লাগিলেন । ভাবিলেন, ঐ নিবিড় বন স্থারিচ্ছয়
ও রাক্ষ্যে পরিপূর্ণ; প্রহরীগণ নিরবচ্ছিয় উহার রক্ষ রক্ষা
করিতেছে। পরনদেবও ঐ বনে প্রবলবেগে বহমান হইতে পারেন
না। আমি রাবণের দৃষ্টিপরিহার ও রামের উপকার সঙ্কপ্রে
দেহসংক্ষেপ করিয়াছি। এক্ষণে দেবতা ও ঋষিগণ আমার
কার্য্যদিদ্ধি করিয়া দিন। স্বয়্নস্থ বেক্ষা, অগ্নি, বায়ু, ইব্রু, বঞ্বণ,
চক্রদ, সূর্য্য ও অশ্বিনীকুমার আমার কার্য্যদিদ্ধি করিয়া দিন।

ভূতগণ, প্রজাপতি, এবং আর আর অনির্দিষ্ট দেবত। সকল আমার কার্য্যসিদ্ধি করিয়া দিন। হা কৈবে আমি জানকীর সেই অকলক মুখচন্দ্র—সেই উন্নত নাসা শুল্র দন্ত, মধুর হাটু, প্রিশাললোচনে শোভিত মুখচন্দ্র নিরীক্ষণ করিব। ফুন্র শয় নিরুষ্ট ক্ররণী রাবণ দেই অবলাকে বল পূর্বাক হর করিবাছে, আজে আমি ক্রিপে ভাঁছার সন্দর্শন পাইব।

ठकुक्म मर्ग ।

অনন্তর হরুমান মহুত কাল ধ্যান এবং জানকীরে স্মরণ পূর্ণক অশোক কাননের প্রাকারে লক্ষ্ণ প্রদান করিলেন। ভাঁহার সন্ধাক্ষ পুলকিত হইয়া উঠিল। দেখিলেন নানা**রপ বৃক্ষ** বসন্তাদি সমস্ত ঋতুর ফলপুঙ্গে শোভিত হইতেছে৷ শাল, অশে: ক চম্পক উদা ক. নাগকেসর, ও আত্র প্রভৃতি বৃক্ষ এবং নানারপ লতাজাল পুষ্পঞ্জী বিস্তার করিতেছে। হনুমান শরাসনচ্যত শরের নায় মহাবেগে রক্ষবাটিকায় লক্ষ্ণ প্রদান করিলেন ৷ ঐ স্থান স্ক্রম্য, ইতন্তত স্বর্ণ ও রজ্যতের রুক্ষ দৃষ্ট হইতেছে . সর্প্তর মুগ ও বিহুগের কলরব . ভৃঙ্গ ও কোকিলগণ উন্ত হইয়া সঙ্গীত করিতেহে! রুক্ষপ্রেণী ফলগুপ্পে অবনত; ময়রণণ েকারবে চারিদিক প্রতিধ্বনিত করিতেছে। তথা-কার জন প্রানী সকলই হ্বট ও মৃত্তট হলুমান এ বৃক্ষবাটিকায় প্রবিষ্ট হইয়া ভানকীর ভারুসন্ধানার্থ স্থপ্নপ্ত বিহঙ্গগতক প্রধ্যে বিভ করিতে লাগিলেন। পাক্ষ দকল উড্ডান হইল, উহাদের পক্ষপবনে বৃক্ষশাখা কম্পিত এবং নানাবর্ণের পুকা পতিত হইতে লাগিল। তৎকালে হর্মান ঐ সমস্ত পুষ্পো

আচ্ছন্ন হইয়া পুষ্পাময় পর্বতের ন্যায় শোভা ধারণ করিলেন ৷ তদর্শনে জীবগণ উহাঁকে সাক্ষাৎ বসম্ভ বলিয়া অনুমান করিতে লাগিল। বনভূমি রক্ষ্যুত পুস্পে সমাকীর্ণ কুইয়া স্বেশা রমণীর ন্যায় শোভিত হইয়া উঠিল ৷ বৃক্ষের পাত্র সকল স্থালিত এবং পুষ্প ও ফল পতিত হইতে লাগিল, তংকালে উহা ক্রীড়ানির্জিত বিবস্ত্র ধূর্ত্তের নাায় সম্পূর্ণই হত্তী হইয়া (গল! মহাবীর হনুমান কর চরণ ও লাঙ্গল দ্বারা ঐ বন ভগু করিতে লাগিলেন। বিংসাং পলায়ন করিতে প্রবৃত্ত হইল, রুক্ষ সকল শাখাপত্রশূন্য এবং স্কন্ধ-মাত্রাবশিষ্ট হইয়া. বায়ুবেগে কম্পিত হইয়া উঠিল। বর্ষা-কালে বায়ু যেমন জলদজালকে লইয়া যায়, ভদ্ৰপ হনুমান অঙ্গনংলগু লতা সকল বেগে আকর্ষণ করিতে লাগিলেন! অশোক বনের কোন স্থানে মণিভূমি কোথাও রজভভূমি ও কোণাও বা স্বৰ্ভমি; স্থানে স্বানে স্বচ্চ্সলিলপূৰ্ণ দীৰ্ঘিকা আছে, উহার চারিদিকে মণি-সোপান, মুক্তা-রেণু, প্রবালের বালুকা এবং ক্ষাইকের কুটিম; তীরে স্বর্ণময় তক্ষার্থী শোভা পাইলেছে পর সকল প্রস্ফাটিত হইয়া আছে এবং হংস সারস প্রভূ' জ চাগ্রণ বিচরণ করিলেছে । কোন ছানে সক্ষ্যালিলা ্ ন্তু ২ বার কোপাও কম্পার্ক কোথাও গুলা, এবং কোৰাও বালভাজাল ৷ অদূরে একটী

মেঘশ্যামল গগনস্পূৰ্নী পৰ্কত আছে ! উহা রমণীয় এবং নানা-রূপ রক্ষে পরিপূর্ন: উহার স্থানে স্থানে শিলাগৃহ আছে, এবং উহ্যু হুইতে প্রিয়তমের অঙ্কচ্যুত রমণীর ন্যায় একটা নদী নিপতিত হইতেছে৷ উহার প্রবাহবেগ তীরস্থ বৃক্ষের সন্নত শাখায় ৰুদ্ধ, যেন কোন ক্ৰন্ধ কামিনীকে ভদীয় বন্ধুজন গমনে নিবারণ করিভেছে ৷ ঐ নদীর অদূরে বিহৃদ্সস্কুল সরোবর, এবং কোথাও বা সুশীতলসলিলপূর্ণ ক্রত্রিম দীর্ঘিকা, উহার অবভরণ-পথ মণিময়, ভীরে রমণীয় কানন. মুগগণ চতুর্দিকে বিচরণ করিতেছে! স্থানে স্থানে সুবিস্তীর্ণ প্রাপাদ, দেবশিপ্পী বিশ্বকর্মা তৎসমুদায় নির্মাণ করিয়াছেন। ইতস্তত ক্রতিম কানন. তগাধ্যে বৃক্ষ সকল ছত্রাকার ও ফলপুষ্পে পূর্ব. মূলে স্বর্ণময় বেদি নির্মিত আছে! অদূরে একটী স্বর্ণবর্ণ শিংশপা বৃক্ষ, উহা লতাজালজড়িত ও পত্রবহুণ, উহার মূলদেশে একটা কনক-রচিত বেদি শোভা পাইতেছে! স্থানে স্থানে বহুসংখ্য স্থান্ত স্বর্ণার তৎসমুদার নিরবচ্ছিত্র অনলের জুলিতেছে৷ হনুমান ঐ সকল বৃক্ষের প্রভাপুঞ্জে আপুনাকে সুমেৰু পর্বতের ন্যায় স্থান্য অনুমান করিতে লাগিলেন। স্বৰ্ণবৃক্ষ বায়ুভৱে কম্পিত এবং উহাতে নৈসৰ্গিক কিঙ্কিণীজাল ধ্বনিত হইতেছিল, উহা কুমুমিত এবং কোমল অঙ্কুর ও পল্লবে শোভিত ; তদর্শনে হরুমান যার পর নাই বিশ্যিত হইলেন ৷

অনন্তর তিনি জ শিংশপা বৃক্ষে জারোহণ পূর্বক এইরপ চিন্তা করিতে লাগিলেন, বোধ হয় জানকী রামের দর্শনলাভ লালসায় ঘুংখিতমনে স্বেচ্ছাক্রমে ইতন্তত বিচরণ করিভেন্তেন, আমি এই বৃক্ষ হইতে সেই অনাথাকে নিরীক্ষণ করিব ৷ এই ভ हुतांचा तांवरणत सूत्रमा जर्माक कानन. এই विश्रमहाल मरतांवत. রামমহিধী জানকী নিশ্চয়ই এই স্থানে আগমন করিবেন ! ডিন্ন অরণ্য সঞ্চারে স্থনিপুণ, এই বনও তাঁহার অপরিচিত নহে, **এক্ষণে তি.ন নিশ্চয়ই এই স্থানে আগমন** করিবেন ! সেই সাধবী রাম-চিন্তায় ব্যাকুল, এবং রামের শোকে একান্ত কাতুর, এক্ষ: ৭ তিনি নিশ্চয়ই এই স্থানে আগমন করিবেন! বনচরগণ তাঁহার প্রীতিভাজন, সন্ধ্যাবন্দন কলেও উপস্থিত, এক্ষণে ভি.ন নিশ্যুই এই নদাতে আগমন করিবেন! এই অংশাক ভাঁহারই বিচরণের যোগ্য স্থান এক্ষণে যদি ভিনি জীবিত থাকেন **ारा रहेता निक्तर यह भी छ। म**िला ननी एक छा गमन कहि-বেন ৷ হরুমান এইরূপ অনুমান করিয়া তথায় সীদার প্রতী ক্ষার ধাকিলেন, এবং বৃক্তের পাত্রাবরণে পাচ্চন্ন হইয়া চতুর্দিক দেখিতে লাগিলেন 1

शक्तम मर्ग ।

-348-8

হতুমান শিংশপা বৃক্ষে প্রচ্ছম হইয়া, জানকীরে নেখিবার জন্য ইতন্তত দৃষ্টি প্রসারণ করিতে লাগিলেন ৷ অশোক বন ৰুম্পর্কে সুপোভিত, তথায় দিব্য গন্ধ ও রস সততই নির্গত **ৰইণ্ডেছে ৷** ঐ বন নানারপে উপকরণে সুসজ্জিত, দেখিবামাত্র নক্ষন কানন বলিয়া বোধ হয় ৷ উহার ইভস্ততঃ হর্ম্য ও প্রাসাদ, কোন্টিলেরা মধুর কঠে নিরন্তর কুছুরব করিতেছে। সরোবর স্বর্ণদ্যে শোভ্যান, অশোক বৃক্ষ সকল কুসুমিত ৰ্ট্য়া সৰ্বত্ৰ অৰুণত্ৰী বিস্তার করিতেছে। ঐ স্থানে সকল ৰূপ ফলপুষ্পাই স্থলভ, নানাৰূপ উৎকৃষ্ট আসন ও চিত্ৰ কম্বল ইতন্তভ: আন্তীর্ণ রহিয়াছে। কানন্তুমি স্থবিন্তীর্ণ, বৃক্ষের শাখা প্রশাখা সকল বিছঙ্গাণের পক্ষপুটে সমাজ্ম, সহসা বেন প্রশ্ন্য বলিয়া লক্ষিত হইতেছে। পক্ষিণণ নিরস্তর বৃক্ষ হুইডে রুক্ষান্তরে উপবেশন করিতেছে, এবং অঙ্গসংলগ্ন পুষ্পে অপূর্ব্ব জীধারণ করিতেছে। অশোকের শাখা প্রশাখা সম-ভই পুলিত; কর্নিকার পুলাভরে ভুতল স্পর্ল করিতেছে;

কিংশুক সকল পুষ্পস্তবকে শোভিভ; কাননভূমি ঐ সমস্ত রক্ষের প্রভায় যেন প্রদীপ্ত হইতেছে। পুরাগ, সপ্তপর্ন, চম্পক ও উদালক বৃক্ষ সকল কুমুমিত। কাননমধ্যে বৃত্ত 🚉 অশোক নিরীক্ষিত হইতেছে! তম্বাধ্যে কোনটী স্বর্ণবর্ণ, কোনটী অগ্নির ন্যায় প্রদীপ্ত: এবং কোনটী নীলাঞ্জনতুল্য স্থকর 1 ও অশোক বন দেবকানন নন্দনের ন্যায় এবং ধনাধিপতি কুবে-রের উদ্যান চিত্ররথের ন্যায় স্থদৃশ্য: বলিতে কি. উহা তদপে-ক্ষাও অধিকতর মনোহর; উহার শোভাসমৃদ্ধি মনে ধারণা করা যায় না! উহা যেন দ্বিতীয় আকাশ, পুষ্প সকল এহ নক্ষত্রের ন্যায় লক্ষিত হইতেছে। উহা যেন পঞ্চম সমুদ্র, নানারপ পুষ্পই যেন রত্নশ্রী প্রদর্শন করিতেছে। ঐ অশোক বনে নানারপ পবিত্র গল্প, উহা গল্পপুর্ণ হিমাচল এবং গল্পমাদ-নের ন্যায় বিরাজিত আছে। অদূরে অত্যুক্ত চৈত্যপ্রাসাদ, উহা গিরিবর কৈলাদের ন্যায় ধবল, উহার চতুর্দিকে সহস্র সহস্র স্তম্ভ শোভিত হইতেছে; সোপান সকল প্রবালরচিত, এবং বেদি সকল স্থর্নায়, উহা জীমেনিকর্য্যে নিরম্ভর প্রদীপ্ত হইতেছে, এবং লোকের দৃষ্টি যেন অপাহরণ করিতেছে ৷ উহা गगनम्भूमी उ निर्माल !

মহাবীর হনুমান ঐ অশোক বনের মধ্যে সহসা একটা কামি-নীকে দেখিতে পাইলেন। তিনি রাক্ষসগণে পরিবৃত; উপবাসে

যার পর নাই ক্লাও দীন। ঐ রমণী পুনঃপুনঃ স্থদীর্ঘ ছুংখনিশাস ত্যাগ করিতেছেন। নানারপ সংশয় ও অনুমানে তাঁহাকে চিঙ্গিতে প্রারা যায়। তিনি শুক্লপক্ষীয় নবোদিত শশিকলার ন্যায় নির্মল; তাঁহার কান্তি ধুমজালজড়িত অগ্নিশিখার উজ্ঞाল ; मर्सा क जलक्कां त्रणूंना ও মল लिख, পরিধান একমাত্র পীতবর্ণ মলিন বস্তা। তিনি সরোজশূন্য দেবী কমলার ন্যায় নিরীক্ষিত হইতেছেন! তাঁহার তুংখসন্তাপ অতিশয় প্রবল, নয়নাগল হইতে অনুৰ্গল বারিধারা বহিতেছে; তিনি কেতু-গ্রহনিপীডিত রোহিণীর ন্যায় একান্ত দীন; শোকভরে যেন নিরন্তর হাদয় মধ্যে কাহাকে চিন্তা করিতেছেন ৷ তাঁহার সমূখে প্রীতি ও মেহের পাত্র কেহ নাই, কেবলই রাক্ষমী; তৎ-কালে তিনি যুথঅফ কুব্ধুরপরিবৃত কুরন্ধীর নাায় দৃষ্ট হইতে-ছেন ৷ তাঁহার পুষ্ঠে কালভুজঙ্গীর ন্যায় একমাত্র বেণী লম্বিত, তিনি বর্ষার অবসানে স্থনীল বনরেখায় অঙ্কিত অবনীর ন্যায় শোভিত হইতেছেন ৷

হরুমান ঐ বিশাললোচনাকে নিরীক্ষণ করিয়া, পূর্ব্বনির্দ্ধিষ্ট কারণে সীতা বলিয়া অনুমান করিলেন। ভাবিলেন, কামরূপী রাক্ষদ যে অবলাকে বল পূর্ব্বক লইয়া আইনে, তাঁহাকে যেরূপ দেখিয়াছিলাম, ইনি অবিকল সেইরূপই লক্ষিত হইতেছেন।

कानकीत मूर्थ शूर्वाटकात नागा शिश्रमर्भन ; खनशूनन वर्ज् न

ও স্থকর ৷ তিনি সীয় প্রভাপুঞ্জে সমস্ত দিক তিমিরমুক্ত করিতেছেন। তাঁহার কঠে মরকতরাগ, ওষ্ঠ বিষবৎ আরক্ত। किंदिनम क्लीन এবং গঠন অভি স্থান্য ভিনি স্বসে क्रिंग স্মরকামিনী রতির ন্যায় বিরাজ করিতেছেন। তিনি পৌর্ণমাসী চক্রপ্রভার ন্যায় জগতের প্রীতিকর! তিনি ত্রতপরায়ণা ভাপদীর ন্যায় ধরাসনে উপবেশন করিয়া আছেন, এবং এক এক বার কালভুজঙ্গার ন্যায় নিশ্বাস পরিত্যাগ করিতেছেন 1 তিনি সন্দেহাত্মক স্মৃতির ন্যায়, পতিত সমৃদ্ধির ন্যায়, স্থালিত প্রান্ধার ন্যায়, নিস্কাম আশার ন্যায়, বিপ্নবত্ল সিদ্ধির ন্যায়, কলুষিত বুদ্ধির ন্যায়, এবং অমূলক অপবাদে কলঙ্কিড कीर्तित नाग्नि, यात शत नाहे भाष्ट्रनीय हहेग्राह्म । जिनि अनर्मात व्यथिक, এवः निमान्तर्गात्र डेभस्तत निभी-ডিভ। তিনি চপললোচনে ইতন্ততঃ দৃষ্টিপাত করিতে-ছেন ! তাঁহার মুখ অপ্রসন্ধ ও নেত্রজলে গেতি, এবং পক্ষ-রাজি কৃষ্ণবর্ণ ও কুটিল। তিনি নীল নীরদে আর্ড চক্রপ্রভার নায় নিরীক্ষিত হইতেছেন।

হরুমান জানকীরে এইরপ অবস্থাপত্ম দেখিয়া অতিমার সন্দি-হান হইলেন। জানকী অভ্যাসদোষে বিস্মৃত বিদ্যার ন্যায়, এবং সংস্কারহীন অর্থাস্তরগত বাক্যের ন্যায় দ্বর্কোধ হইয়া আছেন। হরুমান ঐ অনিন্দনীয়া নুপনন্দিনীকে দেখিয়া এইরপ বিতর্ক করিতে লাগিলেন, রাম যে সমস্ত অলক্ষারের কথা উল্লেখ করিয়াছিলেন, নেখিতেছি, সেগুলি জানকীর অঙ্গে বিন্যুম্ভ রহিয়াছে] ইহাঁর কর্ণে স্থরচিত কুগুল ও ত্রিকর্ণ, এবং হস্তে প্রবালখচিত আভরণ। এই সকল অলঙ্কার দৈহিক মলসংশ্রবে মলিন হইয়াছে। যাহাই হউক, রাম যে গুলির উল্লেখ করিয়াছি-লেন, বোধ হয়. এইই সেই সমস্ত অলস্কার: তিনি যে আঙ্কে যে আভরণের কথা নির্দেশ করিয়া দিয়াছেন, আমি ভাহাও প্রতাক্ষ করিলাম। তেন্মপ্রে জানকী ঋষ্যমুকে যাহা নিকেপ করিয়া ছিলেন, এক্ষণে কেবল ভাছাই দেখিতেছি না ৷ পূর্বে এই কামিনীই অত্যুৎকৃষ্ট ভূষণসকল ভূতলে ঝন ঝন রবে নিক্ষেপ করিয়াছিলেন, এবং বানরগণ ইহারই অঙ্গ হইতে একখানি পীতবর্ণ উত্তরীয় স্থালিত ও বৃক্ষে আসক্ত দেখিয়া-ছিল ৷ জ'নকী এই বস্ত্র বহুদিন যাবৎ পরিধান করিয়া আছেন, তজ্জন্য ইহা মলিন ও মান হইয়াছে, কিন্তু ইহা সেই উত্তরায়বৎ স্থদৃশ্য এবং ইহার 'পীতরাগও অবিকৃত রহি-शारह। এই কনককান্তি কামিনী রামের প্রণয়িনী, ইনি এক্ষণে দূরবর্ত্তিনী হইলেও তাঁহার মনে নিরম্ভর বাস করিতেছেন ! ইহাঁর বিরহে কৰুণা, শোক, দয়া ও কাম, মহাত্মারামের হৃদয়কে বারংবার অধিকার করিতেছে। সঙ্কটকালে স্ত্রী রক্ষিত হইদ না বলিয়া কৰুণা, একাম্ভ আশ্রিতের প্রতি উচিত ব্যবহার না হইবার জন্য দয়া পত্নীবিরোগ নিবন্ধন শোক, এবং প্রণয়িনী দূরাস্তরে আছেন বলিয়া কাম, মহাআ রামকে যার পর নাই কফ প্রদান করিতেছে। এই দেবার যেরপরপর পর এবং যে প্রকার অক প্রত্যুক্তর স্বেটিব, রামেরও তদ্রপ ; স্কতরাং ইনি যে তাঁহারই সহধর্মিনী হইবেন, তদ্বিয়য়ে আর কিছুমাত্র সন্দেহ হইতেছে না। ইহার মন রামের প্রতি এবং রামের মন ইহার প্রতি অনুরক্ত, তজ্জন্য রাম জীবিত রহিয়াছেন, নচেৎ মুহুর্ত্তের ক্রন্যও বাঁচিতেন না। তিনি ইহার বিয়োগয়ঃখ সহ্য করিয়া যে দেহ রক্ষা করিতেছেন এবং শোকে যে অবসন্ধ হইতেছেন না, বলিতে কি, ইহা অত্যন্তই মুকরে!

হরুমান তৎকালে সীতার দর্শন লাভ করিয়া ছাতীমনে রামকে চিন্তা এবং বারংবার তাঁহার প্রশংসাকরিতে লাগি-লেন।

ষোড্শ সর্গ।

অনন্তর মহাবীর হরুমান জানকী ও রামের পুনঃপুনঃ প্রাশংসা করিলেন, এবং কিয়ৎক্ষণ চিন্তা করিয়া সজলনয়নে এইরপ বিলাপ করিতে লাগিলেন, জানকী সুশিক্ষিত লক্ষ্মণের গুৰুপত্নী ও পূজ্যা, তিনিও যে ছুংখে এইরূপ কাতর হইয়াছেন, ইহা কেবল ছুরতিক্রমণীয় কালেরই মহিমা ৷ জানকী, রাম ও লক্ষণের বলবিক্রম বিলক্ষণ অবগত আছেন, তজ্জন্যই বোধ হয়, वर्षात श्राञ्चीत जारूवीत नाम श्रित ও गञ्जीतलात काल যাপন করিতেছেন ৷ ইহাঁর আভিজাত্য কুলশীল ও বয়ুস রামের অনুরূপ, স্মুতরাং ইহাঁরা যে পরস্পার প্রস্পারের প্রতি অনুরক্ত, ইহা উচিতই হইতেছে। এই আকর্ণলোচনা জানকীর জন্য মহাবল বালী এবং রারণসম কবন্ধ নিহত হইয়াছে; ইহাঁরই জন্য রাম স্ববীর্য্যে মহাবীর বিরাধকে বধ করিয়াছেন: ইহারই জন্য থর, দূষণ,ও ত্রিশিরা, চতুর্দশ সহত্র রাক্ষ্স-সৈন্যের সহিত স্থাণিত শরে জুনস্থানে নিহত হইয়াছে: ইহাঁরই জন্য যশস্বী স্থাবি, মহাবল বালি হইতে তুর্লভ কপি-রাজ্য অধিকার করিয়াছেন, এবং ইহাঁরই জন্য জামি মহা-

সাগর লজ্মন ও এই লঙ্কাপুরীও দর্শন করিলাম। একণে বোধ হইতেছে. মহাবীর রাম এই জানকীর নিমিত্ত সমগ্র পৃথিবী, অধিক কি, যদি বিশ্বসংসারও সংহার করেন, তাহা অনুচিত হইবে না ৷ এক দিকে বিশ্বরাজ্য, অন্য দিকে জানকী, কিন্ত বিশ্বরাজা ইহাঁর শতাংশের একাংশও স্পর্শ করিতে পারে না ! এই কামিনী রাজর্ষি জনকের কন্যা এবং পতিপরায়ণা; ইনি হলকর্ষিত যজ্জকেত্র হইতে প্রপরাগতুল্য ধূলিজালে ধূসরিত হইয়া উপিত হইয়াছেন! ইনি প্রবলপ্রতাপ পূজাস্বভাব রাজা দশরথের জ্যেষ্ঠা পুত্রবধূ, ধর্মশীল রামের প্রণয়িনী; ইনি ভর্তমেহের বশবর্ত্তিনী হইয়া, ভোগস্পূহা বিসর্জ্ঞন পূর্বক নির্জ্জন অরণ্যের কফ সহা করিয়াছেন! যিনি স্বামিসেবার জন্য ফলমূলমাত্রে দেহযাত্রা নির্বাহ করিয়া, গুহের ন্যায় বনেও সুখারুভব করিভেন, এবং যিনি ক্লেশের লেশও জ্ঞাত নহেন, হা! এক্ষণে তিনিই এইরূপ ফুঃখ ভোগ করিতেছেন! বলবতী পিপাসায় শুক্ষকঠ হইলে যেমন সরোবর দর্শনের ইচ্ছা হয়. সেইরপ রাম এই স্থশীলাকে দেখিবার জন্য ব্যগ্র হইয়া আছেন। রাজ্যভাষ্ট রাজা পূর্বসমৃদ্ধি পাইলে যেমন প্রীত হন, সেইরূপ রাম ইহাঁকে প্রাপ্ত হইলে, যার পর নাই সম্ভুষ্ট হইবেন ৷ এই कानकी यजनशीन এবং ভোগস্থাখ विकाड, अक्तान किवल तारमत সমাগম লাভ উদ্দেশ করিয়াই জীবিত রহিয়াছেন। ইনি এই সমস্ত

রাক্ষসীকে নিরীক্ষণ করিভেছেন না, এবং এই বৃক্ষ পঞ্চা ও ফলও দেখিতেছেন না, ইনি একান্তমনে কেবল রামকেই হৃদয়ে চিন্তা ক্রিভেছেন। স্বামী স্ত্রীজাতির ভূষণ অ**পেক্ষাও শোভা**-বৰ্দ্ধন, এক্ষণে এই জানকী তদ্ব্যতীত হতঞী হইয়াছেন। রাম ইহার বিরহে যে দেহ ধারণ করিতেছেন, এবং ছঃখাবেগে যে অবসন্ন হইতেছেন না, ইহা অত্যন্ত ত্বস্কর। এই কৃষ্ণকেশী সীভাকে দুংখিতা দেখিয়া, বলিতে কি, আমারও মন একাছে ব্যথিত হইতেছে! যিনি ক্ষাগুণে পৃথিবীর তুল্য, যাঁহাকে রাম ও লক্ষণ সভত রক্ষা করিতেন, এক্ষণে তাঁহাকে বিক্তনয়না রাক্ষসীরা বৃক্ষমূলে বেইন করিয়া আছে! এই जानकी घुः एथ निशीिष्ठ, युव्हार नौराहरू निनीह नाह ইহাঁর শোভা ন ট হইয়াছে। ইনি সহচরবিহীন চক্রবাকীর ন্যায় দীন দশায় নিপতিত; এই পুষ্পভারাবনত অশোক বসম্ভ কালীন প্রচণ্ড সুর্য্যের ন্যায় ইহঁার শোক একাম্ভ উদ্দীপিত করিতেছে।

मञ्जन मर्ग।

অনস্তুর এক দিবস অতীত হইয়া গেল: পরদিন রাতিকাল উপস্থিত . কুমুদধনল ভগবান শশাস্ক স্বীয় প্রভা বিস্তার পূর্বক হরুমানকে সাহায্য দিবার জন্যই যেন সুনীল সলিলে হংসের ন্যায় নিৰ্মল নভোমগুলে উদিত হইলেন। তিনি সুশীতল করজালে ঐ মহাবীরকে পুলকিত করিতে প্রবৃত হইলেন। তৎ-কালে পূর্ণচক্রাননা জানকী গুৰুভারে মগ্নপ্রায় নেকার ন্যায় শোকভরে আচ্ছন্ন আছেন ৷ উহাঁর অদূরে বত্সংখ্য ঘোর-রূপা রাক্ষদী। উহাদের মধ্যে কাহারও চক্ষু একমাত্র, কেছ এককর্ণ, কাছারও কর্ণ নাই, কাছারও কর্ণ স্থবিস্তীর্ণ এবং কাছা-রও বা কর্ণ শঙ্কু তুল্য। কোন নিশাচরীর নাসারস্কু উদ্ধভাগে নিবিষ্ট আছে; কাহারও দেহের উত্তরাদ্ধ অতিপ্রমাণ; কাহারও গ্রীবা হক্ষা ও দীর্ঘ; কাহারও কেশজাল ইতস্ততঃ বিক্ষিপ্ত ; কেছ সর্কাঙ্গব্যাপী কেশে যেন কন্বলে সংবৃত হইয়া আছে; কাহারও ললাটদেশ স্থপস্ত; কাহারও ওঠ চিবুকে मिनिके আছে; এবং কাহারও বা মুখ ও জারু সুদীর্ঘ !

उंगितिरात मापा किन् नीर्म, किन् कुछा, किन् विकर्ष, वादः किन् বা বামন। কাহাত চক্ষু পিঙ্গলবর্ণ, কাহারও মুখ বিক্ত; কেহ হিন্ন বস্ত্র পারণ করিতেছে: কেছ কৃষ্ণকায়, কেছ পিঙ্গলবর্ণ, কেছ অভ্যন্ত ক্রন্ধ, এবং কেহ বা কলহপ্রিয় ৷ কেহ লেহিশূল উদ্যত করিয়া আছে, কেহ কৃটাস্ত্র এবং কেহ বা মূদার। ঐ সমস্ত রাক্ষণীর মুখ নানারপে দৃষ্ট হইতেছে; কেহ বরাহ-মুখ, কে২ মৃগ-মুখ, কেছ শার্দ্ল-মুখ, কেছ মহিষ-মুখ কেছ ছাগ মুখ ও কেহ বা শুগাল-মুখ। কাহারও মন্তক বক্ষে নিবিষ্ট আছে। কেহ গোপদ, কেহ হস্তিপদ, কেহ অশ্বপদ এবং কেহ বা উট্রপদ; কেহ একহস্ত, এবং কেহ বা একপান ৷ উহাদের কর্ণ বিভিন্ন প্রকার; কাহারও কর্ণ গদ্ধভের ন্যায়, কাহারও অশ্বের ন্যায়, কাহারও কর্ণ কুকুরের ন্যায়, কাহারও বৃবের ন্যায়, কাহারও কর্ণ হস্তীর ন্যায়, এবং কাছারও বা সিংহের ন্যায়। কোন রাক্ষ্মীর নাসা स्नीर्घ, काहांत्र या वकः काहांत्र नामा कति मृथाकांत ववः কাহারও বা উহা এককালে নাই। কোন রাক্ষসীর কেশপাশ পদতল স্পর্শ করিতেছে! কাহারও জিহ্বা লোল ও দীর্ঘ; এবং কাহারও কেশ করাল ও ধূম। উহারা নিরন্তর স্করা পান করিতেছে। স্বরা মাংস ও শোণিত উহাদিগের একান্ত প্রিয় ! কেহ মাংস ও শোণিতে অবগুণিত হইয়া আছে ৷

মহাবীর হনুমান প্রচ্ছন্ন থাকিয়া, ঐ সমস্ত ভীমদর্শন রাক্ষদী-

গণকে দেখিতে লাগিলেন। উহারা শাখাপ্রশাখাসম্পন্ন শিংশ-পাতে বেফন পূর্বক দণ্ডায়মান আছে। ও বৃক্ষের মূলদেশে জানকী; তিনি শোকসন্তাপে একান্ত নিম্প্রভ হইয়াছেন; উাঁহার কেশপাশ মললিপ্ত এবং চতুর্দিকে বিক্ষিপ্ত। ভাঁহাকে নিরীক্ষণ করিলে বোধ হয়, যেন একটী তারকা পুণ্যক্ষয় নিবন্ধন গগনতল হইতে স্থালিত হইয়াছে। ভর্তুদর্শন ভাঁহার ভাগ্যে যারপর নাই অমুলভ; তিনি পাতিত্রত্য-কীর্ত্তিতে সমস্ত জগৎ মোহিত করিতেছেন 1 ভাঁহার সর্বাঙ্গ অলঙ্কারশুন্য, তিনি কেবল ভর্ত্তবাৎসল্যে শোভা পাইতেছেন! ভাঁহার নিকট আত্মীয় স্বজন কেছই নাই, তিনি রাবণের অশোক বনে অবৰুদ্ধ, স্বতরাং যুথভাষ্ট দিংহনিৰুদ্ধ করিণীর ন্যায় শোচনীয় হইয়াছেন 1 তিনি শারদীয় মেঘে আরত শশিকলার ন্যায় প্রিয়দর্শন; তাঁহার সর্বাঙ্গ মলদির্মা, স্থতরাং পঙ্কলিপ্ত কমলিনীর ন্যায় শোভা পাইতেছেন এবং নাও পাইতেছেন! তাঁহার পরিধেয় বস্ত্র ক্লিফ ও মলিন, মুখে দীনভাব, এবং হৃদয় ভর্তপ্রভাব স্মরণে একান্ত ওজম্বী ৷ পাতিত্রতাই নিরন্তর তাঁহাকে রক্ষা করিতেছে ৷ তিনি চকিত মৃগীর ন্যায় চতুর্দিক দেখিতেছেন, এবং নিশ্বাদে যেন শাখা পল্লবপূর্ণ বৃক্ষ সকল দগ্ধ করিতেছেন। তিনি স্বয়ং শোকের মূর্ত্তি, এবং ছঃখের উন্থিত তরঙ্গ ৷ তিনি বিনা বেশে শোভা পাইতেছেন, ভাঁহার অন্প্রত্যঙ্গ রুশ ও রূপ্রমাণ !

মহাবীর হরুমান ঐ পতিপ্রাণাকে দেখিবামাত্র অতিমাত্র হাই হইলেন ! তাঁহার নেত্র হইতে আনন্দাশ্রু বহিতে লাগিল; তিনি উদ্দেশে রাম ও লক্ষ্মণকে বারংবার নমস্কার করিলেন, এবং শিংশপা রক্ষের আবরণে বিলীন হইয়া রহিলেন!

अस्रोपन मर्ग।

-000-

শর্করী অপসাত্র অবশিষ্ট। রাত্রিশেষে বেদবেদাঙ্গবিৎ যজ্ঞনীল বেল্করাক্ষসগণ বেদধেনি করিতে লাগিল। মঙ্গলবাদ্য ও স্থললিত মঙ্গলগীত উত্থিত হইল। মহাবীর রাবণ প্রবাধিত হইলেন। তাঁহার মাল্যদাম ছিল্ল ভিল্ল এবং পরিধেয় বসন স্থালিত হইয়াছে। তিনি গাত্রোত্থান পূর্কক জানকীরে চিস্তা করিতে লাগিলেন। তাঁহার চিত্ত জানকীর প্রতি অত্যন্ত্র আসক্ত, ঐ সময় স্থারবেগ সংবরণ করা তাঁহার পক্ষে অতিশয় ছক্র হইয়া উঠিল।

অনন্ধর তিনি বৃক্ষশ্রেণীর শোভা দুর্শন করিতে করিতে আশোক বনে চলিলেন! তথাকার বৃক্ষ সকল সর্বপ্রকার ফল-পুজো শোভিত; স্থানে স্থানে স্থপ্রশস্ত সরোবর, স্কুশ্য পক্ষিগণ মধুমদে মত্ত হইয়া কলরব করিতেছে; তৰুতল যদৃচ্ছাক্রমে নিপতিত ফলপুজো আচ্ছন্ন, রমণীয় মৃগ ও পক্ষিগণ ইতস্তত বিচরণ করিতেছে। রাক্ষ্ণরাজ রাবণ কামমদে বিহ্নল; দেব-গন্ধ-কামিনীরা যেমন দেবরাজু ইল্রের অনুসরণ করে, সেই রূপ বহুসংখ্য রমণী উহাঁর অনুগমন করিতেছে। উহাদিগের

মধ্যে কাহারও হস্তে স্বর্ণপ্রদীপ, কাহারও করে চামর, এবং কাহারও বা তালবৃদ্ধ; কোন রমণী জলপূর্ণ ভৃষ্কার লইয়া অত্যে অত্যে যাইভেছে; কেই পশ্চাৎ পশ্চাৎ মণ্ডলাকার স্বর্ণাসন বহন করিতেছে; কেহ মদ্যপূর্ণ রত্নপাত্র, এবং কেহ বা স্বর্ণদণ্ড-মণ্ডিত হংসধবল পূর্ণচন্দ্রাকার ছত্র লইয়া চলিয়াছে। রাক্ষস-রাজ রাবণের সমভিব্যাহারে বহুসংখ্য রাজপত্নী; সেদামনী যেমন জলদের অনুগামিনী হয়, তদ্রেপ উহারা স্নেহ ও অনু-রাগভরে উহাঁর অনুসরণ করিতেছে ৷ উহাদের হার ও কেয়ুর কিঞ্চিৎ স্থালিত অঙ্গরাগ বিল্পু কেশপাশ আলুলিত এবং নয়ন-যুগল নিদ্রাবেশ ও পানাবশেষে বিঘূর্ণিত হইতেছে ৷ উহাদিগের भूथकमल पर्याकटल आफि, माला मान এবং करीक उनामकत, কামাসক্ত রাবণ জানকীচিন্তায় নিমগ্ন হইয়া মৃত্যুমন্দ গমনে যাইতেছেন।

ইত্যবদরে হনুমান সহসা রমণীগণের কাঞ্চীরব ও নুপুরধ্বনি প্রবণ করিলেন! দেখিলেন, অচিন্ত্যবিক্রম রাক্ষসরাজ রাবণ অশোক বনের দারদেশে উপস্থিত হইয়াছেন। তাঁহার অগ্রে অগ্রে অত্যুজ্জ্ল বহুসংখ্য গন্ধতৈলের প্রদিপ ; তিনি কাম, দর্প ও মদ্যে বিহ্বলপ্রায় ; তাঁহার নেত্র কুটিল ও আরক্ত ; তিনি যেন স্বয়ং কন্দর্প ; তাঁহার হস্তে শরাসন নাই, স্বন্ধে পুশ্পবাসমুরভি অমৃতফেনধবল উত্তরীয় বস্ত্র, উহা এক এক বার স্কন্ধ হইতে

স্থালিত ও অঙ্গদকোটিতে সংলগ্ন হইতেছে, আর তিনি তাহা বিমুক্ত করিয়া দিতেছেন। তৎকালে হরুমান শিংশ্পা বুক্ষের শাখায় যেন বিলীন, তিনি দেখিলেন, ঐ বীর ক্রমশই সল্লিহিত হইতেছেন। হনুমান ব্যক্তিগ্রহ করিবার জন্য যত্নবান হইলেন। রাবণের সঙ্গে বহুসংখ্য রূপবতী যুবতী ; তিনি উহাদিগকে লইয়া ঐ মৃগবভূল পক্ষিসন্ধুল স্ত্রীজনযোগ্য অশোক বনে প্রবেশ করিলেন। তথায় শঙ্কুকর্ণ নামা এক জন মদমত্ত অলঙ্কত দার-রক্ষক ছিল। সে দেখিল, রাবণ রমণীগণের সহিত তারকাবেন্টিত চল্রের ন্যায় আসিতেছেন ৷ হরুমান এভক্ষণ উহাঁকে চিনিতে পারেন নাই, এক্ষণে রাবণ বলিয়া জানিতে পারিলেন। ভাবি-লেন, আমি পুরমধ্যে যাঁহাকে সেই স্থরম্য গৃহে শরান দেখি-য়াছিলাম, ইনিই সেই বীরপুরুষ। তখন ঐ ধীমান এক লক্ষ প্রদান করিয়া রক্ষের অগ্রশাখায় উত্থিত হইলেন। তৎকালে রাবেরে তেজ তাঁহার একান্ত অসহ্য হইয়া উচিল। তিনি ঐ শিংশপা বৃক্ষের শাখাপলতে লুকায়িত হইয়া রহিলেন ৷ ইত্যব-मत तावन मीजानर्गनार्थी बहेशा, क्रममहे मिश्रिक बहेरक লাগিলেন।

একোনবিংশ সর্গ।

অনস্তার জানকী মহাবীর রাবণকে দেখিবামাত্র বায়ুভরে কদলীর ন্যায় ভয়ে নিরবচ্ছিন্ন কম্পিত হইতে লাগিলেন, এবং উৰুযুগলে উদর ও করন্বয়ে স্তনমণ্ডল আচ্ছাদন পূর্ব্বক জলধারা-कूल लांग्रत डेर्भारमंन कतिया तिश्लान ! जिनि धकाल मीन. এবং শোকে যার পার নাই কাতর; রাক্ষদীরা নিরস্তুর ভাঁহাকে রক্ষা করিতেছে ৷ রাবণ ঐ বিশাললোচনার সন্নিহিত হইয়া দেখিলেন, তিনি অর্ণবোপরি জীর্ণ নৌকার ন্যায় অবসন্ন হইয়া আছেন। তিনি ধরাসনে নিষঃ, কুঠারচ্ছিন্ন ভূতলপতিত বৃক্ষ-শাখার ন্যায় নিরীক্ষিত হইতেছেন ! তাঁহার সর্কাঙ্ক মলদিগ্ধ, বেশভ্যার লেশমাত্র নাই; তিনি পক্কলিপ্ত নলিনীর ন্যায় শোভা পাইতেছেন, এবং নাও পাইতেছেন। রাবণের মৃত্যুকামনাই তাঁহার একান্ত ত্রত ; তিনি মানস-রথে সংকপ্প-অশ্ব যোজনা করিয়া যেন রাজকেশরী রামের নিকট চলিয়াছেন! শোক-তাপে তাঁহার শরীর শুক্ষ ও রুশ; তিনি ধ্যানে নিমগ্ন, একা-কিনী কেবলই রোদন করিতেছেন। রামের প্রতি তাঁহার একান্ত অনুরাগ, তিনি তৎকালে আপনার হঃখনাগরের অন্ত

দেখিতেছেন না; যেন কোন একটী কালভুজন্ধী মন্তবলে নিৰুদ্ধ হইয়া ধরাতলে লুঠিত হইতেছে। তিনি ধূমকেতু-নিপীড়িত রোহিণীর ন্যায় শোচনীয়। তাঁহার পিতৃকুল ধর্মনিষ্ঠ ও সদা-চারনিরত, ভাঁহার ঐরপ বংশে জন্ম এবং বিবাহাদি সংস্থা-রও সম্পন্ন হইয়াছে; কিন্তু বেশমালিন্য দেখিলে বোধ হয়. যেন তিনি কোন নীচ বংশে উৎপন্ন হইয়াছেন। এ রাজ-নন্দিনী অবসন্ন কীর্তির ন্যায়, অনাদৃত শ্রন্ধার ন্যায়, ক্ষীণ বুদ্ধির ন্যায়, উপহত আশার ন্যায়, বিমানিত আজ্ঞার ন্যায়, উৎপাতপ্রদীপ্ত দিক্বধূর ন্যায়, বিদ্ববিনষ্ট পূজার ন্যায়, ম্লান কমলিনীর ন্যায়, নির্বীর সৈন্যের ন্যায়, অন্ধকারাচ্ছন্ন স্থ্যু-প্রভার ন্যায়, দূষিত বেদীর ন্যায়, এবং প্রশাস্ত অগ্নিশিখার ন্যায় একান্ত শোচনীয় হইয়া আছেন ৷ তিনি রাভ্গান্তচন্দ্র পূর্নিমা রজনীর ন্যায় মলিন ও ম্লান। তিনি করিকরদলিত ছিম্ন-পত্র ও ভৃষ্ণুন্য পত্মিনীর ন্যায় অতিশগ্ন হত 🕮 হইয়া আছেন। তাঁহাকে দেখিলে বোধ হয় যেন, তিনি একটী নদী, উহা প্রবাহ-প্রতিরোধ নিবন্ধন অন্যত্র অপনীত ও শুক্ষ হইয়াছে। তিনি ভর্তুশোকে একাস্ত কাতর ও অঙ্গসংকার শূন্য, স্নতরাং রুঞ্গকীয় রাত্রির ন্যায় মলিন হইয়া আছেন। তিনি স্কুমারী, তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ স্থানুদ্রা, রত্নগর্ভ গৃহে বাদ করাই তাঁহার অভ্যাদ। ভিনি উত্তাপতপ্ত অচিরোদ্ধৃত পদ্মিনীর ন্যায় স্লান ও মসৃণ; যেন একটী করিণী ধৃত স্তম্ভে বদ্ধ ও যুথপতিশূন্য হইয়া, ছঃখভরে দীর্ঘ নিশ্বাস ফেলিতেছে। জানকীর পৃষ্ঠে একটি স্থদীয়
বেণী লঘিত, শরতে ঘননীল বনরেখায় অবনী যেমন শোভা
পায়, সেইরপ তিনি তদ্মারা অযত্ত্মলভ শোভায় দীপ্তি পাইতেছেন। তিনি অনাহার শোক ও চিন্তায় যার পর নাই কশ।
তাঁহার মনে নিরম্ভর নানারপ আতক্ষ উপস্থিত হইতেছে।
তিনি ছঃখে একান্ত কাতর, যেন কুলদেবতার নিকট ক্লাঞ্জলিপুটে রাবণবধ প্রার্থনা করিতেছেন। তাঁহার নেত্রযুগল ক্রোধে
আরক্ত এবং উহার প্রান্তভাগ কিঞ্চিৎ শুক্র। তিনি সজলনয়নে
পুনঃ পুনঃ চতুর্দিকে দৃষ্টিপাত করিতেছেন।

विश्य मर्ग।

অনম্ভর রাবণ ঐ রাক্ষসীপরিবৃত জানকীর সমক্ষে গিয়া, উাঁহাকে মধুর বাক্যে প্রলোভন প্রদর্শন পূর্বক কহিতে লাগি-লেন, অয়ি করিকরজ্বনে! তুমি আমাকে দেখিবামাত্র স্তন-হুয় ও উদর গোপন করিলে, এক্ষণে বোধ হয়, যেন ভয়েই লুক্কায়িত হইবার ইচ্ছা করিতেছ। বিশাললোচনে! আমি ভোমার প্রণয় ভিক্ষা করিভেছি, তুমি আমাকে সম্মান কর; এই অশোক বনে মনুষ্য বা কামরূপী রাক্ষ্য কেহ নাই, স্কুতরাং অন্য পুৰুষের সঞ্চারভয় দূর কর় ৷ পরস্ত্রীগমন এবং পরস্ত্রীকে বল পূর্ব্বক হরণ রাক্ষসের স্বধর্ম, কিন্তু বলিতে কি, তুমি অনি-চ্চুক, আমি এই জন্য ভোমার অঙ্গ স্পর্শ করিতেছি না। এক্ষণে অনঙ্গদেব যতই কেন আমার উপর বিক্রম প্রকাশ ককন না, তথাচ আমা হইতে কদাচ কোন ৰূপ ব্যতিক্রম ঘটিবে না। দেবি! তুমি আমাকে বিশ্বাস কর, কিছুমাত্র ভীত হইও না; আমাকে সন্মান কর, কিছুমাত্র শোকাকুল হইও না। একবেণী

ধারণ, ধরাতলে শয়ন, উপবাস, মলিন বস্তু পরিধান ও ধ্যান তোমার সঙ্গত হইতেছে না । তুমি আমার প্রতি অনুরক্ত হইয়া ভোগস্থথে আসক্ত হও ৷ স্কচাৰু মাল্য, অগুৰু চন্দন, উত্তম বস্ত্ৰ ও উত্তম অলঙ্কারে বেশ রচনা কর l শয্যা, আসন, মদ্য, নুভ্যু, গীত ও বাদ্য প্রভৃতি বিলাস সামগ্রী লইয়া স্থথে কালহরণ কর ৷ তুমি একটী স্ত্রীরত্ন, ভোগবাসনা পরিত্যাগ করিও না, मर्साक यूर्ताम मिक्कि कत्र, आभात প্রণয়প্রার্থিনী হইলে, ভোমার আর কোন বিষয়েরই অনিরুতি থাকিবে না ৷ তোমার এই যৌবনশ্রী স্থব্দর জিশ্বয়া অম্পে অম্পে অতিক্রম করিতেছে, ইহা নদীজোতের ন্যায় একবার গেলে আর ফিরিবে না ! বোধ হয়, রূপস্রফী বিধাতা তোমাকে নির্মাণ পূর্মক স্বকার্য্যে বিরত হইয়াছেন, এই জন্যই জগতে ভোমার এই রূপের আর উপমা দৃষ্ট হয় না ৷ তুমি স্থব্ধপা ও যুবতী, ভোমাকে পাইলে সর্বলোকপিতামহ একারও মদ চঞ্চল হইয়া উঠে। প্রিয়ে! আমি ভোমার যে যে অঙ্গ দেখিতেছি, বলিতে কি, সেই সেই অঙ্গ হইতে চক্ষু আর কিছুতেই প্রত্যাহার করিতে সমর্থ নহি। এক্ষণে তুমি বুদ্ধিমাহ দূর কর। আমার অন্তঃপুরে অনেক।-নেক স্থরপা রমণী আছে, তুমি তাহাদের অধীশ্বরী হইয়া পাক। আমি স্ববিক্রমে যে সমস্ত ধনরত্ন সংগ্রহ করিয়াতি, তৎসমুদার এবং বিশ্বসাঞ্জাও ভোমাকে অর্পণ করিভেছি;

ভোমার প্রীতির জন্য এই আমনগরপূর্ব পৃথিবী অধিকার করিয়া, ভোমার পিতাকে রাজা করিতেছি, তুমি আমার ভার্য্য। হইয়া থাক। দেখ, আমার সহিত প্রতিদ্বন্দ্রিতা করিয়া উঠে, ত্রিভুবনে এমন আর কেহই নাই। দেবি! তুমি আমার অপ্রতি-হত বলবীর্য্যের পরিচয় শুন। একদা সমস্ত সুরাস্থর আমার প্রতিযোদ্ধা হইয়া রণক্ষেত্রে তিষ্ঠিতে পারে নাই; আমি ভাহা-দের ধ্বজদণ্ড খণ্ড খণ্ড করিয়াছি; এবং তাহাদিগকে বারংবার ছিন্ন ছিন্ন করিয়া দিয়াছি। স্বন্দরি! আজ তুমি আমার প্রতি অনুরাগিণী হও, এবং অঙ্গে বেশ বিন্যাস কর; আমি ভোমাকে স্থবেশে একটিবার চক্ষে দেখিব। তুমি রূপা করিয়া বাসনানুরূপ ভোগবিলাদে প্রবৃত্ত হও, এবং পানাহার কর। নানারপ ধন রত্ন ও বিশ্বরাজ্য আমার অধিকারে আছে, তুমি যেরূপ ইচ্ছা বিতরণ কর, অশঙ্কিত মনে আমার প্রণয়ের আকাজ্ফী হও, এবং এই প্রগলভকে আজা কর। প্রেয়সি! আমার রাজ্য ঐশ্বর্য্য যে কিরপা, ভুমি তাহা স্বচক্ষে দেখ, চীরবাসী রামকে লইয়া আর কি হইবে ! সে এখন হভঞী হইয়া বনে বনে বিচরণ করি-তেছে; জয়লাভ তাহার পক্ষে স্কদূরপরাহত; সে ত্রতপরায়ণ ও স্থভিলশায়ী; সে জীবিত আছে কি না সন্দেহ, যদিও থাকে, তাহা হইলে সমাগমের কথা কি, তোমাকে দেখিবারও স্থযোগ পাইবে না; বক পক্ষী কিরুপে মেঘাস্তরিত জ্যোৎস্বাকে নিরী-

ক্ষণ করিবে? হিরণ্যকশিপু যেমন দেবরাজ ইন্দ্রের হস্ত হইতে ভার্য্যাকে লাভ করিয়াছিল, তদ্রূপ রাম তোমাকে আমার হস্ত হইতে কদাচ পাইবে না। অগ্নি বিলাসিনি! বিহগরাজ গৰুড় যেমন "ভুজঙ্গকে হরণ করে, সেইরূপ ভুমি আমার মনোহরণ করিতেছ ৷ তোমার এই কোশের বস্ত্র অতিশয় মলিন, দেহ উপ-বাসে কৃশ ও অলক্ষারশূনা, তথাচ তোমাকে দেখিয়া আর আমার স্বভার্য্যায় অনুরাগ নাই। এক্ষণে আমার অন্তঃপুরে যে সমস্ত গুণবতী রমণী আছে, তুমি উহাদের অধিশ্বরী হও। অপ্সরোগণ যেমন দেবী কমলার পরিচারণা করে, সেইরপ ঐ সকল ত্রিলোকস্থব্দরী ভোমার সেবা করিবে। ভুমি, যক্ষেশ্বরের या किছू अश्वर्ये आहि ज्यम्माय धवः शृथिवानि मक्षलाक আমার সহিত ভোগ কর। দেবি! রাম, তপস্যা বল বিক্রম ও ধনে আমার তুল্য নয়, এবং তাহার তেজ এবং ফশও আমার সদৃশ হইবে না। ঐ সমুদ্রতীরে স্করম্য কানন আছে, তুমি স্বর্ণ-হারে শোভিত হইয়া, তমধ্যে আমার সহিত বিহার কর।

একবিংশ সর্গ।

ভখন জানকী উত্রস্বভাব রাবণের এইরপ বাক্য শ্রবণে কম্পিত ইইয়া অবিরল রোদন করিতে লাগিলেন। রামচিন্তা ভাঁহার মনে নিরন্তর জাগরক; তিনি একটা তৃণ ব্যবধানে রাখিয়া উহাঁকে কাতর স্বরে কহিতে লাগিলেন, রাক্ষসাধিনাথ! তুমি আমায় অভিলাষ করিও না, সভার্য্যায় অনুরাগী হও; পাপাআরার পক্ষে মুক্তিপদার্থের ন্যায় তুমি আমাকে স্থলভ বোধ করিও না। পরপুক্ষস্পর্শ পতিব্রভার একান্তই দূষণীয়, আমি মহৎ বংশে জন্মিয়া এবং র্যোনসম্বন্ধে পবিত্র কুলে পড়িয়া কিরূপে ভিষিয়ে সম্মত হইব।

পরে জানকী রাবণকে পশ্চাৎ করিয়া বসিলেন, এবং পুনর্কার কহিতে লাগিলেন, দেখু, আমি অন্যের সহধর্মিণী ও সাধনী, তুই আমাকে সামান্য ভোগ্যা স্ত্রী বোধ করিস্ না। ধর্মকে শ্রেয় জ্ঞান কর্, এবং সংত্রভচারী হ। রাক্ষস! নিজের ন্যায় পরের জ্রীকেও রক্ষা করা উচিত, তুই এই আত্মপ্রমাণ লক্ষ্য

করিয়া আপনার স্ত্রীতে অনুরাগী হ। যে পুরুষ স্বভার্যায় সম্ভুষ্ট নয়, সেই অজিতেক্রিয় চঞ্চল পরস্ত্রীর নিকট অপমানিত হইয়া থাকে, এবং সজ্জনেরাও ভাহার বৃদ্ধিতে ধিকার করেনী। যখন ভোর বুদ্ধি এইরূপ বিপরীত ও ভ্রম্ট, ভখন বোধ হয়, এই মহানগরী লক্কায় সজ্জন নাই, থাকিলেও তুই ভাঁহাদিগের কোনরপ সংশ্রাব রাখিসু না! কিম্বা বিচক্ষণেরা তোকে যা কিছু হিত কথা কহেন, রাক্ষসকুল উৎসন্ন দিবার জন্য তাহা অসার বোধে নিশ্চয়ই উপেক্ষা করিয়া থাকিস্ ৷ দেখু, কুক্রিয়া-সক্ত নির্কোধের রাজ্য ঐশ্বর্য্য কিছুই থাকে না ৷ এক্ষণে এই ধনরত্নপূর্ণ লক্ষা একমাত্র ভোর দোষে অচিরাৎ ছারখার হইবে 1 व्यमृत्रमर्भी प्रताप्तात श्रीय कर्यामार्थ विनये हरेल नकल्हे হর্ষ প্রকাশ করিয়া থাকে। স্থতরাং অনেকে তোর বিপদ मिथिया इस्पेयत्न এইরপ কহিবে, ভাগ্যক্রমেই এই নিষ্ঠুর শীত্র उँ एमन रहेल 1

রাবণ! প্রভা বেমন স্থা্যের আমিও সেইরপা রামের, স্থান্থ তুই আমাকে ঐশ্বর্য্য বা ধনে কদাচ প্রলোভিত করিতে পারিবি না! আমি সেই লোকনাথের হস্ত মস্তকের উপধান করিয়া, এক্ষণে বলু, কিরপো অন্যের বাহু আশ্রায় পূর্ব্বক শয়ন করিব! ত্রতপারণ বিপ্রের ত্রন্ধবিদ্যার ন্যায়, আমাতে সেই তত্ত্বদর্শী মহারাজের সম্পূর্ণ অধিকার! রাবণ! তুই এক্ষণে

এই দুংখনীকে রামের সঙ্গিনী করিয়া দে। যদি লক্ষার 🗐 রক্ষায় ইচ্ছা থাকে, যদি স্বৰংশে বাঁচিবার বাসনা থাকে, ভবে সেই শরণাগতবৎসল রামকে প্রসন্ধ করিয়া তাঁহার সহিত মিত্রতা कর्। (मथ्, यनि जूरे आभारक लहेशा उँ। हात रूख मिम्, उत्तरे তোর মঙ্গল, নচেৎ ঘোর বিপদ ! বজ্রান্ত তোকে সংহার নাও করিতে পারে, কতান্ত চির্নিনের জন্য তোরে পরিত্যাগ করিয়া থাকিতে পারেন, কিন্তু সেই লোকাধিপতি রামের হস্তে কিছুতেই তোর নিস্তার নাই। তুই অচিরাৎ ইন্দের বজ্রনির্ঘোষের ন্যায় রামের ভীষণ শরাসনের টক্কার শুনিতে পাইবি। এই লক্কায় তাঁহার নামাঙ্কিত শরজাল জ্বলস্ত উরগের ন্যায় মহাবেগে আসিয়া পডিবে ৷ ঐ সমস্ত শর কঙ্কপত্রলাঞ্চিত, তদ্বারা এই স্থান আচ্চয় হইয়া যাইবে এবং রাক্ষসগণ নিশ্চয়ই বিনফ্ট হইবে! সেই রামরূপ বিহঙ্গরাজ্ঞ রাক্ষসরূপ ভুজঙ্গদিগকে মহাবেগে লইয়া যাইবেন। যেমন বামনদেব ত্রিপদ নিক্ষেপে অস্তরগণ হইতে স্থর 🖹 উদ্ধার করিয়াছিলেন, সেইরূপ রাম তোর হস্ত হুইতে শীব্রই আমাকে উদ্ধার করিবেন ! দেখু, জনস্থান উচ্ছিন্ন হইয়াছে, রাক্ষসসৈন্য বিনফী হইয়া গিয়াছে, এখন তুই ত অক্ষম, স্নতরাং যে কার্য্য করিয়াছিন্, তাহা নিতান্তই গহিত। সেই নরবার মৃগগ্রহণের জন্য ভাতার সহিত অরণ্যে গিয়াছিলেন, তুই তাঁহার খান্য আশ্রমে প্রবেশ করিয়া যে কার্য্য করিয়াছিস, তাহা অত্যম্ভ মূণিত !

তুই তাঁহাদিগের গন্ধ আত্রাণ করিলে, ব্যাত্রের নিকট কুরুরের ন্যায় কদাচ তিন্ঠিতে পারিভিস্ না। বৃত্রাস্থরের এক হস্ত ইন্দ্রের তুই হস্তের নিকট যুদ্ধে পরাস্ত হইয়াছিল ক্ষ তোর অদ্ফে নিশ্চর সেই রপই ঘটিবে। যখন রামের সহিত বৈরপ্রসঙ্গ হইয়াছে, তখন তোর সহায় সম্পদ অকিঞ্চিৎকর হইবে, সন্দেহ নাই। স্থ্যির পক্ষে যেমন জলবিন্দু শোষণ, সেইরপ আমার প্রাণনাথের পক্ষে তোর প্রাণ হরণ। এক্ষণে তুই কৈলাদে যা, বা পাতালেই প্রবিষ্ট হ, রামের হস্তে বজ্রাগ্রিদগ্ধ বৃক্ষের ন্যায় তোর কিছুতেই আর নিস্তার নাই।

* পুরাণে এইরূপ প্রদিদ্ধি আছে যে, রত্রাসুর এক হস্ত ছিন্ন হইলে অপর হস্তে বহুকাল ইন্দ্রের সহিত যুদ্ধ করেন।

ष्ठाविश्य मर्ग।

--

অনস্তর রাবণ প্রিয়দর্শনা জানকীরে অপ্রিয় বাক্যে কহিতে লাগিলেন, জানকি! পুরুষ স্ত্রীলোককে যেরূপ সমাদর করে, সে সেই পরিমাণে তাহার প্রিয়পাত্র হয়; কিন্তু আমি তোমাকে ষত্রুকু সমাদর করিয়াছি, তুমি সেই পরিমাণে আমার অপমান করিয়াছ। যেমন স্থনিপুণ সার্থি বিপথগামী অশ্বকে নিরোধ করিয়া রাখে, সেইরূপ প্রবল কাম তোমার প্রতি ক্রোধ এককালে রোধ করিতেছে। বলিতে কি, কাম নিতান্তই বাম, ইহা যে রমণীর আসঙ্গ ইচ্ছা করে, তাহার প্রতি শ্বেছ ও দয়া জন্মাইয়া দেয়। স্বন্ধরি! তুমি অকারণ আমার উপর বীতরাগ হইয়াছ। তুমি বধ ও অপমানের যোগ্য, কিন্তু উৎকট কামই আমাকে এই সংকল্প হইতে পরাঙ্মুখ করিতছে। তুমি এক্ষণে যেরূপ কঠোর কথা কহিলে, ইহাতেই তোমাকে বধদও প্রদান করা কর্ত্ব্য।

অনস্তার রাবণ কুপিত মনে জানকীরে পুনর্মার কছিলেন, দেখ, আমি তোমার কথাপ্রমাণ আর ছই মাস অপেক্ষা করিয়া থাকিব, কিন্তু পরে আমার পর্য্যক্ষোপরি তোমাকে আরোহণ করিতে হইবে। যদি এই নির্দ্দিষ্ট কালের অন্তে তুমি আমার প্রতি অনুরাগিণী না হও, তবে পাচকগণ আমার প্রাতর্ভক্ষ্য বিধানের জন্য নিশ্চয়ই তোমাকে খণ্ড খণ্ড করিবে।

তখন দেবগন্ধর্মণীগণ রাবণের এই বাক্যে যার পর নাই বিষণ্ণ হইল, এবং কেহ ওষ্ঠাত্র উৎক্ষেপণ, কেহ নেত্রের ইঙ্গিত ও কেহ বা মুখভঙ্গী করিয়া, জানকীরে আশ্বাস প্রদান করিতে লাগিল ! তখন জানকী কিঞ্চিৎ আশ্বন্ত হইরা, রাবণের শুভসংকম্প পূর্ব্বক পাতিত্রত্য তেজ ও পতির বীর্য্যার্ক্সে কহিতে লাগিলেন, রে নীচ! তোর শুভাকাজ্ফা করে, বোধ হয়, এই নগরীতে এমন কেহই নাই, থাকিলে সে তোরে অবশ্যই এই গর্হিত কার্য্যে নিবারণ করিত। শচী যেমন স্থররাজ ইল্ফের, আমিও দেইরূপ ধর্মশীল রামের ধর্মপত্নী, তুই ভিন্ন ত্রিলোকে আর কেহই আমাকে মনেও কামনা করিতে পারে না। রে পামর! তুই এক্ষণে আমায় যে সকল পাপ কথা কহিলি, বল্ কোথায় গিয়া তাহা হইতে মুক্ত হইবি? রাম গর্মিত মাতঙ্গ, আর তুই তাঁহার পক্ষে একটী ক্ষুদ্র শশক, স্নতরাং তাঁহার সহিত যুদ্ধে তোরে অবশ্যই পরাস্ত হইতে হইবে। এক্ষণে যাবৎ না রামের দৃষ্টিপথে পড়িতেছিস্, তাবৎ তাঁহার নিন্দা করিতে কি ভোর লজ্জা হইতেছে না ? তুই আমাকে কুদৃষ্টিতে দেখিতেছিস্, তোর ঐ বিহ্নত ক্রুর চক্ষু ভূতলে কেন স্থালিত হইল না ? আমি

রামের ধর্মপত্নী এবং রাজা দশরখের পুত্রবধূ, আমাকে অবাচ্য কহিয়া ভোর জিহ্বা কেন বিশীর্ণ হইয়া গেল না ? আমি পাতি-ব্রত্য তেজে এখনই ভোকে তন্ম করিতে পারি, কিন্তু তপো-রক্ষা এবং রামের অনুমতির অপেক্ষায় তাহাতে নিরস্ত থাকি-লাম। দেখ, তুই আমাকে হরণ ও গোপন করিয়া কদাচই রাখিতে পারিবি না, যত দূর করিয়াছিস্, তোর মৃত্যুর পক্ষে ইহাই যথেষ্ট হইবে । তুই কুবেরের ভ্রাতা এবং বীর পুরুষ, তুই কি জন্য মারীচের মায়ায় রামকে দূরবর্তী করিয়া চের্যির্ভি দ্বারা তাঁহার স্ত্রীকে আনিলি।

তখন রাক্ষসরাজ রাবণ ক্রের দৃষ্টি বিষ্ণিত করিয়া জানকীরে দেখিলেন! তাঁহার দেহ রুফ্মেঘাকার, বাহ্যুগল প্রকাণ্ড,
গ্রীবা অত্যুক্ত, জিহ্বা প্রদাপ্ত এবং নেত্র বিকট। তাঁহার বল
বিক্রম সিংহের ন্যায় এবং গতি অত্যুক্ত মন্থর; তিনি রক্ত
মাল্য ও রক্ত বসনে শোভা পাইতেছেন; তাঁহার হস্তে স্বর্ণ
কেয়ুর, মস্তকে কম্পিত কনক-কিরীট, এবং কটিতটে রত্ন কাফী;
তিনি ঐ কাফীযোগে সমুদ্র মন্থনকালীন উরগপরিবৃত মন্দরের
ন্যায় শোভিত আছেন! তাঁহার কর্ণে মণি-কুণ্ডল, তিনি তদ্বারা
অশোকের রক্তবর্ণ পুষ্পাপল্লবে প্রান্থ পর্কতের ন্যায় দৃষ্ট হইতেছেন। তিনি স্বয়ং কম্পবৃক্ষের অনুরূপ এবং দেখিতে যেন
মুর্তিমান বসন্ত, তিনি স্কবেশেও শ্বশানন্থ হৈত্যের ন্যায় ভীষণ

হইয়া আছেন। ভাঁহার নেত্রযুগল ক্রোধে আরক্ত, তিনি ভুজ-ক্ষের ন্যায় নিশ্বাস ফেলিতেছেন l তাহার মুখ ক্রকুটীকুটিল, তিনি রোষভরে জানকীর প্রতি দৃষ্টিপাত পূর্ম্বক কহিলেন, দেখ তুমি হুর্নীতিনিষ্ঠ, ভোমার ভাল মন্দ কিছুমাত্র বিচার নাই; এক্ষণে সূর্য্য যেমন অন্ধকারকে সংহার করেন, সেইরূপ আমি অদাই তোমার বধ সাধন করিব। এই বলিয়া রাবণ ঘোরদর্শন রাক্ষসীগণের প্রতি দৃষ্টিপাত করিলেন ৷ তথায় একাক্ষী, এক-কর্ণা, কর্নপ্রাবরণা, গোকর্ণী, হস্তিকর্ণী, লম্বকর্ণী, অকর্নিকা, হস্তি-পদী, अथनी, भानमी, भानमूलिका धक्नमी, भृथूनि, जाशनी, नीर्घामदाधीया, नीर्घकुरामती, नीर्घानजा, नीर्घाकुरा, দীর্ঘনখা, অনাদিকা, দিংহমুখী, গোমুখী, ও শৃকরীমুখী প্রভৃতি নিশাচরী দণ্ডায়মান ছিল। রাবণ তাহাদিগকে সম্বোধন পূর্স্তিক কছিলেন, রাক্ষদীগণ! জানকী যেরূপে শীদ্র আমার বশবর্ত্তিনী হন, ভোমরা স্বজন্ত বা মিলিত হইয়া তাহার উপায় বিধান কর। প্রতিকুল বা অনুকৃল কার্য্য এবং সাম দান ভেদ ও দত্তে ইহারে আমার প্রীতিপ্রবণ করিয়া দেও! রাবণ রাক্ষদীদিগকে পুনঃ পুনঃ এইরপ আদেশ দিয়া, কাম ও ক্রোধে জানকীরে তর্জন করিতে লাগিলেন।

ইত্যবসরে ধান্যমালিনী নামী এক রাক্ষসী রাবণের নিকটস্থ হইয়া তাঁহাকে আলিঙ্গন পূর্ব্বক কহিল, মহারাজ ! তুমি আমার সহিত ক্রীড়া কর, এই দীনা বিবর্ণা মানুষীকে লইয়া তোমার কি হইবে? দেখ, দেবগণ ইহার ভাগ্যে ভোগ বিধান করেন নাই। এই নারী নিতান্ত বামা, তুমি ইহাকে কামনা করিতেছ বলিয়া আমার সর্কাঙ্গ দম্ম হইতেছে। যে স্ত্রী ইচ্ছ ক, তাহারে প্রার্থনা করিলেই উৎকৃষ্ট প্রীতি জন্মে। এই বলিয়া ধান্য-মালিনী রাবণকে প্রণয়ভরে কিঞ্চিৎ অপসারিত করিয়া দিল। রাবণও হাসিতে হাসিতে তৎক্ষণাৎ প্রতিনিত্বত্ত হইলেন, এবং নারীগণে বেন্টিত হইয়া, পদভরে পৃথিবীকে কম্পিত করত তথা হইতে চলিলেন।

ত্রয়োবিংশ সর্গ।

অনন্তর রাবণ অন্তঃপুরে প্রবিষ্ট হইলে, বিক্তাকার রাক্ষ-সীরা সীতার সন্নিহিত হইল, এবং উহাঁকে ক্রোধভরে কঠোর বাঁক্যে কহিতে লাগিল, জানকি! তুমি মোহক্রমে পুলস্ত্য-কুলোৎপন্ন মহামান্য রাবণের নিকট পত্নীভাব স্বীকার করা গোরবের বলিয়া বুঝিতেছ না! পরে একজটা নামী অপর এক রাক্ষ্সী ভাঁহাকে সম্ভাষণ পূর্ব্বক, রোষরক্ত লোচনে কহিল, দেখ, পুলস্ত্যদেব ত্রন্ধার মানস পুত্র, ছয় জন প্রজাপতির মধ্যে তিনিই চতুর্থ, প্রজাপতিকল্প মহর্ষি বিশ্রবা ঐ পুলস্ত্যে-রই মানস পুত্র, মহাবীর রাবণ এই বিশ্রবা হইতে জন্ম গ্রহণ করিয়াছেন। এক্ষণে তুমি এই রাবণের পত্নী হও, কি জন্য আমার বাক্যে অনাস্থা করিতেছ? পরে হরিজটা নাম্মী এক বিড়ালাক্ষী রাক্ষসী ক্রোধে নেত্রদ্বয় বিঘূর্নিত করিয়া কহিল, যিনি দেবগণের সহিত দেবরাজ ইব্রুকে জয় করিয়াছেন, তুমি সেই রাবণের প্রণয়িনী হও। যিনি বলগর্ষিত রণদম্ব ও বীর, তাঁহার প্রতি কেন ভোমার অনুরাগ নাই? ম্হারাজ রাবণ

সর্মশ্রেষ্ঠা প্রাণপ্রিয়া মন্দোদরীকে ত্যাগ করিয়া ভোমার নিকট আসিবেন ৷ তিনি রত্নসজ্জিত রমণীপূর্ণ অন্তঃপুর পরিত্যাগ করিয়া তোমার নিকট উপস্থিত হইবেন। পরে বিকটা নামী আর একটী রাক্ষসী কহিল, দেখ, যিনি নাগ গন্ধর্ম ও দানব-গণকে পুনঃ পুনঃ জয় করেন, তিনিই তোমার পার্শ্বে আসিয়া हिल्लन। त अधरम! महाधन महाजा तावरणत পाजी हरेएड क्न जात हेका नाहे ? পরে प्रमू श कहिल, प्रमं, याहात ভয়ে সূর্য্য উত্তাপ দেন না, বায়ু সঞ্চরণ করেন না, তকরাজি পুষ্প বৃষ্টি করিয়া থাকে, এবং যাঁহার ইচ্ছাক্রমে পর্বত ও মেঘ বারি বর্ষণ করে, তুমি কি জন্য সেই রাজাধিরাজ রাবণের পত্নী হইতে অভিলাবী নও? জানকি! আমি ভোমাকে ভালই কহিতেছি, তুমি কথা রক্ষা কর, অন্যথা মরিবে।

ठ्युर्विश्य मर्ग।

অনন্তর ঐ সমস্ত করালবদনা রাক্ষনী অপ্রিয় ও কঠোর বাক্যে প্রিয়দর্শনা জানকীরে কহিতে লাগিল, দেখ, রাক্ষসরাজ রাবণের রমণীয় অন্তঃপুরে বহুমূল্য শয়া সকল স্থসজ্জিত আছে, তথায় বাস করিতে কি জন্য তোমার অভিলাঘ নাই? তুমি মানুষী, মনুষ্যের পত্নী হওয়া গোরবের বলিয়া ব্রন্তিছে, কিন্তু তোমার এই সংকল্প কোন মতেই সিদ্ধ হইবে না ! রাম রাজ্যজ্জফ ভগ্নমনোরথ ও দীন, তুমি তাহার প্রতি বীতরাগ হও। রাবণ বিশ্বরাজ্যের ঐশ্বর্য্য ভোগ করিতেছেন, তুমি ভাহাকে পাইয়া শ্বেছানুরপ স্থখ লাভ কর।

তখন জানকী রাক্ষসীগণের এই কথা প্রবণ পূর্বক অঞ্চ-পূর্ণলোচনে কহিলেন, দেখ, ভোষরা যে আমাকে পরপুরুষ-সংশ্রবের কথা কহিতেছ, এই মণিত পাপ কিছুতেই আমার মনে স্থান পাইতেছে না। মানুষী কি প্রকারে রাক্ষ্যের পত্নী হইবে? বরং ভোষরা আমাকে ভক্ষণ কর, কিন্তু আমি কোন মতে ভোমাদের অনুরোধ রক্ষা করিব না। আমার পতি রাম দীন বা রাজ্যহীন হউন, তিনিই আমার পূজ্য। স্বর্চলা যেমন হর্ষ্যের, সেইরপ আমি রামের পক্ষপাতিনী হইয়া আছি। শৃচী যেমন ইন্দ্রের, অক্স্পতী যেমন বসিঠের, রোহিণী যেমন চল্ফ্রের, লোপামুদ্রা যেমন অগস্ত্যের, স্থকন্যা যেমন চ্যবনের, সাবিত্রী যেমন সত্যবানের, শ্রীমতী সেমন কপিলের, এবং দময়ন্ত্রী যেমন নলের, সেইরপ আমি রামের অনুরাগিণী হইয়া আছি।

তখন রাক্ষদাগণ জানকীর এই বাক্য শুনিয়া, ক্রোধে একাপ্ত
অধীর হইয়া উচিল এবং কক্ষভাবে তাঁহারে যৎপরোনাপ্তি
ভৎ সনা করিতে লাগিল। ঐ সময় মহাবীর হনুমান শিংশপা
বৃক্ষে নীরব হইয়া প্রক্ষন হিলেন, তিনি স্বকর্ণে ঐ সমস্ত কথা
শ্রবণ করিতে লাগিলেন। জানকী ভয়ে কম্পিত, নিশাচরীগণ
তাঁহার নিকটস্থ ইইয়া ক্রোধভরে জ্বালাকরাল লখিত ওঠ
পুনঃ পুনঃ লেহন করিতে লাগিল এবং শীত্র পরশু গ্রহণ পূর্বক
কেবল এই কথাই কহিতে লাগিল, এই হতভাগিনী কোন
অংশেই মহারাজ রাবণের যোগ্য নয়।

অনন্তর জানকী বস্ত্রাঞ্চলে চক্ষু মার্জন করিতে করিতে
শিংশপা বৃক্ষের মূলে গিয়া উপবিষ্ট হইলেন। রাক্ষনীগণ পুনব্যার চতুর্দ্দিক হইতে ভাঁহাকে বেষ্টন করিল। উহাদের মধ্যে
বিনতা নাম্না এক করালদর্শনা নিম্মাদরী নিশাচরী ছিল। সে
ক্রোধাবিষ্ট হইয়া জানকীরে কহিতে লাগিল, ভত্তে! তুমি

ভর্ত্মেহ যত দূর দেখাইলে, এই পর্যান্তই যথেষ্ট, অতিবৃদ্ধি কটের কারণ হইরা উঠিবে। তুমি কুশলে থাক, আমি ভোমার ব্যবহারে যার পর নাই পরিতোষ পাইলাম। মনুষ্যজাতির যাহা কর্ত্তব্য তুমি তাহাই করিয়াছ। কিন্তু এক্ষণে আমার একটী কথা আছে, শুন। রাক্ষসরাজ রাবণ একান্ত প্রিয়বাদী অনুকূল বদানা ও বীর, তুমি দীন মনুষ্যের প্রতি আসক্তি পরিত্যাগ পূর্বক তাঁহাকে গিয়া আশ্রয় কর। আজ হইতে দিব্য অঙ্গরাগ ও দিব্য অলঙ্কারে সজ্জিত হইয়া, স্বাহা ও শচীর ন্যায় সকলের অধীশ্বরী হও। নির্জীব দীন রামকে লইয়া ভোমার কি লাভ হবৈ থ ক্ষণে যদি তুমি আমার কথা না রাখ, তবে এই মুহুর্ব্ভেই আমরা ভোমাকে শুক্ষণ করিব।

অনন্তর লম্বিভন্তনী বিকটা ক্রোধভরে মুটি উত্তোলন করিয়া, তর্জ্জন গর্জ্জন পূর্মক কহিতে লাগিল, জানকি! আমি দয়া ও সোজন্যে তোমার অনেক বিসদৃশ কথা সহ্য করিলাম, কিন্তু তুমি যে আমাদিগকে উপেক্ষা করিতেছ; ইহাতে তোমার শ্রেয় হইবে না! দেখ, তুমি হুর্গম সমুদ্রপারে আনীত হইয়াছ, রাবণের ঘোর অন্তঃপুরে প্রবেশ করিয়াছ, এই অশোক বনে কদ্ধ এবং আমাদিগের প্রয়ত্ত্ব রক্ষিত হইতেছ; স্ক্তরাং এক্ষণে তোমাকে উদ্ধার করিতে স্বয়ং দেবরাজেরও সাধ্য নাই! তুমি ভাষার কথা শুন, অকারণ শোকাকুল হইয়া রোদন করিও না,

এবং এই চির দীনতা দূর করিয়া প্রকল্প হও। জানই ত, জ্রীলোকের যৌবন অস্থায়ী, এক্ষণে যত দিন এই যৌবন আছে স্থখভোগ করিয়া লও। তুমি রাবণের সহিত স্থরম্য উদ্যান, উপবন ও পর্বতোপরি বিচরণ কর। অসংখ্য নারী ভোমার বশবর্তিনী হইবে, তুমি রাবণকে কামনা কর। দেখ, যদি তুমি আমার কথা না রাখ, তবে আমি ভোমার হৃৎপিও উৎপাটন পূর্বক নিশ্চয়ই ভক্ষণ করিব।

অনন্তর ক্রদর্শনা চণ্ডোদরী এক প্রকাণ্ড শূল বিষ্পিতি করিতে করিতে কহিল, এই রমণী অত্যন্ত ভীত, ইহাকে দেখিয়া অবধি আমার বড়ই সাধ হইতেছে, যে, আমি ইহার যক্ত্, প্লীহা, বক্ষ, হৃৎপিণ্ড, অঙ্ক প্রত্যঙ্গ ও মুণ্ড খণ্ড করিয়া খাই !

পরে প্রঘদা কহিল, তোমরা কি জন্য নিশিক্ষ আছ? আইস, আমরা এই নিষ্ঠুর নারীকে গলা টিপিয়া মারি। পরে মহারাজকে গিয়া বলিও, সেই মানুষী মরিয়াছে। তিনি এই সংবাদ শুনিলে নিশ্চয়ই কহিবেন, তোমরা তাহাকে খাও!

অজামুখী কহিল, দেখ, এই জ্রীকে হত্যা করিয়া ইহার
মাংসপিও তুল্যাংশে বিভাগ করিয়া লও; ইহার সঙ্গে এইরূপ
বিবাদ আমার ত ভাল লাগিতেছে না! একণে যাও, শীত্র
পানার্থ জল ও প্রচুর মাল্য লইয়া আইস!

শূর্পণথা কহিল, দেখ, অজামুখী ভালই বলিতেছে, আমারও ঐ মত। এক্ষণে শীদ্র সম্ভাপহারিণী স্থরা আন, আজ্
আমরা মনুষ্যমাংস খাইয়া দেবী নিকুদ্ভিলার নিকট নৃত্য
করিব।

তখন সুরনারীসম সীতা ঐ সমস্ত বিরূপ রাক্ষসীর এইরূপ বাক্য প্রবণ পূর্ব্বক অধীর ভাবে রোদন করিতে লাগিলেন ৷

পঞ্চিংশ সূর্গ।

অনস্তর তিনি নিতান্ত ভীত হইয়া, বাষ্পাগদাদ স্বরে কহি-লেন, দেখ, আমি মানুষী, বল, কিরুপে রাক্ষদের পত্নী হইব? বরং তোমরা আমাকে খাও, ক্ষতি নাই, কিন্তু আমি কিছু-তেই তোমাদের কথা রাখিতে পারিব না।

জানকীর চতুর্দিকে রাক্ষদী, তিনি ভয়ে নিরস্তুর কম্পিত ছইতেছেন, এবং ভয়েই যেন নিজের শরীর মধ্যে প্রবেশ করি-তেছেন। তিনি অরণ্যে যৃথক্রফ ব্যাত্রনিপীড়িত মৃগীর ন্যায় একান্ত বিছল। তৎকালে রাক্ষসীগণের লাঞ্চনায় তাঁহার মন যার পর নাই অশাস্ত হইয়াছে। তিনি শিংশপা বৃক্ষের এক স্থলীর্ঘ পুষ্পিত শাখা অবলম্বন পূর্বক ভগ্ন মনে রামকে চিন্তা করিতে লাগিলেন ৷ তাঁহার চক্ষের জলধারায় স্তনযুগল. সিক্ত হইয়া গেল! কিরপে যে শোকের শান্তি হইবে, তিনি কেবল এই চিস্তাই করিভেছেন, কিন্তু কিছুতে ভাহার আর অন্ত পাইতেছেন না। তাঁহার মুখঞী ভয়ক্ষোভে নিভান্ত মলিন। তিনি বাতাহত কদলী রুক্ষের ন্যায় সততই কম্পিত **ब्हेट्डिंट्र । फाँहांत शृक्षेट्रास्थ धकी स्रोमें दिशी लिखिछ, क्षे** কম্প নিষন্ধন তাহা পমনশীল ভুজন্বীর ন্যায় দৃষ্ট হইতেছে !

তিনি শোকে জ্ঞানশূন্য এবং হুঃখে একান্ত কাতর; তিনি স্থদীর্ঘ নিস্থাদ পরিত্যাগ পূর্বক রোদন করিতে লাগিলেন, এবং হারাম! হা লক্ষ্মণ! হা কেশিল্যে! হা স্থমিতে! এই বলিয়। বিলাপ ও পরিভাপ করিতে প্রবৃত্ত হইলেন। কহিলেন, ন্ত্রী বা পুরুষ হউক, অকালমৃত্যু কাহারই ভাগ্যে স্থলভ নহে, এই যে লোকপ্রবাদ আছে ইহা যপার্থ, নচেৎ কি জন্য আমাকে এই সকল ক্রের রাক্ষসীর উৎপীড়ন সহিয়া রাম ব্যতীত কাকালও বাঁচিতে হইবে ৈ আমি অতি মন্দভাগিনী, সমুদ্রে ভারাক্রান্ত নেকা থেমন প্রবল বায়ুবেগে নিমগ্ন হয়, তদ্রেপ আমি নিতান্ত অনাথার ন্যায় বিন্ট হইতেছি। একণে আমি রাক্ষদীদিণের বশবর্ত্তিনী আছি, রামকেও আর দেখি-তেছি না, স্কুতরাং প্রবাহবেগে নদীর কুল যেমন স্থালিত হয়, সেই রূপ আমি শোকে অতিশয় অবসর হইতেছি। রাম প্রিয়বাদী ও ক্তজ্ঞ, ধন্য ও ক্তপুণ্যেরাই সেই পদ্মপলাশলোচনকে • দেখি-তেছেন ৷ স্থতীক্ষ বিষপানে যেরপ হয়, আত্মজ্ঞ রাম ব্যতীত আমার ভাগ্যে তাহাই ঘটবে ! জানি না, আমি জ্যান্তরে কি মহাপাপ করিয়াছিলাম, ভাহারই ফলে আমায় এই নিদাকণ যাতনা সহ্য করিতে হইতেছে। এই মনুব্যজন্ম ধিকু, পরাধীন-তাকেও ধিকু, আমি যে ফেছাক্রমে প্রাণত্যাগ করিব, কেবল এই জনাই তাহা ঘটিতেছে না !

य दिश्य मर्ग।

জানকী যেন উন্মত্তা, শোকভরে যেন উদ্ভাস্তা। ভিনি পরি-শ্রাম্ভ বড়বার ন্যায় এক একবার ধরাতলে লুগিত হইতেছেন ! তাঁহার চক্ষু দুঃখাঞ্চতে পরিপূর্ণ, তিনি অবনত মুখে কেবলই এইরপ বিলাপ করিতেছেন, রাম মারীচের মায়ায় মুগ্ধ হন, এই স্থোগে রাবণ আমাকে বল পূর্বক হরণ করিয়াছে ! একণে আমি রাক্ষসীদিগের হস্তে, উহাদের বিস্তর বাক্যয়ন্ত্রণা সহিতেছি ৷ বলিতে কি, এইরূপ তুঃখ চিম্বায় আর আমার বাঁচিতে সাধ নাই; আমি যখন রামবিহীন হইয়া এই রূপ নিদা-ৰুণ ক্লেশে আছি, তখন আমার আর জীবনে কাজ কি? ধন রত্ন ও অলঙ্কারেই বা প্রয়োজন কি ? বোধ হয়, আমার এই হৃদেয় পাষাণ্ময় এবং অজর ও অমর, কারণ, এরপ হুংখেও ইহা विमीर्ग इटेरल्ट ना । जामि जनार्या उ जमजी, जामारक ধিক্, আমি রামব্যতীত মুহূর্ত্তকালও জীবিত রহিয়াছি ৷ রাব-ণকে কামনা করা দূরে থাক, আমি ভাছাকে বামপদেও স্পর্শ করিতেছি না। ঐ হুরাত্মা প্রত্যাখ্যান বুঝে না, এবং আত্ম-গৌরব ও আপনার কুলমর্য্যাদাও জানে না! সে স্বীয় নিষ্ঠুর

প্রকৃতির পরতন্ত্র, এক্ষণে অন্য দ্বারা আমাকে প্রার্থনা করি-তেছে ৷ রাক্ষসীগণ! তোমরা অধিক আর কেন বল, আমাকে ছিন্ন ভিন্ন বা বিদীর্ণ করিয়া ফেল, অথবা অগ্নিতেই দগ্ধ কুর, আমিণকছুতেই রাবণের প্রতি অনুরাগিণী হইব না। রাম কভজ্ঞ বিজ্ঞ, সুশীল ও দয়ালু, বলিতে কি, তিনি কেবল আমারই অদৃ-खित मारव এरेक्न निर्फत्त रहेशां हिन। यिनि जनसारन धकाकी চতুর্দ্দশ সহত্র রাক্ষসসৈন্য পরাস্ত করেন, তিনি কি জন্য আমার নিকট আগমন করিতেছেন না! হানবল বাবণ আমাকে আনিয়া এই কাননে কদ্ধ করিয়াছে, রাম মুদ্ধে অনায়াদেই তাহাকে বিনাশ করিবেন ৷ যিনি দণ্ডকারণ্যে বিরাধকে বধ করিয়া ছিলেন, তিনি কি জন্য আমার উদ্ধারার্থ আসিতেছেন না ! এই মহানগরী লক্কার চতুর্দিকে মহাসমুদ্র, স্নতরাং ইহা অন্যের ष्यगग्र, किन्छ तारमत मत मर्कजगांभी. এখানে कनाइहे উহার গতিরোধ হইবে ना। আমি রামের প্রাণসম পত্নী, ছুরাত্মা রাবণ আমাকে বল পূর্ব্বক হরণ করিয়াছে, জানি ना, अक्रा मिर महावीत कि जना आमात अत्तरा निष्क्रि হইয়া আছেন ! আমি যে এইস্থানে আছি, বোধ হয়, তিনি তাহা জ্ঞাত নহেন, জানিলে কি এই রূপ অব্যাননা সহ্য করিতেন? হা! যিনি তাঁহাকে আমার হরণবুত্তান্ত জ্ঞাপন করিবেন, রাবণ সেই জটায়ুকেও বধ করিয়াছে। জটায়ু

বৃদ্ধ হইলেও আমার রক্ষার্থ রাবণের সহিত ধন্দুবুদ্ধে কি অন্ত ভ কার্য্য করিয়াছিলেন! আমি এখানে ৰুদ্ধ হইয়া আছি, আজ রামু এ কথা শুনিলে নিশ্চয়ই রোষভরে ত্রিলোক রাক্ষ্য-শুন্য করিতেন; লঙ্কাপুরী ছার খার করিয়া ফেলিতেন ;নমুক্ত শুক্ষ করিতেন এবং নীচপ্রকৃতি রাবণের কীর্ত্তি বিলুপ্ত করিয়া দিতেন। আমি যেমন এক্ষণে কাতরপ্রাণে কাঁদিতেছি, প্রতি গুছে রাক্ষণীগণ অনাথা হইয়া এইরূপে রোদন করিত ৷ অতঃ-পার মহাবার রাম লক্ষাণের সহিত লঙ্কাপুরী অস্বেষণ করিয়া রাক্ষদদিগের এইরপ ত্রবন্থা করিবেন। বিপক্ষ একবার তাঁহা-দের চম্মে পড়িলে আর ক্ষাকালও বাঁচিবে না । এই লক্কার রাজপথ অচিরাৎ চিতাধূমে আকুল হইয়া উঠিবে, গৃধ্গণে সঙ্কুল হইবে ; অতিরাৎ ইহা শাশানতুল্য হইয়া যাইবে এবং অচিরাৎই আমার মনোরর্থ পূর্ন হইবে ! রাক্ষদীগণ! আমার এই বাক্য जनीक (वांभ कति अना, देशांट ভाষांत्मतहे जन्ति विभन ঘটিবে। দেখ, এক্ষণে এই লঙ্কায় নানারপা অশুভ লক্ষণ দৃষ্ট रहेट्डिह, हेरा नी बहे रख्यी रहेट्य! পाপाचा तांवन विनके हरेल এर नगती विधवा नांतीत नगांत्र एक हरेशा यारेत। आज ইহাতে নানারপ আনন্দোৎসব হইতেছে, কিন্তু অবিলম্বেই देश निष्टांड बहेरत। आमि नीखरे शृर्ट शुरू त्रांकमीमिरगत হুঃখ শোকের আর্ত্তনাদ শুনিতে পাইব। আমি বে এন্থানে আছি,

যদি মহাবীর রাম কোন প্রদক্ষে ইহা জানিতে পারেন, তথন দেখিবে, এই লক্ষাপুরী তাঁহার শরে ছিন্ন ভিন্ন ও ঘার অন্ধ-কারে পূর্ণ হইবে এবং রাক্ষদকুলেও আর কেহ অবশিষ্ট পার্কিবৈ না। নির্দ্ধয় নীচ রাবণ আমার সহিত যে সময়ের সীমা স্থির করিয়াছে, তাহা ত প্রায় অবসান হইয়া গেল, এখন আমার মৃত্যুকাল উপস্থিত ৷ রাক্ষদগণ পাপাচারী ও বিবেক-শুন্য, এক্ষণে ইহাদিগেরই হস্তে আমাকে মৃত্যু দর্শন করিতে হইবে ৷ ঐ সমস্ত মাংসাসী পামর ধর্মের অনুরোধ রক্ষা করে না, ইহাদিগেরই অধর্মে এই লঙ্কায় একটা ঘোরতর উৎপাত ঘটিবে। আমি ত এখন রাক্ষদের প্রাতর্ভক্য হইতেছি, কিন্তু প্রিয়দর্শন রামকে দেখিতে না পাইলে মৃত্যুকালে কি করিব? তাঁহাকে না দেখিলে সকাতরে কিরূপেই বা প্রাণত্যাগ করিব। আমি যে জীবিত আছি. বোধ হয়, রাম তাছা জানেন না. क्रांनिल निकारे ममन পৃথিবীতে আমার অনেষণ করি-তেন। অথবা তিনিই হয় ত আমার শোকে দেহপাত করিয়া थांकिर्तन । हा ! দেবলোকে দেবগণ এবং ঋষি সিদ্ধ ও গন্ধর্ম-গণই ধন্য, ভাঁহারা সেই রাজীবলোচনকে দর্শন করিতেছেন ! ধীমান রামের ধর্মদাধনই উদ্দেশ্য তিনি জীবমুক্ত রাজধি, বোধ হয়, ভাষ্যাসকে ভাঁহার কিছুমাত্র ইচ্ছা নাই, সেই জন্যই তিনি আমার অনুসন্ধান লইতেছেন না! চক্ষে চক্ষে

থাকিলে প্রীতি এবং অন্তরালে থাকিলেই স্বেহের উচ্চেদ হয়, এইরূপ একটা প্রবাদ আছে বটে, একিন্ত কৃত্ত্বের পক্ষে একথা সঙ্গত, রামের ইহা কদাচই সম্ভবিতেছে না! আমি যথন ভাঁহার স্নেহজ্রফ হইয়াছি, তখন বোধ হয়, আমারই কোঁন দোষ অর্শিয়া থাকিবে, কিন্তা আমার অদৃষ্ট নিভান্তই মন্দ। যাহাই হউক, এক্ষণে আমার বাঁচিবার আর আবশ্যক নাই ! হা! বোধ হয়, সেই ছুই ভাতা অস্ত্র শস্ত্র পরিত্যাগ পূর্বক ফল মূল ভক্ষণ ও বনে বনে বিচরণ করিতেছেন। কিম্বা দুরাত্মা রাবণ কৌশলক্রমে তাঁহাদিগকেও বিনাশ করিয়া থাকিবে। - এক্ষণে আমার মৃত্যুই শ্রেয়, কিন্তু দেখিতেছি, এরপ হঃখেও আমার অদুটে মৃত্যু নাই। হা! ব্রহ্মনিষ্ঠ স্বাধীনচিত্ত মহা-ভাগ মুনিগণই ধন্য, তাঁহারা প্রিয় ও অপ্রিয় কোন বিষয়েরই অনুরোধ রাখেন না! প্রিয় হইতে ছঃখোৎপত্তি হয় না, অপ্রিয় হইতেই তাহা অধিক হইয়া প্লাকে; যাহারা সেই প্রিয় ও অপ্রিয়ের কোন অপেকা রাখেন না, সেই সমস্ত মহা-ত্মাকে নমস্কার। আমি প্রিয় রামের স্বেহচাত হইয়া রাবণের বশবর্তী হইয়াছি, সুভরাং প্রাণভাগ করাই আমার শ্রের হইতেছে !

मर्खावः न मर्ग।

-esse-

তখন রাক্ষসীগণ জানকীর এই সমস্ত বাক্যে অত্যন্ত ক্রোধা-বিষ্ট হইল, এবং উহাদের মধ্যে কেহ কেহ ঐ সকল কথা দ্রাত্মা রাবণের গোচর করিবার জন্য তথা হইতে প্রস্থান করিল। অনস্তর অন্যান্য রাক্ষসীগণ জানকীর সন্নিহিত হইয়া কক্ষ-স্বরে কহিতে লাগিল, জনার্য্যে! তুই আর এক মাস অপেক্ষা করিয়া থাক্, পরে আমরা তোরে পরম সুখে খণ্ড খণ্ড করিয়া খাইব।

ইত্যবসরে ত্রিজটা নাম্মী এক রৃদ্ধা রাক্ষনী জাগরিত হইরা তথায় উপস্থিত হইল, এবং ঐ সমস্ত রাক্ষনীকে সীতার প্রতি তর্জন গর্জন করিতে দেখিয়া কহিল, দেখ, জানকী জনকের কন্যা এবং দশরথের পুত্রবন্ধূ, তোমরা ইহাঁকে ভক্ষণ না করিয়া পরস্পার পরস্পারকে খাও। আজ আমি রাত্রিশেষে এক ভীষণ স্বপ্ন দেখিয়াছি; বোধ হয়, রাক্ষসরাজ রাবণ সবংশে শীম্রই বিনষ্ট হইবেন!

তখন রাক্ষসীগণ ত্রিজটার মুখে এই দাৰুণ স্বপ্নের কথা শুনিয়া যার পর নাই ভীত হইল, কহিল, বল, তুমি আজ রাত্রি- শেষে কিরপ স্থা দেখিয়াছ ? ত্রিজ্ঞটা কহিল, আমি দেখিলাম, যেন রাম শুক্ল বস্ত্র ও শুক্ল মাল্য ধারণ পূর্বক লক্ষ্মণের সহিত গজদন্তনির্মিত গগনগামী বিমানে আরোহণ করিয়াছেন, এবং সহস্র অশ্ব তাঁহাকে বহন করিতেছে ৷ ঐ সময় জানকা ওর্ক্ল বস্ত্র পরিধান পূর্ব্দক সমুদ্রবেফিত খেত পর্বতের উপর উপবেশন করিয়া আছেন, এবং সূর্য্যের সহিত প্রভা যেমন মিলিত হয়, সেইরূপ তিনি রামের সহিত সমাগত হইয়াছেন ৷ আবার দেখি-লাম, রাম লক্ষ্মণ সমভিব্যাহারে এক শৈলপ্রমাণ দংষ্ট্রাকরাল প্রকাণ্ড হস্তীর পৃষ্ঠে উচিয়াছেন ! উহাঁরা স্থর্যের ন্যায় তেজম্বী এবং স্বতেজে যেন প্রদীপ্ত ; উহাঁরা শুক্ল বসন পরিধান পূর্বক জানকীর নিকট উপস্থিত হইয়। ছেন। দেখিলাম, রাম ঐ শ্বেড পর্বতের শিখরদেশে এক হস্তীকে গ্রহণ করিয়াছেন. এবং কমল-লোচনা জানকী তাঁহার অস্কদেশ হইতে উন্থিত হইয়া ততুপরি আরোহণ করিতেছেন। তিনি স্বহস্তে চক্রস্থ্যকে স্পর্শ করিতে প্রবুত্ত হইয়াছেন, এবং তাঁহার সহিত রাম ও লক্ষণ লঙ্কার উর্দ্ধে এক হন্তীর পৃষ্ঠে আরু ় আছেন। রাম একখানি উৎকৃষ্ট রখে আটিটী শ্বেভবর্ণ বৃষভে বাহিত হইয়া, লক্ষণের সহিত উপস্থিত হইলেন ৷ এবং সীতাকে লইয়া, অত্যুজ্জ্বল পুষ্ণাক রথে আরোহণ পূর্বক উত্তর দিকে প্রস্থান করিলেন। দেখিলাম, রাবণ মুণ্ডিত-মুও ও তৈলাক্ত; তিনি উশ্বন্ত হইয়া মদ্য পান করিতেছেন;

তাঁহার পরিধান রক্তাম্বর, গলে করবীর মাল্য; আজ তিনি পুষ্পাক রথ হইতে পরিভ্রম্ট হইয়া ভূতলে লুঠিত হইতেছেন ৷ আবার দেখিলাম, তিনি ক্ষান্তর পরিধান করিয়াছেন, তাঁহার ় কণ্ঠে রক্তমাল্য এবং অঙ্গে রক্তচন্দন; একটী স্ত্রীলোক বল পূর্ব্যক তাঁহাকে আকর্ষণ করিতেছে। তিনি এক গৰ্দ্ধভযুক্ত রথে আরুঢ় আছেন, তাঁহার চিত্ত উদ্ভাস্ত, তিনি কখন হাসিতেছেন, কখন নাচিতেছেন এবং কখন বা তৈল পান করিতেছেন। তিনি গৰ্দ্ধভে আরোহণ পূর্বক দক্ষিণাভিমুখে যাইতেছেন। আবার একস্থলে দেখিলাম, রাবণ অধ্যশিরা হইয়া ভয়বিহ্বল-চিত্তে গৰ্দ্দভ হইতে ভূতলে পতিত হইলেন এবং সসম্ভ্ৰমে পুনরায় উচিলেন। ভাঁহার কটিতটে বস্ত্র নাই, মুখাগ্রে কেব-লই হুৰ্বাক্য; তিনি অনতিবিলম্বে এক হুৰ্ণন্ধ মলপূৰ্ণ পক্ষবভূল তুঃসহ ঘোর অন্ধকারময় গর্ত্তে নিমগ্ন হইলেন এবং দক্ষিণাভি-मूथी इहेशा এक. ७ क इत्त श्रीतमा. कतिलन । आंतउ मिशनाम, তাঁহার নিকট একটা রক্তবদনা কৃষ্ণবর্ণা নারী কর্দমাক্ত হইয়া উপস্থিত, সে তাঁহার কঠে রজ্জু বন্ধন পূর্ব্বক উত্তর†ভিমুখে আকর্ষণ করিতেছে ৷ আরও দেখিলাম, কুন্তুকর্ণ এবং ইন্দ্রক্তিৎ প্রভৃতি বীরগণ মুণ্ডিতমুণ্ড ও তৈলাক্ত হইয়াছেন ৷ রাবণ বরাছে ইন্দ্রজিৎ শিশুমারপৃষ্ঠে এবং কুম্বকর্ণ উদ্ভে আরোহণ পূর্বক দক্ষিণ দিকে চলিয়াছেন ৷ কিন্তু দেখিলাম, একমাত্র বিভীষণ

মস্তকে শ্বেতচ্চত্র ধারণ করিয়া, চারি জন মন্ত্রীর সহিত গগনতলে বিচরণ করিতেছেন ! ভাঁহার সম্ম খে সুসজ্জিত সভা, তন্মধ্যে নানা রূপ গীত বাদ্য হইতেছে। আবার দেখিলাম, এই হস্তারপূর্ণ স্থরম্য লঙ্কা পুরীর পুরদ্বার ভগ্ন, ইহা সমুদ্রে নিমগ্ন হইয়াছে; রাক্ষদীরা তৈল পান পূর্বক প্রমত হইয়া অউ-হাস্যে হাসিতেছে ৷ লক্কার সমস্তই ভন্মাবশিষ্ট এবং কুন্তুকর্ণ প্রভৃতি রাক্ষদেরা রক্তবস্ত্র ধারণ পূর্ব্বক গোময়-হ্রদে প্রবিষ্ট হইতেছেন ৷ রাক্ষদীগণ! তোমরা এখনই এই স্থান হইতে পলা-युन कत, (नथ, महावीत ताम जानकीरत निक्त सह शाहरतन। अकरन যদি ভোমরা সীতাকে যন্ত্রণা দেও, রাম তাহা সহু করিবেন না, তিনি নিশ্চয়ই তোমাদের সকলকে বিনাশ করিবেন ! জানকী তাঁহার প্রাণসমা পত্নী, অরণ্যের সহচরী হইয়াছেন, তোমরা যে ইহাঁকে কখন ভৎ সনা এবং কখন যে তৰ্জ্জন গৰ্জ্জন করিতেছ, রাম তাহা কখনই সৃহ করিবেন না ৷ অতঃপর কক্ষ কথা পরিত্যাগ কর, ইহাঁকে স্নেহবচনে সাস্ত্রনা করা আবিশ্যক; আইস, সকলে ইহার নিকট মঙ্গল ভিক্ষা করি; আমার ত ইহাই ভাল বোগ হইতেছে ৷ জানকী শোক সস্তাপে একাস্ত কাতর, আমি ইহাঁরই অনুকৃল স্বপ্ন দেখিয়াছি; ইনি সমস্ত ত্বংখ বিমুক্ত হইয়া প্রিয়লাভে সম্ভুট হউন। রাক্ষসগণের ভাগ্যে রাম হইতে ঘোরতর ভয় উপস্থিত, এক্ষণে অধিক আর

াঁক, তোমরা যদিও জানকীরে ভর্মনা করিয়াছ, তথাচ এক্ষণে ইহাঁর প্রশাদ ভিক্ষা কর। ইনি প্রণিপাতে প্রীত ও প্রসন্ন হইয়া তোমাদিগকে গুৰুতর ভয় হইতে রক্ষা করিবেন ৷ দেখ, ইহাঁর সর্বাঙ্গে কোনরূপ কুলক্ষণ দেখিতেছি না, কেবল অঙ্গ-সংস্কার নাই বলিয়া, যেন ইহাঁকে কিঞ্চিৎ ছুংখিত বোধ হই-তেছে! বলিতে কি, এক্ষণে অচিরাৎই ইহাঁর মনোরথ পূর্ণ হইবে; রাক্ষসরাজ রাবণের মৃত্যু এবং রামেরও জয় 🗐 লাভ হইবে ! আমরা শীঘ্রই যে জানকীর প্রিয় সংবাদ শুনিতে পাইব, এই স্বপ্নই তাহার মূল ! ঐ দেখ, ইহাঁর পালপলাশবৎ বিক্ষারিত চক্ষু ক্ষুরিত হইতেছে; বাম হস্ত অকন্মাৎ কণ্টকিত ও কম্পিত ছইতেছে; এবং এই করিশুগুকার বাম উৰু স্পন্দিত হইয়া, যেন রামের আগমনবার্তা স্থচনা করিতেছে। আর ঐ সমস্ত পক্ষীও বৃক্ষশাখায় উপবিষ্ট হইয়া, রারংবার শান্তম্বরে ডাকি-তেছে এবং হৃষ্টমনে রামের প্রাক্তামানের জন্য যেন সঙ্কেত করিভেছে ৷

ভিখন লজ্জাবতী জানকী এই স্বপ্প-সংবাদে হুট হইয়া কহিলেন, ত্রিজটে! তুমি যাহা কহিলে, ইহা যদি সত্য হয়, তবে আমি অবশ্যাই ভোমাদিগকে রক্ষা করিব !

अक्टोविश्म मर्ग।

পরে তিনি রাবণের এই অমঙ্গল সংবাদে শক্ষিত হইয়া, অরণ্যে সিংহভয়ভীত করিণীর ন্যায় কম্পিত হইলেন, এবং বিজন বনে পরিত্যক্ত বালিকার ন্যায় কাতর হইয়া, এইরূপ বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন, হা! অকাল মৃত্যু যে কাহারই স্থল্ভ নয়, সাধুগণ এ কথা সত্যই কহিয়া থাকেন; তাহা না হইলে, এই পাপীয়ুসী এই রূপ লাঞ্চনা সহ্য করিয়া ক্ষণ কালও জীবিত থাকিতে পারিত না! হা! আজ আমার এই ত্রঃখপূর্ণ কঠিন হানয় বজাহত শৈলশৃকের ন্যায় চুর্ণ হইয়া যাইতেছে ৷ অপ্রিয়দর্শন রাবণ কয়েক দিন পরেই ত আমারে বধ করিবে; কিন্তু এক্ষণে যদি আমি নিজের ইচ্চায় প্রাণভ্যাগ করি, ভজ্জন্য কেঁন আমি দোষী হইব ! ত্রাক্ষণ যেমন অব্রাক্লণকে মন্ত্রে দীক্ষিত করিতে পারেন না, ডদ্রেপ আমিও ঐ দুরাচারকে মন সমর্পণ করিতে পারিব कैনা। এক্ষণে রাম যদি এ স্থানে না আইদেন, তাহা হইলে চিকিৎ-गक रायम অञ्च दाता गर्डम् जन्छर्क एइनम करत, मिहेक्र ঐ নীচ, শাণিত শরে শীঘ্রই আমারে খণ্ড খণ্ড করিবে। আমি একে দীন ও ভর্তৃহান, ইহার উপরও আবার আমাকে এই বধ-

যন্ত্রণা নহ্য করিতে হইবে। এক্ষণে এই ঘটনার আর ছুই মাস কাল অবশিষ্ট আছে ৷ যে তক্ষর রাজাজ্ঞায় বধ্য ও বদ্ধ হইয়া আছে, নিশান্তে তাহার মেমন মৃত্যুর আশক্ষা জন্মে, এই নির্দ্ধিট সমা অতীত হইলে আমারও সেইরপ হইবে! হা রাম ! হা লক্ষণ! হা কোঁশল্যে! হা মাতৃগণ! বুঝি, এই মন্দভাগিনী সমুদ্রে প্রবল বায়ু-প্রতিঘাতে তরণীর ন্যায় বিনষ্ট হয় ৷ হা! রাম ও লক্ষণ আমারই কারণে মৃগরপী মারীচের হত্তে নিহত হইয়াছেন; আমিই সেই ছুর্ত রাক্ষসের মায়ায় প্রলোভিত ও মোহের বশীভূত হইয়া, উহাঁদিগকে অরণ্যে প্রেরণ করিয়া-ছিলাম। রাম! তুমি সত্যনিষ্ঠ, ও হিতকারী, এক্ষণে আমি এই স্থানে রাক্ষদের বধ্য হইয়া আছি, কিন্তু তুমি ইহার কিছুই জানি-তেছ না ! হা ! আমার এই পাতিব্রত্য, ক্ষমা, ভূমিশয্যা, ও নিয়ম সমস্তই নিরর্থক হইল ৷ কৃতত্ত্বে কৃত উপকার যেমন নিক্ষল হইয়া যায়, সেই রূপ এ সমস্তই পণ্ড হইয়া গেল। আমি ছঃখশোকে বিবর্ণ দীন ও কশ হইয়াছি, ভর্তৃসমাগমে আমার কিছুমাত্র আশা নাই। রাম! বোধ হয়, তুমি নির্দিষ্ট নিয়মে পিতৃনিদেশ পালন ও ত্রতাচরণ পূর্ব্বক গৃহে প্রতিগমন করিয়াছ, এবং তথায় নির্ভয় ও কতার্থ হইয়া, বহুসংখ্য আকর্ণলোচনা কামিনীর সহিত সুখে কালক্ষেপ করিতেছ। কিন্তু আমি তোমার একান্ত অনু-রাগিণী, এক্ষণে প্রাণাস্ত করিতে প্রস্তুত হইয়াছি ৷ আমি নিরর্থক ভপ ও বত অনুষ্ঠান করিলাম, অতঃপর প্রাণত্যাগ করিব। হা!
আমি অতি মন্দভাগিনী, আমাকে ধিক্। আমি বিষ পান বা
শাণিত কপাণ দারা আত্মহত্যা করিব, কিন্তু তদ্বিষয়ে আমার
সহায়তা করে, এই রাক্ষসপুরীতে এমন আর কাহকেই দেখিতেছি না।

জানকী রামকে স্মরণ পূর্ব্বক এইরপ বিলাপ ও পরিতাপ করিলেন। তাঁহার মুখ শুক্ষ; সর্বাঙ্গ কম্পিত হইতেছে। তিনি ঐ শিংশপা রক্ষের নিকটস্থ হইলেন। তাঁহার অন্তরে শোকানল যার পর নাই প্রবল; তিনি অনন্য মনে বহুক্ষণ চিন্তা করিলেন এবং পৃষ্ঠলম্বিত বেণী গ্রহণ পূর্ব্বক কহিলেন, আমি শীদ্রই কঠে বেণীবন্ধন পূর্ব্বক প্রাণ ত্যাগ করিব। পরে তিনি শিংশপা রক্ষের এক শাখা ধারণ করিলেন এবং রাম, লক্ষণ, ও আত্মকুল পূনঃপুনঃ স্মরণ করিতে লাগিলেন।

উনত্রিংশ সর্গ।

জাননী নিতান্ত নিরানন্দ ও দীন; তিনি বৃক্ষশাখা অবলম্বন পূর্বক দণ্ডায়মান আছেন; ইত্যবসরে নানারপ শুভ
লক্ষণ তাঁহার সর্বাক্ষে প্রান্তভূতি হইতে লাগিল। তাঁহার
কুটিলপক্ষম ক্ষতারক উপান্তশুক্র প্রান্তলোহিত একমাত্র বাম
নেত্র মীনাহত পদ্মের ন্যায় স্পন্দিত হইতে লাগিল। রাম এতদিন যাহা আশ্রম করিয়া ছিলেন, সেই অগুক্চন্দনযোগ্য স্বর্ত্ত
স্থল বাম হস্ত কম্পিত হইয়া উঠিল। যাহা করিশুণ্ডাকার ও
স্থল সেই বাম উক্ত পুনঃ পুনঃ স্পন্দন পূর্বক যেন রাম সম্মুখে
উপান্থত হইয়াছেন, এইরপ স্থচনা করিয়া দিল; এবং যে বক্স
স্থাবর্ণ ও ঈষৎ মলিন, তাহাও কিঞ্জিৎ স্থালিত হইয়া পড়িল।

তখন শিখরদশনা জানকী এই সমস্ত বিশ্বাস্য লক্ষণে রেজিবায়ুপ্রণক্ট বীজ যেমন বৃদ্ধিজলে স্ফৃতি হয়, সেই রূপ হর্ষে উৎ কুল
হইয়া উচিলেন। তাঁহার মুখ উপরাগমুক্ত চন্দ্রের ন্যায় শোভা
ধারণ করিল। তিনি বীতশোক হইলেন, এবং তাঁহার জড়তাও
বিদূরিত হইল। তখন রজনী যেমন শুক্র পক্ষে চন্দ্র দারা উদ্ভাবিত হয়, সেইরূপ মুখপ্রসাদ তাঁহাকে একাস্তই উজ্জ্বল করিয়া
তুলিল।

ত্রিংশ সর্গ।

হরমান শিংশপা বৃক্ষে প্রচন্তর থাকিয়া এতক্ষণ সমস্তই প্রবণ করিলেন ৷ তিনি জানকীর বিলাপ, ত্রিজটার স্বপ্ন ও রাক্ষ-সীদিগের গর্জ্জনও শুনিলেন ৷ অনন্তর ঐ মহাবীর স্থরনারীসম জ্বানকীরে নিরীক্ষণ পূর্মক এইরূপ চিন্তা করিতে লাগিলেন, অসংখ্য বানর যাঁহার জন্য দিক দিগন্তে ভ্রমণ করিতেছে, আমি তাঁহাকেই পাইলাম। আমি যাঁহার জন্য সুত্রীবের প্রচ্ছন-চারী চর হইয়া শক্রর শক্তি পরীক্ষা করিতে ছিলাম, আজ তাঁহাকেই পাইলাম ৷ আমি মহাসাগর লজ্ঞান পূর্বক রাক্ষদ-গণের বিভব, লঙ্কাপুরী, ও রাবণের প্রভাব প্রভ্যক্ষ করিয়াছি, এক্ষণে সেই অসীমশক্তি সক্ষণচিত্ত রামের এই অনুরাগিণী পত্নীকে আশ্বস্ত করিব ৷ এই চন্দ্রাননা কর্খন ফু:খ সহ্য করেন নাই, একণে অত্যন্ত কাতর হইয়াছেন, আমি ইহাঁকে আশস্ত कतित! यनि आफ देशांक श्रांता श्रीता ना गाहे, जाहा दहिल আমার প্রতিগমনে সম্পূর্ণই দোষ অর্শিতে পারে ৷ আর এই রাজকুমারীও পরিত্রাণের উপায় না দেখিয়া প্রাণ তাা করি বেন। রাম ইহাকে দর্শন করিবার জন্য অত্যন্ত উৎস্ক হইয়া

আছেন, তাঁহাকে আশাস প্রদান করা যেমন আবশাক, ইহাঁকেও তদ্রপ ৷ কিন্তু দেখিতেছি, জানকীর চতুর্দিক রাক্ষদীগণে বেষ্টিত, স্থভরাং ইহারা থাকিতে ইহাঁর সহিত বাক্যালাপ করা আমার শ্রেয় হইতেছে না! এক্ষণে কি করি, আমি কি সঙ্ক টেই পডিলাম! যদি আমি এই রাত্রিশেষে ইহাঁকে আশ্বাস मान ना कतिया यारे, তবে देनि निभ्ठयरे आज्ञाघां इदे-বেন ! যদি আমি ইহাঁর সহিত কথোপকথন না করিয়া যাই, তাহা হইলে রাম যখন জিজ্ঞাদিবেন, সীতা আমার উদ্দেশে কি কহিলেন, তখন কি বলিয়া তাঁহার নিকট দণ্ডায়মান হইব। তিনি এইরপ ব্যতিক্রমে আমাকে নিশ্চয়ই ক্রোধজুলিত নেত্রে ভশীভূত করিবেন! আমি যদি স্থাীবকে বিশেষ সংবাদ না দিয়া সংগ্রামের উদেযাগ করিতে বলি, তবে তাঁহারও এই স্থানে সলৈন্যে আগমন ব্যর্পু হইবে। যাহাই হউক, এক্ষণে সতর্ক হই-লাম. এই সমস্ত রাক্ষসী কিঞ্চিৎ অসাবধান হইলে আজ মৃত্র-বচনে এই দুঃখিনীকে সাস্ত্রনা করিব ! আমি ত ক্ষুদ্রাকার বানর, তথাচ আজ মনুষ্যবৎ সংক্ষৃত কথা কহিব ৷ কিন্তু যদি ত্রান্ধণের মত সংস্ত কথা কই, তাহা হইলে হয় ত সীতা আমাকে রাবণ জ্ঞান করিয়া অত্যন্ত ভীতা হইবেন! বস্তুতও এক্ষণে অর্থসঙ্গত মানুষী বাক্যে আলাপ করা আমার আবশ্যক হইতেছে, ভিদ্তির অন্য কোন রূপে ইহাঁকে সাস্ত্রনা করা সহজ হইবে না !

জানকী একে ত রাক্ষসভয়ে ভীত হইয়া আছেন, তাহাতে আবার আমার এই মূর্ত্তি দর্শন এবং বাক্য শ্রাবণ করিলে নিক্ষয়ই শঙ্কিত হইবেন ৷ পরে আমাকে মায়ারপী রাবণ অনুমান করিয়া চকিতমনে চীৎকার করিতে থাকিবেন। ইহাঁর চীৎকার শব্দ শুনিবামাত্র করালদর্শন রাক্ষসীগণ তৎক্ষণাৎ অস্ত্র শস্ত্র লইয়া উপস্থিত হইবে, এবং ইভস্তত অনুসন্ধানে আমাকে প্রাপ্ত হইয়া বধ বন্ধনের চেটা করিবে। তৎকালে আমিও নিজ মূর্ত্তি ধারণ পূর্ব্বক বৃক্ষের শাখা প্রশাখা ও স্বন্ধে লক্ষ প্রদান করিতে থাকিব 1 তদ্দর্শনে রাক্ষসীগণ অত্যন্ত শক্তিত হইবে, এবং বিক্রতম্বরে রক্ষা-ধিকারে নিযুক্ত প্রহরীদিগকে আহ্বান করিবে ৷ পরে প্রহরীরা উহাদিগের উদ্বেগ দর্শনে শূল শর ও অসি গ্রহণ পূর্ব্বক মহাবেগে উপস্থিত হইবে! আমি তৎক্ষণাৎ অবৰুদ্ধ হইব এবং রাক্ষস-সৈন্য ছিন্ন ভিন্ন ও বিদীর্ণ করিতে থাকিব্ধ কিন্ত বলিতে কি ঐ সময় আমি যে পুনর্কার সমুদ্র লজ্মন করিব ইহা কোন ক্রমেই সম্ভব নয় ৷ তথন রাক্ষসগণ আমাকে অনায়াসে গ্রহণ করিবে, এবং জ্বানকীও আমার এই স্থানে আগমন করিবার কারণ কিছুই জানিতে পারিবেন না। রাক্ষদগণ হিংসাপরায়ণ, উহারা ঐ প্রসঙ্গে জানকীর প্রাণনাশেও পরাঙ্মুখ হইবে না ৷ স্নতরাং এই স্থতে রাম ও স্থতীবের উদ্দেশ্য সম্পূর্ণ বিপর্য্যন্ত হইয়া পড়িবে। দেখিতেছি, এই লক্কায় আসিবার কোনরূপ পথ নাই, ইহা সমুত্র-

বেষ্টিত রাক্ষসরক্ষিত ও অত্যম্ভ গুপ্তা, জানকী এই স্থানে বাস করিতেছেন, স্নতরাং ইহাঁর উদ্ধার সাধনের আর কিছুমাত্র প্রত্যাশা থাকিবে না। আর আমি যদি বধবন্ধনে আত্মসমর্পণ করি, তাহা ত্ইলে রামের একটা উত্তরসাধক বিনষ্ট হইবে ৷ আমার অভাবকালে এই শত্যোজন সমুদ্র লঙ্ঘন করিতে পারে. বিশেষ অনুসন্ধানেও এমন আর কাহাকে দেখিতেছি না। আমি একণে সহজেই অসংখ্য রাক্ষসকে রণশায়ী করিতে পারি,কিন্ত যুদ্ধশ্রমের পর পুনর্কার যে এই সমুদ্র পার হইব কিছুতেই এরপ সম্ভব হয় না। আরও যুদ্ধে যে কোন পক্ষ জয়ী হইবে ভাহারই বা স্থিরতা কি ? স্বতরাং সংশয়মূলক কার্য্যে হস্তক্ষেপ করিতে আমার ইচ্ছা হইতেছে না। জানি না, অতঃপব কোন বিচক্ষণ এই সংশয়ের কার্য্য নিঃসংশয়ে সাধন করিবেন ? এফণে আমি যদি জানকীর সহিত কথোপকথন করি, তাহাতে এই মত বিল্ল ঘটিবার সম্পূর্ণ সম্ভাবনা; আর যদি না করি, তাহা হইলে ধনি নিশ্চয়ই হতাশ হইয়া প্রাণত্যাগ করিবেন। সিদ্ধপ্রায় কার্য্যও দুতের বুদ্ধি-বৈগুণ্যে দেশকালবিরোধী হইয়া স্থর্যোদয়ে অন্ধকারবৎ বিনষ্ট হইয়া যায়। কার্য্যাকার্য্যে কোনরূপ মন্ত্রণা নির্ণীত হইলেও অপটু দূতের দোষে বিশেষ ফল দর্শিতে পারে না। পণ্ডিতাভিমানী দূতই কার্য্যক্ষতির মূল। এক্ষণে কিসে কার্য্যে ব্যাঘাত না জন্মে, কিলে বুদ্ধিদোষ উপস্থিত না হয় এবং কিসেই বা এই সমুদ্র লজ্জানের শ্রম ব্যর্থ হইরা না যার, তারিকরে সাবধান হওয়া আমার আবিশ্যক । এই জানকী অশক্কিত মনে আমার বাক্য শ্রবণ করিবেন এমন কোন সংক্ষপে স্থির করা আমার আবিশ্যক।

হরুমান এইরপে বিতর্কের পার সিদ্ধান্ত করিলেন, জানকী অনন্যমনে রামকে চিন্তা করিতেছেন, এক্ষণে যদি সেই মহাবী-রের নাম কীর্ত্তন করি, ভাছা হইলে ইনি কদাচ শক্ষিত হইবেন না। সেই ইক্ষাকুকুলতিলক রাম যে সমস্ত ধর্মানুকুল শ্রেরক্ষর কার্য্য অনুষ্ঠান করিয়াছেন, আমি এক্ষণে তৎসমুদায়ের প্রাসন্ধ করিয়া স্ববক্তব্য শান্ত ও মধুরভাবে জ্ঞাপন করিব। জানকী যাহাতে আমাকে বিশ্বাস করিতে পারেন, আমি এইরপা বাক্যই প্রয়োগ করিব।

একত্রিংশ সর্গ।

हरूयांन এইরপ অবধারণ পূর্বক জানকীর নিকটস্ इहेलन, এবং মৃদ্বাক্যে কহিতে লাগিলেন, দশরথ নামে কোন এক পুণ্যশীল রাজা ছিলেন ৷ তিনি স্থসম্পন্ন রাজজীযুক্ত ও পরম হন্দর। সর্বশ্রেষ্ঠ ঈক্ষ্ কুবংশে তাঁহার উৎপত্তি; সমগ্র পৃথি-বীতেই তাঁহার প্রতিপত্তি ছিল। তিনি মিত্রগণকে অত্যন্ত সুখী করিতেন ৷ রাম সেই দশরথের একমাত্র প্রিয় ও জ্যেষ্ঠ পুত্র ৷ তিনি ধনুর্ধরগণের অতাগণ্য স্বজনপালক ও সুদীল ৷ এই জীবলোক তাঁহাকেই আশ্রয় করিয়া আছে ; তিনি ধর্মরক্ষক ও জ্ঞানবান্। এ মহাত্মা, সত্যনিষ্ঠ বৃদ্ধ পিতার আদেশে ভার্যা ও ভাতার সহিত বনবাদে প্রবিষ্ট হন ৷ তিনি যথন মৃগয়াপ্রসঙ্গে অরণ্য পর্য্যটন করেন, তখন তাঁহার বলবীর্য্যে বহুসংখ্য রাক্ষসবীর নিহত হয় এবং খর দূষণ প্রভৃতি নিশাচরগণ জনস্থানস্থ সৈন্যের সহিত উচ্ছিত্ম হইয়া যায় ৷ পরে রাক্ষস-রাজ রাবণ এই সংবাদে অভিশয় ক্রোধাবিষ্ট হয় এবং মৃগরুণী অপহরণ করে। পরে রাম জানকীর অবেষণে প্রায়ত হইয়া কপিরাজ স্থাীবের সহিত মিত্রতাস্থত্তে বদ্ধ হন, এবং বালীকে বিনাশ করিয়া, স্থাবিকে কপিরাজ্যের আধিপত্য প্রদান করেন। অনস্তর বানরগণ স্থাীবের নিয়োগে চতুর্দ্দিকে জানকীর অবেবণে নির্গত হয়, এবং আমিও এই উপলক্ষ করিয়া সম্পাতির বাক্যে মহাবেগে শতযোজন বিস্তীর্ণ সমুদ্ধ লক্ষ্মন করি। রামের নিকট জানকীর বেরূপ রূপ, যেরূপ বর্ণ, এবং যেরূপ লক্ষণ শতনিয়াছিলাম, তদনুসারে বোধ হয়, এক্ষণে জানকীরেই পাইলাম। মহাবীর নুসুমান এই বলিয়া মোনাবলম্বন করিলেন।

জানকী এই সমস্ত কথা শুনিবামাত্র অতিমাত্র বিশিত ইইলেন, এবং অলকসংকুল মুখকমল উত্তোলন পূর্ব্বক সভয়ে শিংশপা রক্ষে দৃষ্টিপাত করিতে লাগিলেন । রামের সংবাদ পাইয়া তাঁহার মনে যার পর নাই হর্ষ উপস্থিত হইল। তৎকালে তিনি কখন উদ্ধে কখন আধোতে এবং কখন বা তির্য্যকভাবে দৃষ্টি প্রসারণ করিতেছেন, ইত্যবসরে উদয়ো মুখ স্থেয়র ন্যায় একাস্ত উজ্জ্বল ধীমান হনুমান তাঁহার নেত্রপথে পতিত হইলেন!

দ্বাত্রিংশ সর্গ।

হনুমান ধবলবর্ণ বস্ত্র পরিধান পূর্ব্বক রক্ষশাখায় প্রচ্ছন্ন হইয়া আছেন, জানকী ভাঁহাকে দেখিবামাত্র চমকিত হইয়া উচিলেক। হনুমান প্রিয়বাদী ও বিনীত, তাঁহার কান্তি অশোক পুষ্পাবৎ আরক্ত এবং চক্ষু স্বর্ণপিঙ্গল। জানকী উহাঁকে রক্ষের পত্রাবরণে উপবিষ্ট দেখিয়া বিশ্বয়ে অভিভূত হইলেন, ভাবিলেন, এই বানর অত্যন্ত ভীমদর্শন ? তিনি উহাকে তুর্নিরীক্ষ্য বোধ করিয়া ভয়ে অভিশয় বিমোহিত হইলেন! তাঁহার মনে নানারপ আশক্ষা উপস্থিত হইল ৷ তিনি হুঃখভরে অক্ষুটম্বরে হা রাম ! হা লক্ষণ ! 🗢 এই বলিয়া রোদন করিতে লাগিলেন। পরে তিনি পুনর্কার ঐ বানরকে দেখিলেন; মনে ক্রিলেন, বুঝি আমি স্বপ্ন দেখি-তেছি ৷ তিনি ঐ বানরকে নিরীক্ষণ করিয়া বিপন্ন ও মৃতকল্প হইলেন। পরে বহু বিলম্বে সংজ্ঞা লাভ পূর্বক এইরূপ চিন্তা করিতে লাগিলেন, আমি কি ত্রঃম্বপ্রই দেখিলাম! একটা নিষিদ্ধদর্শন বানর আমার দৃষ্টিপথে পড়িল! যাহাই হউক, রাম, লক্ষ্মণ ও রাজা জনকের সর্বাঙ্গীন স্বস্থি ও শাস্ত্রি হউক। অথবা না, ইহা স্বপ্ন নহে, আমি হুংখ শোকে নিপীড়িত হুইয়া আছি, নিদ্রা আমাকে সম্পূর্ণ পরিত্যাগ করিয়াছে, রামের অদর্শনে আমার মনে স্থাই নাই। আমি তাঁহাকে নিরন্তর হাদয়ে চিন্তা করিতেছি, তাঁহার কথা সত্তই আলাপ করিতেছি, স্ত্রাং যাহা কিছু শুনি, তাহা ঐ চিন্তা ও আলাপের অনুরূপ করিয়া লই। এক্ষণে যাহা দেখিলাম ইহা কম্পনা নহে, কারণ, কম্পনায় বৃদ্ধির সংশ্রব থাকেনা, এবং তাহাতে রূপও প্রত্যক্ষ হয় না। কিন্তু আমি এই বানরকে স্কুম্পট দেখিতেছি এবং ইহার কথাও স্কুম্পট শুনিতেছি। এক্ষণে বৃহস্পতিকে নমন্ধার, ইন্দ্রকে নমন্ধার, এবং ত্রনা ও অগ্নিকেও নমন্ধার। এই বানর আমার নিকট যাহা বলিল তাহা সত্যই হউক!

ত্রয়ন্ত্রিংশ সর্গ।

অনস্তুর হনুমান বৃক্ষ হটতে কিঞ্চিৎ অবতীর্ণ হইলেন, এবং বিনীত ও দীনভাবে জানকীর নিকটস্থ হইয়া তাঁহাকে অভিবাদন করিলেন৷ পরে মস্তকে অঞ্জলি স্থাপন পূর্বক মধুর বাক্যে কহিতে লাগিলেন, পদ্মপলাশলোচনে! তুমি কে? কি জন্য মলিন কোশেয় বস্ত্র ধারণ এবং বৃক্ষশাখা অবলম্বন পূর্বক এই স্থানে দণ্ডায়য়ান আছ ? যেমন কমলদল হইতে জল নিঃসৃত হয় সেইরূপ তোমার নেত্রযুগল হইতে কি জন্য ত্রুংখের বারিধারা বহিতেছে! তুমি স্থরাস্থর নাগ গন্ধর্ম যক্ষ রাক্ষ্য ও কিম্নর মধ্যে 🕯 কোনু জাতীয় হইবে ? ৰুদ্র মৰুৎ বা বস্থগণের সহিত কি তোমার কোন সম্পর্ক আছে? বোধ হয়, তুমি দেবী। বোধ হয়, তুমি তারা-প্রধানা সর্বশ্রেষ্ঠা গুণবতী রোহিণী হইবে, এক্ষণে চল্কের স্নেহভ্রম্ট ছইয়া প্রলোক হইতে স্থালিত হইয়াছ? কল্যাণি! তুমি কে? তুমি কি দেবী অৰুদ্ধতী? ক্ৰোধ বা মোহ বশত কি বশিষ্ঠদেবকৈ কুপিত করিয়াছ ৈ ভোমার পুত্র কে ? এবং ভোমার ভাতা, পিতা, ও ভর্জাই বা কে ? তুমি কি ইহাঁদিগের মধ্যে কাহারও বিয়োগে **बहेतरा (भाकाकूल हहेग्राह**? (तानन, नीर्घनिश्वाम, ভृशिम्भूर्ज. এবং রামের নাম গ্রহণ এই সমস্ত চিত্রে তোমাকে দেবী বলিয়া বোধ হইতেছে না। ভোমার সর্বাঙ্গে যে সমস্ত লক্ষণ দেখিতেছি, তদ্মারা তোমাকে রাজকন্যা ও রাজমহিষী বলিয়াই আমার হৃৎ-প্রত্যয় জন্মিতেছে। রাবণ জনস্থান হইতে যাঁহাকে বল পূর্বক আনিয়াছে, যদি তুমি সেই সীতা হও, তাহা হইলে আমার বাক্যে প্রত্যুত্তর কর। তোমার যেরূপ অলোকিক রূপ, যেরূপ দীনতা এবং যেরূপ পবিত্র বেশ তাহা দেখিয়া তোমাকে রামমহিষী বলিয়াই আমার সম্পূর্ণ বিশ্বাস হইতেছে।

তখন জানকী রামের নাম শ্রবণ পূর্ব্বক ছাউমনে কহিলেন, আমি রাজাধিরাজ প্রবলপ্রতাপ দশরথের পুত্রবগূ, মহাত্মা জনকের কন্যা, এবং ধীমান রামের ধর্মপাত্মী, আমার নাম দীতা। আমি বিবাহের পর দ্বাদশ বৎসরকাল শ্বশুরালয়ে নানারপ স্থখভোগে কালক্ষেপ করি। পরে ত্রয়োদশ বর্ঘ উপস্থিত হইলে, দশরথ উপাধ্যায়গণের সহিত সমবেত হইয়া রামের রাজ্যাভিষেকের সংকল্প করেন! তখন দেবী কৈকেয়ী অভিষেকের আয়োজন দেখিয়া দশরথকে এইরপ কহিলেন, আমি আজ হইতে পানাহার পরিত্যাগ করিলাম; যদি তুমি রামকে রাজ্য দেও, তাহা হইলে আমি আর কিছুতেই প্রাণ রাধিব না! এক্ষণে রাম বনে যাক, পূর্ব্বে তুমি প্রীতিভরে আমাকে যে কথা কহিয়াছিলে, তাহা সভ্য হউক।

তথন বৃদ্ধ দশরথ কৈকেয়ীর এই ক্রের নিষ্ঠুর কথা প্রবণ এবং বরপ্রদান বৃত্তান্ত শারণ পূর্ব্বকবিমোহিত হইলেন। সত্যে তাঁহার অতা स निष्ठा, তिनि जलशाताकूल ला हत्न तामरक धहेन कि कि लिन, বৎঁস ! তুমি ভরতকে সমস্ত রাজ্যভার দিয়া স্বয়ং বনবাসী হও। তৎকালে পিতার এই আদেশ রামের রাজ্যাভিষেক অপেক্ষাও প্রীতিকর বোধ হুইল, এবং তিনি অবিচারিত চিত্তে উহা বাক্যমনে স্বীকার করিলেন ৷ দানেই ভাঁহার অনুরাগ, তিনি কখন প্রতিগ্রহ করেন না, সত্যেই তাঁহার নিষ্ঠা, তিনি প্রাণান্তে মিথ্যা কহেন না। পরে ঐ ধর্মনীল, মহামূল্য উত্তরীয় রাখিয়া, রাজ্যসংকল্প বিদর্জন পুর্মক জননীর হস্তে আমায় অর্পণ করিলেন। কিন্তু আমি তাহাতে সমত হইলাম না. এবং শীঘ্রই নির্গত হইয়া ভাঁহার সহিত বনচারী হইলাম৷ বলিতে কি. রাম ব্যতীত স্বর্গস্থােও আমার স্পৃহা নাই ৷ তখন মিত্রবৎসল লক্ষণ জ্যেঠের অনুসরণ করিবার জন্য সর্বাত্যে কুশচীর ধারণ করিলেন ৷ পরে আমরা রাজ-নিয়োগ শিরোধার্য্য করিয়া অদৃষ্টপূর্ত্ত গভীরদর্শন নিবিড় কাননে প্রবেশ করিলাম। আমরা কিছুদিন দওকারণ্যে বাস করিয়া আছি, এই অবসরে হুরাজা রাবণ আমাকে অপহরণ করিয়া আনে। একণে সে হুই মাস আমার প্রাণ রক্ষায় অনুগ্রন্থ করিয়াছে, এই बिर्किक काम खडीख हरेल खागि निकार एवं छात्र कतित ।

চতু ক্রিংশ সর্গ।

তথন কপিবর হরুমান হঃখাভিভূতা সীতাকে সাস্ত্র্বাক্যে কহিছে লাগিলেন, দেবি! আমি রামের আদেশে ভোমার নিকট দূতস্বরূপ আসিয়াছি; এক্ষণে তাঁহার সর্ব্বাঙ্গীন মঙ্গল, তিনি তোমাকে কুশল জিজ্ঞাসিয়াছেন। যিনি ত্রাক্ষ অস্ত্র ও সমগ্র বেদের অধিকারী, তিনি তোমাকে কুশল জিজ্ঞাসিয়াছেন। যিনি তোমার ভর্তার প্রিয় অনুচর, সেই মহাবীর লক্ষ্মণও কাতর মনে তোমার চরণে প্রণাম নিবেদন করিলেন।

তথন জানকী রাম ও লক্ষণের কুশল সংবাদ পাইয়া, যার
পার নাই পূলকিত হইলেন। কহিলেন, জীবিত লোক শত বংসারেও আনন্দ লাভ করে, এই যে লোকিক প্রবাদ আছে, ইহা
এক্ষণে আমার সত্যই বোধ হইল। ফলতঃ সীতা, রাম ও
লক্ষ্মণের সন্দর্শন পাইলে যেরপ প্রীত হন, হনুমানের বাক্যে
সেইরপই প্রীতি লাভ করিলেন এবং বিশ্বস্তমনে উহাঁর সহিত
কথোপকথন আরম্ভ করিলেন। ইত্যবসরে হনুমান ক্রেমশঃ দ উহাঁর সন্ধিক্ষ হইতে লাগিলেন। তিনি ছই এক পদ অগ্রাসার হন, অমনি সীতার মনে আশক্ষা উপস্থিত হয়। রাবণ বে ছলনা করিতে আসিয়াছে, এই বিশ্বাসই ক্রমশঃ তাঁহার সূদৃঢ় হইতে লাগিল! তিনি ছুংখিত মনে এইরপ কহিলেন, হা থিক! আমি কেন ইহার সহিত বাক্যালাপ করিলাম, দেখিতেছি, সেই রাবণই মায়াবলে রূপান্তর গ্রহণ পূর্বক আগমন করিয়াছে।

उथन जानकी मिश्में श्राम्य माथा উत्पाहन शृक्क ডতলে উপবিষ্ট হইলেন। হুনুমানও কিঞ্চিৎ অগ্রাসর হইয়া তাঁছাকে অভিবাদন করিলেন; কিন্তু তৎকালে সীতা অভ্যন্ত ভীতা হইয়া, উহাঁর প্রতি আর দৃষ্টিপাত করিতে পারিলেন ना, এবং এক দীর্ঘ নিখাস পরিত্যাগ পূর্বক মধুর স্বরে কহিতে লাগিলেন, বোধ হয়, তুমি মায়াবী রাবণ, পুনরায় মায়া অব-লম্বন করিয়া আমাকে পরিতাপিত করিতে আসিয়াছ, কিন্ত দেখ, ইহা তোমার উচিত হইতেছে না। যে ব্যক্তি জনস্থানে স্বীয় রূপ বিসর্জ্ঞন এবং পরিত্রাজকের বেশ ধারণ করিয়া আমার নিকট উপস্থিত হয়, তুমি সেই রাবণ, সন্দেহ নাই! রাক্ষস! अकर्ष आमि उपवारम क्रम ववः खडाख मीन इरेहा आहि, এ সময়ও তুমি যে আমাকে যন্ত্রণা দিবার চেফা করিতেছ, ইহা ভোষার উচিত নহে! অথবা আমার এইরূপ আশক্ষা করা সক্তত হইতেছে না; কারণ, ভোমাকে দেখিয়া অবধি আমার মনে বিলক্ষণ প্রীতি সঞ্চার হইতেছে। একণে তুমি যদি

যথার্থই রামের দূত হও, তবে আমি তাঁহার বিষয় ভোমাকে জিজ্ঞাসা করি বল, ভোমার মঙ্গল হউক, রামের কথা আমার একাস্তই প্রীতিকর ! সেম্যি ! তুমি স্মামার দেই প্রিয়তমের গুণ কীর্ত্তন কর ; প্রবল জলবেগ যেমন নদীকল শিথিল করিয়া দেয়, সেইরূপ তুমি আমার বিশ্বাস এক এক বার হ্রাস করিয়া দিতেছ ৷ হা! স্বপ্ন কি মুখকর ! বহুদিন হইল, আমি অপস্থত হইয়াছি, কিন্ত স্বপ্নপ্রভাবেই আজ এই রামদৃতকে দেখিলাম ; একণে যদি একবার প্রিয়তম রাম ও লক্ষ্মণের দর্শন পাই, তাহা হইলে আমাকে আর এই রূপ অবসন্ধ হইতে হয় না ৷ কিন্তু বলিতে কি, অদুউদোষে স্বপ্নও আমার শুভবেষী শক্ত হইয়াছে। অথবা না, ইহা অপ্ননহে; অপ্নে বানরকে দেখিয়া এই রূপ অভ্যা-**मग्न लांड मञ्जूत इग्न ना। देश कि मत्नद्र खम ? ना तांगूद त्राशीव ?** हेश कि जैवानक विकात? ना मतीहिका? अथवा ना, हेश जैवान নহে, উন্যাদৰ মোহও নহে, কারণ আমি আপনাকে এবং নিকটস্থ বানরকেও সম্যক্রপা ব্ঝিতেছি।

জানকী নানা বিতর্কের পার ঐ বানরকে মায়াবী রাবণ বলিয়াই বিশ্বাস করিলেন, এবং তৎকালে উহাঁর সহিত বাক্যা-লাপ করিতে বিরত হইলেন! তখন হরুমান জানকীর মনো-গত অভিপ্রায় সম্পূর্ণ বুঝিতে পারিয়া, শুভি-সুখকর বাক্যে হর্ষোৎপাদন পূর্মক কহিতে লাগিলেন, মহান্মা রাম সুর্যোর

नाम एक्सी, हास्त्र नाम श्रिमर्गन। मकल्हे डीहात প্রতি অসাধারণ অনুরাগ প্রদর্শন করিয়া থাকে। তিনি ধনাধিপতি কুবেরের ন্যায় সমৃদ্ধিসম্পন্ন, এবং মহাযশা বিষ্ণুর ন্যায় বার্ম্যবান ; তিনি স্থরগুরু বৃহস্পতির ন্যায় সত্যনিষ্ঠ ও মিউভাষী; ভিনি অত্যন্ত রূপবান, যেন মূর্ত্তিমানু কন্দর্প, তাঁহার রাজদণ্ড যথাস্থানেই উদ্যত হইয়া থাকে। তিনি मर्कार्णका ध्वर्ष, জीवलाक उाँहातरे वाक्काशांश द्वरी हरेश আছে! দেবি! যে চুরাত্মা সেই মহাবীরকে মুগরূপে অপ-সারণ পূর্মক শুন্য আশ্রম হ^ইতে তোমাকে আনয়ন করি-য়াছিল, দেখিও, সে অচিরাৎই ইহার ফল লাভ করিবে। তিনি জ্বলম্ভঅগ্নিকম্প ক্রোধনিমুক্ত শরে শীত্র তাহারে বিনাশ করিবেন। আমি তাঁহারই আদেশে তোমার সকালে আসিয়াছি। তিনি তোমার বিরহে অতিমাত্র কাতর হইয়া তোমাকে কুশল জিজ্ঞাসা করিয়াছেন। তেজস্বী লক্ষণ অভি-বাদন পূর্বক ভোমাকে কুশল জিজ্ঞাসা করিয়াছেন ৷ রামের মিত্র কপিরাজ স্থাীব ভোমাকে কুশল জিজ্ঞাস। করিয়াছেন। ইইারা প্রতিনিয়তই ভোমাকে স্মরণ করিয়া থাকেন। তুমি রাক্ষসীগণের বশবর্তিনী হইয়া ভাগ্যবলেই জীবিত রহিয়াছ! তুমি অবিলয়ে রাম ও লক্ষ্মণের সন্দর্শন পাইবে ৷ অসংখ্য বানরলৈন্যের মধ্যে কপিরাজ্ব স্থতীবকে দেখিতে পাইবে!

আমি তাঁহারই নিয়োগে সমুক্ত লজ্জন করিয়া লক্কায় প্রবেশ করিয়াছি, এবং স্ববীর্য্যে রাবণের মন্তকে পদার্পণ পূর্ব্বক তোমায় দেখিতে আসিয়াছি। দেবি! আমি মায়াবী রাবণ নহি। ভূমি এই আশক্কা পরিজ্যাগ এবং আমার বাক্যে সম্পূর্ণ বিশ্বাস কর!

পঞ্জিংশ সর্গ।

তথ্য জানকী হতুমানের নিকট রামের কথা শুনিয়া সাস্ত্র ত মধুর বাক্যে কহিতে লাগিলেন, বানর! রামের সহিত্ত কোথার তোমার সংশ্রব? তুমি কিরপে লক্ষ্যণকে জ্ঞাত হইলে? এবং নরবানরের সমাগমই বা কোন্ স্ত্রে সংঘটন হইল? আরও, রাম ও লক্ষ্যণের অঙ্গে যে সমস্ত অভিজ্ঞান চিহ্ন আছে, তুমি পুনরায় সেই সকল উল্লেখ কর, শুনিলে অবশ্যই আমি বীতশোক হইব!

তখন হনুমান কহিলেন, দেবি! তুমি যে, আমায় এইরপ জিজ্ঞাসিতেছ, ইহা আমার পরম সোভাগ্য। এক্ষণে আমি, রাম ও লক্ষণের যে সমস্ত চিছু দেখিয়াছি, কীর্ত্তন করি, শুন । রাম পদ্মপলাশলোচন, ভাঁহার মুখনী পূর্ণ চল্রের ন্যায় প্রিয়-দর্শন, তিনি আজন্ম হরপ ও সরল । তিনি তেজে স্থেগ্রের ন্যায়, ক্ষমায় পৃথিবীর ন্যায়, কুদ্ধিতে বৃহস্পতির ন্যায় এবং যশে ইক্রের ন্যায়। তিনি জীবলোকের রক্ষক ও স্বজনপালক । তিনি ধর্মনীল ও স্থালীল, বর্ণচতুষ্টিয় ভাঁহারই আশ্রয়ে কাল ষাপন করিতেছে। তিনি স্বভঃ পরতঃ লোকের ম্বানা বন্ধন

क्रिया थारकन। छिन मी अमान्, नकरलहे उाहारक नचान করে। ত্রন্ধচর্য্যে তাঁহার অত্যন্ত নিষ্ঠা . তিনি সাধুগণের উপ-কার ও সৎ কার্য্যের প্রচার করিয়া থাকেন। রাজনীতি ভাঁহার কণ্ঠস্থ, বিপ্রদেবায় ভাঁহার একান্ত অনুরাগ; তিনি জ্ঞানী ও বিনীত; যজুর্বেদ পরুর্বেদ ও বেদাক্ষে তাঁহার সম্পূর্ণ অধিকার আছে। তিনি বেদবিৎগণের পূজিত: তাঁহার ক্ষম্ব স্থুল, বাস্থু দীর্ঘ, গ্রীবা মনোহর, আনন স্থকর, জক্র-দ্বয় প্রচ্ছন্ন, চক্ষু ভাত্র-বর্ণ। তাঁহার হার তুন্দুভির ন্যায় গভীর, বর্ণ শ্যামল ও চিক্কণ। তাঁহার মণিবন্ধ, মুটি ও উক স্থির, মুক্ষ ভ্রু ও বাহু লম্বিত, কেশাপ্র ও জারু সমান। তাঁহার নাভিমধ্য, কুকি ও বক্ষ উন্নত, নেত্রান্ত নথ ও করচরণতল আরক্ত, পদরেখা ও কেশ স্কিন্ধ। তাঁহার স্বর গতি ও নাভি গভীর, উদর ও কঠে ত্রিবলী. পদমধ্য, পদরেখা ও স্তনচুচ্ক নিমগ্ন; তাঁহার পৃষ্ঠ ও জজ্ঞা হ্রত্ত, মস্তকে তিনটা কেশের আবর্ত্ত, অঙ্কৃষ্ঠমূল ও ললাটে চারিটা রেখা, দেহপ্রমাণ চারি হস্ত ৷ তাঁহার বাহু, জারু, উৰু ও গণ্ড সমান, ভ্ৰু নেত্ৰ ও কর্ণ প্রভৃতি চতুর্দ্ধশ স্থান একরুপ, দম্ভপংক্তির পার্মে অপর দম্ভ। ভাঁহার গতি निং**ह** र्गाञ्ज ह्छो ७ दृश्वत अनूत्रभ ; ७४, हनू ७ नामा প্রশক্তঃ মুখ নথ ও লোম ফিলঃ৷ ভাঁহার বাক্ত অঙ্গী ও छक बीर्च, गुथावि मध म्हान श्राकात, लगांगिकि मध म्हान

প্রাশস্ত, অঙ্গুলি পার প্রভৃতি নয়টী স্থান সূক্ষ্ম বিভাগুৰ্যো তাঁহার নিষ্ঠা আছে , তিনি দেশকালক্ত ও প্রিয়বাদী ৷ লক্ষণ নামে তাঁহার এক বৈমাত্র আছেন ৷ তিনি অনুরাণ রূপ ৫ গুণে জ্যেষ্ঠের অনুরূপ! ভাঁহার বর্ণ অর্নের মত ; তিনি মহাবীর। দেবি! ঐ তুই ভাতা তোমার উদ্দেশ লাভের নিমিত্ত একান্ত উৎস্ক হইয়া পৃথিবী পর্য্যটন করিতেছিলেন, এই প্রদক্ষে বানরজাতির সহিত তাঁহাদিগের পরিচয় হয় ৷ ঐ সময় কপি-রাজ সুগ্রীর বালির বলবীর্য্যে রাজ্যভ্রম্ট হইনা, রুক্ষরতল ঋষ্যমুক আশ্রা করিয়াছিলেন। তৎকালে বালির উৎপীতন-ভয় তাঁহাকে নি হান্তই কাতর করিয়া তুলে ৷ আমরা ভাঁহার পরিচ-ষ্ণায় নি ্ত ছিলাম । তিনি প্রিয়দর্শন ও সত্যপ্রতিজ্ঞ। তিনি ঋষ্যমুক পর্বতে উপবেশন করিয়া আছেন, ইত্যবসরে ধরুর্ধারী চীরবসন রাম ও লক্ষ্মণ তাঁহার দৃষ্টিপথে নিপতিত হন! কিন্ত তিনি উহাদিগকে দেখিবামাত্র অত্যন্ত ভীত হইয়া লক্ষ প্রদান প্রাক শৈলশিখরে আরোহণ করেন। পরে আমি ভাঁহার আদেশে এ ছই মহাবীরের নিকট ক্তাঞ্জলিপুটে উপস্থিত इहेलांग এवर উহার। यে कि जना श्रयाप्रक आंत्रिशास्त्रन, ভাহার কারণও জানিলাম। দেবি! উহাদিগকে দেখিলে তাতার সুরূপ ও সুলক্ষণ বলিয়াই বেধি হয়।

পরে ঐ ছুই রাজকুমার আমার পরিচয় প্রাপ্ত হইয়া অতি-

শায় প্রীত হইলেন! আমিও উহাঁদিগকে পৃষ্ঠে আরোপণ পূর্ব্বক কপিরাজ স্থগ্রীবের সন্নিহিত হইলাম এবং ভাঁহার নিকট উহাদিগকে পরিচিত করিয়া দিলাম ৷ তখন উহাঁরা পরস্পর কথাবার্ত্তায় যার পর নাই পরিত্পু হইলেন এবং পূর্ববৃত্তান্তের প্রদঙ্গ করিয়া পরস্পারকে আত্মাদ প্রদান করিলেন। বালী ন্ত্রীলাভের জন্য স্থগ্রীবকে নির্বাসিত করিয়াছিলেন, রাম ভাঁহাকে প্রবোধ বাক্যে সান্ত্রনা করিলেন। দেবি! এ সময় লক্ষ্মণ স্থগ্রীবের নিকট তোমার বিরহজ্ব শোকের প্রসঙ্গ করি-লেন, কিন্তু স্থাীব তাহা প্রবণ পূর্বক রাভ্তান্ত স্থের ন্যায় একান্ত নিপ্তাভ হইলেন ৷ যখন রাবণ আকাশপথে ভোমাকে লইয়া যায়, তখন ভুমি অঙ্কের কএকথান অলঙ্কার পৃথিবীতে নিক্ষেপ কর। আমি তৎসমুদয় সংগ্রহ করিয়া রাখিয়াছিলাম। বানরগণ স্থ্রাবের আদেশে ছাউ হইয়া সেইগুলি রামকে প্রদর্শন করিল ৷ রাম তোমার সেই স্কৃশ্য অলঙ্কার অঙ্কদেশে লইয়া মুচ্ছিত হইলেন ৷ তাহার শোকানল যার পর নাই প্রদীপ্ত হইয়া উটিল। তিনি প্রবল ত্বংখে বিলাপ ও পরিতাপ করিতে লাগি-লেন; তৎকালে তাঁহার ধৈর্য্যও সম্পূর্ণ বিলুপ্ত হইয়া গেল। তিনি বহুক্ষণ শয়ন করিয়াছিলেন, কিন্তু আমি তাঁহাকে নানারপে সাস্ত্রনা করিয়া বহুকটে পুনরায় উত্থাপিত করি। পরে তিনি ঐ সমস্ত বহুমূল্য অলঙ্কার বারংবার সকলকে দেখাইতে লাগিলেন

এবং পুনর্কার স্থাীবের হস্তে তৎসমুদয় রাখিয়া দিলেন। দেবি! দেবপ্রভাব রাম ভোমাকে না দেখিয়া অত্যন্ত কাতর হইয়াছেন, অগ্নেয় গিরি যেমন অগ্নিতে দক্ষ হয়, সেইরূপ তিনি ভৌমার বিচ্ছেদে নিরম্বর জুলিতেছেন। অনিদ্রা শোক ও চিন্তা তাহাকে যার পর নাই সম্ভপ্ত করিতেছে। ভূমিকম্পে প্রকাও পর্বত যেমন বিচলিত হইয়া উঠে, সেই রূপ তোমার বিরহশোক ভাঁহাকে চঞ্চল করিভেছে। তিনি রমণীয় কানন নদী ও প্রস্রবণ পর্য্যটন করিয়া থাকেন, কিন্তু কুত্রাপি শান্তি লাভ করিতে পারেন না। এক্ষণে সেই মহাবীর রাম, রাবণকে সগণে সংহার করিয়া শীড্রই তোমাকে উদ্ধার করিবেন! তিনি ও স্থাব পরস্পর বন্ধুত্বস্তুত্তে বন্ধ হইয়া, বালিবধ ও তোমার অবেষণ এই তুই কার্য্যে প্রতিজ্ঞারত হন। পরে রাম স্বীয় বল বীষ্ট্যে বালিকে বিনাশ পূর্ব্বক স্থগ্রীবকে বানর ভল্লকের রাজা করিয়া দেন। দেবি! এইরপেই নর বানরের সমাগম সংঘ-টন হইয়াছে, আমি ভাঁহাদিগের দূত, আমার নাম হরুমান ! কপিরাজ স্থাীব রাজ্য অধিকার করিয়া, বানরদিগকে তোমার উদ্দেশ লাভের জন্য দশ দিকে নিয়োগ করিয়াছেন। এক্ষণে উহারা সমস্ত পৃথিবী পর্যাটন করিতেছে। এমান অঙ্গদ বৈদন্যসম্ফীর তৃতীয়াংশ লইয়া নিজ্বস্ত হইয়াছেন। আমি এই অঙ্গদেরই সমভিব্যহারে আসিয়াছি ৷ আমরা নির্গত

হইয়া বিদ্ধা পৰ্কতে অত্যন্ত বিপদত্ব হই, এবং তথায় দৈবছাকা-পাক বশত আমাদিগের বহু দিন অতীত হইরা যায়! পরে আমরা কার্য্যে নৈরাশ্য কালাতিপাত, এবং রাজভয় এই কএকটি কারণে শোকাকুলমনে প্রাণত্যাগে প্রস্তুত হই! আমরা গিরিত্বর্গ নদী ও প্রস্ত্রবণ অরেষণ করিয়াছিলাম, কিন্তু পরিশেষে ভোমার উদ্দেশ না পাইয়া প্রাণভ্যাগে পাস্তুত হই এবং সেই পর্বতে প্রায়োপবেশন করিয়া থাকি! তদ্ধ উত্তম্প কাতর হইয়া বিস্তর বিলাপ করেন এবং ভোমার অদর্শন, বালিবধ ও আমা-দিগের প্রাধ্যেশিবেশন পুনঃ পুনঃ এই সমক্ষ কথার উল্লেখ করেন। ঐ সময় কোন এক মহাবল মহাকায় বিহঙ্গ কার্য্য-প্রসঙ্গে তথায় উপস্থিত ছিলেন, তাঁহার নাম সম্পাতি। তিনি জুটায়ুর সহোদর ৷ সম্পানি অঙ্গদের মুখে ভাতবধবার্তা পাই-বামাত্র অত্যন্ত কুপিত হইয়া কহিলেন, বল, কে আমার কনিষ্ঠ জটাযুকে কোন স্থানে বিনাশ করিল ? তখন ছুরাত্মা রাবণ তোমার জন্য জনস্থানে জটায়ুকে যে বধ করিয়াছিল. অঞ্চ এই কথা উল্লেখ করেন। পরে সম্পাতি তাহা শুনিয়া অত্যন্ত ছঃখিত হইলেন এবং তুমি যে লক্ষায় বাস করিতেছ তাহাও কহিয়া দিলেন 1

অনন্তর আমরা বিহগরাজের এই প্রীতিকর নথায় পুলকিত হইয়া বিদ্যা গিরি হইতে সমুদ্রতীরে আগমন করিলাম। তৎকালে তোমার দর্শন পাইবার জন্য আমাদিগের বিশেষ উংসাহ জিমিয়া ছিল। কিন্ত আমরা সমুদ্রতীরে উপস্থিত হইয়া যার পর নাই চিন্তিত হইলাম। বানরসৈন্য উপায়ান্তর না দেখিয়া অতান্ত বিষয় হইল। পরে আমি ভয় দূর করিয়া ঐশত যোজন অক্রেশে লজ্মন করিলাম এবং রাত্তিকালে রাক্ষসপূর্ণ লক্ষায় প্রবিষ্ট হইয়া রাবণকে ও ভোমাকে দেখিলাম।

দেবি ' যেরপ ঘটিয়াছে, আমি আরুপুর্ন্ধিক সমস্তই কহি-লাম! একণে তুমি আমার সহিত সম্ভাষণে প্রবৃত হও ৷ আমি রামের দৃত, আমি রামের জন্যই এইরূপ সাহদের কর্ম করিয়াছি, এবং ভোমার উদ্দেশ লাভার্থই এই স্থানে আসিয়াছি৷ প্রনদের আমার পিতা, আমি কপিরাজ স্থাবৈর সচিব। একণে রাম কুশলে আছেন, যিনি জ্যেতের পরিচর্য্যায় অনুরক্ত এবং জ্যেষ্ঠেরই হিত দাধনে আসক্ত, সেই সুলক্ষণাক্রান্ত লক্ষ্মণও কুশলে আছেন। এক্ষণে কেবল আমিই সুগ্রাবের আদেশে এই স্থানে আদিয়াছি! কেবল আমিই তোমার উদ্দেশ লাভের জন্য এই দক্ষিণ দিকে উপস্থিত হইয়াছি ৷ বানরদৈন্যরা ভোমার অদর্শনে অত্যন্ত শোকাকুল হইয়া আছে ৷ এক্ষণে আমি সোভাগ্যক্রমে ভোমার সংবাদ দিয়া তাহাদিগকে পুলকিত করিব। সোভাগ্যক্রমেই আমার এই সমুদ্র লজ্জ্মন করিবার পরিশ্রাম ব্যর্থ হইল ন।।

দেবি! অতঃপর আমি তোমার উদ্দেশকত যশ অধিকার করিব এবং মহাবীর রামও রাবণকে দগণে দংহার করিয়া আবিলাঘে তোমায় লাভ করিবেন। আমি হরুমান, কপিবর কেশরীর পুত্র। ঐ কেশরী মাল্যবান নামে এক উৎকট্ট পর্বতে বাদ করিতেন। পরে তথা হইতে গোকর্ন পর্বতে প্রস্থান করেন। তিনি তথায় পবিত্র দমুদ্রতীর্থে দেবর্ধিগণের আদেশে শাষ্ট্রনান নামে এক অস্করকে সংহার করিয়াছিলেন। আমি এই কেশরীর ক্ষেত্রজাত ও বায়ুর ঔরস পুত্র। স্ববীর্য্যে হরুমান নামে প্রথিত হইয়াছি। আমি রামের বিশ্বাস উৎপাদনের জ্বন্য নিজের এই সমস্ত গুণ উল্লেখ করিয়াছিলাম। এক্ষণে তুমি চিন্তিত হইও না, তিনি অচিরাৎ নিশ্চয়ই এই স্থান হইতে তোমাকে লইয়া যাইবেন।

তখন শোকার্তা দীতা এই সকল বিশ্বস্ত কারণে হনুমানকে রামদৃত বলিয়াই দ্বির করিলেন। তাঁহার মনে অত্যন্ত হর্ষের উদ্রেক হইল, নেত্রয়ুগল হইতে অনর্গল আনন্দবারি নির্গত হইতে লাগিল, এবং মুখমগুলও উপরাগমুক্ত চল্রের ন্যায় শোভা ধারণ করিল। তিনি হনুমানকে বানরই বোধ করিলেন। উহাঁকে দেখিয়া তাঁহার মনোমধ্যে যে নানা রূপ কুত্র্ক উপন্থিত হইতেছিল, তাহাও দূর হইয়া গেল।

তখন হনুমান के প্রিয়দর্শনাকে কছিলেন, দেবি! এই

আমি তোমাকে সমস্তই কহিলাম, একণে তুমি আশ্বস্ত হও।
অতঃপর আমি কি করিব এবং তোমার অভাইই বা কি? বল,
আমি আর এ স্থানে থাকিতেছি না! বায়ুর ঔরসে আমার জন্ম
এবং আমার প্রভাব তাঁহারই অনুরুপ। তুমি আমাকে যেরপ
আদেশ করিবে, আমি সীয় বলবীর্য্যে তাহা অবশ্যই সাধন
করিব।

পঞ্জিংশ সর্গ।

অনন্তর হন্যান সীতার মনে বিশ্বাস উৎপাদনের নিমিত্ত গুনরার কহিলেন, দেবি ' আমি ধীমান রামের দৃত, জাতিতে বানর ৷ একণে তুমি এই রামনামান্ধিত অঙ্গুরীয় নিরীক্ষণ কর ৷ রাম ইহা আমাকে অর্পণ করিয়াছেন, আমি ভোমার প্রতায়ের জনা ইহা আনয়ন করিয়াছি ৷ তুমি আশ্বন্ত হও, দেখিও শীত্রই তোমার এই দুংখের অবসান হইবে ৷

তখন জানকী হনুমানের হস্ত হইতে রামের করভ্ষণ আদুরীয় এহণ পূর্বক সভ্ষনহনে দেখিতে লাগিলেন এবং রামের সমাগম লাভে যেরপ প্রীত হন, তিনি ঐ আদুরীয় পাইয়া সেই রপই প্রীত ও প্রসন্ন হইলেন ৷ তাঁহার রমণীয় মুখ রাহুগ্রাসনির্মৃক্ত চন্দ্রের ন্যায় হর্ষে উংফুল হইয়া উঠিল ৷ তিনি পরিতুই হইয়া সমাদ্র পূর্বক হনুমানকে এইরপা কহিতে লাগিলেন, বানর! তুমি যখন একাকীই এই রাক্ষসপুরী লক্ষায় আসিয়াছ তখন তুমি বীর, সমর্থ ও বিজ্ঞ সন্দেহ নাই ৷ মহাসাগর নক্রমকরপূর্ণ ও শত্যোজন বিস্তীর্ণ, তুমি যখন

ইহা গোষ্পাদবৎ জ্ঞান করিয়াছ, তখন তোমার বিক্রম শ্লাঘনীয় সন্দেহ নাই। বীর! আমি তোমাকে সামান্য বোধ করি না। তুমি সমুদ্র দর্শনে ভীত এবং রাবণ হইতেও শক্তিত হও নাই। এক্ষণে যদি তুমি রামের নিদেশে আগমন করিয়া থাক, তবে আমার সহিত কথেপিকখন কর। রাম অপরীক্ষিত অদুষ্টবীর্ঘ্য ব্যক্তিকে কখনই আমার নিকট প্রেরণ করিকেন না ৷ বলিতে কি, আমি ভাগ্যক্রমেই সেই সত্যনিষ্ঠ ধর্মশীল রাম ও লক্ষ্মণের কুশল বার্ত্তা জানিতে পারিলাম ৷ দৃত ! যদি রামের কোনরূপ অম-ঙ্গল না ঘটিয়া থাকে, তবে তিনি প্রলয়কালীন হুতাশনের ন্যায় উপিত হইয়া, ক্রোধভরে এই সদাগরা পৃথিবীকে কেন ভস্মাৎ করিতেছেন না? অথবা দেবগণকে নিগ্রহ করাও তাঁহার পক্ষে অধিক নহে, কিন্তু বোধ হয়, আমার অদুষ্টে আদ্বিও হুঃখের অবসান হয় নাই ! বীর ! এক্ষণে রাম ত হুঃখে কাতর নহেন ? তিনি ড আমাকে উদ্ধার করিবার জন্য চেষ্টা করিতেছেন? দীনতা ও ভয় তাঁহাকে ত অভিভূত করে নাই? কার্য্যকালে তাঁহার ত কোন রূপ বুদ্ধিমোহ উপস্থিত হয় না? পৌৰুষ প্রকাশে তাঁহার ভ সম্পূর্ণ ইচ্ছা আছে? তিনি ত জয় লাভের জন্য মিত্রবর্গে সাম দানি এবং শত্রুগণে ভেদ ও দণ্ডবিধান করিয়া থাকেন? তাঁহার ভ প্রকৃত মিত্র আছে, এবং তাঁহার প্রতি মিত্রগণের ত যথোচিত অনুরাগ দৃষ্ট ইইয়া থাকে? দেবপ্রসাদ

লাভ করিতে তাঁহার ত ঔদাস্থ নাই ? দূরবাস নিবন্ধন তিনি ত আমার উপর বীতরাগ হন নাই ? সেই রাজকুমার কখন টুঃখ সহ্য করেন নাই, তিনি নিয়ত সুখেই কাল ক্ষেপণ করিয়াছেন, একণে ক্লেশের পর ক্লেশ সহা করিয়া ত অবসম হইতেছেন না ? আর্য্যা কেশিল্যা, দেবী স্থমিত্রা, ও ভরতের কুশল বার্ত্তা ত সর্বনাই শ্রুত হওয়া যায় ? রাম কি আমার শোকে অতিশয় কাতর হইয়াছেন ? তিনি কি নিরবচ্ছিন্ন বিমনা হইয়া আছেন ? ভাত-বৎসল ভরত আমার উদ্ধার-সংকপ্পে কি মন্ত্রিরক্ষিত সৈন্যগণকে নিয়োগ করিবেন ? কপিরাজ স্থাীব তীক্ষ্ণশন খরনখ বানর-সৈন্যে পরিবৃত হইয়া কি এই স্থানে আসিবেন ? মহাবীর লক্ষ্মণ কি শরনিকরে নিশাচরগণকে সংহার করিবেন ? আমি কি শীঘ্র রামের স্থতীক্ষ অস্ত্রে রাবণকে স্ববংশে বিনষ্ট দেখিতে পাইব ? প্রচণ্ড রেডিভাপে জলশোষ হইলে পদ্ম যেমন মান হইয়া যায়, তদ্রপ রামের সেই পদাগন্ধি মুখ আমার বিরহে কি শুক্ষ হইয়াছে ? তিনি যখন ধর্মের উদ্দেশে রাজ্য পরিত্যাগ করেন এবং যখন পাদচারে আমাকে লইয়া অরণ্যে নিক্ষান্ত হন, তৎকালে যেমন তাঁহার ভয় শোক কিছুমাত্র ছিল না, এখনও কি তিনি সেইরপ আছেন? দৃত! মাতা পিতা বা যে কেহ হউন না, রামের পক্ষে আমা অপেক্ষা অধিক বা আমার সমান কেহই স্লেহের পাত্রী নাই! আমি যতকণ

তাঁহার সংবাদ পাইব, জানিও, তাবৎকাল আমার জীবন ৷ জানকী এই বলিয়া রামসংক্রান্ত স্থমধুর কথা কর্নগোচর করিবার জন্য মৌনাবলম্বন করিলেন !

তখন হনুমান মন্তকে অঞ্জলি স্থাপন পূৰ্ব্বক কহিতে লাগি-লেন, দেবি ! তুমি যে এই লক্কায় বাস করিতেছ পদ্মপলাশ-লোচন রাম তাহা জ্ঞাত নহেন; জ্ঞানিলে নিশ্চয়ই আসিয়া ভোমাকে উদ্ধার করিভেন। এক্ষণে তিনি আমার নিকট ভোমার সংবাদ পাইলে বানর সৈন্য সমভিব্যাহারে শীঘ্রই উপস্থিত হইবেন এবং অক্ষোভ্য সমুদ্রকে শরজালে স্তম্ভিত कतिया अहे लक्षा नगती ताकमभूना कतिरान। यनि अहे वियरस স্বয়ং মৃত্যুও অন্তরায় হন, যদি স্করাস্থরও কোন রূপ ব্যাঘাত দেন, তবে তিনি তাঁহাদিগকৈও বিনাশ করিবেন ৷ দেবি ! রাম তোমার অদর্শনে কাতর হইয়া সিংহনিপীড়িত মাতঙ্গের ন্যায় অত্যন্ত অশান্ত হইয়াছেন ৷ আমি মলয়, মন্দর, বিদ্ধ্য, স্থমেৰু, ও দহুর পর্ব্বতের নামোল্লেখ পূর্ব্বক শপথ করিতেছি, ফলমূল স্পর্শ করিয়া শণথ করিতেছি, তুমি সেই রামের কুণ্ডলশোভিত উদিত পূর্ণচন্দ্রের ন্যায় স্থান্দর মুখমণ্ডল শীত্রই দেখিতে পাইবে। দেবি! তুমি রামকে জরাবত-পৃষ্ঠে উত্থিত হ্বররাজ ইন্দ্রের ন্যায় শীন্ত্রই প্রস্রবণ শৈলে উপবিষ্ট দেখিতে পাইবে! তিনি তোমার বিরহে আর

মদ্য মাংস স্পার্শ করেন না, যথাকালে শাস্ত্রবিহিত বন্য ফল মূলে দিন পাত করিয়া থাকেন। সেই রাজকুমার সমস্ত রাজি কেবল তোমারই ধ্যানে নিমগ্ন, দংশ মশক কীট ও সরীসৃপের উপদ্ৰব কিছুই জানিতে পারেন না। তিনি নিয়ত শোকা-ক্রান্ত ও চিন্তিত হইয়া আছেন, তোমার বিরহে অন্য কোন রূপ ভাবনা তাঁহার মহন কদাচই উদিত হয় না। একে তিনি নিরবচ্ছিন্ন জাগরণক্লেশ সহিতেছেন, তাহাতে যদিও कथम निक्तिত इन, তাহা হইলে সীতা এই মধুর নাম উচ্চারণ পূর্বক সহসা প্রবৃদ্ধ হইয়া থাকেন। তিনি ফল পুষ্প বা তান্য কোন স্ত্রীজনকমনীয় পদার্থ দেখিলে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক হা প্রিয়ে বলিয়া রোদন করেন ৷ দেবি ! সেই বীর এই রূপে পরিতপ্ত হইতেছেন এবং তোমাকে পাইবার জন্য যথো-চিত চেন্টা করিতেছেন !

यहें जिश्म नर्ग।

অনন্তর চক্রাননা জানকী হরুমানকে ধর্মসঙ্গত বাক্যে কহিতে লাগিলেন, দূত! ভোমার কথা বিষমিশ্রিত অমৃত ; রাম অনন্যমনে আছেৰ এই বাক্য অমৃত্ত, আর তিনি নিতান্ত শোকা-কুল রহিয়াছেন, এই কথা বিষ। প্রভুত সম্পদ বা ঘোর বিপদেই হউক, দৈব সকল ব্যক্তিকেই যেন রজ্জু দারা কঠোর বন্ধন পূর্ব্ধক আকর্ষণ করিয়া থাকেন। ফলতঃ কেহ দৈবকে অতিক্রম করিতে পারে না; এই দৈব ছর্মিপাকেই আমরা বিপদে পড়িয়াছি ! এক্ষণে সমুদ্রে তরণী জলমগ্ন হইলে সম্ভরণ বলে যেমন তীরে উত্তীর্ণ হওয়া যায়, তদ্রূপ রাম সবিশেষ যতে শোকের পরপার দেখিতে পাইবেন ৷ জানি না, কবে দেই মহাবীর, রাবণকে রাক্ষসগণের সহিত সংহার ও লঙ্কাপুরী ছারখার করিয়া আমার নিকট উপস্থিত হইবেন। যাহাতে শীত্র এই কার্য্য সম্পন্ন হয় তজ্জন্য তুমি তাঁছাকে অনুরোধ করিও; দেখ, যাবৎ না এই সংবৎসর পূর্ণ হইতেছে, ততদিন আমি প্রাণধারণ করিব ৷ নিষ্ঠুর রাবণ আমার সহিত বে সময় নির্দিষ্ট করিয়াছে, ভদনুসারে এইটা দশম বাস, প্রতরাং বর্ধশেষের আর ছই মাস কাল অবশিষ্ট

আছে! বিভীষণ আমাকে রামের হস্তে অর্পণ করিবার জন্য রাবণকে বিস্তর অনুনয় করিয়াছিলেন, কিন্তু ঐ হ্নফ তিহিনয়ে কিছুতেই সমত হয় নাই। সে মৃত্যুর বশবর্তী হইয়াছে, কতান্ত ভাহাকে যুদ্ধে অনুসন্ধান করিতেছে। ঐ বিভীষণের কলা নামী সর্বজ্যেষ্ঠা এক কন্যা আছে। সে মাতৃনিয়োগে একদা আমার নিকট উপস্থিত হইয়া কহিয়াছিল, এই লঙ্কাপুরীতে অবিদ্ধ্য নামে এক বৃদ্ধ রাক্ষ্য বাস করেন! তিনি ধীমান বিদ্ধান স্থলীল ও স্থণীর। তিনি রাবণের অত্যন্ত প্রিয়পাত্ত। ঐ অবিদ্ধ্য একদা উহাকে এইরূপ কহিয়াছিলেন, তুমি যদি রামকে জানকী প্রত্যূপণ না কর তাহা হইলে তিনি লীম্বই রাক্ষ্যকুল নির্মূল করিবেন, কিন্তু ঐ হুরাত্মা তাঁহার এই হিতকর বাক্যে কর্ণপাত্ত করে নাই!

বানর! একণে বোধ হয়, রাম শীঘ্রই আমাকে উদ্ধার করি-বেন; এই বিষয়ে আমার কোনরপ সন্দেহ উপস্থিত হইতেছে না! তাঁহার যেরপ বলবীর্য্য তাহা পর্য্যালোচনা করিলে অমাকে উদ্ধার করা তাঁহার পক্ষে সামান্যই বোধ হয়! দেখ, উৎসাহ পৌক্ষ ও প্রভাব এই কএকটী গুণ তাঁহাতে দীপ্য-মান। যিনি লক্ষ্মণের সাহায্য না লইয়া জনস্থানে চতুর্দশ সহস্র রাক্ষস সৈন্য ছিয়ভিয় করিয়াছেন, এক্ষণে কোন শত্রু ভাহার ভয়ে শক্কুচিত না হইবে? রাক্ষসগণ যদিও তাঁহাকে বিপদস্থ করিয়াছে কিন্তু তাঁহার সহিত উহাদিপের কোন অংশেই উপমা হইতে পারে না। শচী যেমন ইন্দ্রের প্রভাব অবগত আছেন, সেইরপ আমিও রামের প্রভাব সম্যক জানিব্যাছি। তিনি দীপ্ত দিবাকর তুল্য, শরজালই তাঁহার কিরণ, এক্ষণে তিনি তদ্বারা নিশ্রেই রাক্ষসময় সলিল শুক্ষ করিবেন।

তখন হরুমান কহিতে লাগিলেন, দেবি! রাম আমার নিকট ভোমার সংবাদ প্রাপ্ত হইবামাত্র বানর ভল্লক সমভিব্যাহারে লইয়া শীঘ্রই উপস্থিত হইবেন! অথবা তুমি আমার পৃষ্ঠে আরোহণ কর, আমি অগুই তোমাকে এই রাক্ষদত্রুখ হইতে উদ্ধার করিব; তোমায় পৃষ্ঠোপরি রাখিয়া অক্লেশে বিস্তীর্ণ সমুদ্র সম্ভরণ করিব; এবং রাবণের সহিত লঙ্কা নগরীও লইয়া যাইব ৷ অগ্নি যেমন ইন্দ্রকে হব্য কব্য প্রদান করিয়া থাকেন, সেইরূপ আজ আমি সেই শৈলবিহারী রামের হস্তে ভোমায় অর্পণ করিব ৷ আজ তুমি দৈত্রবধোদ্যত বিষ্ণুর ন্যায় পরা-ক্রান্ত রাম ও লক্ষণকে নিশ্চয়ই দেখিতে পাইবে। দেবি! রাম তোমার দর্শন পাইবার জন্য অত্যন্তই উৎস্কুক, তিনি শৈলশিখরে সাক্ষাৎ পুরন্দরের ন্যায় উপবিষ্ট আছেন, তুমি আমার পৃষ্ঠে আরোহণ কর, এ বিষয়ে ঔদাস্থ বা উপেক্ষা করিও না ৷ চন্দ্রের সহিত রোহিণীর ন্যায় তুমি রামের সহিত দমাগম ইচ্ছা কর ৷ ভোমার সমস্ত স্থলক্ষণ দৃষ্টে আমার প্রতীতি

হইভেছে যেন তুমি শীশ্রই রামের সহিত মিলিত হইবে !

এক্ষণে তুমি আমার পৃষ্ঠে আরোহণ কর, চল, আমি তোমাকে
লইয়া আকাশপথে সমুদ্র পার হই ! গমন কালে লক্ষাবাদী
রাক্ষদগণের মধ্যে কেহই আমার অনুসরণ করিতে পারিবে
না ! দেবি ! আমি যেরপে এস্থানে আদিয়াছি, তোমাকে
লইয়া গগনমার্গে আবার সেইরপেই প্রস্থান করিব !

তখন জানকী হরুমানের কথার হাই ও বিন্মিত হইয়া কছিলেন বীর! তুমি এই দূর পথে কি রূপে আমায় লইয়া যাইবে? বলিতে কি, এইরূপ বুদ্ধিতেই তোমার বানরত্ব সপ্রমাণ হইতেছে! তুমি যার পর নাই ক্ষুদ্রাকার, এক্ষণে বল, কিরূপে আমাকে লইয়া রামের নিকট উপস্থিত হইবে?

তখন হনুমান মনে করিলেন, জ্ঞানকী আমায় যেরপ কহি-লেন, এইরপ কথা আমার পক্ষে নূতন পরাভব। ইনি আমার বল ও প্রভাবের কিছুই জানেন না। আমি ইচ্ছা করিলে কি প্রকার আকার ধারণ করিতে পারি, এক্ষণে ইনি ভাহাই প্রভাক্ষ করুন।

হনুমান এইরপ চিন্তা করিয়া জ্ঞানকীকে আপনার পূর্বরপ প্রদর্শন করিবার সংকল্প করিলেন এবং ঐ শিংশপা বৃক্ষ হইতে অবরোহণ পূর্বেক সীভার মনে বিশ্বাস উৎপাদনের জন্য বিদ্ধিত হইছে লাগিলেন ৷ তিনি স্বয়ং মেক্-মন্দরাভূল্য ও প্রদীপ্ত অগ্নিক পা। তাঁহার আকার ভীষণ, মুখমওল রক্তবর্ণ, এবং দংখ্রা ও নথ বজুদার ও স্থদ্চ। তিনি এই রূপ পূর্বরূপ ধারণ পূর্বক জানকীর সমক্ষে দণ্ডায়মান হইয়া কছিলেন, দেবি। আমি এই লঙ্কাপুরী বন, পর্বত, প্রাসাদ, প্রাকার, তোরণ, অধিক কি, রাবণেরও সহিত অক্রেশে লইয়া যাইব। তুমি আমাকে বিশ্বাস কর, কিছুতেই সন্দিশ্ধ হইও না এবং আমার সহিত গমন পূর্বক রাম ও লক্ষ্মণকে বীতশোক কর।

তখন কমললোচনা জানকী হনুমানের ঐ ভীম মূর্ত্তি নিরীক্ষণ করিয়া কহিলেন, বার! আমি ভোমার বলবীর্যা বুঝিলান; ভোমার গতিবেগ বায়ুতুল্য এবং তেজ অগ্নিকম্প, ভাহাও জানিতে পারিলাম। কলভ সামান্য লোক কিরুপেই বা এই স্থানে আসিবে! যাহাই হউক, এক্ষণে তুমি যে আমায় লইয়া অপার সমুদ্র উত্তীর্ণ হইতে পারিবে, ভদ্বিয়ে আমার কিছুমাত্র সম্পেহ হইতেছে না! কিন্তু সবিশেষ বুঝিয়া কার্য্য করা আবশ্যক। দেখ, তুমি যখন আমাকে পৃষ্ঠে লইয়া প্রস্থান করিবে, তখন ভোষার গতিবেগে হয় ত আমি বিমোহিত হইতে পারি। আমি মহাসমুদ্রের উপর আকাশপথে অবস্থান করিব, কিন্তু তৎকালে হয় ত বেগবেশাৎ ভোমার পৃষ্ঠ হইতে আমি পাত্তিত হইতে পারি। সমুদ্র জলজন্ততে পরিপূর্ণ, আমি পাত্তিত হইলে নক্রকুত্তীরগণ নিশ্বমুই আমাকে গ্রাস করিয়া ফেলিবে।

वीत! आिय खीलांक, जुमि यिन आंभारक नहेशा श्रन्थान কর, তাহা হইলে রাক্ষসগণের মনে নিশ্চয়ই সন্দেহ উপস্থিত হইবে, এবং উহারা আমাকে হ্রিয়মাণ দেখিয়া তুরাত্মা রাবণের নিয়োগে তোমার অনুসরণ করিবে ! পরে ঐ সমস্ত রাক্ষস-বীর চতুর্দিক বেষ্টন পূর্ব্বক ভোমাকে এবং আমাকে প্রাণসঙ্কটে ফেলিবে ৷ উহাদের হস্তে অস্ত্রশস্ত্র, তুমি আকাশে নিরস্ত্র, উহারা বহুসংখ্য, ভুমি একাকী, স্কুতরাং এই রূপ অবস্থায় ভূমি কি প্রকারে উহাদিগকে অতিক্রম পূর্বক আমায় রক্ষা করিবে? বোধ হয়, রাক্ষসগণের সহিত ভোমার যুদ্ধ ঘটিবে, যুদ্ধ ঘটিলে আমি সভয়ে কম্পিতদেহে ভোমার পৃষ্ঠ হইতে পভিত হইব। রাক্ষসগণ নিতান্ত ভীষণ, হয় ত উহারা কথঞিৎ তোমাকে জয় করিতে পারে ৷ অথবা যদিচ তুমি জয়ী হও, তথাচ যুদ্ধের সময় আমার রক্ষা বিধানে বিমুখ হইলে আমি নিশ্চয়ই পতিত হইব এবং পাপাচার রাক্ষসেরাও আমাকে লইয়া প্রস্থান করিবে। বলিতে কি, তৎকালে উহারা তোমার হস্ত হইতে আমাকে বিনা-শও করিতে পারে ৷ আরও, যুদ্ধে ক্তয় ও পরাজয়ের কিছুমাত্র স্থিরতা নাই। রণম্বলে রাক্ষসগণ তর্জ্জন গর্জ্জন করিবে, ইহাতে আমি নিশ্চয়ই ভীত ও বিপন্ন হইব এবং তোমারও সমস্ত প্রয়াস বিফল হইয়া যাইবে। বীর! যদিচ তুমি রাক্ষসদিগকে সহজে সংহার করিতে সমর্থ হও, কিন্তু ইহা দ্বারা রামের যশঃক্ষয় হইবে

সন্দেহ নাই! আরও, রাক্ষ্সেরা তোমার হস্ত হইতে আমায় আচ্ছিন্ন করিয়া এমন এক প্রচ্ছন্ন স্থানে রাখিতে পারে, যে রাম ও বানরগণ তাহার কিছুই জানিতে পারিবেন না। স্কতরাং একমাত্র আমারই জুন্য তোমার সমুদ্র লজ্মন প্রভৃতির সমস্ত ক্লেশ ব্যর্থ হইয়া যাইবে। কিন্ত তুমি যদি রামের সহিত এখানে উপস্থিত হও, তাহাতে বিশেষ ফল দর্শিবার সম্ভাবনা ৷ মহাবীর রাম, লক্ষ্মণ, তুমি ও স্থগ্রীব প্রভৃতি বানরগণ ভোমাদের সকলেরই জীবন সম্পূর্ণ আমার অধীন, কিন্তু তোমরা আমার উদ্ধার-সঙ্কম্পে নিরাশ হইলে নিশ্চয়ই প্রাণত্যাগ করিবে। বীর ! আমি পতিভক্তির অনুরোধে রাম ব্যতীত অন্য পুরুষকে স্পর্শ করিতেও ইচ্ছক নহি। ছরাত্মা রাবণ বল পূর্ব্বক আমাকে তাহার অঙ্গম্পর্শ করাইয়াছিল, কিন্তু আমি কি করিব, তৎ-কালে আমি নিতান্ত অনাথা ও বিবশা ছিলাম ৷ এক্ষণে যদি রাম স্বয়ং আসিয়া আমাকে এন্থান হইতে লইয়া যান, তবেই তাঁহার উচিত কার্য্য করা হইবে। আমি সেই মহাবীরের বলবীর্য্য দেখিয়াছি ও শুনিয়াছি; দেব গন্ধর্ম উরগ ও রাক্ষদ-গণের মধ্যে কেহই ভাঁহার সমকক হইতে পারে না! তিনি যথন রণস্থলে শরাসন গ্রহণ পূর্ব্বক প্রদীপ্ত ভ্তাশনের ন্যায় নিরীক্ষিত হন, তখন কে তাঁহাকে সহিতে পারিবে? তিনি যখন রণস্থলে বার লক্ষ্মণের সহিত মত্ত দিগগজের ন্যায় বিচরণ

করেন, তখন যুগাস্তকালীন সুর্য্যের ন্যায় তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ হইতে জ্যোতি নির্গত হইয়া থাকে। দূত ! তুমি স্থগ্রীবের সহিত সেই ছুই মহাবীরকে শীব্র এই স্থানে আনয়ন কর, আমি রামের শোকে একাস্ত ক্রিফ হইয়া আছি. তুমি তাঁহাকে আনিয়া আমাকে সন্তুষ্ট কর।

অফ ত্রিংশ সর্গ।

-000-

অনস্তুর কপিপ্রবীর হনুমান জানকীর এই বাক্যে অভিমাত্ত প্রীত ও প্রসন্ন হইয়া কহিতে লাগিলেন, দেবি! তুমি সঙ্গত কথাই কহিতেছ: ইহা স্ত্রীম্বভাব পাতিত্রত্য ও বিনয়ের সম্যক্ উপযোগী হ্ইভেছে। ভুমি জ্রীলোক, স্নতরাং আমার পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক শত যোজন সমুদ্র লজ্যন করা ভোমার পক্ষে যে অসম্ভব তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। জানকি! রাম ব্যতীত পুরুষান্তর স্পর্শ করা তোমার অকর্ত্তব্য, তুমি এই যে একটী কারণ উল্লেখ করিতেছ ইছা সেই মহাত্মা রামের সহধর্মিণীর উপযুক্তই হইতেছে ৷ তোমা ব্যতীত এই রূপ আর কে বলিতে পারে । এক্ষণে তুমি যে সমস্ত কথা কহিলে, রাম আমার নিকট এই গুলি অবশ্যই শুনিতে পাইবেন ! আমি রামের প্রিয়চিকীর্ষা ও ক্ষেত্বে প্রবর্ত্তিত হইয়া তোমাকে এই রূপ কহিতেছিলাম। এই লঙ্কাপুরী নিতান্ত চুচ্পা বেশ, মহা সমুদ্র যার পর নাই ছলজ্যা, এবং আমার শক্তিও অসাধারণ, এই সমস্ত কারণে আমি ভোমাকে ঐ রূপ কহিতেছিলাম। আমি আজি রামের সহিত তোমাকে সম্মিলিত করিয়া দেই এই আমার ইচ্ছা; ফলত তাঁহার প্রতি স্বেহ ও তোমার প্রতি ভক্তি এই তুই কারণে আমি তোমাকে ঐ রূপ কহিতেছিলাম। অন্য কোন অভিসন্ধি করিয়া যে ঐ কথা কহিয়াছি এরপ সন্তা-বনা করিও না। এক্ষণে যদি ভুমি আমার সহিত গমন করিতে উৎসাহী না হও, তাহা হইলে রামের প্রভারের জন্য কোন একটী অভিজ্ঞান দেও।

তখন জানকী বাষ্প গদগদম্বরে কহিলেন, দৃত ! ভুমি এই উৎকৃষ্ট অভিজ্ঞান রামের নিকট উল্লেখ করিও মু চিত্রকটের পূর্ব্বোত্তরভাগে একটা প্রভান্ত পর্বত আছে। উহা ফলমূলবহুল ও সিদ্ধজনসকুল; উহার অদূরে মন্দাকিনী প্রবাহিত হইতে ছেন! আমি যে বিষয়ের প্রদক্ষ করিতেছি, ঐ স্থানে সেই ঘটনা উপস্থিত হয়! একণে তুমি গিয়া আমার বাক্যে রামকে কহিবে, নাথ! তুমি চিত্রকৃট পর্বতের পুষ্পদৌরভপূর্ন উপবনে জল-বিহার করিয়া আর্দ্র লেহে আমার ক্রোড়ে উপবেশন করিতে! একদা একটা কাক মাংসলোলুপ হইয়া আমাকে তুওপ্রহার করি-য়াছিল৷ আমি লোষ্ট্র উদ্যন্ত করিয়া উহাকে বারংবার নিবারণ করিয়াছিলাম, কিন্তু তৎকালে সে কোনক্রমেই আমার প্রতি-ষেধে ক্ষান্ত হয় নাই ৷ তদুষ্টে আমি উহার উপর অত্যন্ত কট হইয়াছি, ব্যন্তভায় আমার কটিদেশ হইতে বল্ত স্থালিত হই-

য়াছে এবং আমি কাঞ্চীদাম পুনঃ পুনঃ আকর্ষণ করিভেছি, ইত্যবসরে তুমি আমার দেখিতে পাও এবং আমাকে তদবস্থা-পার দেখিরা উপহাস কর! তোমার উপহাসে আমি ক্রুত্ধ ও লক্জিত হইলাম। তখন তুমি উপবিষ্ট ছিলে, আমি ক্ষতদেহে নিকটন্থ হইরা শ্রান্তি নিবন্ধন তোমার ক্রোড়ে উপবেশন করিলাম। তুমি স্কৃত্টমনে আমার সান্ত্রনা করিতে লাগিলে। নাথ! আমার মুখে অক্রেধারা, আমি বস্ত্রাঞ্চলে চক্ষু মার্জ্জন করিতেছি এবং সেই কাকের উপর যার পর নাই ক্রোধাবিষ্ট হইরাছি, ইত্যবসরে তুমি আমার দেখিতে পাও। পরে আমি শ্রান্তিভরে বহুক্ষণ তোমার ক্রোড়ে নিক্রিত হইলাম। তুমিও বৈপরীত্যে আমার ক্রোড়ে শরন করিলে।

অনস্তর আমি জাগরিত ও উথিত হইলাম ৷ ঐ কাকও পুনর্কার আমার সমিহিত হইল এবং সহসা আমার স্তনমধ্য বিদীর্ণ করিয়া দিল ৷ তুমি উথিত হইলে এবং আমাকে ক্ষত-বিক্ষত দেখিয়া ক্রোধভরে ভূজকবৎ গর্জ্জন করিতে লাগিলে ৷ কছিলে, বল, কে তোমার স্তনমধ্য এইরপ ক্ষত বিক্ষত করিয়া দিল ? ক্রোধপ্রদীপ্ত পঞ্চমুখ সর্পের সহিত কাহারই বা ক্রীড়া করিবার ইচ্ছা হইল ?

তুমি এই বলিয়া চতুর্দ্ধিকে দৃষ্টি প্রসারণ করিতে লাগিলে, এবং সহসা ঐ কাককে রক্তাক্তনখে আমার সম্মুখে দেখিতে পাইলে। দে ইন্দ্রের পুত্র, গতিবেগে বায়ুর তুল্য, দে ভূবিবরে বাদ করিতেছিল ৷ তুমি উহাকে দেখিবামাত্র ক্রোধে নেত্রমুগল আবর্ত্তিত করিয়া উহার বিনাশে ক্রতসংকম্প হইলে, এবং দর্ভা-স্তরণ হইতে একটা দর্ভ প্রহণ পূর্বক বেলাস্ত্রমন্ত্রে যোজনা করিলে ৷ দর্ভ-মন্ত্রপূত হইবামাত্র প্রলয়বছুর ন্যায় জ্বলিয়া উঠিল এবং তুমিও তৎক্ষণাৎ উহা কাকের প্রতি নিক্ষেপ করিলে। কাক আকাশে উড্ডীন হইল, দর্ভও উহার অনুসরণ করিতে লাগিল। কাক পরিত্রাণ পাইবার জন্য সকল লোক পর্যাটন করিল, কিন্তু কেহুই তাহাকে রক্ষা করিতে সমর্থ হইল না। ইন্দ্র এবং অন্যান্য মহর্ষিগণও ভাহাকে পরিভ্যাগ করিলেন। পরিশেষে সে তোমার শরণাপন্ন হইল। তুমি শরণাগতবৎসল, তুমি উহাকে পদতলে নিপতিত, হীনবল ও বিবর্ণ দেখিয়া একাস্ত क्रशांविके हरेल ७व॰ कहिल, वायम! आभात এर खका ख অমোঘ, ইহা कमांচ वार्थ इहेदांत नहरू; अक्तरा वल, हेरा खांता **जिया कि नके क**रिव ? পरित जुमि के वांत्र मित किन के किन कतिला। तम निका ठकू निया आर्थनार्त श्राण तका कतिन अवर রাজা দশরথ ও ভোষাকে বারংবার নমন্ধার পূর্বক বিদায় लहेल।

নাথ! তুমি যখন আমার জন্য সামান্য কাকের উপর বন্ধান্ত প্রয়োগ করিয়াছিলে, তখন যে হুরাত্মা আমাকে

অপহরণ করিয়াছে, জানি না, তাহাকে কি কারণে ক্ষমা করি-তেছ? তুমি যাহার নাথ, সে আজ অনাথার ন্যায় রহিয়াছে; এক্ষণে ভুমি আমাকে দয়া কর। দয়া যে পরম ধর্ম, ইহা তোমা-রই মুখে শুনিয়াছি। ভুমি মহাবল ও মহোৎসাহী; ডোমার গান্নীর্য্য দাগরের অনুরূপ! তুমি আসমুদ্র পৃথিবীর অধীপার, এবং ইন্দ্রপ্রভাব। ভুমি বীরপ্রধান ও মহাবীর্য্য। ভুমি কি জন্য রাক্ষস বিনাশ করিতেছ না ? দূত ! দেবগন্ধর্কগণের মধ্যেও কেহ প্রতিযোদ্ধা হইয়া রামের যুদ্ধ বেগ নিবারণ করিতে পারে না ! এক্ষণে যদি আমার প্রতি সেই মহাবীরের কিছুমাত্র দৃষ্টি থাকে, তবে তিনি কি জন্য তীক্ষ্ণারে রাক্ষ্স বিনাশ করিতেছেন না? লক্ষণই বা কি জন্য তাঁহার নিদেশক্রমে আমায় উদ্ধার করি-তেছেন না ? এ তুই রাজকুমারের বলবিক্রম স্থরগণেরও তুর্নিবার, একণে তাঁহারা কি জন্য আমায় উপেক্ষা করিতেছেন ? তাঁহারা সাধ্যপক্ষেত্ত যখন এই রূপ উদাসীন হইয়া আছেন, তখন বোধ হয়, আমারই কোন ব্যতিক্রম ঘটিয়াছে।

• তখন হনুমান সজলনয়না জানকীরে কহিছে লাগিলেন, দেবি !
আমি সত্যশপথে কহিতেছি, রাম তোমার বিরহত্বংখে সকল
কার্য্যেই উদাসীন হইয়া আছেন এবং মহাবীর লক্ষ্মণও ভাঁহার
জ্বৈপ অবস্থান্তর দেখিয়া যার পর নাই অসুখী আছেন ।
এক্ষণে আম্ম বহু ক্লেশে ভোমার অনুসন্ধান পাইলাম। অভঃপর

তুমি আর হতাশ হইও না; বলিতে কি, তোমার এই দুঃখ শীদ্রই
দূর হইয়া যাইবে! রাম ও লক্ষমণ তোমাকে দেখিবার জন্য
উৎসাহিত হইয়া তিলোক ভক্ষসাৎ করিবেন! মহাবীর রাম
দুরাচার রাবণকে বন্ধু বান্ধবের সহিত বধ করিয়া তোমাকে অযোধ্যায় লইয়া যাইবেন। এক্ষণে তুমি তাঁহাদিগকে এবং স্থাবি ও
অন্যান্য বানরকে যদি কিছু বলিবার খাকে ত বলিয়া দেও!

তখন জানকী কহিলেন, দূত! তুমি আমার হইয়া রামকে কুশল প্রশ্ন সহকারে অভিবাদন করিবে ! যিনি ছুর্লভ ঔষর্য্য, দিব্য ন্ত্রী ও ধনরত্ন পরিভ্যাগ পূর্ব্বক পিভামাভাকে প্রণাম ও প্রসন্ম করিয়া জ্যেষ্ঠের অনুসরণ করিয়াছেন, যিনি জামার সহিত মাতৃ-নির্বিশেষ ব্যবহার এবং জ্যেষ্ঠ ভ্রাভাকে পিতৃবৎ মর্য্যাদা করিয়া থাকেন, যিনি আমাকে অপহরণ করিবার কথা অত্যে কিছুই বুঝিতে পারেন নাই, যিনি নিরস্তর বৃদ্ধাণকে সেবা করিয়া থাকেন, যিনি আমা অপেক্ষাও রামের প্রীতি ও স্নেহের পাত্র, যিনি সর্বাংশে আমার পূজ্য শ্বশুরের অনুরূপ হইয়াছেন, যিনি বিসদৃশ কার্য্যের ভারতাহণেও কুঠিত হন না, যিনি একান্ত প্রিয়-দর্শন ও অত্যম্ভ মিতভাষী, রাম যাঁহার মুখ চাহিয়া পিতৃবিয়োগ-শোক সম্পূর্ণ বিস্মৃত হইয়াছেন, তুমি তাঁহাকে আমার হইয়া কুশল প্রশ্ন পূর্বক কহিবে, তিনি যেন আমার এই হুঃখ দূর করিয়া দৃত! তুমিই কার্য্য সিদ্ধির মূল; তোমার যত্ন ও

উদ্বোগেই রাম আমাকে সম্নেহ দৃষ্টিতে দেখিবেন। তুমি তাঁহাকে পুনঃ পুনঃ ইহাই কহিও যে, আমি আর এক মাস কাল জীবিত থাকিব। আমি সত্যই কহিতেছি, এই এক মাস অবসান ইইলে আমি কিছুতেই আর প্রাণ রাখিব না। পাপাত্মা রাবণ আমাকে অপমান পূর্বক অবক্তম করিয়াছে, এক্ষণে নারায়ণ যেমন পাতাল হইতে পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন সেইরূপ তিনি আমাকে উদ্ধার করিবেন।

অনস্তর জানকী একটি উৎকৃষ্ট চূড়ামণি উন্মোচন এবং হরুমানের হন্তে সমর্পণ পূর্ব্বক কহিলেন, বীর! তুমি গিয়া রামকে
এই চূড়ামণি প্রদান করিও! তখন হরুমান্ অভিজ্ঞান চূড়ামণি
গ্রহণ করিয়া স্বীয় অঙ্গুলি মূলে ধারণ করিতে অভিলাষী হইলেন,
কিন্তু তৎকালে প্রকাশ আশঙ্কায় তিদ্বিয়ে সমর্থ হইলেন না।
পরে তিনি জানকীরে প্রদক্ষিণ সহকারে প্রণাম করিয়া, তাঁহার
এক পার্শ্বে দণ্ডায়মান হইলেন । সীতার সন্দর্শন লাভে তাঁহার
মনে বার পর নাই হর্ষ উপস্থিত হইয়াছে। তিনি রাম ও লক্ষমগকে নিরন্তর স্মরণ করিতে লাগিলেন। লোকে শৈলশিখরের
স্থাতিল বায় ছারা আক্রান্ত ও পশ্চাৎ উন্মুক্ত হইলে যেমন স্থখ
লাভ করে তিনি সেই রূপই স্থা হইলেন, এবং চূড়ামণি লইয়া
তথা হইতে প্রস্থানের উপক্রম করিলেন।

একোনচত্বারিংশ সর্গ।

তখন জানকী হনুমানকে কহিলেন, দৃত! এই অভিজ্ঞান রামের অবিজ্ঞাত নহে; তিনি ইহা দেখিবামাত্র আমাকে, আমার জননীকে, ও রাজা দশরথকে শ্ররণ করিবেন! বীর! বোধ হয়, অতঃপর রাম আমার উদ্ধারের জন্য পুনর্কার তোমা-কেই নিয়োগ করিবেন! তুমি নিযুক্ত হইলে কিরুপে সমস্ত স্বসম্পন্ন হইতে পারে এক্ষণে ভাহাই নির্ণয় কর; কিরুপে রামের ছুংখ শান্তি হইতে পারে তুমি তাহাই স্থির কর, এবং কিরুপেই বা আমার এই বিপদ দূর হইয়া যায় তুমি তাহাই অবধারণ কর।

অনস্তর হনুমান জানকীর এই বাক্যে সমাত হইয়া, তাঁহাকে অভিবাদন পূর্ব্বক প্রস্থানের উপক্রম করিলেন। তদ্ফৌ জানকী বাজ্গাদাদ স্বরে পূন্বার কহিলেন, বীর! তুমি গিয়া রাম ও লক্ষণকে কুশল জিজ্ঞাসা করিবে, অমাত্যসহ স্থ্রীব ও অন্যান্য বৃদ্ধ বানরকেও কুশল জিজ্ঞাসা করিবে। আমি যেরূপে এই হুঃখন্সাগর উত্তীর্ণ হইতে পারি, আমার জীবনসতে যাহাতে এই হুঃখ্বাগর উত্তীর্ণ হইতে পারি, আমার জীবনসতে যাহাতে এই হুঃখ্ব

মাত্রে সাহায্য করিয়া ধর্ম লাভ কর। রাম অত্যন্ত উৎসাহী, তিনি সমস্ত শুনিতে পাইলে আমার উদ্ধারের জন্য নিশ্চয়ই বিক্রম প্রকাশ করিবেন!

তখন হমুমান মস্তকে অঞ্জলি স্থাপন পূর্বক কহিতে লাগিলেন, দেবি ! রাম বানরভল্ল কে পরিবৃত হইরা শীদ্রই উপস্থিত

হইবেন এবং সমরে শক্রসংহার পূর্বক তোমার শোকসন্তাপ দূর
করিবেন ! তিনি যখন যুদ্ধে অনবরত শর বর্ষণ করিয়া থাকেন,
তখন স্থরাস্থরের মধ্যেও তাঁহার সম্মুখে তিন্ঠিতে পারে এমন
আর কাহাকে দেখি না ৷ তিনি তোমার জন্য স্থ্য ইন্দ্র ও কুতাশ্বের সহিতও প্রতিদ্বন্দ্রিতা করিবেন এবং তিনি তোমারই জন্য
এই সমাগরা পৃথিবীকে অধিকার করিবেন । বলিতে কি, এক্ষণে
তাঁহার জন্মলাভের উদ্বোগ কেবল তোমারই জন্য সন্দেহ
নাই ৷

তখন জানকী হনুমানের এই সমস্ত সভ্য কথা সবহুমানে শ্রাবণ করিলেন, এবং তাঁহাকে প্রস্থানে উদ্যত বুঝিয়া বারং-বার দেখিতে লাগিলেন !

অনস্তর তিনি রামের প্রতি প্রীতি নিবন্ধন পুনর্কার কবিলেন,
দৃত ! যদি তোমার অভিপ্রায় হয় ত তুমি এই লঙ্কার কোন নিভ্ত
স্থানে অস্তত এক দিনের জন্যও অবস্থান কর, পরে গতক্রম হইয়া
কল্য প্রস্থান করিবে। বলিতে কি, তোমাকে দেখিলে এই মন্দ-

ভাগিনীর শোক ক্ষণকালের জন্য উপশ্য হইতে পারে! কিন্ত এক্ষণে আমার মনে নানারপ আশকার উদয় হইতেছে ৷ তুমি এই দুর্গম পথে পুনর্কার কিরপে আসিবে, তদ্বিষয়ে আমার বিলক্ষণ সন্দেহ জন্মিতেছে। কিন্তু তুমি না আইলেও প্রাণরক্ষা করা আমার পক্ষে স্থকটিন হইবে। আমি একে ত্রুংখর উপর ত্রুংখ সহিতেছি, অভঃপর ভোমার অদর্শন আমাকে আরও বিহ্বল করিবে ৷ বীর ! জানি না, বানর ও ভল্লকগণ, কপিরাজ স্থগ্রীব, ও ও ত্রই রাজকুমার কি রূপে এই হুষ্পার সমুদ্র উত্তীর্ণ হইয়া আসিবেন ৷ গৰুড়, বায়ুও তোমা ব্যতীত সমুদ্র লজ্ঞ্বন করিতে পারে এমন আর কাহাকেই দেখি না। তুমি স্বয়ং বৃদ্ধিমান, এক্ষণে বল, ইহার কিরূপ উপায় অবধারণ করিতেছে? মানিলাম, তুমি একাকীই সকল কার্য্য সাধন করিতে পার এবং যশক্ষর জয়ও সহজে তোমার হস্তগত হইতে পারে, কিন্তু যদি রাম সলৈন্য আসিয়া সমরে শক্রবিনাশ করেন, তাহা হইলেই তাঁহার পক্ষে সমুচিত কার্য্য হইবে ৷ তিনি যদি এই লক্ষাপুরী বানরসৈন্যে আচ্ছন্ন করিয়া আমাকে লইয়া যান, তাহা হইলেই তাঁহার পক্ষে সমুচিত কার্য্য হইবে। দূত! এক্ষণে সেই মহাবীর যাহাতে অনু-রূপ বিক্রম প্রকাশে উৎসাহী হন, তুমি ভাহাই করিও!

তথন হনুমান জানকীর এই স্থাস্কত কথা শুনিয়া কহিতে লাগিলেন, দেবি! স্থাপ্তীৰ সত্যনিষ্ঠ, তিনি তোমার উদ্ধার

সংক্রেপ কুত্নিশ্র হইয়া আছেন । একণে সেই মহাবীর রাক্ষদগণকে সংহার করিবার জন্য অসংখ্য বানরসৈন্যের সহিত শীত্রই আগমন করিবেন। বানরগণ তাঁহারই আজ্ঞানুবর্তী ভূতা; উহারা মহাবল ও মহাবীর্যা! উহাদিগের গতি কোন দিকে কদাচই প্রতিহত হয় না! উহারা মনোবেগবৎ শীদ্র গমন করিয়া থাকে। ছক্ষর কার্যোও উহাদিগের কোনরূপ অবসাদ দৃষ্ট হয় না; উহারা বায়ুবৈণে বারংবার এই সদাগরা পৃথিবী প্রদক্ষিণ করিয়াছে ৷ দেবি! কপিরাজের নিকট আমা হইতে উৎকৃষ্ট এবং আমার সমকক্ষ এমন অনেক বানর আছে, কিন্তু আমা অপেক্ষা হীনবল আর কাহাকেই দেখিতেছি না! একণে সেই সমস্ত বীরের কথা দূরে থাক, আমি এইরূপ সামান্য হুর্বল হইয়াও এখানে উপস্থিত হইয়াছি! দেখ, উৎক্ষেরা কখন কোন কার্য্যে নিযুক্ত হন না, যাহারা নিরুষ্ট তাহারাই প্রেরিত হইয়া থাকে। অভঃপর তুমি আর ছঃখিত হইও না, শোক পরিত্যাগ কর ৷ কপিবীরেরা এক লক্ষে সমুদ্র লঙ্ঘন করিয়া লক্কায় উভীৰ হইবে এবং রাম ও লক্ষ্মণও আমার পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক উদিত চক্র স্থর্য্যের ন্যায় ভোমার নিকট উপ-স্থিত **হইবেন ৷** তাঁহারা শরনিকরে লক্ষা ছারখার করিবেন এবং রাবণকে সগণে সংস্থার করিয়া ভোমাকে এহণ পূর্বক অযোধ্যায় প্রতিনিত্ত হইবেন! এক্ষণে তুমি আশ্বন্ত হও ক্রমান্তরে দিন গণনা কর ৷ আমি নিশ্চয় করিতেছি, ভূমি আচিরেই জ্লস্ত ভূতাশনের ন্যায় রামকে নিরীক্ষণ করিবে ৷

হরুমান জানকীরে এই বলিয়া প্রতিগমনমানদে পুন-র্কার কহিলেন: দেবি! তুমি শী এই রাম ও লক্ষণকে লঙ্কাদারে উপস্থিত দেখিতে পাইবে! যাহাদিগের খর নখ ও তীক্ষ দন্তই অস্ত্র, বলবিক্রম সিংহ ব্যান্তকেও পরাস্ত করিতে পারে, তুমি দেই সমস্ত বানরকে এইস্থানে শীঘ্রই সমাগত দেখিতে পাইবে! মেঘাকার বানরযুথ মলয়গিরির শিখরে আরোহণ পূর্ম্বক সমরস্পৃহায় শীঘ্রই সিংহনাদ করিবে। দেবি! রাম ভোমার বিরহভাপে নিভান্ত কাতর হইয়া আছেন, তাঁহার মনে আর কিছুতেই শান্তি নাই। এক্ষণে তুমি রোদন করিও না, তোমার মনে যেন কিছু মাত্র ভয় উপস্থিত না হয়। ইত্রের লহিত শচীর ন্যায় তুমি শীত্র রামের সহিত সমাগত হইবে। রাম ও লক্ষণের অপেক্ষা বীর' আর কে আছে ? তাঁহারা তেজে অগ্নিকস্প এবং বেগে বায়ুসদৃশ; সেই ছুই মহাবীরই তোমার আশ্রয় ৷ এক্ষণে তোমায় এই ভীষণ রাক্ষসভূমিতে আর অধিক কাল বাস করিতে হইবে না। রাম শীত্রই আসিবেন ! আমি শাবৎ তাঁহার নিকট না যাই তাবৎ তুমি প্রতীক্ষা কর!

চত্বারিংশ সর্গ।

অনন্তর জানকী আপনার মঙ্গলসংকম্পে কহিতে লাগি-লেন, দৃত! তুমি প্রিয়বাদী; উত্তাপদধ্বা পৃথিবী বৃটিপাতে যেরূপে ভুষ্ট হইয়া থাকে, তদ্দ্রপ আমি তোমার সন্দর্শনে যার পার নাই পুলকিত হইয়াছি ৷ এক্ষণে এই শোকশীর্ণ দেহে যেরূপ রামকে স্পর্ল করিতে সমর্থ হই, তুমি রূপাপেরতন্ত্র হইয়া তাহারই উপায় অবধারণ কর ৷ আমি যে জলজ চুড়ামণি ভোমায় অর্পণ করিলাম, তুমি গিয়া রামকে তাহা প্রদর্শন করিবে ৷ তিনি ক্রোধভরে ত্রন্ধান্ত দ্বারা ইন্দ্রকুমার কাকের যে এক চক্ষু নফ করিয়াছিলেন, তুমি তাঁহার নিকট এ কথা উল্লেখ করিবে ৷ এই ত্রই অভিজ্ঞান ব্যতীত তুমি আমার বাক্যে ইহাও কহিবে, "নাথ! মনে করিয়া দেখ, আমার পূর্বকার তিলক বিলুপ্ত হইলে তুমি মনঃশিলা দ্বারা গণ্ডপার্শ্বে অপর একটী তিলক রচনা করিয়া দেও। তুমি মহাবীর ইন্দ্রপ্রভাব ও বৰুণতুল্য, এক্ষণে ভোমার সীতা অপহতা হইয়া রাক্ষস-পুরীতে বাস করিতেছে, জানি না, তুমি ইহা কিরূপে সহ্য করিয়া আছ। আমি এতদিন এই চুড়ামণি সাবধানে রাখিয়াছিলাম, গ্লঃখশোকে তোমায় পাইলে যেমন আহ্লাদিত হইয়াথাকি, সেইরপ এই চুড়ামণি দেখিলে অত্যস্তই স্থখী হই। একণে
ইহা অভিজ্ঞানের জন্য তোমার নিকট পাঠাইলাম, কিন্ত তুমি যদি শীত্র এস্থানে না আইস, তাহা হইলে আমি
শোকভরে নিশ্চয়ই প্রাণত্যাগ করিব। নাথ! আমি কেবল তোমারই জন্য ছুর্বিষহ গ্লঃখ, মর্মভেদী বাক্য ও রাক্ষস-সহবাস সহিয়া আছি। আমি আর এক মাস প্রাণ রক্ষা করিব, এই অ্বকাশে যদি তোমার সক্ষর্শন না পাই, ভবে নিশ্চয়ই দেহপাত করিব। গ্লুরাত্মা রাবণ উত্রস্কভাব, সে কুদ্ফিতে আমায় দেখিয়া থাকে, এক্ষণে যদি তোমার কালবিলম্ব হয় তবে আমি নিশ্চয়ই দেহপাত করিব।"

তখন হনুমান সজলনয়না জানকীর এই রূপ সককণ বাক্য শ্রবণে পুনর্কার কহিলেন, দেবি! আমি সত্যশপথে কহি-তেছি, রাম ভোমার বিরহছঃখে সকল কার্য্যেই উদাসীন হইরা আছেন। মহাবীর লক্ষ্মণও তাঁহার এইরূপ অবস্থান্তর দেখিয়া যার পর নাই অস্থথে কাল্যাপন করিতেছেন। এক্ষ্যে আমি বহু ক্লেশে ভোমার অনুসন্ধান পাইলাম। অতঃপর ভূমি আর হতাশ হইও না, বলিতে কি, শীত্রই ভোমার এই হঃখ দূর হইবে। রাম ও লক্ষ্মণ ভোমাকে দেখিবার জন্য উৎ- সাহিত হইয়া ত্রিলোক ভদ্মসাৎ করিবেন। মহাবীর রাম

ন্থুরাচার রাবণকে পাত্রমিত্রের সহিত বধ করিয়া ভোমাকে

অব্যোধ্যায় লইয়া যাইবেন। দেবি! এক্ষণে রাম দৃষ্টিপাত

মাত্র যাহা স্কুম্পট বুঝিতে পারিবেন এবং তাঁহার পক্ষে যাহা

সবিশেষ প্রীতিকর হইবে, তুমি আমাকে আরও এইরূপ
কোন অভিজ্ঞান দেও !

তখন জানকী কহিলেন, দূত ! আমি তোমাকে উৎকৃষ্ট অভিজ্ঞানই দিয়াছি ! রাম ইহা সাদরে দেখিয়া ভোমার বাক্যে সবিশেষ শ্রদ্ধা করিবেন ।

অনন্তর হরুমান চূড়ামণি গ্রহণ এবং জানকীরে নভূশিরে জিলিবাদন পূর্বক প্রতিগমনে উদ্যত হইলেন। তদর্শনে জানকী সজলনয়নে গদগদ বাক্যে কহিলেন, দূত। তুমি গিয়া রাম, লক্ষ্মণ ও অমাত্যসহ স্থগীবকে কুশল জিজ্ঞাসা করিবে। রাম যেন কপা করিয়া অবিলধে আমায় এই হুঃখ হইতে উদ্ধার করেন। তুমি তাঁহাকে আমার এই তীত্র শোকবেগ এবং রাক্ষসগণের ভর্ৎ সনার কথা পুনঃ পুনঃ কহিবে। দৃত। অধিক আর কি কহিব, এক্ষণে তুমি এ স্থান হইতে নির্বিদ্ধে যাতা কর।

একচত্বারিংশ সর্গ।

অনস্তর মহাবীর হরুমান জানকীর নিকট বিদায় লইয়া প্রস্থান করিলেন ৷ গমনকালে ভাবিলেন, আমি ত দেবী জানকীর সন্দর্শন পাইলাম, এক্ষণে এস্থানে আগমন করিবার প্রয়োজন অম্পাত্রই অবশিষ্ট আছে! এই কার্য্য শক্ত-পক্ষের অন্তর্বল পরিজ্ঞান; কিন্ত ইহাতে সামাদি তিন উপায় কোন কার্য্যকর হইবে না; এক্ষণে দণ্ড ছারা সমস্ত নির্ণয় করাই আবিশ্যক হইতেছে। রাক্ষসগণের সহিন্ত সন্ধি ফলপ্রাদ হইবে না, সুসমৃদ্ধ পক্ষে দান নিতান্ত অকিঞ্চিৎকর, এবং বলগর্ষিত বীরগণকে স্মযোগ ক্রমে ভেদ করাও সহজ্ব নয়। স্নতরাং এক্ষণে পেৰিষ আশ্ৰয় করাই আমার উচিত হইতেছে! তীত শত্রুপক্ষের অন্তর্বল পরিজ্ঞানের আর কোনরূপ সম্ভাবনা দেখি না। আরও আমার হস্তে রাক্ষসগণ পরাস্ত হইলে রাবণ ভাবী যুদ্ধে অবশ্য সঙ্কৃ চিত হইবে! যদিচ এই বিষয়ে কপিরাজ স্থাীব আমাকে কোন ব্লপ আদেশ দেন নাই, কিন্তু যে দূত প্রধান উদ্দেশ্য স্থ্যসম্পন্ন হইলে অবিরোধে অবান্তর কার্য্য সাধন করেন, তিনি কোন অংশে নিন্দনীয় হইতে পারেন না!

আমি জানকীর অন্বেষণ পাইয়াছি, এক্ষণে যদি স্বপক্ষ ও বিপক্ষের যুদ্ধসংক্রান্ত বিশেষ তত্ত্ব বুঝিয়া স্থগীবের নিকট উপস্থিত হইতে পারি, ইহাতে তাঁহারই অভিপ্রায় সম্যক্ সাধিত হইবে ৷ যাহা হউক, আজ আমার আগমন কিরুপে স্থুফল উৎপাদন করিবে, রাক্ষদগণের সহিত কিরুপে সহসা যুদ্ধ ঘটিবে, এবং কি রূপেই বা রাবণ আমার এবং আমার পক্ষ বীরগণের বলবীর্য্য যথার্থত বুঝিতে পারিবে। আমি আজ সংগ্রামে উহাকে পাত্রমিত্রের সহিত দেখিতে পাইব এবং উহার ইচ্ছা ও সামর্থ্য সহজে বুঝিতে পারিয়া পুনর্বার এস্থান হইতে প্রতিগমন করিব ৷ এই অশোক বন বক্ষলতাবভুল এবং স্থুরকানন নন্দনতুল্য, ইহা সকলের নেত্র পরিতৃপ্ত এবং মন পুল-কিত করিতেছে। অগ্নি যেমন শুক্ষ বন দগ্ধ করিয়া থাকে দেইরূপ আমি আজ ইহা ছারখার করিয়া ফেলিব। এই কার্য্যে রাবণ অবশ্যই কুপিত হইবে এবং চতুরঙ্গ সৈন্য লইয়া সংগ্রামে অবতীর্ণ হইবে ৷ তখন আমিও ভীমবল রাক্ষসগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব এবং রাবণের সৈন্য সকল বিনাশ করিয়া কপিরাজ স্থত্রীবের নিকট প্রতিগমন করিব।

মহাবীর হরুমান এইরপ সংকম্প করিয়া ক্রোধভরে অশোক বন ভগ্ন করিতে লাগিলেন এবং বায়ুবৎ মহাবেগে রৃক্ষ সকল নিক্ষেপ করিতে প্রবৃত্ত হইলেন! তখন পক্ষিণণ আর্ত্তরবে কোলাহল আরম্ভ করিল; তাত্রবর্ণ পত্র সকল মান হইয়া গেল; বিহারশৈলের স্কৃণ্য শিশর চুর্ন এবং জলাশয়ের অস্তুজ্জল বিদীর্ন ইইল; বৃক্ষ ও লতা মসৃণ হইয়া পড়িল; লতাগৃহ, চিত্র-গৃহ ও শিলাগৃহ ভগ্ন হইয়াগেল; হিংজ্ঞ জন্তুগণ জতুবেগে চতু র্দিকে পলায়ন করিতে লাগিল; অশোক বন দাবানলদম্ম কাননের ন্যায় হত্তশী হইল এবং মদবিছ্ললা স্থালিত্বসনা কামিনীর ন্যায় নিরীক্ষিত হইতে লাগিল। ফলত মহাবীর হরুমানের হস্তে উহা বার পর নাই শোচনীয় হইয়া উচিল, এবং হরুমানও একাকী বছুবীরের সহিত সংগ্রামার্থী হইয়া উদ্যানের তোরণে আরোহণ করিলেন ৷

দিচান্তরিংশ সর্গা

অনন্তর লক্ষানিবাসী রাক্ষসগণ বৃক্ষভক্ষের শব্দ ও পক্ষি-গণের কোলাহলে চকিত ও ভীত হইয়া উঠিল; মৃগপক্ষি সকল সভয়ে ইতন্তত ধাবমান হইতে লাগিল; চতুর্দিকে কুলক্ষণ; অনেক রাক্ষসী নিদ্রিত ছিল; তাহারা গারোখান পূর্ব্ধক দেখিল, মহাবীর হনুমান অশোক বন ভগ্ন করিয়া, তোরণের উপর উপবেশন করিয়া আছেন!

ঐ সময় মহাবাত মহাবীর্য্য মহাবল হরুমান রাক্ষসীগণকে
নিরীক্ষণ করিয়া নিতান্ত ভীষণ রূপ ধারণ করিলেন। তখন
রাক্ষদীরা হরুমানের ঐ ভীম মুক্তি দেখিতে পাইয়া,শক্কিত মনে
জানকীরে জিজ্ঞাসিতে লাগিল, জানকি! এই বানর কে?
কাহার চর? কি জ্ঞন্য কোথা হইতে আসিয়াছে? এবং
তুমিই বা কি নিমিত্ত উহার সহিত কথোপকথন করিতেছিলে?
বিশাললোচনে! তোমার কিছুমাত্র ভয় নাই; বল, ঐ বানর
তোমায় কি কহিয়া গেল?

তথন জানকী কহিলেন, দেখ, আমার কি সাগ্য যে, আমি

কামরপী রাক্ষসদিগের ভাবগতি বুঝিয়া উটি । এই বানর কে, এবং উহার অভিপ্রায়ই বা কি, তাহা তোমরাই জান । দেখ, সর্পই সর্পের পদ চিনিতে পারে ৷ ফলত আমি ঐ বানরের বিষয় কিছুই জানি না; কোন রাক্ষস মায়ারপ ধারণ পূর্বক আগমন করিয়াছে আমি এই মাত্র বুঝিয়াছি, এবং উহাকে দেখিয়া অবধি যার পর নাই ভীত হইয়াছি !

অনন্তর রাক্ষ্মীরা তথা হইতে চ্ছতবেগে পলায়ন করিল ! কেহ কেহ তথায় রহিল এবং কেহ কেহ বা রাবণের নিকট উপস্থিত হইয়া কহিল, রাক্ষমরাজ! একটী ভীমমূর্ত্তি বানর জানকীর সহিত নানা রূপ আলাপ করিয়া অশোক বনের ভোরণে উপবেশন করিয়া আছে ! আমরা জানকীরে নির্বন্ধ-সহকারে জিজ্ঞাসিলাম, কিন্তু তিনি ঐ বানরের পরিচয় প্রদানের ইচ্ছা করিলেন না বানর আপনার অশোক বন ভাঙ্গিয়াছে ৷ অনুমানে বোধ হইতেছে, সে হয় ইন্দ্রের, না হয় কুবেরের দৃত হইবে, অথবা রাম সীতার উদ্দেশ লইবার নিমিত্ত তাহাকে পাঠাইয়াছে! যাহাই হউক, ঐ অন্ত তাকার বানর আপনার রমণীয় অশোক বন ভগ্ন করিয়াছে। সে ঐ বনের সকল স্থানই নফ করিয়াছে, কেবল যে বৃক্ষতলে দেবী জানকী আছেন ভাছা স্পাৰ্শমাত্ৰ করে নাই। বোধ হয়, জানকীরে রক্ষা বা প্রান্তি, ইহার অন্যতরই

ঐ কৃষ্ণ না ভাদ্বিবার কারণ হইবেঁ। অথবা সেই বানরের আবার শ্রান্তি কি? সে নিশ্চয়ই জানকীরে রক্ষা করিয়াছে। জানকী স্বয়ং যাহার মূলে বাস করেন, সে কেবল সেই পত্রবহুল প্রকাণ্ড শিংশপা বৃক্ষটী নফ করে নাই। রাক্ষসরাজ! আপনি ভাহাকে কোনরপ কঠোর দণ্ড করুন। সে প্রমদ বন ভগ্ন করিয়াছে। যে যাভার সহিত কথাবার্তা কহে, সেই তুর্ব তিই প্রমদ বন ভগ্ন করিয়াছে। সীতা আপনার মনোমতা, যাহার প্রাণে মমতা নাই, তদ্বাতীত উহার সহিত আর কে সম্ভাষণ করিতে পারে।

রাক্ষণরাজ রাবণ এই সংবাদ শুনিবামাত্র ক্রোধভরে চিতাগ্নিবৎ জ্বলিয়া উচিলেন। তাঁহার নেত্রমুগল বিঘূর্ণিত হইতে লাগিল; প্রদীপ্ত দীপশিখা হইতে যেমন জ্বলস্ত তৈলবিন্দু নিপাতিত হয় তদ্রূপ তাঁহার নেত্র হইতে দরদরিত ধারে অঞ্চপাত হইতে লাগিল। তিনি তৎক্ষণাৎ হনুমানকে গ্রহণ করিবার নিমিত্ত কিঙ্কর নামক বীরগণকে নিয়োগ করিলেন। অশীতি সহস্র কিঙ্কর তদীয় নিদেশ প্রাপ্ত হইবামাত্র কুটমুদ্যারহস্তে নির্গত হইল। উহারা লম্বোদর ও করালদশন। প্র সমস্ত বীর হনুমানকে গ্রহণ করিবার জন্য অতিমাত্র উৎসাহের সহিত বাইতে লাগিল।

তখন মহাবীর হরুমান যুদ্ধার্থ বদ্ধপরিকর হইয়া ভোরণে

উপবিষ্ট আছেন; কিন্তুরগণ জুলম্ভ পাবকের মধ্যে যেমন পত্রু পতিত হয়, দেইরূপ উহাঁর সমুখীন হইতে লাগিল ৷ উহাদের মধ্যে কাহারও হস্তে বিচিত্র গদা, কাহারো স্বর্ণিউমণ্ডিত অর্গল, কাহারও স্থতীক্ষ শর, কাহারো মূলার, কাহারও পাডিশ, কাহা-রও শূল এবং কাহারও বা প্রাস ও ভোমর ৷ ঔ সমস্ত বীর इंनुमात्नत हजुर्किक (वर्षेन शृक्षक मधाय्यान इहेल । जक्रि পর্বতপ্রমাণ হরুমান ভূপৃষ্ঠে অনবরত লাঙ্গুল আক্ষালন পূর্বক ঘোররবে সিংহনাদ করিতে লাগিলেন 1 ভাঁহার দেহ সম-রোৎসাহে ক্ষীত হইয়া উচিল ৷ তিনি লঙ্কাপুরী প্রতিধ্বনিত করিয়া লাক্ষ্ ল আক্ষালন করিতে প্রবৃত্ত হইলেন ৷ উহার চট-চটা শব্দে গগনতল হইতে বিহঙ্গেরা পতিত হইতে লাগিল। হরুমান রণোৎসাহে উন্মন্ত; তিনি উচ্চৈঃম্বরে এইরূপ ঘোষণা করিতে লাগিলেন, রামের জয়, লক্ষ্মণের জয়, রামের আশ্রিত স্থ প্রীবের জয়। আমি পবনদেবের পুত্র এবং অযোধ্যাধিনাথ রামের ভৃত্য, নাম হরুমান। আমি যখন সংগ্রামে প্রবৃত্ত হইয়া বৃক্ষ শিলা নিক্ষেপ করিব, তখন সহত্র সহত্র রাবণও আমার প্রতিবন্ধিতা করিতে পারিবে না। আজ সকল রাক্ষ-সই দেখিবে, আমি লঙ্কাপুরী ছার খার করিয়া দেবী জানকীরে অভিবাদন পূর্ব্বক প্রতিগমন করিব I

তখন রাক্ষসগণ হরুমানের ঘোর নিনাদে অতিমাত্র ভীত

হইল; দেখিল, ঐ বীর সন্ধ্যাকালীন মেঘের ন্যায় উন্নত হইয়াছেন। উহাঁর মুখে নিরবচ্ছিন্ন রামের নাম উচ্চরিত হইতেছে;
তিনিবন্ধন রাক্ষদেরা তিনি যে রামের দৃত তিদ্বিষয়ে একপ্রকার
নিঃশংসয় হইল, এবং ভীষণ অস্ত্র শস্ত্র লইয়া চতুর্দ্দিক হইতে
উহাঁকে অবরোধ করিল। তখন হরুমান ঐ সমস্ত বীরে পরিবৃত
হইয়া তোরণের এক প্রকাও অর্গল গ্রহণ পূর্ম্বক উহাদিগকে
আক্রমণ করিলেন এবং অস্থরসংহারে প্রবৃত্ত বজ্রধারী ইল্রের
ন্যায় অর্গলপ্রহারে উহাদিগকে বিনাশ করিতে লাগিলেন;
কখনও বা অজগরবাহী বিহগরাজ গরুডের ন্যায় অর্গলহস্তে
নভোমওলে বিচরণ করিতে প্রবৃত্ত হইলেন। কিন্তরগণ বিন্তর্
হইলে, তিনিও সমরাভিলাবে পুন্র্মার ভোরণে উপবিষ্ট
হইলেন।

অনন্তর হতাবশিষ্ট রাক্ষসগণ ক্রতপদে পলায়ন পূর্বক রাবণকে গিয়া কহিল, মহারাজ ! কিঙ্করগণ সেই বানরের হস্তে বিনষ্ট হইয়াছে। রাবণ দৃত্যুখে এই কথা শ্রবণ করিবামাত্র ক্রোধে প্রজ্জলিত হইয়া উঠিলেন এবং প্রহন্তের পুত্র মহাবল জমুমালীকে কহিলেন, বীর! তুমি অনতিবিলমে যুদ্ধযাত্রঃ করিবার নিমিত্ত প্রস্তুত হও।

ত্রিচত্বারিংশ সর্গ।

এদিকে মহাবীর হরুমান কিন্ধর নামক রাক্ষসগণকে বিনাশ করিয়া ভাবিলেন, আমি প্রমদ বন ভগু করিলাম, এক্ষণে ঐ স্থমেরুশুন্ধবৎ উচ্চ চৈত্যপ্রাসাদ চুর্ন করিব। তিনি এইরূপ সংকম্প করিয়া এক লক্ষে কুলদেবতাপ্রাসাদে উত্থিত হইলেন ৷ তৎকালে বিভাকরের ন্যায় তাঁহার প্রভাজাল চতুর্দ্ধিকে প্রসা-রিত হইল ৷ তিনি বল প্রদর্শন পূর্বক ঐ চৈত্যপ্রাসাদ চুর্ন করিলেন এবং স্বপ্রভাবে দেহর্দ্ধি করিয়া নির্ভয়ে বাহ্বাস্ফোটন করিতে লাগিলেন। ঐ শ্রুতিবিদারক শব্দে লঙ্কাপুরী প্রতি-ধ্বনিত হইয়া উঠিল, পক্ষিগণ গগনতল হইতে পতিত হইল এবং চৈত্যপালেরা বিমোহিত হইয়া গেল! ইত্যবসরে হরু-মান উচ্চৈঃস্বরে এইরূপ ঘোষণা করিতে লাগিলেন, রামের জয়, লক্ষণের জয়, রামের আঞ্রিত স্থগ্রীবের জয়। আমি রামের কিন্তুর, নাম মহাবীর ইনুমান ৷ আমি যখন যুদ্ধে প্রবৃত্ত হইয়া বৃক্ষশিলা নিক্ষেপ করিব তখন সহস্র রাবণও আমার প্রতি-দ্বন্দ্বিতা করিতে পারিবে না ৷ আজ রাক্ষসেরা দেখিবে, আমি লক্ষাপুরী ছার খার করিয়া দেবী জানকীরে অভিবাদন পূর্ব্বক প্রতিগমন করিব।

হনুমান এই বলিয়া বীরনাদ করিতে লাগিলেন। চৈত্যপাল
গুণ নানাবিধ অস্ত্র শস্ত্র লইয়া উহাঁকে আক্রমণ করিল এবং চতু
দিক হইতে প্রহার করিতে প্রবৃত্ত হইল। তৎকালে উহারা ভাগীরথীর বিপুল আবর্ত্তের ন্যায় চতুর্দিকে পরিভ্রমণ করিতে লাগিল।

অনন্তর হরুমান ক্রোধভরে প্রাসাদের এক স্বর্ণখচিত প্রকাণ্ড শতধার স্তম্ভ উৎপার্টন পূর্ব্বক মহাবেগে বিঘূর্ণিত করিতে লাগিলেন। স্তন্তের ঘর্ষণে সহসা অগ্নি উত্থিত হইল এবং তদ্বারা সমস্ত প্রাসাদ দগ্ধ হইতে লাগিল 1 ইত্যবসরে হতু-মান বৃক্ষশিলা প্রহারে বহুসংখ্য রাক্ষসকে বিনাশ করিতে প্রবৃত্ত হইলেন এবং প্রাসাদ দগ্ধ হইতে দেখিয়া অন্তরীক্ষ হইতে কহিতে লাগিলেন, দেখ, মাদৃশ বহুসংখ্য বীর কপিরাক্ত সুগ্রী-বের বশবর্তী হইয়া আছেন ৷ তাঁহারা স্থাবের আদেশে আমারই ন্যায় ভূমগুলে বিচরণ করিতেছেন ৷ উহাঁদিগের মধ্যে কাহারও বল দশ হস্তীর, কাহারও শত হস্তীর এবং কাহারও বা সহস্র হস্তীর অনুরূপ হইবে! কেহ বায়ুবল এবং কেহ বা অপ্রয়েবল ৷ কপিরাজ তোমাদিগকে বধ করিবার নিমিত্ত মাদৃশ বহুসংখ্য বীরে পরিবৃত হইয়া শীঘ্রই আসিবেন! যখন মহাত্মা রামের সহিত বৈরিতা জিমিয়াছে, তখন সমস্ত রাক্ষস এবং এই लक्षां भूती किছू रे थां किरव ना !

ठकुरुवातिश्य मर्ग।

এ দিকে মহাবীর জন্মালী রাবণের নিদেশে যুদ্ধার্থ নির্গত হইলেন! তাঁহার পরিধান রক্তান্বর, গলে রক্তমাল্য, কর্নে কচির কুণ্ডল; তাঁহার নেত্রযুগল ক্রোধে নিরবছিন্ন বিঘূর্নিত হইতেছে; তিনি উত্রস্থভাব ও ছুর্জ্বয়; তিনি চতুর্দ্দিক প্রতিধ্বনিত করিয়া ইন্দ্রধন্মসদৃশ প্রকাণ্ড শরাসন বজ্বরবে টকার প্রদান করিলেন।

তথন হরুমান যুদ্ধার্থে তোরণে উপবিষ্ট হইয়া আছেন।
তিনি মহাবীর জয়ুমালীকে গর্দ্দভবাহিত রথে সমুপস্থিত
দেখিয়া হার্টমনে সিংহনাদ করিতে লাগিলেন। উভয়ের
ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। জয়ুমালী হরুমানকে লক্ষ্য
করিয়া শাণিত শরনিকর নিক্ষেপ করিতে প্রবৃত্ত হইলেন।
তিনি উহাঁর মুখের উপর অর্দ্ধচন্দ্র, মস্তকে একমাত্র কর্ণি,
এবং ভুজদ্বয়ে দশ নারাচ প্রহার করিলেন। হরুমানের
মুখমণ্ডল স্বভাবত রক্তবর্ণ, উহা শরবিদ্ধ হইয়া শরৎকালে
স্থ্যরিশ্মিরঞ্জিত বিকসিত রক্তপদ্বের ন্যায় শোভা পাইতে
লাগিল। তিনি তাতিমাত্র ক্রোধাবিষ্ট হইলেন এবং পার্ম্বে

এক প্রকাণ্ড শিলাখণ্ড দেখিতে পাইয়া তাহা উৎপার্টন পূর্ব্বক महारिता निकाम कतिरासन। ज्यन महावीत जम्माली ক্রোধে একান্ত অধীর হইয়া উহাঁকে দশ শরে বিদ্ধ করি-লেন। প্রচওবিক্রম হতুমান শিলাখও বিফল হইল দেখিয়া বৃহৎ এক শালবৃক্ষ উৎপাটন পূর্বক বিঘূর্নিত করিতে লাগি-লেন ৷ তদর্শনে জন্মালী উহার প্রতি অনবরত শর বর্ষণে প্রবৃত্ত হইলেন এবং চার শরে শাল বৃক্ষ ছেদন করিয়া পাঁচটি শর ভুজদ্বয়ে একটা বক্ষেও দশটা স্তনমধ্যে প্রহার করিলেন। তখন হরুমান শরপূর্ণকলেবর হইয়া অতিমাত্র ক্রোধাবিষ্ট হইলেন এবং সেই পরিঘ গ্রহণ পূর্বক মহাবেগে বিঘর্ণিত করিয়া উহাঁর বক্ষে নিক্ষেপ করিলেন। ঐ পরিষের আঘাতে জমুমালীর মস্তক চুর্ণ হইয়া গেল, হস্ত ও জাতু ছিন্ন ভিন্ন এবং শর শরাসন রথ ও অর্থ এককালে অদৃশ্য হইল। জনুমালী নিহত হইয়া ছিন্ন বুক্ষের ন্যায় ভূতলে নিপতিত হইলেন ৷

অনন্তর রাক্ষসরাজ রাবণ জন্মালীর বধবার্তা প্রবণে একান্ত ক্রোধাবিষ্ট হইলেন ! তাঁহার আরক্ত নেত্র বিঘূর্ণিত হইতে লাগিল এবং তিনি হরুমানের সহিত যুদ্ধ করিবার জন্য তৎ-ক্ষণাৎ মন্ত্রিকুমারগণকে নিয়োগ করিলেন !

পঞ্চত্বারিংশ সর্গ।

অনন্তর অগ্নিকম্প মন্ত্রিকুমারগণ রাক্ষসরাজ রাবণের আদেশে
যুদ্ধার্থ প্রস্তুত হইল। উহারা অস্ত্রবিদ্যায় স্থপটু এবং অস্ত্রবিৎগণের শ্রেষ্ঠ । ইহাদিগের মধ্যে সকলেই জয় জ্ঞী লাভার্থ
উৎস্কুক হইরাছে । উহারা স্থাজালজড়িত ধ্বজদণ্ডমণ্ডিত পতাকাশোভিত ও অশ্বযোজিত রথে আরোহণ পূর্ব্বক মেঘগন্তীর রবে
নির্গত হইল । বহুসংখ্য সৈন্য উহাদের সমভিব্যাহারে চলিল;
উহারা স্থাখিচিত শরাসন স্থাফানে আকর্ষণ করিতে লাগিল।
উহাদের জননীরা কিঙ্করগণের ব্যসংবাদ শ্রবণে উহাদিগেরও
জীবনে সংশারাপার ও অতিমাত্র শোকাকুল হইল।

অনন্তর ম্বর্ণালক্ষারধারী মস্ত্রিপুত্রগণ মুদ্ধার্থ পরস্পর অতিশয় সত্বর হইয়া তোরণস্থ হরুমানের সন্নিছিত হইল এবং চতুর্দ্দিক হইতেশর বর্ষণ পূর্ব্বক বর্ষাকালীন জলদের ন্যায় গভীর গর্জ্জন সহকারে বিচরণ করিতে লাগিল! তখন মহাবীর হনুমান উহা-দিগের শরজালে সমাচ্ছন্ন হইয়া বৃষ্টিপাতে শৈলরাজ হিমাচলের ন্যায় অদৃশ্য হইলেন এবং রাক্ষসগণের শর ও রথবেগ বিফল করিয়া মহাবেগে নির্মাল গগনে বিচরণ করিতে লাগিলেন! বায়ু যেমন আকাশে সুরধনুশোভিত মেঘের সহিত ক্রীড়া করে,
দেইরপ তিনি ঐ সমস্ত ধনুর্ধারী বীরের নহিত ক্রীড়া করিছে
লাগিলেন । পরে যোর সিংহনাদে সমস্ত রাক্ষদকে চকিত ও
ভীত করিয়া মন্ত্রিকুমারদিগের উপর বেগ প্রদর্শনে প্রবৃত্ত হইলেন। তিনি কোন বীরকে চপেটাঘাত, কাহাকে মুটিপ্রহার,
এবং কাহাকেও বা খর নখরে ক্ষত বিক্ষত করিলেন। কোন
বীরকে বক্ষের আঘাতে এবং কাহাকেও বা প্রবল উক্রেগে
বিনফী করিলেন। অনেকে তাঁহার সিংহনাদ সহ্য করিতে
না পারিয়া ধরাশায়ী হইতে লাগিল।

তদ্দর্শনে সৈন্যাগ অতিমাত্র ভীত হইয়া চতুর্দ্ধিকে পলায়ন করিতে লাগিল; মাতকেরা বিশ্বতম্বরে চীৎকার আরম্ভ করিল; অহা সকল ভূপৃষ্ঠে পতিত হইল; রথের ভগ্ন নীড়, ভগ্ন ধ্বজ্ন, ও ছিম ছত্রে রণম্থল আচ্ছম হইয়া গেল এবং সর্বাত্র রক্তনদী প্রবল বেগে বহিতে লাগিল! হন্তুমানও যুদ্ধার্থ পুনর্বার ভোরণে আরোহণ করিলেন।

यहेठवां तिश्य मर्ग।

অনম্ভর রাবণ মন্ত্রিপুত্রগণের বধসংবাদ পাইয়া ধৈর্য্যহ-কারে চিত্তবিকার সম্বরণ করিলেন ৷ পরে বিরূপাক্ষ, যূপাক্ষ, দুর্ধর্য, প্রাঘষ, ও ভাসকর্ণ এই পাঁচজন নীতিনিপুণ সেনা-পতিকে সম্বোধন করিয়া কহিলেন, সেনাপতিগণ! ভোমরা চতুরক সৈন্য লইয়া যুদ্ধার্থ শীদ্রই নির্গত হও এবং সেই বানরকে গিয়া যথোচিত শাসন কর। দেখ, ভোমরা উহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া সাবধান হইও এবং দেশকাল বুঝিয়া কার্য্য করিও। আমি উহার ভাব গতিকে বুঝিলাম, সে সামান্য বানর নছে, সে মহাবল পরাক্রান্ত অন্য কোন জীব হইবে! বীরগণ! উহাকে বানরজাতি বলিয়া কিছুতেই আমার হৃৎ-প্রত্যয় হইতেছে না ৷ বোধ হয়, সুররাজ ইন্দ্র আমার কোন অনিষ্ট করিবার অভিপ্রায়ে উহাকে ভপোবলে সৃষ্টি করি-য়াছেন। আমি ত অনেক বার তোমাদিগের সাহায্যে সুরাস্থর নাগ যক্ষ গন্ধর্ম ও মহর্ষিগণকে পরাজয় করিয়াছি, একণে

তাহারা অবশাই আমাদিগের কিছু অনিষ্ট করিতে পারে! এক্ষণে এই বিষয়ে আর কিছুমাত্র সন্দেহ নাই, তোমরা অচি-রেই ঐ বানরকে বল পূর্বক বাঁধিয়া আন ৷ তোমরা চতুরক দৈন্য সম্ভিব্যাহারে এখনই যাও এবং উহারে দমন করিয়া আইস। ঐ ভীমবিক্রম মহাবীরকে উপেক্ষা করা সঙ্গত নহে। আমি ইতিপূর্ব্বে অনেকানেক বানর দেখিয়াছি; মহাবল বালী, স্থাীব, জাম্ববান, সেনাপতি নীল ও দ্বিবিধ প্রভৃতি বানরকে দেখিয়াছি, কিন্তু তাহাদিগের গতিশক্তি ইহার মত নয়, তাহাদিগের তেজ বলবীর্য্য বুদ্ধি ও উৎসাহও এরপ নয় এবং তাহারা স্বেচ্ছাক্রমে এই প্রকার দীর্ঘ আকারও ধারণ করিতে পারে না ৷ নিশ্চয়, আর কোন জীব বানররূপে উপ-স্থিত হইয়াছে। এক্ষণে তোমরা যত্ন সহকারে উহাকে শাসন করিও ৷ সুরাস্থর মানব রণম্বলে ভোমদের অত্রো ভিষ্ঠিতে পারে না সভ্য, তথাপি ভোমরা জয়ী হইবার জন্য সাবধানে আপনাকে রক্ষা করিও। দেখ, যুদ্ধসিদ্ধি যে কোন্পক্ষে হয় ইহার কিছুই স্থিরতা নাই, স্বভরাং সর্বদা সতর্ক হওয়াই আবশ্যক 1

তথন মন্ত্রিকুমারগণ প্রভুর আদেশমাত্র জ্বলম্ভ অগ্নিসম তেজে নির্গত হইল। উহাদিগের সহিত বহুসংখ্য রথ, মত হস্তী, মহাবেগ অশ্ব, এবং শস্ত্রধারী সৈন্য সকল চলিল।

এ দিকে মহাবীর হরুমান প্রচণ্ড দিবাকরের ন্যায় খর-তেজে তোরণের উপর উপবিষ্ট আছেন। তিনি মহাবুদ্ধি মহাকায়; তিনি মুদ্ধোৎসাহে পূর্ণ হইয়া তোরণের উপর উপবিষ্ট আছেন ৷ ইত্যবসরে মন্ত্রিকুমারের। উহাঁকে দেখিতে পাইয়া উহাঁর চতুর্দিকে দণ্ডায়মান হইল এবং ভীষণ অস্ত্র শস্ত্র লইয়া উহাঁকে আক্রমণ করিল। মহাবীর হ্রদ্ধর, হনুমানের মস্তক লক্ষ্য করিয়া স্বর্ণফলক পদ্মপলাশকল্প স্থতীক্ষ্প পাঁচ শর প্রয়োগ করিল। হরুমানও ঐ সমস্ত শরে বিদ্ধ হইবামাত্র ঘোর গর্জ্জনে দশ দিক প্রতিধানিত করিয়া নভোমগুলে উথিত হইলেন। অনস্তুর হর্দ্ধর শর বর্ষণ পূর্ব্বক উহাঁর সন্নিহিত হইতে লাগিল। হনুমান এক হৃষ্কার পরিত্যাগ করিয়া উহাকে নিবারণ করিলেন এবং উহার শরনিকরে নিপীডিত হইয়া সিংহনাদ সহকারে বর্দ্ধিত হইতে লাগিলেন। পরে তিনি এক লক্ষে সহসা বহুদূরে উত্থিত হুইয়া পর্বতে যেমন বিদ্যুৎপাত হয় সেইরপ ছন্ধারের রখে মহাবেগে পতিত হইলেন ৷ রখ তৎক্ষণাৎ আটটি অশ্ব অক্ষও কুবরের সহিত চুর্ব হইয়া राल, इर्द्धत ७ विवर्षे इरेशा त्रामाशी रहेल।

অনস্তর হরুমান পুনর্কার গগনতলে উপিত হইলেন ৷ ইত্যবসরে বিরূপাক্ষ ও মুপাক্ষ কোধাবিষ্ট হইয়া উহঁার সমিহিত হইল এবং উহার বক্ষে মহাবেগে তুই মুদ্ধার প্রহার করিল। হরুমান উহাদের মুদার ব্যর্থ করিয়া বিহুগরাজ গরুড়ের ন্যায় মহাবেণে পুনর্কার ভূতলে অবতীর্ণ হইলেন, এবং এক শাল বৃক্ষ উৎপাটন পূর্বেক উহাদের মন্তক চুর্ণ করিয়া দিলেন।

পরে মহাবল প্রঘষ হাস্তমুখে মহাবীর হরুষানের সমিহিত হইল। ভাসকর্ণও ক্রোধভরে শূল ধারণ এবং উহাঁর পার্শ্ব
আক্রমণ পূর্বক দাঁড়াইল। প্রঘষ উহাঁর প্রতি পিটিশ এবং
ভাসকর্ণ শূল নিক্ষেপ করিল। হরুমান ও পিটিশ ও শূলের
আঘাতে ক্ষত বিক্ষত হইলেন, তাঁহার সর্বাক্ত হইতে শোণিতশ্রাব হইতে লাগিল, এবং কান্তিও নবোদিত স্থর্যের ন্যায়
রক্তবর্ণ হইয়া উচিল। পরে তিনি ক্রোধভরে এক গিরিশৃক্ত
উৎপাটন পূর্বক উহাদিগকে প্রহার করিলেন। উহারাও
তিলপ্রমাণ চূর্ণ হইয়া রণশায়ী হইল।

তখন হনুমান হতাবশিষ্ট সৈন্যসংহারে প্রায়ত্ত হইলেন।
তিনি অশ্ব দারা অশ্ব, হস্তী দারা হস্তী, এবং পদাতি
দারা পদাতি বিনষ্ট করিতে লাগিলেন। রণক্ষেত্র হস্তী অশ্ব
ও রাক্ষসের মৃতদেহে আচ্চম এবং ভগ্নরথে পরিপূর্ণ হইয়া
গেল। হনুমানও সংহারোদ্যত ক্তান্তের ন্যায় পুনর্কার
ভোরণে আরোহণ করিলেন!

সপ্তচত্বারিংশ সর্গ।

অন্তর রাবণ সেনাপতিগণ সলৈন্যে স্বাহনে বিন্ট হইয়াছে শুনিয়া সমুখীন কুমার অক্ষের প্রতি দৃষ্টিপাত করিলেন। অক্ষ অত্যম্ভ যুদ্ধোৎসাহী, তিনি যুদ্ধ করিবার জন্য একান্ত সমুৎস্থক হইয়াছিলেন! তিনি রাবণের ঈক্ষিত প্রাপ্ত হইবামাত্র তৎক্ষণাৎ তুত তুতাশনের ন্যায় উত্থিত হইলেন এবং তৰুণসূর্য্যকান্তি স্বর্ণজাল-বেফিত রথে আরোহণ ও স্বর্ণখচিত শরাসন গ্রহণ পূর্বক নির্গত হইলেন ৷ তাঁহার রথ তপঃপ্রভাবলব্ধ পতাকাসজ্জিত ও রত্বধ্বজে শোভিত; আটটী অশ্ব বায়ুবেগে উহা বহন করিতেছে; উহা ব্যোমচর, ও অন্ত্রপূর্ন। ঐ রথের আর্ট দিকে ফলকোপরি স্থতীক্ষ খড়াা স্বর্জ্রতে লম্বিত আছে এবং যথাস্থানে তুণ শক্তি ও ভোমর চন্দ্রহর্য্যের ন্যায় জ্বলিভেছে। উহা স্করাস্থরের অধ্বয় ও বিহ্যতবৎ উজ্জ্বল। দেববিক্রম কুমার অক্ষ উহাতে আরোহণ পূর্বক যুদ্ধার্থ নির্গত ছইলেন। অশ্বের ছেষা, হস্তীর বৃংছিভ, ও রথের ঘর্ষর শব্দে পৃথিবী ও অন্তরীক্ষ প্রতিধানিত হইয়া উঠিল; তিনি সদৈন্যে হরুমানের নিকট উপস্থিত হইলেন। তখন ঐ মহাবীর ভোরণে উপবিষ্ট হইয়া সংহারোদ্যত প্রলম্নবছুর ন্যায় দীপ্তি

পাইতে ছিলেন। তিনি অক্ষকে দেখিতে প্রাইলেন। উহাঁকে দেখিবামাত্র তাঁহার মনে যুগপৎ বিশ্বয় ও আদরবৃদ্ধি উপশ্হত হইল। তৎকালে কুমার অক্ষও উহাঁকে সিংহবৎ ক্রুর চক্ষে পাদরে দেখিতে লাগিলেন। তিনি উহাঁর বেগ বিক্রম এবং স্থীয় শক্তি পর্য্যালোচনা করিয়া প্রলয়স্থর্যের ন্যায় তেজে বর্দ্ধিত হইলেন। তাঁহার কোধ প্রদীপ্ত হইয়া উঠিল। হনুমান অত্যন্ত ত্র্বিবার, তাঁহার বলবীর্য্য দর্শনযোগ্য; রাজকুমার অক্ষ স্থিরভাবে দণ্ডায়মান হইয়া তিন শরে তাঁহাকে সংগ্রামার্থ সক্ষেত করিলেন। হনুমান রণগর্বিত, যুদ্ধশ্রান্তি তাঁহাকে স্পর্ণ করিতে পারে না, তিনি শক্তম্বয়ে স্থপটু; কুমার অক্ষ নির্বি-মেষলোচনে উহাঁকে দেখিতে লাগিলেন।

অনস্তর ঐ উপ্রপৌকষ বীর যুদ্ধার্থ হরুমানের নিকটস্থ হইলেন ৷ উভয়ের অনুপম সমাগম দেবাস্থরগণেরও মনে ভয় সঞ্চার করিয়া দিল ৷ উহাঁদের বীর্য্যপ্রবৃত্ত যুদ্ধ উপস্থিত দেখিয়া প্রাণিগণ আর্ত্তনাদ করিতে লাগিল, স্থ্যা নিস্প্রভ হই-লেন, বায়ু স্থির ও নিশ্চল, পর্বতে বিচলিত হইয়া উঠিল, আকাশ প্রতিধ্বনিত হইতে লাগিল এবং সমুদ্রও যার পর নাই ক্ষুভিত হইলেন ৷ কুমার অক্ষ সমরদক্ষ; তিনি লক্ষ্য দর্শন শরসন্ধান ও শরমোচনে বিলক্ষণ স্থপটু, তাঁহার ক্রোধ্বেগ ক্রমশঃ বন্ধিত হইতে লাগিল, তিনি স্বর্ণপুঞ্বশোভিত স্পাকার তিন শরে হনুমানের মন্তক বিদ্ধু করিলেন । তখন হনুমানের মন্তক হইতে ক্ষিরধারা বহিতে লাগিল, নেত্রদ্বয় বির্ত্ত হইরা গেল ; তিনি নবোদিত সুর্য্যের ন্যায় শোভা ধারণ করিলেন।

অনম্ভর ঐ মহাবীর, রাবণকুমার অক্ষকে নিরীক্ষণ পূর্বক অত্যম্ভ হাষ্ট হইলেন এবং যুদ্ধে প্রবৃত্ত হইবার ইচ্ছায় দেহবৃদ্ধি করিতে লাগিলেন ৷ তিনি মধ্যাক্ষ্র্য্যের ন্যায় তুর্নিরীক্ষ্য ; তাঁহার ক্রোধ উদ্বেল হইয়া উঠিল; তিনি দৃষ্টিপাতে বল বাহনের সহিত অক্ষকে যেন দগ্ধ করিতে লাগিলেন ৷ মহাবল অক্ষ যেন বর্ষার মেঘ, তাঁহার শরাসন যেন ইত্রেণনু, তিনি হনু-মানের দেহপর্কতে অনবরত শরবৃষ্টি করিতে লাগিলেন ৷ তাঁহার বিক্রম অভিপ্রচণ্ড এবং ভেজ নিভান্ত হুঃসহ; হরুমান উহাঁকে নিরীক্ষণ করিয়া মহাহর্ষে মেঘগম্ভীর রবে ঘোর সিংহনাদ করিতে লাগিলেন ! রাজকুমার অক্ষ বালকস্বভাব, বলগর্মিত, তাঁহার নেত্রযুগল রোষভরে আরক্ত হইয়াছে, তিনি হন্ত্রী যেমন তৃণাচ্ছন্ন কুপের তদ্ধপ ঐ অপ্রতিমবল হনুমানের নিকটস্থ হইলেন এবং তাঁহাকে লক্ষ্য করিয়া অনবরত শর-বৃষ্টি করিতে লাগিলেন ৷ মহাবীর হনুমান ভদ্মিকিপ্ত শরে আহত হইয়া খোর রবে সিংহনাদ করিলেন এবং বাছ ও উৰু নিক্ষেপ পূৰ্ব্বক বিকটাকারে উৎসাহের সহিত নভোমওলে উত্থিত হইলেন। রাক্ষসবীর অক্ষ উহাঁর প্রতি ধাবমান হই-

লেন এবং মেঘ যেমন পর্ব্ধতোপরি শিলার্ফি করে সেইরপ নিরবচ্ছিন্ন শর নিক্ষেপ করিতে লাগিলেন। ভীমবল হরু মান মনোবৎ শীত্রগামী, তিনি শর্রনিকরের অন্তরে বায়ুবৎ নিপ-তিত হইয়া গগনে বিচরণ করিতে প্রবৃত্ত হইলেন। অক্ষের শরক্ষেপও ব্যর্থ হইতে লাগিল।

অনন্তর হরুমান সবহুমানে উহাঁর প্রতি দৃষ্টিপাত করিলেন, এবং তৎকালে কিরপ বিক্রম প্রকাশ করা আবশ্যক, মনে মনে কেবল এই চিন্তাই করিতে লাগিলেন। ইত্যবসরে সহসা অক্ষের শর মহাবেগে আসিয়া উহাঁর বক্ষ বিদ্ধ করিল ৷ হরুমান অত্যম্ভ নিপীড়িত হইয়া ঘোরতর দিংহনাদ করিলেন ৷ তিনি সমরদক্ষ, ভাবিলেন, এই বীর তরুণসূর্য্যকান্তি ও বালক, তথাচ ইনি প্রোতের ন্যায় বিলক্ষণ বীরত্ব প্রদর্শন করিতেছেন! যুদ্ধ-বিদ্যায় ইহাঁর দক্ষতা আছে, কিন্তু এক্ষণে ইহাঁকে বিনাশ করিতে আমার কিছুমাত্র অভিলাষ নাই! ইনি মহাবল সাবধান ও ক্লেশসহিষ্ণু; নাগ যক্ষ ও মুনিগণও ইহাঁর বলবীর্য্যের উৎকর্ষ দেখিয়া বিশ্বিত হন! ইনি অত্যন্ত ক্ষিপ্রকারী, এক্ষণে আমার সম্ব্যবর্ত্তী হইয়া আমার প্রতি অকাতরে ঘন ঘন দৃষ্টিপাত করিতেছেন ৷ বলিতে কি, ইহাঁর পোৰুষে স্থরাস্থরেরও ত্রাস জন্মে ৷ যদি আমি ইহাঁকে উপেক্ষা করি তাহা হইলে নিশ্রয় পরাভূত হইব। আরও এই বীরের বিক্রম ক্রমশই বদ্ধিত হইতেছে, স্নতরাং ইহাঁকে বধ করাই শ্রেয়; বর্দ্ধনশীল অগ্নিকে উপেক্ষা করা উচিত নহে !

মহাবীর হনুমান এইরপে বিপক্ষের বলাবল অবধারণ এবং আপনার কর্মযোগ উত্তাবল পূর্বক কুমার অক্ষকে বিনাশ করিতে অভিলাষী হইলেন ৷ অক্ষেশ আটী অশ্ব অত্যন্ত ভারসহ এবং মণ্ডলপরিভ্রমণে স্থদক্ষ, হনুমান এক চপেটাঘাতে তৎসমুদায় বিনষ্ট করিয়া রথোপরি এক মুফি-প্রহার করিলেন ৷ রথ তৎক্ষণাৎ ভূমিসাৎ হইল, উহার নীড়ভগ্ন ও কুবর চূর্ন হইয়া গেল ৷ তখন মহাবীর অক্ষ ভূতলে অবতরণ করিলেন এবং এক স্থশাণিত অসি ধারণ পূর্বক নভোমগুলে উন্থিত হইলেন ৷ তদ্দু ফে বোধ হইল যেন, কোন মহাতপা ঋষি তপোবলে দেহত্যাগ করিয়া স্বর্গে গমন করিতেছেন !

তখন বায়ুবিক্রম হনুমান 'ঐ ব্যোমচারী বীরের পদবুগল স্থান্তরপে গ্রহণ করিলেন এবং বিহুগরাজ গরুড় যেমন দর্পকে বিঘূর্নিত করিয়া ভূপৃষ্ঠে নিক্ষেপ করেন, তিনি তদ্রপ উহাকে বারংবার বিঘূর্নিত করিয়া মহাবেগে ভূতলে নিক্ষেপ করিলন । অক্ষের ভূজদ্বয় ভগ্ন হইল, উরু কটী ও বক্ষ এককালে চুর্ণ হইয়া গেল, সর্বাক্ষে রুধিরধারা বহিতে লাগিল, অস্থি নিচ্পিষ্ট হইল, চক্ষের চিহুমাত্র রহিল না এবং সন্ধিবন্ধনও

বিশ্লিষ্ট হইয়া গেল; তিনি তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া রণশায়ী হইলেন !

তথন ইক্রাদি দেবগং এবা যক্ষ উরগ মহর্ষি ও গ্রহণণ এই
ব্যাপার প্রত্যক্ষ করিবা সবিশ্বর হরুমানকে দেখিতে লাগিলেন ৷ বহাবী হরুমান ব গুনর্ফার সংহারোদ্যত ক্ষতান্তের
স্যায় তোরণে আরোহণ করিলেন ৷

অফ্টচত্বারিংশ সর্গ।

অন্তর রাক্ষ্মরাজ রাবণ অফের নিধন সংবাদ প্রাপ্ত হইবা-মাত্র অতিমাত্র ভীত হইলেন এবং বৈর্য্যবলে চিত্তবিকার সংবরণ পূর্মক সরোঘে হুরপ্রভাব ইন্দ্রজিৎকে কহিতে লাগিলেন, বৎস! তুমি বীরপ্রধান, স্ববীর্য্যে স্করাস্থগণকেও শোকাকুল করিয়া থাক; তুমি প্রজাপতি ব্রন্ধার প্রসাদে ব্রন্ধান্ত লাভ করিয়াছ; দেবগণ বারংবার ভোমার বলবীর্ষ্যের পরিচয় পাইয়া-ছেন, উহাঁরা ইন্দ্রের আশ্রয়ে থাকিয়াও রণস্থলে তোমর অস্ত্র-বল সহা করিতে পারেন নাই। বীর! কেবল তুমিই যুদ্ধশ্রমে কাতর হও না; তুমি স্বীয় ভুজবলে রক্ষিত, এবং স্বীয় তপো-বলে রক্ষিত, দেশকাল ভোমার নিকট কদাচ উপেক্ষিত হয় না; তুমি ধীমান; মুদ্ধে তোমার অসাধ্য কিছুই নাই, তুমি বুদ্ধিবলে সমস্তই সমাধান করিতে পার; তোমার অন্তবল ও বল জ্ঞাত নহে ত্রিলোকে এরপ লোকই অপ্রসিদ্ধ; তোমার তপস্তা বিক্রম ও শক্তি সর্বাংশে আমারই অনুরূপ, সন্দেহ নাই; সঙ্কট যুদ্ধেও তুমি জয়ী হইবে এই আশ্বাদে মন ভোমার জন্য ক্লান্ত হয় না ৷ বৎস ! একণে কিকরগণ নিহত হইয়াছে ;

রাক্ষম জান্ব মালী, পঞ্চ দেনাপতি, এবং মন্ত্রিকুমারগণ দেহপাত করিয়াছে বহুসংখ্য দৈন্য এবং হস্তা অশ্ব রথ নম্ট হইয়াছে 1 বীর মহোদর, এবং কুমার অক্তও রণশ্য্যায় শ্যুন করিয়াছেন; কিন্তু দেণ, আমি যেমন ভোমার প্রতি সেইরূপ উহাদের প্রতি কোন অংশে নির্ভর করি না। এক্ষণে তুমি এই সৈন।ক্ষয়, বানরের বিক্রম এবং নিজের শক্তি অনুধাবন পূর্বক কার্য্য কর ৷ তুমি যুদ্ধ আরম্ভ করিয়া যেরূপে শক্রশান্তি হয়, স্বপক্ষ ও পরপক্ষের বলাবল বুঝিয়া সেইরূপই করিও! আরও আমি তোমায় নিবারণ করি, তুমি সলৈন্যে যাইও না; উহারা ঐ বানরের হস্তে দলে দলে বিনফী হইতেছে। বজ্রসার অস্ত্রও গ্রহণ করিও না, ঐ অগ্নিকল্প বানরের শক্তি অপরিচ্ছিন্ন, সে অস্ত্রের বধ্য নহে ৷ এক্ষণে আমি তোমাকে যেরপ কহিলাম, তুমি তাহা সবিশেষ বুঝিয়া দেখ, এবং মুদ্ধসিদ্ধি বিষয়ে যত্নবান হও ৷ বিবিধ দিব্যান্তে ভোঁমার অধিকার আছে ভুমি ভাহা স্মরণ কর এবং আত্মরক্ষায় সাবধান হও। বীর! আমি যে ভোমায় সঙ্কটে পাঠাইতেছি ইহা আমার অনুচিত, কিন্তু এইরূপ ব্যবস্থা ক্ষত্রিয় ও আমাদিগের অনুমোদিত ৷ শত্রুর যে যে শাস্ত্রে দৃষ্টি আছে এবং তাহার যেরূপ সমরপটুতা ইহা অনুসন্ধান করা যোদ্ধার আবশ্যক এবং তদ্বিষয়ে কৃতকার্য্য হইয়া জয়লাভে যত্ন করা কর্ত্তব্য l

তখন সুরপ্রভাব ইক্রজিৎ পিতা রাবণের আজ্ঞা প্রাপ্ত হইবামাত্র যুদ্ধযাত্রা করিবার অভিপ্রায়ে তাঁহাকে প্রদক্ষিণ করি-সভাস্থ আত্মীয় স্বজন উহাঁকে বারংবার সাধুবাদ প্রদান করিতে লাগিল। ইব্রুজিৎ সমরোৎসাহে উন্মত্ত হইয়া উঠিলেন ৷ ভাঁহার রথ তীক্ষদশন ভীমবেগ ভুক্তকতভুষ্টয়ে যোজিত হইয়া আনীত হইল। ঐ মহাবীর ভত্নপরি আরো-হণ পূর্বক পর্বকালীন সমুদ্রের ন্যায় মহাবেগে নির্গত হইলেন ৷ উহাঁর রথের ঘর্ঘর রব এবং শরাসনের টক্কার শব্দ শ্রবণ করিয়া হনুমানের মনে অত্যন্ত হর্ষ উপস্থিত হইল। ইন্দুজিৎও উহাঁকে লক্ষ্য করিয়া মহাবেগে গমন করিতে লাগিলেন। তিনি হাউমনে নির্গত হইলে, দশ দিক অন্ধকারে আবৃত হইল; শুগালগণ চীৎকার করিতে লাগিল; নাগ যক্ষ মহর্ষি সিদ্ধ ও গ্রহণণ সমাগত হইয়া কোলাহল আরম্ভ করিলেন, এবং পক্ষিগণ নভোমওল আচ্ছন্ন করিয়া পুলকিত মনে কলরব করিতে প্রবৃত্ত হইল।

তখন হনুমান ইন্দ্রজিৎকে উপস্থিত দেখিয়া সিংহনাদ করিতে লাগিলেন। তাঁহার কলেবর বর্দ্ধিত হইয়া উঠিল। ইন্দ্রজিতের হস্তে বিপ্লাতবৎ উজ্জ্বল বিচিত্র শরাসন; তিনি ভীমরবে উহা আক্ষালন করিতে লাগিলেন। ঐ গ্রই বীর মহা-বল ও মহাবেগ; উহাঁদের মন মুদ্ধভয়ে কিছুমাত্র অভিভূত হয় নাই; বোধ হইল যেন, দেবাস্থরের অধীশ্বর পরস্পার প্রতিদ্বন্ধী হইয়া সঙ্গামে অবতীর্ণ হইয়াছেন।

অনস্তর মহাবার ইন্দ্রজিৎ হরুমানকে লক্ষ্য করিয়া শর-ক্ষেপ আরম্ভ করিলেন। হরুমান তৎসমস্ত বিফল করিয়া নভোমণ্ডলে বিচরণ করিতে লাগিলেন ৷ ইন্দ্রজিৎ তীক্ষফলক স্বর্ণপুঞ্জ শরনিকর বক্তবৎ বেগে নিক্ষেপ করিতে প্রবৃত্ত হই-लन। तगन्दल तथ्व घर्षत तर, गुनक (खती ७ পটह्त भक এবং শরাদনের টস্কার নিরন্তর শ্রুত হইতে লাগিল ৷ হতু-মান পুনর্কার উদ্ধে উন্থিত হইলেন এবং ইন্দ্রজিতের লক্ষ্য বিফল করিয়া শরপাতের অস্তবে ভ্রমণ করিতে লাগিলেন। তিনি সর্বাত্রে শরপাত্মুখে দণ্ডায়মান হন, পরে শরত্যাগ মাত্র বাহু প্রসারণ পূর্বক উদ্ধ্রে উত্থিত হইয়া থাকেন! हुरे तीत्रहे (तर्गतान, हुरे तीत्रहे ममत्रमक्ष ; ख्रुकाटल खेड्रांटनत এই ঘোরতর যুদ্ধ সকলেরই মনোমত হইতে লাগিল! উহাঁরা পরস্পারের কতদূর অন্তর কিছুই জানেন না, কিন্তু ক্রমশ উভয়ের পক্ষে উভয়েই হুঃসহ হইয়া উঠিলেন 1

তখন মহাবীর ইন্দ্রজিৎ শর সমস্ত ব্যর্থ হইতে দেখিয়া স্থির-মনে চিন্তা করিতে লাগিলেন! তিনি দেখিলেন, হনুমানকে বধ করা ত্রঃসাধ্য, কিন্তু কোন রূপে একবার নিশ্চেষ্ট হইলে উহাকে বন্ধন করা যাইতে পারে! তিনি এইরূপ সংকল্প করিয়া শরা- সনে ব্রহ্মান্ত সন্ধান করিলেন এবং উহাঁকে ব্রহ্মান্তেরও অবধ্য জানিয়া কেবল বন্ধনোদেশে উহা প্রয়োগ করিলেন। তখন হর্মানের করচরণ নিবদ্ধ হইল। তিনি নিশ্চেট হইয়া ভূতলে পতিত হইলেন। ব্রহ্মান্ত রহ্মান উহা দারা বন্ধ হইয়াও ব্রহ্মার মহিমায় নির্ভয় হইলেন এবং আপনার প্রতি ব্রহ্মার বরদানরপ অনুগ্রহ পুনঃপুনঃ চিন্তা করিছে লাগিলেন। তিনি ভাবিলেন, চরাচরগুরু ব্রহ্মার প্রভাবে এই অন্ত হইতে মুক্তি লাভ করা আমার অসাধ্য। স্ক্তরাং ক্ষণ-কালের ক্রম্য আমাকে এই বন্ধনদশা সহ্য করিতে হইবে।

তখন হনুমান এই স্থির করিয়া মনে মনে অস্ত্রবল বিচার করিলেন, আপনার প্রতি ব্রন্ধার অনুগ্রহ স্মরণ করিতে লাগিলেন এবং অচিরভাবিনী বন্ধনমুক্তিও বুঝিতে পারিলেন। তিনি এই সমস্ত আলোচনা করিয়া ব্রন্ধার শাসন শিরোধার্য্য করিয়া রহিলেন। তিনি আরও ভাবিলেন, ব্রেন্ধা ইন্দ্র ও বায়ু আমাকে নিরস্তর রক্ষা করিতেছেন, এই জন্য আমি ব্রন্ধান্তে বদ্ধ হইলেও নির্ভয়ে নিপতিত আছি। আরও এক্ষণে যদি রাক্ষসেরা আমাকে গ্রহণ করে ইহাতে আমার পক্ষে বিস্তর উপকার দর্শিবে; এই প্রসঙ্গে আমি রাবণের সহিত কথোপকথন করিয়া লইব। স্কুতরাং শাক্ষপক্ষ আমাকে এখনই গ্রহণ করক।

অনন্তর রাক্ষসেরা হরুমানের নিকটস্থ হইয়া উহাকে বল
পূর্ব্বক গ্রহণ করিল এবং নানা রূপ কট্ ক্তি প্রয়োগ সহকারে
উহাঁকে ভর্মনা করিতে প্রয়ত্ত হইল। হরুমান সমীক্ষাকারী,
তিনি নিশ্চেষ্ট হইয়া চীৎকার করিতে লাগিলেন। তখন
রাক্ষসগণ শণ ও বলকলের রজ্জু দ্বারা উহাঁকে বন্ধন করিল।
হরুমান মনে করিলেন, যদি রাবণ কোতৃহলক্রমে একবার
আমাকে দেখিবার বাসনা করেন ভাহা হইলে আমার উদ্দেশ্য
অনেকাংশেই স্থাসিদ্ধ হইবে। তিনি এইরপ সংকল্প করিয়া
প্রাবল বন্ধন ও ভর্মনা সহ্য করিতে লাগিলেন।

ইত্যবসরে তিনি সহসা একাস্ত হইতে উন্মৃক্ত হইলেন। মন্ত্রবন্ধন অপর কোন রূপ বন্ধনের সংশ্রবে থাকিতে পারে না।
তদ্ফে মহাবীর ইন্দ্রজিৎ অত্যন্ত চিন্তিত হইলেন। মনে
করিলেন, রাক্ষসগণ মন্ত্রগতি কিছুমাত্র বুঝিল না, আমি যে
ছক্ষর সাধন করিলাম তাহা সম্পূর্ণই পও হইয়া গেল; এই অস্ত্র দ্বিতীয়বার প্রয়োগ করিলে কোন ফল দর্শিবে না, স্তরাং
আমাদিগের জয়লাভে বিলক্ষণ ব্যাঘাত ঘটিল। এক্ষণে হনুমান
নিবদ্ধ হইয়া আরুষ্ট ও নিপীড়িত হইতেছে, কিন্তু আপনার
বেকান্তর্মুক্তি কিছুমাত্র প্রকাশ করিতেছে না।

অনস্তর কালমুষ্টি ক্র রাক্ষসগণ হরুমানকে আকর্ষণ পূর্বক প্রহার করিতে লাগিল। রাবণ সভাস্থলে পাত্রমিত্রের সহিত ক্ষণ করিলেন এবং উহাঁর তেজে বিমোহিত হইয়া চিন্তা করিতে লাগিলেন, এই বীরের কি রূপ! কি ধৈর্যা! কি শক্তি! কি কান্তি! সর্কান্ধে কি স্থলক্ষণ! যদি অধর্ম ইহাঁর বলবৎ না হইত তাহা হইলে ইনি স্থরলোক অধিক কি ইন্দেরও রক্ষক হইতেন। ইহাঁর কার্য্য ক্রের ও কুৎসিত, এই কারণে স্থরাস্থ্য দানবও ইহাঁকে দেখিলে ভীত হইয়া থাকেন। এই মহাবীর কোধাবিফ হইয়া জ্বাৎকে সমুদ্রে প্লাবিত করিতে পারেন।

পঞ্চাশ সর্গ।

তখন রাবণ তেজন্বী হনুমানকে সমুখে নিরীক্ষণ পূর্ব্বক ক্রোধে অধীর হইরা উঠিলেন, তাঁহার মনে নানারপ শঙ্কা উপ-ন্থিত হইতে লাগিল, তিনি মনে করিলেন, পূর্ব্বে যিনি আমার উপহাসে ক্রেল্ল হইরা, আমাকে গিরিবর কৈলাসে অভিশাপ দেন, এই মহাবীর কি সেই ভগবান নন্দী, তিনিই কি বানররূপে এই স্থানে আসিয়াছেন, অথবা ইনি স্বরং অসুরুরাজ বাণ।

রাবণ এইরপ বিভর্ক করিয়া রোষক্যায়িত লোচনে মন্ত্রী প্রহন্তকে কহিলেন, দেখ, এ হুরাত্মাকে জিজ্ঞাদা কর, ও কোথা হুইতে কি জন্য আদিয়াছে? বন ভগ্ন করিবার কারণ কি? আমার এই পুরী নিভাস্ত হুর্গম, ইহার মধ্যে কোন্ উদ্দেশে উপ-স্থিত হুইয়াছে? এবং রাক্ষ্দগণের সহিত মুদ্ধ করিবারই বা হেতু কি?

তখন প্রহন্ত রাবণের আদেশে হরুমানকে কহিলেন, বানর!
তুমি আশ্বস্ত হও, সত্য বল, ইন্দ্র তোমাকে এই লঙ্কাপুরীতে
প্রেরণ করিয়াছেন কি না? ভন্ন নাই, এখনই তোমার বন্ধনমুক্তি হইবে। বল, তুমি কুবের যম না বহুণের দৃত? তুমি

কি ভাঁছাদেরই নিয়োগে বানররূপে প্রচ্ছন্ন হইয়া পুরপ্রবেশ করিয়াছ? না জয়লাভার্থা বিষ্ণু ভোমাকে পাঠাইয়াছেন? তুমি রূপমাত্রে বানর, কিন্তু ভোমার ভেজ বানরজাভির অনুরূপ নহে। তুমি সভ্য বল, এখনই ভোমার বস্ত্রনমুক্তি হইবে। মিখ্যা কহিলে নিশ্চয়ই প্রাণদণ্ড করিব; বল, তুমি কি নিমিত্ত এই স্থানে আসিয়াছ?

তখন হুমান রাবণকে কহিতে লাগিলেন, রাক্সরাজ! আমি ইন্দ্র, বম, ও বকণের প্রাক্তর্মধারী চর নহি, কুবেরের সহিত আমার সখ্যতা নাই, এবং ভগবান বিষ্ণুও আমাকে প্রেরণ করেন নাই। আমি বানরজাতি, প্রাকৃত বানরই তোমায় দেখি-বার জন্য এই স্থানে উপস্থিত হইয়াছে। কিন্তু আমি দেখিলাম, ভোমার সহিত সাক্ষাৎ করা নিতান্ত চুক্ষর, এই জন্য প্রমদ বন ভগ্ন করিয়াছি। পরে রাক্ষসগণ যুদ্ধার্থা হইয়া আমার নিকট গমন করে, আমিও আত্মরক্ষার্থ প্রতিযুদ্ধে প্রবৃত্ত হই। এক্ষার বরে দেবাহরগণও আমার অন্তপাশে বন্ধন করিতে পারেন না: কিন্তু ভৌমারে দেখিবার প্রভ্যাশায় যেন বন্ধ রহিলাম। পরে রাক্ষ্মেরা আমাকে লইয়া ভোমার নিকট উপস্থিত হইল। আমি মহাবীর রামের দৃত, একণে আমি ভোমার হিতার্থ যাহা কহিতেছি, শ্রবণ কর।

একপঞ্চাণ সর্গ।

রাজন্! আমি কপিরাজ স্থাীবের আদেশক্রমে ভোমার নিকট আসিয়াছি। ভোমার ভ্রাতা স্থগ্রীব ভোমাকে কুশল জিজ্ঞাসিয়াছেন। তিনি তোমার ঐহিক ও পারত্রিক শুভসং-কল্পে ত্রেমাকে যেরপ কহিয়াছেন, প্রবণ কর। অ্যোধায় দশরথ নামে এক রাজা ছিলেন। তিনি পিতার ন্যায় প্রজা-গণের প্রতিপালক। রাম তাঁহার প্রিয়তর জ্যেষ্ঠ পুত্র ; তিনি পিতৃনিদেশে ভ্রাতা লক্ষ্মণ ও ভার্য্যা জানকীর সহিত দণ্ড-কারণ্যে প্রবেশ করেন! রাম অতিধার্মিক, তাঁহার পত্নী জানকী জনস্থানে অনুদ্দেশ হন। রাম ভাঁছার অন্বেযণ-প্রসঙ্গে অনুজ লক্ষাণের সহিত ঋষ্যমূক পর্বতে আগমন করেন, এবং কপিরাজ তুত্রীবের সহিত সমাগত হন। তুত্রীব জানকার অবেষণ করিয়া দিবেন, রামের নিকট এইরূপ প্রতিজ্ঞা করেন, এবং রামও ভাঁছাকে কপিরাজ্য অর্পণ করিবেন, এইরূপ প্রতিশ্রুত হন ৷ পরে তিনি একমাত্র শরে বালিকে বধ করিয়া সুত্রীবকে বানর ও ভল্ল কের আধিপত্য প্রদান করেন। রাক্ষস-রাজ! তুমি মহাবল বালিকে বিলক্ষণ জান, রাম তাঁহাকে এক শরেই সংহার করিয়া ছিলেন।

অনন্তর স্থাব জানকীর অম্বেষণে ব্যথ্য হইয়া চতুর্দ্ধিকে বানরগণকে প্রেরণ করিয়াছেন। অসংখ্য বানর জানকীর উদ্দেশ পাইবার জন্য পৃথিবী ও অস্তরীক্ষে পর্য্যটন করিতেছে ৷ উহা-দের মধ্যে কেছ বেগে গৰুড়ের তুল্য এবং কেছ বা বায়ুর অনুরূপ, উহার। অপ্রতিহতগতি ও মহাবল। আমিও জানকীর জন্য শত্যোজন সমুদ্র লজ্মন পূর্বক ভোমার দর্শনার্থী হইয়া এই স্থানে আইলাম। আমি বায়ুর ঔরস পুত্র, নাম হরুমান। আমি ইভস্ততঃ বিচরণ করিতে করিতে তোমার গ্রহে জানকীরে तिथिए शाहेलाम। ज्ञि धर्मार्थनमी, ज्लादिल धनधाना সংগ্রহ করিয়াছ, সুতরাং পরস্ত্রীকে অবরোধ করিয়া রাখা ভোমার উচিত হইতেছে না! যে কার্য্য ধর্মবিকদ্ধ ও অনিষ্ট-মূলক, তবিষয়ে ভবাদৃশ বুদ্ধিমান কখনই প্রবৃত্ত হন না। রাজন্! মহাবীর রামের অপ্রের আচরণ পূর্বক স্থী হইতে পারে ত্রিলোকে এরপ লোকই অপ্রসিদ্ধ। দেবাসুরগণ্ও রাম ও লক্ষ্মণের ক্রোধনির্মাক্ত শরের সমাুখে ভিষ্ঠিতে পারেন না। অতএব ভুমি এই ত্রিকালহিতকর ধর্মানুগত কথায় আস্থাবান ছও এবং নরবীর রামকে জানকী সমর্পণ কর। আমি এইস্থানে দেবী জানকীরে দেখিয়াছি, যাতার দর্শন নিভাস্ত হুলভি, আমি তাঁছাকেই দেখিয়াছি, অভঃপর রাম কার্য্যাবশেষ সমাধান করিবেন। জানকী অভিমাত্র

শোকাকুল, তিনি যে পঞ্চমুখ ভুজন্পীর নাায় তোমার গৃছে অব-· স্থান করিতেছেন তুমি তাহা জানিতেছনা। দেখ, আহারশক্তি-বলৈ বিষাক্ত অন্ন যেমন জীর্ণ করা যায় না, তদ্ধেপ তাঁহারে অব-ৰুদ্ধ করিয়া পরিপাক করা, সুরাম্মরগণের পক্ষেও সহজ নহে। তুমি তপোবলে দিবা ঐশ্বর্যা ও স্থদীর্ঘ আয়ু অধিকার করিয়াছ. কিন্তু পরস্ত্রীপরিপ্রহরূপ অধর্মে তাহা বিন্ট করা তোমার উচিত হইতেছে না ৷ তুমি স্বয়ং সুরাস্থরেরও অবধ্য, তদ্বিষয়ে ধর্মই কিন্তু কপিরাজ স্থগ্রীব দেব, যক্ষ, ও রাক্ষসও নহেন, তিনি জাতিতে বানর এবং মহাবীর রামও মনুষ্য, বল, তুমি কিরপে তাঁহাদিগের হইতে আত্মরক্ষা করিবে। সুখ ধর্মের ফল, তাহা অধর্মফল হুঃখের সহিত ভোগ করা নিতান্ত হুম্বর, এবং পূর্ব্দক্ত ধর্ম পরবর্ত্তী অধর্মকেও কদাচ বিলুপ্ত করিতে পারে না। রাজন্! তুমি ইভিপূর্বে যথেষ্ট স্থখ ভোগ করিয়াছ, এক্ষণে শীব্ৰই ভোমাকে বিলক্ষণ ছুংখ অনুভৰ করিতে হইবে। জনস্থানে বহুসংখ্য রাক্ষস বিনষ্ট হইয়াছে, মহাবীর বালি রণ-শায়ী হইয়াছেন. এবং রামও স্থতীবের সহিত সখ্যতা স্থাপন করিয়াছেন, এক্ষণে ভোমার পক্ষে কি শ্রেয় হইতে পারে, তুমিই তাহা চিন্তু কর ৷ দেখ, আমি একাকী হস্ত্যস্থ প্রভৃতি সমস্ত উপকরণের সহিত লঙ্কা পুরী ছারখার করিতে পারি, কিন্ত রাম এই কার্য্যে আমায় অনুজ্ঞাদেন নাই। তিনি স্বয়ংই

তাঁহার ভার্য্যাপাহারক শত্রুকে বিনাশ করিবেন, বানর ভল্লুক গণের সমক্ষে এইরূপ প্রতিজ্ঞা করিয়াছেন 1 রাক্ষসরাজ ! তুমি ত সামান্য ব্যক্তি, সাক্ষাৎ ইন্দ্রও রামের অপ্রিয় আচরণ পূর্বক स्भी इहेर्ड शारतन ना। जुमि याहारक जानकी विनिश जान, যিনি তোমার আলয়ে অবৰুদ্ধ হইয়া আছেন, তিনি স্বয়ং লক্ষানাশিনী কালরজনী, তুমি সেই সীতারূপী মৃত্যুপাশ স্বন্ধে নংলগ্ন করিয়া রাখিও না; কিনে আপনার মঙ্গল হয় এক্ষণে তাহাই চিন্তা কর। অতঃপর এই লঙ্কা জ্বানকীর তেজ ও রামের ক্রোধে নিশ্চয়ই দগ্ধ হইবে ৷ তুমি আপনার পুত্রকলত মন্ত্রীমিত্র ও প্রভূত ধনসম্পদ ফদোষে উচ্ছিন্ন করিও না। আমি জাতিতে বানর, রামের দৃত এবং রামের কিঙ্কর, সত্যই কহিতেছি, তুমি আমার বাক্যে কর্ণপাত কর। মহাবীর রাম চরাচর জগৎ সংহার করিয়া পুনর্ব্বার সৃষ্টি করিতে পারেন। তাঁহার বলবীর্য্য বিষ্ণুর তুল্য ; স্থ্রাস্থর, মনুষ্য, যক্ষ, রক্ষ, উরগ, विनाधित, भक्कर्स, मूग, मिन्न, किवत ও পক্ষীর মধ্যে এমন কেহই নাই যে তাঁহার প্রতিদ্বন্দ্বী হইতে পারে। সেই ত্রিলো-কীনাথ রাজাধিরাজের অপকার করিয়া প্রাণ রক্ষা করা, তোমার পক্ষে মুক্ঠিন হইবে ৷ ভাঁছার সহিত যুদ্ধ করিয়া উঠে, ত্রিজগতে এমন কেহ নাই, স্বয়ং চতুরানন ত্রন্ধা, ত্রিপুরাস্তক কজ এবং দেবরাজ ইন্দ্রও তাঁহার শরমুখে তিষ্ঠিতে পারেন না ৷

দ্বিপঞ্চাশ সর্গ

-000-

তখন রাক্ষ্যরাজ রাবণ হনুমানের এই সগর্ম বাক্যে যার পর নাই ক্রোধাবিষ্ট হইলেন! তাঁহার নেত্র রক্তিম রাগ বিস্তার পূর্বক বিঘুর্ণিত হইতে লাগিল! তিনি তৎক্ষণাৎ ঘাতকগণকে উহাঁর প্রাণদণ্ডের অনুজ্ঞা দিলেন ৷ হনুমান দোডো নিযুক্ত, তৎকালে বিভীষণ উহাঁর বধদও কিছুতেই জনু-মোদন করিলেন না । किन्छ রাবণ একান্ত ক্রোধাবিষ্ট হইয়াছেন, দূতবধও আসন্ন, তিনি ইহা বুঝিতে পারিয়া স্থিরভাবে ইতিকর্ত্তব্য চিন্তা করিলেন এবং পূজ্য অগ্রজকে সান্ত্রাদ পূর্মক হিতবাক্যে কহিতে লাগিলেন, রাজন্! আপনি ক্ষান্ত হউন এবং প্রাসন্নামে আমার কথায় কর্ণপাত করুন। যে সকল মহীপাল কার্ষ্যের গোরব ও লাঘব বুঝিতে পারেন দূতবধে তাঁহাদের কদাচই প্রার্ত্ত জলে না। এই কার্য্য ধর্মবিৰুদ্ধ ও ব্যবহারবিদ্বিষ্ঠ, স্কুভরাং ইছা কিছুতেই আপ-নার সমুচিত হইতেছে না! আপনি রাজনীতিনিপুণ ধর্মনিষ্ঠ ও বিচক্ষণ; যদি ভবাদৃশ লোকও ক্রোধের বশীভূত হন, ভাষা হইলে শাস্ত্রপাণ্ডিভার সমস্ত শ্রমই পণ্ড হৈইয়া যায়। এক্ষণে আপনি প্রসন্ধ হউন, এবং ন্যায়ান্যায় সম্যক্ বিচার করুন।

তখন রাবণ বিভীষণের বাকো ক্রোধাবিষ্ট হইয়া কহিলেন,
বীর! পাপিষ্ঠ ব্যক্তিকে বধ করিলে কোন অংশেই পাপ স্পর্শে
না। অতএব আমি এই রাজবিদ্রোহী বানরকে এখনই বিনাশ
করিব।

ত্থন ধীমান বিভীষণ রাবণের এই অসঙ্কত কথা প্রাবণ করিয়া, তত্ত্বোপদেশ সহকারে কহিতে লাগিলেন, রাজনু! আপনি প্রসন্ন হউন এবং আমার ধর্মার্থপূর্ণ বাক্যে কর্ণপাত কৰুন। সাধু ব্যক্তিরা কহেন যে, যে দূত প্রভুর নিয়োগ সাধনে প্রবৃত্ত হইয়াছে, তাহাকে বধ করিতে নাই। সত্য বটে, এই শক্র বিলক্ষণ প্রবল এবং ইহা দারা যথেটই অনিষ্ট হইয়াছে, কিন্তু দূতবধে কেহই অনুমোদন করিবে না। অঙ্কের বৈরূপ্য সম্পাদন, ক্যাভিঘাত ও মুওন এই সমস্ত দণ্ডের একটা বা সমগ্রই হউক, দূতের পক্ষে निर्मिष्ठ इहेश्नार्छ, किन्छ श्रीनम् कता आगता कथनह अनि नाहे। আপনি ধর্মদর্শী, কার্যা ও অকার্যা সম্ক বুঝিতে পারেন, স্ত্রাং ভবাদৃশ লোকের পক্ষে ক্রোধ নিতান্ত দূষণীয় সন্দেহ নাই; যাঁহারা সুবিজ্ঞ তাঁহারা ক্রোধকে কদাচই প্রশ্রেয় দেন না ৷ কি ধর্মবিচার, কি লোকব্যবহার, কি শাস্ত্রবোধ এই সমস্ত বিষয়ে কেহই আপিনার সদৃশ নছে, সুরাস্থরের মধ্যে আপিনিই

শ্রেষ্ঠ ৷ এক্ষণে এই বানরকে বধ করিলে আপনার কোনও ফল দর্শিবে না, যে ইহাকে নিয়োগ করিয়াছে তাহাকেই দণ্ড করা কর্ত্তব্য হইতেছে ৷ দেখুন, এই বানর অনোর প্রেরিত,অনোর কথা লইয়াই উপস্থিত হইয়াছে, এ ব্যক্তি পরাধীন, স্নুতরাং ইহাকে বধ করা স্থান্সত নহে ৷ আপনি যদি ইহাকে সংহার করেন তাহা হইলে এই লঙ্কাপুরীতে উপস্থিত হইতে পারে এরপ আর কাহাকেই দেখিতেছি না; স্কুতরাং ইহাকে বধ করিবেন না। আপনি ইন্দ্রাদি দেবগণকে নির্মূল করুন, তাহাতে আপনার বিলক্ষণ পৌৰুষ প্ৰকাশ পাইবে। আরও দেই ছুই মনুষ্যজাতীয় রাজপুত্র তুর্বিনীত ও আপনার বিরোধী, এই বানর বিন্ফ হইলে তাহাদিগকে গিয়া যুদ্ধে উদ্যত করিয়া দেয় এরপ আর কাহাকেই দেখি না 1 এক্ষণে রাক্ষদগণ বীরত্ব প্রদর্শনে উৎস্কুক হইয়া আছে, আপনি যুদ্ধের ব্যাখাত দিয়া তাহাদিগকে ক্ষুব্ধ করিবেন না। উহারা আপনার বশীভূত ভৃত্য, নিরন্তর আপনার হিতচিঙা করিয়া থাকে; তাহারা সদংশীয় ও বীরগণের অগ্রাগণ্য ! ঐ সমস্ত ক্ষতপ্রকৃতি বীর সত্ত্বে জয় 🕮 অবশ্যই আপনার হইবে। এক্ষণে আদেশ কৰুন, উহাদিগের কিয়দংশ নির্গত হইয়া শীত্র সেই ছুই মূর্থ রাজপুত্রকে বন্ধন করিয়া আনুক। মহারাজ! শক্রকে প্রভাব প্রদর্শন করা সর্বতোভাবেই কর্ত্তব্য হইতেছে 1

ত্রিপঞ্চাশ সর্গ

—000

তখন দশকও রাবণ বিভীষণের এই হিতকর কথা শ্রবণ পূর্মক কহিতে লাগিলেন, বীর! তুমি যথার্থই কহিতেছ, দূতকে বধ করা নিতান্ত দূষণীয়। কিন্তু এই ছুফের কোনরপ নিপ্রাহ করা আবশ্যক হইতেছে। দেখ, বানরজাতির লাঙ্গুলই প্রিয় ভূষণ, অত্রএব ইহার লাঙ্গুল শীঘ্রই দগ্ধ করিয়া দেও। এই ছুর্বুত্ত দগ্ধ লাঙ্গুল লইয়া প্রস্থান করিলে, ইহার বন্ধুবান্ধব ইহাকে দীনদশাপন্ন ও বিকলাঙ্গ দেখিবে! রাবণ হনুমানের এইরপ দণ্ড নির্দেশ পূর্মক রাক্ষসগণকে কহিলেন, দেখ, তোমরা এই বানরের পুচ্ছে শীঘ্র অগ্নি প্রদীপ্ত করিয়া দেও এবং ইহাকে ক্ষেদ্রে লইয়া সমস্ত পুরপ্রাঙ্গন পর্যন্তিন কর!

তখন রোষকর্কশ রাক্ষদেরা রাবণের আদেশমাত্র জীর্ণ কার্পাদ বস্ত্র দ্বারা হনুমানের পুচ্ছ বেফন করিতে লাগিল। ইত্যবদরে অগ্নি যেমন অরণ্যে শুক্ষ কাষ্ঠদংযোগে বর্দ্ধিত হয়, দেইরূপ হনুমানের দেহ বর্দ্ধিত হইয়া উঠিল। পরে রাক্ষদেরা উহাঁর পুচ্ছে তৈলদেক করিয়া অগ্নি প্রদান করিল। হনুমান রোষাবিফ হইয়া ঐ প্রদীপ্ত পুচ্ছ দ্বারা রাক্ষদগণকে

প্রহার করিতে প্রবৃত্ত হইলেন! রাক্ষ্যেরাও সমবেত হইয়া উহাঁকে বস্ত্রন করিতে লাগিল! তৎকালে লক্ষাপুরীর আবাল-বৃদ্ধ-বনিতা এই ব্যাপার দর্শনে যার পর নাই উৎফল্ল হইয়া উঠিল। তখন হতুমান ভাবিলেন, যদিও আমি এইরূপে নিবদ্ধ হইয়াছি, তথাচ রাক্ষদগণ আমার বিক্রম কিছুতেই সহ্য করিতে পারিবে না৷ আমি শীত্রই এই বন্ধনরজ্জু ছিন্ন ভিন্ন করিয়া ইহাদিগকে বিনাশ করিব ! এই তুরাত্মারা রাবণের আদেশে আমাকে বন্ধন করিয়াছে বটে, কিন্তু আমি রামের শুভোদেশে লঙ্কার যেরূপ অনিষ্ট সাধন করিলাম, ইহারা আমাকে তদনুরূপ কিছুমাত্র প্রতিফল দিতে পারিল না। বলিতে কি, আমি একাকী এই রাক্ষসগণকে সংহার করিতে পারি, কিন্তু রাম স্বয়ং আসিয়া ইহাদিগকে বধ করিবেন, স্থতরাৎ কিয়ৎক্ষণের জন্য আমায় এই বন্ধন সহ্য করিতে হইল ৷ অতঃপর রাক্ষ্যেরা আমাকে লইয়া লক্ষা প্রদক্ষিণ কৰুক। আমি রাত্রিকালে ইহার তুর্গম স্থান দেখি নাই, এই প্রসঙ্গে তাহাও দেখিয়া লইব ! এক্ষণে রাক্ষ্যেরা আমাকে ৰস্ত্ৰন কৰুক, ইহারা আমার পুচ্ছ দন্ধ করিয়া যন্ত্রণা দিতেছে সভা, কিন্ত ইহাতে আমার মন কিছুমাত ক্লান্ত হয় নাই 1

অনস্তর রাক্ষসেরা হরুমানকে গ্রহণ পূর্ব্বক হৃষ্টমনে চলিল, এবং শঞ্জ ও ভেরী বাদন পূর্ব্বক সর্বত্র বিদ্রোহীর দণ্ডবার্ত্তা ঘোষণা করিতে লাগিল। হরুমান পরম স্থাখে রাক্ষসপৃষ্ঠে আরোহণ পূর্বক বিচিত্র বিমান, র্তিবেন্টিত ভূবিভাগ, স্থবিভক্ত চত্বর, প্রাদাদমধ্যস্থ রথ্যা, উপরধ্যা, ও চতুষ্পথ সকল দর্শন করিতে লাগিলেন। তৎকালে রাক্ষসগণও রাজমার্গের সর্বত্র উহাঁকে গুঢ় চর বলিয়া প্রচার করিতে লাগিল।

ইত্যবসরে বিক্ষতাকার রাক্ষসীরা দেবী জানকীর নিকট গিয়া কহিল, জানকি! তুমি যে রক্তমুখ বানরের সহিত কথা বার্ত্তা কহিতেছিলে, রাক্ষসগণ তাহার পুচ্ছে অগ্নি প্রদান করিয়াছে এবং তাহাকে লইয়া রাজপথের ইতস্ততঃ বিচরণ করিতেছে !

তখন জানকী এই অপ্রীতিকর সংবাদে অতিমাত্র কাতর হইলেন এবং সন্নিহিত জ্বলন্ত ত্তাশনকে পবিত্র মনে উপাসনা করিয়া কহিলেন, দেব ! যদি আমি পতিসেবা করিয়া থাকি, যদি আমি তপস্থার অনুষ্ঠান করিয়া থাকি এবং যদি আমার কিছুমাত্র পাতিব্রত্য ধর্ম সঞ্চয় থাকে, তবে তাহার প্রভাবে তুমি হনুমানের অঙ্গে শীতস্পর্শ হও 1

অনন্তর জ্বালাকরাল ত্তাশন দক্ষিণাবর্ত্ত শিখায় জ্বলিতে লাগিলেন। পুচ্ছাগ্রিদীপক বায়ু তুষারশাতল ও স্বাস্থ্যকর হইয়া বহিতে প্রবৃত্ত হইলেন। তখন হরুমান মনে করিলেন, আমার পুচ্ছে অগ্নি প্রদাপ্ত হইয়াছে, কিন্ত ইহা ছারা কেন

আমার দেহদাহ হইতেছে না। এই অগ্নির শিখা অতিমাত্র প্রদীপ্ত, কিন্তু ইহা দ্বারা কেন আমার কিছুমাত্র কন্ট হইতেছে না। পুক্ছাত্রে অগ্নিস্পর্শ শিশিরবৎ শীতল বোধ হইল, ইহার কারণ কি? অথবা ইহা যে রামের প্রভাব, তাহা স্কুস্পটই বোধ হইতেছে। আমি যখন সমুদ্র লজ্মন করি, তখন ভাষা প্রভাবে তথাগো গিরিবর মৈনাককে দর্শন করিয়াছিলাম। যদি রামের জন্য সমুদ্র ও মৈনাক তাদৃশ ব্যবহার করিয়া খাকেন, তবে আগ্নিযে শীতস্পর্শে প্রদীপ্ত হইবেন তাহা নিতান্ত বিশ্বতের বিষয় নহে। যাহাই হউক, জানকীর বাৎসল্য, রামের তেজ এবং আমার পিতা প্রনের সহিত সখ্যতা এই কএকটী কারণে এক্ষণে অগ্নি আমায় দক্ষ করিতেছেন না।

হনুমান পুনর্কার মনে করিলেন, কি, নীচ রাক্ষদের। মাদৃশ বাক্তিকেও বন্ধন করিল! এক্ষণে যদি আমার বীরত্ব থাকে তবে ইহার সমুচিত প্রতিফল দেওরা আবশ্যক হইতেছে। তিনি এইরূপ সংকল্প করিয়া তৎক্ষণাৎ বন্ধনরজ্জ, ছিন্ন ভিন্ন করিলেন এবং মহাবেগে এক লক্ষ্ণ প্রদান পূর্কক ঘোর রবে সমস্ত প্রতি-ধ্বনিত করিতে লাগিলেন। পরে ঐ মহাবীর শৈলশৃক্ষবৎ অত্যুচ্চ পুরদ্বারে উপস্থিত] হইলেন। ঐ স্থানে রাক্ষসগণের কিছুমাত্র জনতা নাই। তিনি তথায় উত্তীর্ণ হইয়া ক্ষণকালমধ্যে দেহ সংকোচ করিলেন। তাঁহার বন্ধনরজ্জুর অবশেষ স্বতই উন্মুক্ত হইয়া গেল। তিনি পুনর্কার দীর্ঘাকার হইলেন এবং ইতস্ততঃ দৃষ্টিপ্রসারণ পূর্বক তোরণসংলগ্ন এক প্রকাণ্ড অর্গল দেখিতে পাইলেন। তিনি ঐ লোহময় অর্গল গ্রহণ পূর্বক ঐ সমস্ত রক্ষকদিগকে সংহার করিলেন। তাঁহার লাঙ্গল প্রদীপ্ত, তিনি ঐ জ্বলম্ভ অগ্নিপ্রভাবে প্রচণ্ড সূর্য্যের ন্যায় দ্র্ণিরীক্ষ্য হইয়া. উঠিলেন এবং বারংবার লঙ্কাপুরী দর্শন করিতে লাগিলেন।

চতুঃপঞ্চাশ সর্গ।

000

তখন হনুমানের উৎসাহ বিলক্ষণ প্রদাপ্ত হইরাছে, তিনি ভাবিলেন, এক্ষণে আমার কার্য্যের কি অবশেষ আছে, আমি আর কিরপে রাক্ষসগণকে অধিকতর পরিতপ্ত করিব। প্রমদ বন ভগ্ন করিয়াছি, রাক্ষসবীরগণকে বিনাশ করিয়াছি, সৈন্যের কিয়দংশও নিঃশোবিভ করিলাম, এক্ষণে হুর্গবিনাশ অবশিষ্ট; এই কার্য্যটি সমাধা করিলেই আমার যাবদীয় প্রয়াস সফল হয়। আমি সমুদ্র লজ্জন প্রভৃতি যা কিছু করিলাম, আর অলপ প্রযুদ্ধি তাহা স্থাসিদ্ধ হয়। আমার পুচ্ছদেশে অগ্নি প্রদীপ্ত হই-তেছে, এক্ষণে ঐ সমস্ত গৃহ দক্ষ করিয়া ইহার সন্তর্পন করিব।

তখন হনুমান লক্ষার গৃহোপরি বিচরণ আরম্ভ করিলেন ।
তিনি নির্ভয়ে দৃষ্টি প্রসারণ পূর্ব্বক গৃহ হইতে গৃহে, উদ্যান
ও প্রসাদে বিচরণ করিতে লাগিলেন । পরে বায়ুবেগে মহাবীর প্রহত্তের গৃহে লক্ষ্ণ প্রদান পূর্ব্বক ভাহাতে অগ্নি প্রদান
করিলেন । উহার অদুরে মহাবীর মহাপার্শ্বের গৃহ, হনুমান
তত্ত্পরি লক্ষ্ণ প্রদান করিলেন । গৃহ প্রলয়বহুর ন্যায় জ্বলিতে
লাগিল । পরে বজ্জদং এ, শুক, সারণ, ইন্দ্রজিত, জন্মুমালী,

রশ্মিকেতু, স্থাপক্র, হুস্বকর্ণ, দংষ্ট্র, রোমশ, যুদ্ধোশত, মত, ধ্বজ্ঞীব, বিদ্যাজ্জিহ্ব, ঘোর, হস্তিমুখ, করাল, বিশাল, শোণি-তাক্ষ, কুম্তুকর্ণ, মকরাক্ষ, নরাস্তক, কুম্র, নিকুম্ব, যজ্ঞশক্র, ও ত্রেক্ষশক্র, অনুক্রমে এই সমস্ত রাক্ষসের গৃহে অগ্নি প্রদান করি-লেন ৷ তিনি বিভীষণের গৃহ পরিভ্যগ পূর্ব্বক ক্রমশঃ সকলেরই গৃহ দক্ষ করিতে লাগিলেন ৷ ঐ সমস্ত মহাবীর রাক্ষসের গৃহ বহুণ্যয়ে নির্মিত, তৎসমুদায় বিপুল সম্পদের সহিত[ভস্মীভূত হইতে লাগিল। ক্রমশঃ হরুমান রাজপ্রাসাদের সন্নিহিত হইলেন ৷ উহা রত্বখচিত মঙ্গলদ্রবাসজ্জিত ও মেকমন্দরবৎ উচ্চ; হরুমান তহুপরি পুচ্ছাত্রলগ্ন প্রদীপ্ত অগ্নি প্রদান পূর্ব্বক প্রলয়জলদের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন। হুতাশন প্রবল বায়ুবেগে প্রদীপ্ত হইয়া চতুর্দ্ধিকে সঞ্চারিত হইয়া ; উঠিল; তদ্দুটে বোধ হইল যেন, যুগান্ত কালের অগ্নি সমস্ত দগ্ধ করিতেছে ৷ তখন মুক্তামণিজড়িত স্বৰ্ণজালশোভিত প্রকাও প্রকাও গৃহ ভগ্ন হইয়া পড়িতে লাগিল;বোষ হইল যেন, পুণাক্ষয়ে সিদ্ধাণের আবাদ গাগনতল হইতে পরিভ্রম্ভ হইতেছে ৷ চতুর্দিকে তুমুল আর্ত্তনাদ, রাক্ষসেরা স্ব স্থ গৃহ-রক্ষায় ভগ্নোৎসাহ হইয়া ধনসম্পদ পরিত্যোগ পূর্ব্বক ধাব-मान इहेट लागिल।. अत्मदक कहिल, हा। वृत्ति, अग्निहे বানররূপে আগমন করিয়াছেন; রমণীরা হুদ্ধপোষ্য শিশুগণকে

কক্ষে লইয়া জলধারাকুল লোচনে জুলস্তু অগ্নিমধ্যে পতিত হইতে লাগিল। উহাদের মধ্যে কেহ কেহ শিখাজালবেষ্টিত, ব্যস্ততায় কাহারও কেশপাশ স্থালিত হইয়াছে। উহারা পতন-কালে মেঘনির্মুক্ত বিহুতের ন্যায় শোভা পাইতে লাগিল! প্রতিগৃহে প্রাচুর হীরক, প্রবাল, ইন্দ্রনীল মণি, মুক্তা ও স্বর্ণ, তৎসমুদায় অগ্নিসংযোগে দ্বীভূত হইয়া পড়িতে লাগিল। যেমন অগ্নি তৃণকাষ্ঠ দগ্ধ করিয়া তৃপ্ত হন না তৎকালে সেইরূপ রাক্ষসবিনাশে হতুমানের কিছুমাত্র ভৃপ্তি লাভ হইল না ! রাক্ষদগণের দক্ষ দেহে লঙ্কার ভূবিভাগ পরিপূর্ব হইয়া গেল ! মহাবীর হরুমান ত্রিপুরদাহে প্রবৃত্ত ভগবান কডের ন্যায় লঙ্কাদাহে কৃতকার্য্য হইলেন। অগ্নি লঙ্কার আধারভূত ত্রিকুট পর্বাতের শিখরে উত্থিত হইয়া, শিখাজাল বিস্তার পূর্বাক ভামবলে জুলিতে লাগিল। উহার জালা সকল গগনস্পর্শী ও ধূমশূন্য; উহা কোটি হুর্যের ন্যায় উজ্জ্বল হইয়া লক্ষা-পুরী বেষ্টন করিল এবং বজ্রবৎ কঠোর ঘোর চটচটা শব্দে যেন ত্রন্ধাণ্ডকে বিদীর্ণ করিতে লাগিল ৷ উহার প্রভা বিলক্ষণ ৰক্ষ এবং শিখা কিংশুক পুষ্পাবৎ রক্তবর্ণ; উহা হইতে ধূমজাল বিচ্ছিন্ন হইয়া নীল মেঘাকারে পরিণত হইল এবং আকুলভাবে গগনতলে প্রদারিত হইতে লাগিল ৷ তৎকালে রাক্ষসেরা এই ব্যাপার দেখিয়া অত্যস্ত ভীত হইল এবং

পরস্পার কহিতে লাগিল, এই বানর স্বয়ং বজ্রধর ইন্দ্র হইবে, অথবা যম, বঞ্চণ, বায়ু, স্থ্যি, কুবের, বা চন্দ্র হইবে । বোধ হয়, কন্দেবের নেত্রাগ্নি প্রচ্ছন্তরূপে এই স্থানে আদিয়াছে। কিমা পিতামহ একার ক্রোধ রাক্ষসকুল নির্মূল করিবার জন্য বানরমূর্ত্তিতে উপস্থিত হইরাছে। অথবা অচিন্তা অব্যক্ত অনন্ত একমাত্র বৈষ্ণব তেজ মায়াবলে প্রায়ভূতি হইয়া থাকিবে ।

লঙ্কাপুরী ক্রমশঃ হস্তাশ্ব রথ বৃক্ষ ও পক্ষীর সহিত দক্ষ
হইয়া গেল; চতুর্দ্দিকে তুমুল রোদন ধ্বনি উপিত হইল; হা
পিতঃ! হা পুত্র! হা স্বামিন্! হা জীবিতেশ্বর! সঞ্চিত পুণ্য
বিনষ্ট হইল, কেবল এই বলিয়াই সকলে ভীতমনে চীৎকার
করিতে লাগিল লক্ষা হনুমানের ক্রোধে শাপগ্রস্তবৎ নিরীক্ষিত হইল। রাক্ষসগণ ভীত ব্যস্ত সমস্ত ও বিষণ্ণ, ইতস্ততঃ
ভাগ্নিশিখা জ্বলিতেছে; লক্ষা ত্রন্ধার ক্রোধদন্ধ পৃথিবীর নায়
নিতান্ত শোচনীয় হইল। মহাবীর হনুমান বৃক্ষসক্ষ্ল বন
ভগ্ন করিয়া যুদ্ধে রাক্ষসগণকে সংহার করিলেন । পরে লক্ষা
পুরীতে ভাগ্নি প্রদান পূর্ষকি মনে মনে রামকে শ্বরণ করিতে
লাগিলেন।

অনন্তর দেবগণ মহাবীর হনুমানের স্তুতিবাদ আরম্ভ করি-লেন ৷ মহর্বি, গন্ধর্ম, বিদ্যাধর ও উরগেরা এই ব্যাপারে যার পর নাই প্রীত ও প্রসন্ধ হইলেন। তখন হনুমান এক প্রাদাদশিখরে গিয়া উপবেশন করিলেন। তাঁহার স্থানীর্ঘ লাঙ্গল
প্রানিপ্ত হইতেছে; তিনি উহার প্রভাবে স্থায়ের ন্যায় নিরীক্ষিত
হইলেন এবং স্থার্য্য সাধন পূর্বক লাঙ্গুলের অগ্নি সমুদ্রজলে
নির্বাণ করিয়া ফেলিলেন।

পঞ্চপঞ্চাশ সূৰ্গ

-000

অনন্তর হরুমান অভান্ত চিন্তিত হইলেন ; তাঁহার মনে যৎ-পরোনান্তি ভয় জন্মিল ৷ তিনি মনে করিলেন, আমি লঙ্কা দক্ষ করিয়া কি কুকার্য্যই করিলাম! যেমন জলসেক দ্বারা প্রদীপ্ত অগ্নিকে নির্বাণ করা যায়, ভদ্রূপ যাঁহারা উদ্রিক্ত ক্রোধকে বুদ্ধিবলে নির্ম্বাণ করিতে পারেন, ভাঁহারাই ধন্য ৷ ক্রোধীর পাপভয় নাই; সে গুৰুলোককে সংহার করিতে পারে এবং কঠোর বাক্যে সাধুগণকেও ভর্মনা করিতে পারে! ক্রোধ উপস্থিত হইলে বাচ্যাবাচ্য কিছুমাত্র বোধ থাকে ना। क्ये वाक्तित ज्ञकार्या किছूरे नारे। नर्भ यमन जीर्न ত্বক ত্যাগ করে, সেইরূপ যিনি ক্ষমা দ্বারা উদ্রিক্ত ক্রোধকে দূর করেন, তিনিই পুরুষ। এক্ষণে আমি জানকীর বিপদ না ভাবিয়া লক্ষা দগ্ধ করিলাম, আমি স্বামিঘাতক ও পাপা-চার, আমাকে ধিক! আমি নির্কোধ ও নির্লজ্জ: যদি সমস্ত লক্ষা দগ্ধ হইয়া থাকে তাহা হইলে আৰ্য্যা জানকী অবশ্যই দক্ষ হইয়াছেন, স্বতরাং আমি অজানত প্রভুর কার্য্যক্ষতি করিলাম ৷ যে জন্য এত দূর যত্ন ও চেফা তাহাই ব্যর্থ হইল ৷

হা! আমি লক্ষানাহে ব্যাপৃত থাকিয়া জানকীরে রক্ষা করিতে পারিলাম না 1 লঙ্কা দগ্ধ করা ত নিঃসন্দেহ সামান্য কার্য্য, কিন্ত আমি যে উদ্দেশে আসিয়াছি, ক্রোধে অধীর হইয়া তাহারই मुलाटकृप करितलाम । हा! जानकी निक्षप्तरे नारे। लक्षा এককালে ভস্মাৎ হইয়াছে, ইহাতে দগ্ধ হইতে অবশিষ্ঠ আছে এমন স্থানই দেখিতেছি না ৷ হা ! আমার বুদ্ধিদোবে প্রভুর কার্য্যক্ষতি হইল ৷ একণে আমি অগ্নিপ্রথেশ করিব, ना ममुद्ध निमश्च इरेशा नक्कुन्जीत्रगंगरक एनर व्यर्भंग कतित। আমি ত কার্য্যের সর্বস্থ নাশ করিলাম, স্কুতরাং আর কোন মুখে গিয়া স্থগ্রীব এবং রাম লক্ষণের সহিত সাক্ষাৎ করিব! বানর যে নিতান্ত চপল, ত্রিলোকে ইহা বিলক্ষণ প্রাসিদ্ধ আছে, এক্ষণে আমি ক্রোধদোষে সেই জাতিমভাবই প্রদর্শন করিলাম ৷ রাজসিক ভাবে ধিক, উহা চপলতাজনক ও কার্য্য-নাশক, আমি সর্বাংশে স্থপটু হইয়াও কেবল রজোগুণমূলক ক্রোধে জানকীরে রক্ষা করিতে পারিলাম না। হা! জানকীর অভাবে রাম ও লক্ষ্মণ কদাচ প্রাণে বাঁচিবেন না। ও তুই মহাবীর বিনষ্ট হইলে স্থাীব সবান্ধবে দেহপাত করিবেন ! পরে ভাতৃবৎসল ভরত এবং বীর শক্রত্ম জ্যেতির এই চুঃসং-বাদে নিশ্চয়ই বিনফ হইবেন ৷ এইরূপে ঈক্ষাকুকুল ক্ষয় হইলে প্রজারা শোক সম্ভাপে অভিমাত্র কই পাইবে। আমি অভ্যন্ত হুর্ভাগ্য ও অধার্মিক। আমিই ক্রোধদোবে এই ভীষণ লোকক্ষয় করিলাম।

হরুমান এইরপ চিন্তা করিতেছেন ইত্যবসরে পুর্রেদৃষ্ট শুভ লক্ষণ তাঁহার মনোমধ্যে উদিত হইল ৷ তখন তিনি পুন র্কার ভাবিলেন, সেই সর্কাঙ্গস্থলরী জানকী স্বভেজে রক্ষিত হইতেছেন, তিনি কখনই বিন্ফ হইবেন না; অগ্নিকে দাহ করা অগ্নির পক্ষে অসম্ভব! জানকী ধর্মপরায়ণ রামের পত্নী, তিনি আপনার চরিত্রে রক্ষিত হইতেছেন, ভাঁহাকে দগ্ধ করা অগ্নির পক্ষে অসম্ভব! অগ্নির দাহিকা শক্তি আছে সভ্য, কিন্ত জানকীর পুণ্যবল এবং রামের প্রভাবে তিনি আমাকে দগ্ধ করেন নাই ৷ কিন্তু যিনি ভরত প্রভৃতি রাজকুমারের আরাধ্য দেবতা, যিনি মহাত্মা রামের মনোমতা পত্নী, কেন তিনি বিনষ্ট হইবেন। অবিনশ্বর অগ্নি সমস্ত ভম্মীভূত করিতে পারেন, কিন্তু যিনি আমার পুচ্ছ দগ্ধ করেন নাই, কেন তিনি সীতাকে विनरी कतित्व।

পরে হরুমান সমুদ্রমধ্যে মৈনাকদর্শন বিস্ময়ভ্রে স্মরণ পূর্বক মনে করিলেন, জানকী তপ্সাা, সত্য বাকা, ও পাতিত্রত্যে অগ্নিকে দগ্ধ করিতে পারেন, কিন্তু অগ্নি কদাচই ভাঁহাকে স্পর্শ করিতে পারিবেন না।

হনুমান এইরপে জানকীর ধর্মনিষ্ঠার বিষয় চিন্তা করিতেছেন,

ইতাবসরে চারণগণ কহিতে লাগিলেন এই মহাবীর, রাক্ষসগণের গৃহ তীত্র অগ্নিতে ভন্মীভূত করিয়া কি ভীষণ কার্যাই
করিলেন লক্ষা হইতে রাক্ষসশ্রী পালায়ন করিয়াছেন, স্ত্রী
বালক বৃদ্ধ সকলেই বাাকূল, চতুর্দ্ধিকে তুমূল কোলাহল,
বোধ হয়, যেন লক্ষাপুরী ত্রঃখলোকে রোদন করিতেছে।
কিন্তু আক্ষর্যা! এই পুরী এক কালে ভন্মীভূত হইল তথাচ
জানকী দগ্ধ হন নাই।

তখন হরুমান এই অমৃততুল্য বাক্য শ্রুতিমাত্র অতিমাত্র হৃষ্ট হইলেন, তিনি বিশ্বাস্য নিমিত্ত ও ঋষিবাক্যে জানকী জীবিত আছেন বুঝিয়া, পুনর্কার শিংশপামূলে যাইতে লাগিলেন।

যট্পঞাশ সর্গ।

অনন্তর মহাবীর হরুমান শিংশপামূলে উপস্থিত হইয়া দেখিলেন, জানকী তথায় উপবিষ্ট আছেন। তিনি তাঁহাকে অভিবাদন পূর্মক কহিলেন, দেবি! আমি ভাগ্যক্রমেই তোমাকে নিরাপদ দেখিতে পাইলাম।

তখন জানকী হনুমানের প্রতি ঘন ঘন দৃষ্টিপাত করিতে লাগিলেন এবং তাঁহাকে প্রস্থানে উদ্যত দেখিয়া সম্মেহে কহিলেন, বৎস! যদি তোমার ইচ্ছা হয় তবে তুমি একদিনের জনাও এই স্থানে থাক। তুমি কোন গুপু প্রদেশে বিশ্রাম করিয়া না হয় পরদিন প্রস্থান করিও! তোমাকে দেখিলে এই মন্দভাগিনীর ছঃসহ শোক কিয়ৎক্ষণের জন্যও দূর হইবে! তুমি পুনরায় আসিবার উদ্দেশে প্রস্থান করিতেছ সত্য, কিন্তু ইহার মধ্যে নিশ্চয় আমার প্রাণসঙ্কট উপস্থিত হইবে! আমার মন অত্যন্ত বিরস, আমার প্রাণসঙ্কট উপস্থিত হইবে! আমার মন অত্যন্ত বিরস, আমার প্রথম পর ছঃখ সহিতেছি, এক্ষণে তোমার অদর্শনে আরও যন্ত্রণা পাইব! বীর! আমার একটী বিষয়ে বিলক্ষণ সন্দেহ হইতেছে; দেখ, মহাবল স্থ্রীবের বহুসংখ্য বানর ও ভল্লুক সহায় আছে বটে, কিন্তু তিনি কিরপে সবৈন্য

রাম লক্ষণের সহিত অপার সমুদ্র উল্লঙ্ঘন করিবেন। তুমি, বায়ু, ও বিহণরাজ গড়ুর ভিন্ন এই বিষয়ে আর কাহাকেই সমর্থ দেখিতেছি না। তুমি সকল কার্য্যেই স্থপটু,
এক্ষণে এই জটিল বিষয় কিরূপে স্থসম্পন্ন হইবে। তোমার
পোঁক্ষয় সর্বাংশে প্রশংসনীয়, তুমি একাকী অক্লেশে এই কার্য্য
সম্পন্ন করিতে পার, কিন্তু রাম যদি স্বয়ং আসিয়া আমাকে
উদ্ধার করেন তবেই তাঁহার বীরত্বের সমুচিত হইবে। বৎস!
অধিক কি, এক্ষণে তুমি এই জনাই তাহাকে উদ্বোগী
করিও।

তখন হনুমান জামনীর এই স্থসকত কথা শ্রবণ পূর্বক কহিলেন, দেবি! মহাবীর স্থগ্রীব বানর ও ভল্লুকগণের অধিপতি। কিনি ভোমানিক উদ্ধার করিবার জন্য প্রতিজ্ঞা করিরাছেন। এক্ষণে তিনি অসংখ্য বানরের সহিত শীদ্রই উপস্থিত হইবেন এবং সেই নরপ্রবীর রাম ও লক্ষ্মণও শরনিকরে এই লক্ষাপুরী ছারখার করিবেন। দেবি! ব্যাকুল হইও না, রাম রাক্ষসকুল নির্মূল করিয়া অচিরাৎ ভোমাকে উদ্ধার করিবেন। এক্ষণে তুমি আশ্বস্ত হও এবং সময় প্রতীক্ষা কর। রাবণ শীদ্রই স্ববংশেধ্বংস হইবে। রাম বানরসৈনের সহিত অনভিকাল মধ্যে আসিবেন এবং যুদ্ধে জয়ী হইয়া তোমার শোক অপনীত করিবেন।

হরুমান জানকীরে এইরূপ আশ্বাস প্রদান পূর্বক প্রতিগমনে প্রবৃত্ত হইলেন। তিনি রাক্ষসবধ, স্বনাম কীর্ত্তন, বল প্রদর্শন, লঙ্কাদাহ, রাবণকে বঞ্চনা, জানকীরে প্রবোধ দান ও অভি-বাদন পূর্ব্বক স্থ্রীব সন্দর্শনার্থে প্রস্থান করিলেন ! লঙ্কার উপাত্তে অরিষ্ট পর্বত, তিনি সমুদ্র লঙ্গন করিবার অভি-প্রায়ে ও পর্বতে উত্থান করিলেন। উহার নিম্নে নীল বনশ্রেণী, এবং উদ্ধে গাঢ় মেঘ, তদ্বারা বোধ হয় যেন, উহা বস্ত্রে অবগুণিত হইয়া আছে। উহার সর্বাত্র সূর্য্যকিরণ, যেন উহা তদ্বারা প্রবোধিত হইতেছে। উহার চতুর্দিকে ধাতু সকল উড়ডীন, স্বয়ং পর্বত যেন নেত্র ^উন্সীলন করিতেছে। উহার ইতন্ততঃ নির্ঝারের গন্তীর শব্দ, উহা যেন অধ্যয়নে প্রবৃত্ত হইয়াছে। ঐ পর্বতের শিখরে অত্যুক্ত দেবদাকরৃক্ষ, তদ্বারা বোধ হয় যেন উহা উদ্ধিবাহু হইয়া দণ্ডায়মান আছে। স্থানে স্থানে শারদীয় সপ্তপর্নের নিবিভ্বন তৎসমুদায় আন্দোলিত হওয়াতে যেন উহা কম্পিত হইতেছে ৷ স্থানে স্থানে কীচক বংশ, তন্মধ্যে ৰায়ু প্রবেশ করাতে যেন উহা মধুর শব্দ করিতেছে। কোথাও ঘোর অজগর, তৎসমুদায় গর্জন করাতে যেন উহা রোষভরে দীর্ঘনিশ্বাস ফেলিতেছে। গছরে সকল नीशांतजात्न आकृत, यन छेश धार्त निम्यू चार्छ। निष्म মেঘখওতুলা গওঁলৈল, যেন উহা গ্লমনে প্রবৃত্ত হইয়াছে, এবং

শিখর সকল মেঘে আবৃত, যেন উহা জন্তাতাাগ করিতেছে ! ওঁ অরিষ্ট পর্বতে শাল ভাল ও বংশ প্রভৃতি বিবিধ রুক্ষে পরি-পূর্ন ; উহার ইতস্ততঃ কুমুমিত লতা, সর্ব্বতি মৃগেরা বিচরণ করি-তেছে, চতুর্দিকে গৈরিক ধাতুদ্রব, নির্মার সকল মহাবেগে নিপতিত হইতেছে, সর্বত্র প্রস্তুপ, স্থানে স্থানে মহর্ষি ফক গন্ধর্ব কিন্নর ও উরগগণ বাস করিয়া আছেন। কোন প্রদেশ বুক্ষ লভায় নিভান্ত নিবিড়, সিংহেরা গুহামধ্যে শ্যান রহিয়াছে, এবং বাছেগণ সঞ্চরণ করিতেছে। মহাবীর হরুমান সত্তর হইয়া মহাহর্ষে ঐ পর্বতে আরোহণ পূর্বক ঘোর উরগপূর্ণ মহাসমুদ্র সন্দর্শন করিলেন! তখন পর্বতন্ত শিলাখণ্ড সকল তাঁহার পদভরে চুর্ব হইয়া সশব্দে পড়িতে লাগিল ৷ হনুমানও সমুদ্রের দক্ষিণ হইতে উত্তর পারে উতীর্ণ হইবার জন্য দেহ বৃদ্ধি করিতে লাগিলেন।

তথন প্র গিরিবর অরিষ্ট হনুমানের পদভরে নিতান্ত নিপী-ডিত হইল এবং জীবজন্তগণের সহিত রসাতলে প্রবেশ করিতে লাগিল। প্র পর্কতের শৃঙ্গ সকল কম্পিত হইল, পুষ্পিত বৃক্ষ সকল বজ্ঞাহতের ন্যায় ভাঙ্গিয়া পড়িল। কন্দরবাসী সিংহেরা নিতান্ত ব্যথিত হইল এবং ভীষণ গর্জনে নভোমগুল বিদার্ণ করিতে লাগিল। বিদ্যাধরীগণ ভীত হইয়া স্থালিত বসনে গলিত ভূষণে মুক্তিত হইয়া পড়িল। দীর্ঘাকার দীপ্রজিহ্ন মহাবিষ অজগরের গ্রীবা ও মস্তক নিষ্পিষ্ট হইয়া গেল এবং ইতস্ততঃ লুগিত হইতে লাগিল এবং কিন্তর গন্ধার্ক যক্ষ ও বিদ্যাধরগণ পর্বত পরিত্যাগ পূর্বাক আকাশে উথিত হইল। ঐ পর্বত দশ যোজন বিস্তার্গ এবং ত্রিংশং যোজন উন্নত, উহা হরুমানের পদভরে তৎক্ষণাৎ ভূগর্ভে প্রবেশ করিল। মহাবীর হরুমানও তরঙ্গাকুল ভীষণ মহাসমুদ্র লঙ্মন করিবার জন্য মহাবেগে গগনতলে উথিত হইলেন।

সপ্তপঞ্চাশ সর্প।

~~~

নভোমগুল যেন গভীরদর্শন সমুদ্র; উহার মধ্যে গন্ধর্ব ও যক্ষগণ বিকসিত পাছের ন্যায়, চল্রু কুমুদের ন্যায়, স্থ্য কারও-বের ন্যায়, তিষ্য ও প্রাবণ হংসের ন্যায়, ঘনাবলী শৈবলের ন্যায়, পুনর্বাস্থ মৎদ্যের ন্যায়, ভৌম কুম্ভীরের ন্যায়, জরা-বত মহাদ্বীপের ন্যায়, বাত্যা তরঙ্গের ন্যায় এবং জ্যোৎস্মা স্থিদ্ধ জলের ন্যায় দৃষ্ট হইতেছে। হরুমান ঐ গগনরপা সমুদ্র অকাতরে লজ্জ্বন করিয়া চলিলেন৷ গতিবেগে তিনি যেন গ্রহগণের সহিত মহাকাশকে গ্রাস করিতেছেন এবং চন্দ্র-মণ্ডলকে থণ্ড থণ্ড করিতেছেন ৷ তিনি স্ববেগে নাল পীতাদি বর্নের মেঘজাল আকর্ষণ পূর্ব্বক যাইতেছেন এবং গতিপ্রসঙ্গে কখন মেঘের আবরণে কখন বা বাহিরে অবস্থান করিতেছেন; তৎকালে তিনি একবার দৃশ্য আবার অদৃশ্য চক্রের ন্যায় লক্ষিত হইতে লাগিলেন। তাঁহার কণ্ঠম্বর মেঘগন্তীর, তিনি ভ্রুষারে চতুর্দিক প্রতিধ্বনিত করিয়া ক্রমশঃ সমুদ্রের মধ্যস্থলে উত্তীর্ণ হইলেন। পথিমধ্যে গিরিবর মৈনাক অবস্থিত; তিনি উহাকে স্পর্শমাত্র করিয়া, শরাসনচ্যুত শরের ন্যায় মহাবেগে চলিলেন। নমুদ্রের তীরস্থ পর্মত দূর হইতে তাঁহার দৃষ্টিপথে পড়িল।

তিনি মহা উৎসাহে সিংহনাদ করিতে লাগিলেন। ঐ শব্দে
দশ দিক প্রতিধ্বনিত হইরা উঠিল। হরুমান বন্ধুসমাগমের
উল্লাসে উৎফুল ইইরা তীরের সমিহিত হইতে লাগিলেন।
তিনি ঘনঘন লাঙ্গুল কম্পিত করিয়া হুক্কার ছাড়িতেছেন। ঐ
ভীষণ শব্দে স্থ্যমণ্ডলের সহিতে আকাশ ঘেন চুর্ন হইয়া পড়িতে
লাগিল।

ওঁ সময় বানরগণ হরুমানকে দর্শন করিবার জন্য পূর্ব্ব হইতেই দীনমনে সমুদ্রের উত্তর তীরে উপবিষ্ট ছিল। তাহার। দূর হইতে বায়ুক্ষুভিত মেঘের গভীর নির্ঘোষের ন্যায় উহাঁর গতিবেগ এবং সিংহনাদ শুনিতে পাইল। এই শব্দ শুনিবা-মাত্র সকলেই উহাঁকে দেখিবার নিমিত্ত ব্যঞ্জ হইয়া উচিল। ইত্যবসরে জাম্বান সমস্ত বানরকে আমন্ত্রণ পূর্বক প্রীতমনে কহিলেন, দেখ, হরুমান নিশ্চয়ই ক্রুতকার্য্য হইয়াছেন, নচেৎ এইরূপ উৎসাহের শ্বদ কখনই শুনা যাইত না।

তখন বানরগণ মহাহর্ষে লক্ষ প্রদান করিতে লাগিল।
আনেকে হনুমানকে দর্শন করিবার জন্য বৃক্ষের এক শাখা
হইতে অপর শাখায় এবং এক শৃঙ্গ হইতে অপর শৃক্ষে পতিত
হইতে লাগিল। কেহ কেহ বৃক্ষের শিখরে আরোহণ ও শাখা
খারণ পূর্বাক স্থামনে উপবেশন করিল এবং অনেকেই নির্মাল
বস্ত্র কম্পিত করিতে লাগিল। এ দিকে হনুমান গিরিগছার-

গত বায়ুর ন্যায় মহা গর্জ্জন পূর্ব্বক আগমন করিতেছেন। বানরগণ
. তাঁহাকে দেখিবামাত্র ক্লাঞ্জলি হইয়ার হল। মহাবীর হনুমান
মহাবেগে ছিম্নপক্ষ পর্বতের ন্যায় বৃক্ষদক্ষ্ল গিরিশুক্ষে নিপতিত হইলেন। বানরেরা যার পর নাই প্রীত হইয়া তাঁহাকে
গিয়া বেইন করিল। সকলেরই মুখ হর্ষে প্রফুল্ল; অনেকে
কলমূল লইয়া তাঁহাকে উপহার দিল; কেহ কেহ হাইমনে
সিংহনাদ করিতে লাগিল, অনেকে কিলকিলা রব করিতে প্রবৃত্ত
হইল, এবং কেহ কেহ বা তাঁহার বিদ্বার জন্য বৃক্ষের শাখা
সকল ভাক্সিয়া আনিল।

অনন্তর হরুমান জান্ববান প্রভৃতি গুরুজন ও কুমার অঙ্গদকে প্রণাম করিলেন । উহুঁারাও ঐ মহাবীরকে সমাদর পূর্বক
প্রসম দৃষ্টিতে নিরীক্ষণ করিতে লাগিলেন। পরে হরুমান
জানকীর সংবাদ সংক্ষেপে প্রদান করিয়া অঙ্গদের হস্ত ধারণ
পূর্বক মহেন্দ্র গিরির রমণীয় বনবিভাগে উপবিষ্ট হইলেন এবং
জিজ্ঞাসিত হইয়া সজ্জেপে স্বীয় কার্য্যবৃত্তান্ত কহিলেন, বানরগণ! আমি অশোক বনে দেবী জানকীরে দেখিয়াছি; ঘোরা
রাক্ষসীরা তাঁহাকে নিরন্তর রক্ষা করিতেছে। তিনি উপবাসে
অত্যন্ত রুল ও পরিশ্রান্ত হইয়া আছেন। তাঁহার মন্তকে
একটিমাত্র জাটলবেণীভার, তিনি রামের দর্শন পাইবার জন্য
অত্যন্ত কাতর হইয়াছেন।

তখন বানরগণ মহাবীর হনুমানের মুখে এই অমৃত্যোপম বাক্য প্রবণ পূর্বক যার পর নাই সম্ভুট্ট হইল। কেহ কেহ সিংহনাদ. কেহ কেহ গর্জ্জন, কেহ কেহ প্রতিগর্জ্জন এবং কেহ কেহ বা কিলকিলা রব করিতে লাগিল। কোন কোন বানর লাঙ্গুল উচ্ছিত করিল, কেহ কেহ স্থদীর্ঘ লাঙ্গুল কম্পিত করিতে লাগিল এবং অনেকে গিরিশৃঙ্গ হইতে লক্ষ্ণ প্রদান পূর্বক হাটমনে হনুমানকে গিয়া স্পর্শ করিল।

অনস্তর অঙ্গদ কহিলেন বীর! তুমি যখন এই বিস্তীর্ণ সমুদ্র উত্তীর্ণ হইয়া পুনর্স্বার উপস্থিত হইলে, তখন বলবীর্য্যে তোমার তুল্য আর কাহাকেই দেখি না! বলিতে কি, একমাত্র তুমিই আমাদিগের প্রাণদাতা! এক্ষণে আমরা তোমারই কপায় কতকার্য্য হইয়া রামের নিকট উপস্থিত হইব। আশ্চর্য্য তোমার প্রভুক্তক্তি! বিচিত্র তোমার শক্তি! অস্ত্র তোমার ধৈর্য্য! ভাগ্যবলেই তুমি জানকীর উদ্দেশ পাইয়াছ এবং ভাগ্যবলেই রাম সীতাবিরহত্বঃখ হইতে মুক্ত হইবেন!

পরে বানরগণ কুমার অঞ্চদ হরুমান ও জাম্বানকে বেইন পূর্বক পুলকিত মনে প্রশস্ত শিলাতলে উপবিষ্ট হইল এবং জানকীর দর্শনর্তান্ত আনুপূর্বিক প্রবণ করিবার জন্য কৃত্য ঞ্জলিপুটে হরুমানের মুখ নিরীক্ষণ করিতে লাগিল।

অফপঞ্চাশ সর্গ।

-

অনন্তর জাম্বান প্রতিমনে হনুমানকে জিল্ঞাসা করিলেন, বীর! তুমি কিরপে অশোক বনে দেবী জানকীরে দেখিলে? তিনি তথায় কিরপে আছেন এবং নিষ্ঠুর রাবণই বা তাঁহার প্রতি কিরপ ব্যবহার করিতেছে? তুমি কোন্ উপায়ে জানকীর উদ্দেশ পাইলে? এবং তিনিই বা কি কহিলেন? তুমি এই সমস্ত কথা অবিকল কীর্ত্তন কর! শুনিয়া আমরা ইতিকর্ত্তর্য অবধারণ করিব! এক্ষণে রামের নিকট কোন্ কথার প্রসঙ্গ করিব এবং কোন্ কথাই বা গোপন করিয়া রাখিব, তুমি তাহাও বলিয়া দেও।

তখন হনুমান উদ্দেশে জানকীরে প্রণাম করিয়া ছাইমনে কহিতে লাগিলেন, দেখ, আমি সমুদ্র লজ্ঞ্যনার্থ তোমাদের সমক্ষেই মহেন্দ্র পর্বত হইতে আকাশে উত্থিত হই ৷ গতিপথে আমার বিলক্ষণ বিদ্ন ঘটিয়াছিল ৷ আমি এক স্থলে দেখিলাম, একটী মনোহর স্থর্ণপর্বত আমার পথরোধ করিয়া আছে ৷ তৎকালে আমি উহাকে দেখিয়া ঘোর বিদ্ন বোধ করিলাম ৷ পরে ঐ শৈলের সমিহিত হইয়া ভাবিলাম, এক্ষণে ইহাকে

মহাবেগে ভেদ করিয়া যাওয়াই কর্ত্তবা ! আমি এই স্থির করিয়া উহার শৃঙ্গে এক লাঙ্গুল প্রহার করিলাম ৷ প্রহারবেগে উহার উজ্জ্বল শিধর তৎক্ষণাৎ চুর্ন হইয়া গেল ৷ অনস্তুর ঐ পর্বত মনুষ্য-রূপ ধারণ পূর্বক পুত্রসম্বোদনে আমাকে পুলকিত করিয়া কহিল, দেখ আমি বায়ুর সখা, তোমার পিতৃব্য; আমি এই মহাসমুদ্রেই বাস করিয়া আছি, আমার নাম মৈনাক। পূর্ব্বে পর্ব্বভদিগের পক্ষ ছিল। উহারা চতুর্দ্ধিকে স্বেচ্ছারুরপ পর্য্যটন পূর্বক উপদ্রব করিত ৷ পরে স্থররাজ ইন্দ্র এই কথা শ্রবণ করিয়া বজ্রান্তে উহাদিগের পক্ষ ছেদন করেন। বৎস! ঐ সময় ভোমার পিডার প্রসাদে আমার পক্ষ ছিন্ন হয় নাই এবং তিনিই আমাকে এই অগাধ সমুদ্রে নিকেপ করিয়া রক্ষা করেন ৷ একণে রামের সাহায্য করা আমারও কর্ত্তব্য হই-তেছে। রাম মহাবীর ও ধর্মশীল।

অনন্তর আমি গিরিবর মৈনাককৈ স্বকার্য জ্ঞাপন পূর্কক তাহার সম্বৃতিক্রমে পুনর্কার চলিলাম । মৈনাক অন্তর্হিত হইলেন । আমিও মহাবেগ আশ্রম পূর্কক গতিপথের অব-শেষ অতিক্রম করিতে লাগিলাম। পরে সমুদ্রমধ্য হইতে নাগজননী সুরসা আমার নিকট উপস্থিত হইল । সে কহিল, কপিরাজ! দেবগণ ভোমাকে আমার ভক্ষ্যস্ক্রপ নির্দেশ করিয়াছেন, স্থতরাং আমি ভোমাকে ভক্ষণ করিব।

সুরসার এই বাক্য প্রাবণ করিবামাত্র আমার মুখবর্ণ মলিন হইয়া গেল, আমি ভাঁছাকে ভক্তিভরে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে কহিলাম, দেবি! রাজা দশরথের পুত্র রাম ভাতা লক্ষ্মণ ও ভার্য্যা জানকীর সহিত দণ্ডকারণ্যে আসিয়া-ছেন ৷ ছুরাত্মা রাবণ ভাঁহার ভার্য্যাকে অপ্হরণ করিয়াছে ৷ এক্ষণে আমি দেই রামেরই অনুজ্ঞাক্রমে জ্বানকীর নিকট দূত-স্বরূপ চলিয়াছি। দেবি! তুমি রামের অধিকারে বাদ করিয়া আছ, অতএব ভাঁহার কার্য্যে সাহায্য করা ভোমার উচিত হইতেছে। অথবা সত্যই অঙ্গীকার করিতেছি, আমি জানকী ও রামকে দর্শন করিয়া ভোমার নিকট পুনর্বার আসিব। তখন স্থুরসা কহিল, দেখ, দেবদন্ত বরপ্রভাবে কেহই আমাকে অতিক্রম করিতে পারিবে না, স্বতরাং আমি আজ ভোমাকে ভক্ষণ कतित । सूत्रमा এই विलिया मणस्याकुन मीर्च इटेल । आमि ७ ७९-ক্ষণাৎ দশযোজন বৰ্দ্ধিত ইইলাম! সুরসা আমার দৈহিক বিস্তারের অনুরূপ মুখর্যাদান করিল ৷ আমিও তৎক্ষণাৎ দেহ-সক্ষোচ করিলাম এবং অকৃষ্ঠপরিনিত হইয়া উহার মুখমধ্য হইতে নিজ্বান্ত হইলাম। তথন স্থরসা পূর্বরূপ ধারণ পূর্বক আমাকে কহিল, বীর! এক্ষণে তুমি স্বকার্য্যদিদ্ধির জন্য যথায় ইচ্ছা প্রস্থান কর। আমি যথেষ্টই প্রীত হইলাম । তুমি রামের সহিত জানকীরে মিলিত করিয়া দেও এবং স্বয়ং সুখে থাক !

তর্থন গানচর জীবগণ আমাকে সাধুবাদ সহকারে প্রশংসা করিতে লাগিল। আমিও তৎক্ষাৎ গৰুড়বৎ মহাবেগে তথা হইতে প্রস্থান করিলাম! ইত্যবসরে আমার গতি সহসা প্রতিহত হইল; কিন্তু তৎকালে ইহার কারণ কি, কোন দিকে কিছুই দেখিতে পাইলাম না ৷ তথন আমি হুংখিত মনে ইতস্ততঃ দৃষ্টিপাত করিতে লাগিলাম, ভাবিলাম, এক্ষণে ত স্কুষ্ঠ কোন ব্যক্তিকে দেখিতেছি না, কিন্তু কি কারণে আমার গমনের এইরূপ বিল্ল ঘটিল ৷ ইত্যবসরে আমি সহসা অধোভাগে দৃষ্টিপাত করিলাম, এবং এক জলচরী ভীমা রাক্ষসীকে দেখিতে পাইলাম। আমি নির্ভয় ও নিশ্চেষ্ট, সে ভীমরবে হাস্য করিয়া ক্রে বাক্যে আমায় কহিতে লাগিল, দেখ, আমি ক্ষুধার্ত্ত, তোমাকে ভক্ষণের ইচ্ছা করিয়াত্তি এক্ষণে তুমি আর কোথায় যাও় ৷ আমি বহুকাল যাবৎ আহার করি নাই, এক্ষণে তুমি আমার দৈহিক ভপ্তি বিধান কর !

তখন আমি ঐ ঘোরা রাক্ষদীর কথায় তৎক্ষণাৎ সমত হইলাম এবং উহার মুখপ্রমাণ অপেক্ষা অধিকতর দেহবিস্তার করিলাম। রাক্ষদীও আমাকে ভক্ষণ করিবার জন্য ভীষণ মুখব্যানান করিল। আমি যে কামরূপী, তৎকালে দে তাহা বুঝিতে পারিল না। আমি নিমেষমধ্যে দেহসঙ্কোচ করিয়া উহার মুখে প্রবেশ করিলাম এবং উহার বক্ষ ভেদ করিয়া অন্তরীক্ষে উথিত হইলাম। পর্বতাকার রাক্ষসীও কর প্রসারণ পূর্ব্বিক সমুদ্রজলে নিপতিত হইল। তদ্ধ্টে গগনচর জীবজন্ত-গণ সাধুবাদ সহকারে আমার ভূয়সী প্রশংসা করিতে লাগিল।

অনন্তর আমি নানারপ বিশ্বে ক্রমশং কালবিলম্ব ঘটিতেছে দেখিরা মহাবেগে চলিলাম এবং অচিরে পর্বতশোভিত সমুদ্রের দক্ষিণ তীর দেখিতে পাইলাম! ঐ স্থানে লক্ষাপুরী, আমি তমধ্যে স্থ্যান্তের পর প্রচ্ছন্ন ভাবে প্রবেশ করিলাম। পথিমধ্যে প্রলয়জলদবৎ রুফবর্ণা এক রমণী অন্ট্রহাস্যে হাসিতে হাসিতে আমার নিকট উপস্থিত হইল৷ উহার কেশজাল জ্বলম্ভ অগ্নিতুল্য, সে আসিয়া আমাকে বিনাশ করিতে উদ্যত হইল। আমিও বাম মুক্তি আঘাত করিয়া উহাকে পরাস্ত করিলাম। তখন ঐ রমণী নিতান্ত ভীত হইয়া আমাকে কহিল, বীর! আমি স্বয়ং লক্ষাপুরীর অধিষ্ঠাত্তী দেবতা, এক্ষণে তুমি যথন আমাকে বলবীর্ষ্যে পরাস্ত করিলা তখন রাক্ষসগণের নিশ্চনয়ই প্রাণসক্ষট উপস্থিত।

পরে আমি রাবণের অন্তঃপুরমধ্যে দমস্ত রাত্রি বিচরণ করিলাম, কিন্তু কুত্রাপি জানকীরে দেখিতে পাইলাম না! তখন
আমার মনে অত্যন্ত হঃখোদ্রেক হইল। পরে একটা অর্ণপ্রাকারবেফিত বৃক্ষদঙ্গুল উপবন দেখিলাম এবং ঐ উচ্চ প্রাকার লজ্মন
পূর্ব্ব অশোক বনে প্রবেশ করিলাম। উহার মধ্যে একটা

প্রকাণ্ড শিংশপা বৃক্ষ আছে ৷ আমি ঐ বৃক্ষে আরোহণ পূর্বক স্বৰ্ণবৰ্ণ কদলীবন দেখিলাম ৷ উহার অদূরেই কমললোচনা জানকী ছিলেন ৷ তিনি একবস্ত্রা, তাঁহার কেশপাশ ধূলিধ্যরিত, তিনি একমাত্র বেণীধারণ করিতেছেন, তাঁহার শ্যা ভূমিতল, তিনি অনাহার ও শোকে যার পর নাই ক্ল হইয়াছেন। তিনি ভর্তিষ্কার বিমনা, শীতকালে পাদ্মনীর ন্যায় বিবর্ণা হ^ইয়াছেন! তাঁহার চতুর্দিকে সমস্ত বিক্কতাকার ক্রেরাক্ষসী, উহারা নিরন্তর তাঁহাকে ভর্থ সন্ধা করিতেছে। তিনি শোণিতলোলুপা ব্যান্ত্রীগণে বেফিড ছরিণীর ন্যায় নিভান্ত শোচনীয়। রাবণের প্রতি তাঁহার অত্যন্ত মুণা, তিনি প্রাণভাগেই ক্রতসঙ্কম্প ইইয়াছেন ! আমি ঐ শিংশপামূলে সহসা তাঁহাকে দেখিতে পাইলাম। ইত্যবসরে তথায় কাঞ্চীরৰ ও রূপুরধ্বনি জনকোলাহলের সহিত আমার কর্নে প্রবিষ্ট হইল। আমি এই শব্দ প্রবণ করিবামাত্র উদ্বিগ্ন হইয়া দেহসঙ্কোচ করিলাম এবং পক্ষীর ন্যায় পতাবরণে লুক্কায়িত রহিলাম।

অনস্তার রাক্ষসরাজ রাবণ পত্নীগণের সহিত তথায় উপস্থিত হইল। জানকী উহাকে দেখিয়া উৰুদ্বয় সঙ্কৃচিত করিয়া বাহু-বেষনৈ স্তনমুগল আবৃত করিলেন। তিনি নিতাস্ত ভীত ও অত্যস্ত উদ্বিপ্ন, কম্পিত দেহে চতুর্দ্দিক নিরীক্ষণ করিতেছেন। ভাঁহাকে অভয় দান করে তথায় এমন আর কেহই নাই। ইত্যবসরে রাবণ উাহার সন্নিহিত হইরা কহিল, জানকি! আমি নতমন্তকে তোমায় প্রণিপাত করিতেছি, তুমি আমাকে সন্মান কর। যদি তুমি অহস্কারতরে আমায় সমাদর না কর, তবে হুইমাস পরে আমি নিশ্চয়ই তোমার ক্ষিরপান করিব।

তখন জানকী তুরাত্মা রাবণের এই কথায় নিতান্ত জুদ্দি হইয়া কহিলেন, নীচ! আমি মহাবীর রামের ভার্যা। এবং রাজা দশরখের পুত্রবধূ, আমার প্রতি অকথ্য কথা প্রায়োগ করিয়া তোর জিন্ধা কেন ছিন্নভিন্ন হইল না। রে পাপ! যখন রাম আশ্রমে ছিলেন না সেই সময় তুই আমাকে অপহরণ করিয়া আনিস্, তোর বলবীর্ষ্যে ধিক্। তুই কোন অংশে রামের তুলা হইতে পারিস্ না, তুই ভাঁহার ভৃত্য হইবারও যোগ্য নহিস্। রাম মহাবীর তুর্জয় ও সত্যবাদী !

রাবণ জানকীর এই কঠোর বাক্য শ্রবণ পূর্ব্বক রোষভরে চিতাগ্নির ন্যায় প্রজ্বলিত হইয়া উঠিল এবং ক্রে নেত্র বিঘূর্নিত করিয়া দক্ষিণ মুফ্টি উত্তোলন পূর্ব্বক জানকীরে প্রহার করিতে লাগিল । তদ্ধে উহার সহচারিণীরা হাহাকার করিয়া উঠিল । এই অবসরে উহার ভার্যা ধান্যমালিনী রুমণীগণের মধ্য হইতে নিক্ষান্ত হইয়া ঐ কামোন্মত্বকে নিবারণ পূর্ব্বক কহিল, বীর! এই জানকীরে লইয়া ভোমার কি, হইবে। তুমি আমার সহিত সুখসভোগ কর। জানকী রূপগুণে আমা অপেক্ষা উৎকৃষ্ট

নহে! এই সমস্ত দেবকনা ও যক্ষকন্যা আছেন, তুমি ইছাঁদিগকে লইয়া সম্ভন্ট থাক; জানকীরে লইয়া তোমার কি হইবে।

অনন্তর রমণীগণ রাবণকে উত্থাপন পূর্ব্বক তথা হইতে গৃহে লইয়া গেল। পরে বহুসংখ্য রাক্ষমী নিদাৰুণ ক্রুর বাক্যে জানকীরে ভর্মনা করিতে লাগিল ! জানকী উহাদিগের বাকা তৃণবৎ বোধ করিলেন। উহাদিগের গর্জনও সম্যক্ নিফুল হইয়া গেল। তখন উহার। নিৰুপায় হইয়া এই ব্যাপার রাবণের গোচর করিল। উহাদিগের আশা ভরসা আার কিছুই রহিল না, যত্নও এককালে বিলুপ্ত হইল, উহারা শ্রান্তিনিবন্ধন ঘোর নিজায় অচেত্ন হইয়া পড়িল ৷ ইত্যব-সরে ত্রিজটা নাম্মী এক রাক্ষদী সহসা জাগরিত হইয়া কহিল, রাক্ষদীগণ! ভোমরা সাধ্বী সীতাকে ভক্ষণ করিও না, পরস্পার পরস্পারের শোণিতে তৃপ্তি লাভ কর। আমি আজ এক ভীষণ স্বপ্ন দেখিয়াছি! অচিরেই রাক্ষসকুলের সহিত রাবণ উৎসন্ন হইবে! অতঃপর সীতা আমাদিগকে রক্ষা করিতে পারিবেন, আইস, আমরা গিয়া এই জন্য ইহাঁর পদানত হই ৷ সীতা অতিমাত্র ছুঃখিতা, যদি ভিনি আজ এইরূপ স্বপ্ন দেখিয়া থাকেন তাহা হইলে নিশ্চয়ই সুখী হ^{ইবেন।} তিনি প্রণিপাতে প্রসন্ন হইলে আমাদিগের বিপদ অবশ্যই নিবারণ করিতে পারিবেন।

তখন জানকী স্বপ্লদৃষ্ট ভর্তৃবিজ্ঞাে হৃষ্ট হইয়া সলজ্জভাবে কহিলেন, ত্রিজটার এই স্বপ্নবৃত্তান্ত যদি অলীক না হয় তবে আমি অবশ্যই ভোমাদিগকে রক্ষা করিব !

অনন্তর আমি জানকীর দাকণ অবস্থা স্বচক্ষে দর্শন করিয়া অতিমাত্র চিন্তিত হইলাম, আমার মন অত্যন্ত ব্যাকুল হইয়া উচিল, কিরূপে তাঁহার সহিত কথোপকথন করিব আমি তাহার উপায় উদ্ভাবন করিলাম এবং ইক্ষাকু রাজবংশের যশোগান করিছে লা গলাম। তখন জানকী আমার বাক্য কর্নগোচর হইবামাত্র বাষ্পাকুল নেত্রে জিজ্ঞাসিলেন, বানর! তুমি কে? কি জন্য এই স্থানে আসিয়াছ? এবং রামের সহিতই বা তোমার কিরুপ সন্তাব জবিয়াছে? তখন আমি কহিলাম, দেবি! কপিরাজ স্থগ্রীব রামের স্বন্ধত ও সহায়, আমি তাঁহা-রই ভূত্য, নাম হনুমান, রাম তোমার উদ্দেশ লইবার জন্য আমায় পাঠাইয়াছেন এবং তিনি স্বয়ং অভিজ্ঞানম্বরূপ এই অঙ্গুরীয়টি দিয়াছেন। দেবি! বল, আমি এক্ষণে তোমার কোন কার্য্য করিব। রাম ও লক্ষণ সমুদ্রের উত্তর তীরে অব-স্থান করিতেছেন, যদি তোমার ইচ্ছা হয় ত আমি এখনই তোমাকে তথায় লইয়া যাইতে পারি। তখন জান ী কহিলেন. দৃত! মহাবীর রাম সবংশে রাবণকে বিনাশ করিয়া আমায় উদ্ধার করিবেন, ইহাই আমার ইচ্ছা 1

অনস্তর আমি ভাঁহাকে অভিবাদন পূর্ব্বক তাঁহার নিকটরামের কে'ন প্রীতিকর অভিজ্ঞান প্রার্থনা করিলাম। তখন জানকী কহিলেন দৃত ! ভুমি রামের জন্য এই চূড়ামণি লইয়া যাও, রাম ইহা দর্শন করিলে ভোমায় বিলক্ষণ সমাদর করিবেন ! এই বলিয়া তিনি আমার হস্তে এক মণি সমর্পণ পূর্বক কাতর মনে বার্চানক অনেক কথাই কহিলেন ৷ পরে আমি প্রত্যাগমনের জন্য ভাঁহাকে প্রদক্ষিণ ও প্রণাম করিলাম। বিদায়কালে ভিনি বিশেষ চিন্তা করিয়া আমাকে পুনর্কার কহিলেন, দূত! তুমি গিয়া রামকে আমার বৃত্তান্ত জানাইও এবং রাম ও লক্ষ্মণ আমার কথা শুনিয়া যেরূপে স্বত্রীবের সহিত শীদ্র আইদেন তুমি তাহাই করিও! আর চুই মাসকাল আখার জীবনের সীমা, যদি ইছার মধ্যে রাম না আইসেন তবে আমি নিশ্চয়ই অনাথার ন্যায় প্রাণভ্যাগ করিব।

বানরগণ! আমি জানকীর এইরপ কাতরোক্তি শ্রবণ করিয়া যার পর নাই ক্রোধাবিষ্ট হইলাম এবং লক্ষা পুরা উৎসন্ন করাই স্থির করিলাম! তৎকালে আমার দেহ পর্বত-প্রমাণ বন্ধিত হইয়া উঠিল। তখন আমি যুদ্ধার্থী হইয়া রাব-ণের অশোক বন ভগ্ন করিতে প্রবৃত্ত হইলাম। মৃগপক্ষি-গণ সভয়ে পলায়ন করিতে লাগিল। ইত্যবসরে বিক্তাকার রাক্ষণীরা জাগরিত হইয়া আমাকে দেখিতে পাইল এবং চতুর্দিক হইতে মিলিত হইয়া শীস্ত্র এই ব্যাপার রাবণের গোচর করিল ; কহিল, রাক্ষণরাজ ! এক প্রুর্ব্ত বানর তোমার বলবীর্য্য বিচার না করিয়া প্রুর্গম অশোক বন ছারখার করি-য়াছে ৷ ঐ অপকারী শক্র অভি নির্কোধ, সে যেন আর ফিরিয়া না যায় ৷

রাবণ এই কথা শ্রবণ করিবামাত্র কিংকর নামক রাক্ষনগণকে যুদ্ধার্থ নিয়োগ করিল। অশীতি সহস্র কিঙ্কর শূলমুদ্ধারহন্তে অশোক বনে উপস্থিত হইল। আমি এক অর্গল গ্রহণ পূর্বক উহাদিগকে বিনাশ করিলাম। পরে হতাবশিষ্ট কএকটী রাক্ষন ক্রতপদে গিয়া রাবণকে এই ব্যাপার নিবেদন করিল। ইত্যবসরে আমি চৈত্যপ্রাদ চুর্ণ করিতে প্রবৃত্ত হইলাম এবং এক স্তম্ভ উৎপাটন পূর্বক তত্রত্য রাক্ষনগণকে বিনাশ করিয়া রোষভরে প্রসংগীয় প্রাসাদ চুর্ণ করিলাম।

অনন্তর রাবণ প্রহন্তের পুত্র মহাবীর জন্মালিকে
যুদ্ধার্থ নিয়োগ করিল ৷ জন্মালি বহুসংখ্য ভীষণ রাক্ষসে
পরিবৃত হইয়া উপস্থিত হইল ৷ আমি অর্গল দ্বারা ঐ
বীরকে সবলে বিনফ করিলাম ৷ পরে রাবণ পদাভিসৈন্যের
সহিত মন্ত্রিপুত্রগণকে প্রেরণ করিলা ৷ আমিও ঐ অর্গল দ্বারা
ভাহাদিগকে বিনাশ করিলাম ৷ পরে রাবণ সসৈন্যে চারিজন

সেনাপতিকে প্রেরণ করিল! আমিও অচিরাৎ সকলকে নিমাল করিলাম। পারে রাবণ বত্তসংখ্যা রাক্ষসের সহিত কুমার অক্ষকে প্রেরণ করিল ৷ অক্ষ মন্দোদরীর পুত্র, অভান্ত রণদক্ষ, সে যখন বিক্রম প্রদর্শনার্থ নভোমগুলে উত্থিত হয় তৎকালে আমি তাহার পদদ্বয় গ্রহণ করি এবং তাহাকে বারংবার বিঘূর্নিত করিয়া নিষ্পিষ্ট করিয়া ফেলি। পরে রাবণ ক্রোধাবিষ্ট হইয়া ইন্দ্রজিৎ নামে আর একটা পুত্রকে প্রেরণ করে ৷ ঐবীর অত্যন্ত যুদ্ধপ্রিয়, আমি উহাকে সৈন্যগণের সহিত হীনবল করিয়া যার পর নাই সম্ভট হইলাম! রাবণ বড বিশ্বাদে ইন্দ্রজিৎকে নিয়োগ করে কিন্তু সে দৈন্যগণকে ছিন্ন ভিন্ন দেখিয়া আমার বলবীৰ্য্য অসহা বোধ করিল এবং মহাবেগে ত্ৰন্ধান্ত দ্বারা আমাকে বন্ধন করিয়া ফেলিল। অনন্তর রাক্ষ্সেরা রজ্জু দারা আমাকে দংযত করিয়া রাবণের নিকট লইয়া যায়। তথায় ঐ তুরাত্মার সহিত আমার বাক্যালাপ হয়। আমি কি জন্য লঙ্কায় আগমন করিয়াছি এবং কেনই বা রাক্ষদগণকে বধ করি-লাম সে এই ক্থা আমাকে জিজ্ঞাসা কৰিল। তখন আমি কহিলাম, কেবল জ্বানকীর জন্যই আমার এইরূপ অনুষ্ঠান; আমি তাঁহার দর্শনার্থী হইয়া লক্কার আসিয়াছি, আমার নাম হরুমান, আমি বাযুর ঔরদ পুত্র, এবং কপিরাজ স্থতীবের মন্ত্রী; আমি রামের দৈত্যি স্বীকার করিয়া ভোমার নৈকট উপস্থিত

ছইয়াছি। এক্ষণে ভূমি আমার বাক্যে কর্ণপাত কর। কপি-·রাজ স্থগ্রীব তোমারে কুশল জিজ্ঞাসিয়াছেন এবং তিনিই ভোমার নিকট এই ধর্মার্থসঙ্গত বিষয়ের প্রসঙ্গ করিতেছেন ৷ ঐ মহাবীর যখন বৃক্ষবত্ল ঋষামুকে ছিলেন তখন রামের সহিত তাঁহার পরিচয় হয়। রাম তাঁহার নিকট উপস্থিত হইয়া এইরপ কছেন, কপিরাজ! ''এক নিশাচর আমার ভার্য্যা জানকীরে অপহরণ করিয়াছে, এক্ষণে জানকীর উদ্ধার আব-শ্যক, তুমি এই বিষয়ে প্রতিজ্ঞা কর।" পরে মহাবীর রাম অগ্রিসাক্ষী করিয়া স্থগ্রীবের সহিত সখ্যতা বন্ধন করেন ৷ পূর্বে বালি বলপূর্বক কপিরাজ্য গ্রহণ করিয়াছিলেন, রাম তাঁহাকে একমাত্র শরে সমরশায়ী করিয়া স্থগ্রীবকে ঐ রাজ্য প্রদান করেন। রাক্ষসরাজ! এক্ষণে সর্ব্ধপ্রকারে সেই রামের সাহায্য করা আমাদিগের কর্ত্তব্য। তিনি তোমার নিকট দৃতস্বরূপ আমাকে প্রেরণ করিয়াছেন। এক্ষণে তুমি শীদ্র জানকীরে আনয়ন এবং রামের জন্য তাঁহাকে অর্পণ কর, নচেৎ বানরগণ অচিরাৎ তোমার দৈন্য ছিন্নভিন্ন করিবে । যাহারা দেবগণের নিকটও নিমন্ত্রিভ হইয়া যায় সেই সকল বানরের প্রভাব জগতে আজিও কেহ জানিতে পারে নাই।

বানরগণ! অনন্তর ঐ ছুরাত্মা রাবণ ক্রোষপ্রদীপ্ত নেত্রে

আমাকে নিরীক্ষণ করিল এবং আমার প্রভাব সবিশেষ না জানিয়াই আমার প্রাণদণ্ডের অনুমতি দিল। মহামতি বিভীষণ রাবণের ভাতা. তিনি আমার জন্য উহাকে নানারপ অনুনয় পূর্দ্ধক কহিলেন, মহারাজ! আপনি ইহার প্রাণব্যের সঙ্কাপ করিবেন না। আপনি যে পথ আগ্রয় করিয়াছেন ইহা রাজনীতির বহিছুত। দূতবধ কোন রাজশাস্ত্রেই দৃষ্ট হয় না। প্রভুর বাক্য যথাবৎ বহন করা দূতের কার্য্য, যদি তাহার কোনরপ অপরাধ থাকে তাহা হইলে তাহার অঙ্কের বৈরূপ্য সম্পাদন করাই আবশ্যক, বধদও শাস্ত্রসঙ্কত নহে।

তখন রাক্ষসরাজ রাবণ নিশাচরগণকে আমার পুচ্ছ দগ্ধ
করিবার অনুজ্ঞা দিল। নিশাচরেরা তাহার আজ্ঞা প্রাপ্ত হইবামাত্র শণ ও কার্পাদ বস্ত্র দারা আমার পুচ্ছ বেন্টন করিল
এবং তাহাতে অগ্নি প্রদান পূর্দ্ধক কাষ্ঠবৎ মুফি দ্বারা আমাকে
প্রহার করিতে লাগিল! তৎকালে আমি যদিও পাশবদ্ধ
ছিলাম, কিন্তু দিবালোকে নগরী দর্শন করিবার জন্য কিছুমাত্র ক্রেশ অনুভ্ব করিলাম না। আমার পুচ্ছে অগ্নি প্রবল
বেগে প্রদীপ্ত হইতেছে, করচরণ পাশবদ্ধ, নিশাচরগণ রাজপথে
আমার অপরাধ ধােষণা করিতে লাগিল।

এইরপে আমি ক্রমশঃ পুরদ্বারের সম্বিহিত হইলাম, এবং তৎক্ষণাৎ দেহসঙ্কোচ করিয়া আপনার বন্ধন মোচন করিলাম!

পরে পূর্বরপ ধারণ ও লেছিময় জর্মল গ্রহণ পূর্বক ঐ সকল রাক্ষদকে বিনাশ করিলাম। আমার পুচ্ছে অগ্নি, স্বয়ং সংহারোদ্যত প্রলয়বহ্নির নাায় প্রনিরীক্ষা হইয়াছি। ইত্যবসরে আমি মহাবেগে পুরদ্বার লজ্মন পূর্বক প্রদীপ্ত লাঙ্গুল দারা লক্ষা দক্ষ করিলাম। ভাবিলাম আমি ত প্রাচীর ও অউালিকাদির সহিত সমস্ত পুরী ভন্মসাৎ করিলাম, বোধ হয় এক্ষণে ইহার সঙ্গে জানকীও বিনফ্ট হইয়াছেন। হা! আমারই বৃদ্ধিদোধে রামের এইরপ কার্যাক্ষতি হইল।

বানরগণ! আমি অত্যন্ত শোকাকুল হইয়া পুনঃ পুনঃ
এই বিষয় চিন্তা করিতে লাগিলাম । ইত্যবসরে অন্তরীক্ষ
হইতে চারণগণ এইরপ কহিলেন, দেখ, লক্ষা ছারখার হইয়াছে
কিন্তু জানকী দগ্ধ হন নাই। আমি এই বিম্ময়কর বাক্য
শ্রেণ করিবামাত্র যার পর নাই হৃষ্ট ও সন্তুষ্ট হইলাম
এবং তৎকালে অন্যান্য স্থলকণ দৃষ্টে আমার মনে সম্পূর্ণ
বিশ্বাসও জ্যাল । মনে করিলাম আমার পুছে অগ্নি প্রদীপ্ত
হইতেছে, কিন্তু আমি ত দগ্ধ হইতেছি না। আমার অন্তরে
হর্ষ সঞ্চার হইতেছে, এবং বায়ুও সৌরভ-ভার বহন করিতেছে,
আমি এই সমস্ত শুভ লক্ষণ, রাম ও জ্যানকীর প্রভাব এবং
শ্বিবাক্যে আশ্বন্ত হইয়া অত্যন্ত উৎসাহিত হইলাম।

অনন্তর আমি জানকীর নিকট পুনর্ব্বার গমন করিলাম

এবং তাঁহাকে অভিবাদন পূর্ব্বক বিদায় লইয়া, সমুদ্র লজ্মন করিবার জন্য অরিষ্ট পর্বতে উথিত হইলাম। বানরগণ! .. আমি ভোমাদিগকে বহুদিন দেখি নাই, তজ্জন্য আমার অত্যন্ত উৎকণ্ঠা হইল, আমি আকাশপথ আশ্রয় পূর্ব্বক অবিলম্বেই আগমন করিলাম। আমি রামের ক্লপা ও ভোমাদের তেজে কপিরাজ স্থ্রীবের কার্য্যসিদ্ধির জন্য এই সমস্তই অনুষ্ঠান করিয়াছি। এক্ষণে আমা দ্বারা যাহা হয় নাই ভোমরা ভাহাই সাধন কর।

একোনষষ্ঠিতম সর্গ।

+00 FB (B) 00+

হরুমান এইরূপে স্বীয় কার্য্যবতান্ত আদ্যোপান্ত কীর্ত্তন করিয়া পুনর্কার কহিলেন, বানরগণ! জানকীর চরিত্রদৃষ্টে বোধ হইয়াছে, রামের উদ্বোগ ও স্থগ্রীবের উৎসাহ সমস্তই সফল, ইহাতে আমারও মন যার পর নাই প্রীত হইয়াছে! জানকীর চরিত্র আর্যা অৰুন্ধতীরই অনুরূপ। তিনি তপোবলে বিশ্ব-রক্ষা করিতে পারেন এবং ক্রোধভরে বিশ্বব্রন্ধাণ্ড ভস্মীভূত করিতেও পারেন। রাবণের বিলক্ষণ পুণ্যবল, সে জানকীরে স্পর্শ করিয়াছিল, কেবল পুণ্যপ্রভাবেই বিন্ট হয় নাই। জানকী করম্পৃষ্টা হইলে রোষভরে যাহা করিবেন প্রদীপ্ত অগ্রিশিখাও তাহা পারেন না ৷ বীরগণ ! তোমরা ধীমান ও মহাবীর এবং অন্ত্রনিপুণ ও জিগীয়ু, তোমাদের কথা স্বতন্ত্র, আমি একাকীই রাক্ষদগণের সহিত লঙ্কাপুরী ছারখার করিয়া দিব। যদিও ইন্দ্রজিতের ত্রাহ্ম, রেক্তি, বায়ব্য ও বাৰুণ অস্ত্র অভ্যম্ভ প্রথরও তুর্নিবার তথাচ আমি স্ববীর্য্যে সমস্তই বিফল করিব। দেখ, তোমাদের আদেশ ছিল না ভজ্জন্যই আমি বিক্রম প্রদর্শনে কুঠিত হইয়াছিলাম ৷ মহাসমুদ্র তীরভূমি উল্লঙ্ঘন

করিতে পারে, পর্বতবর মন্দর বিকম্পিত হইতে পারে, কিন্তু শক্রসৈন্য বীর জাম্বানকে কিছুতেই পরাস্ত করিতে পারে না ! বালিতনয় কুমার অঙ্গদ একাকীই সর্বপ্রধান রাক্ষসগণকে অবলীলাক্রমে বধ করিবেন ! বীর প্লবগ ও নীলের প্রবল বেগে রাক্ষদগণের কথা দূরে থাক হিমাচলও চুর্ন হইবে ৷ সুরাস্থর ও যক্ষ এবং গন্ধর্ক, উরগ ও পক্ষীর মধ্যে মৈন্দ ও দ্বিবিদের প্রতিদ্বন্দ্বী আর কে আছে? একমাত্র আমি লক্ষা ভন্মসাৎ ও অনেক বীরকে নিপাত করিয়াছি ! "রামের জয়, লক্ষাণের জ্বয় এবং রামর্কিত সুত্রীবের জয়; আমি মহারাজ রামের ভৃত্য, নাম পাবনপুত্র হনুমান" আমি এইরপে লঙ্কার রাজ-পথে নাম ঘোষণা করিয়াছি। আমি সেই ছুরু ত রাবণের অশোক বনে শিংশপা वृक्तगृत्न प्रिवी कानकीरत प्रथिलाग। ভাঁহার চতুর্দিকে বিকটদর্শনা রাক্ষদী, তিনি শোকসন্তাপে বিলক্ষণ क्रिके ब्हेसार्ह्मन, उँ। हात मूर्डि स्पर्याष्ट्रम हत्क्कलात नारा मिनन, তিনি বলগর্ষিত রাবণকে অবমাননা করিতেছেন, রামের প্রতি তাঁহার অসাধারণ অনুরাগ; শচী যেমন স্থররাজ ইন্দ্রের প্রতি দেইরূপ তিনি রামের প্রতি প্রীতিমতী হইয়া আছেন! তাঁহার সর্বাঙ্গ ধূলিধূষর, পরিধান একমাত্র বস্ত্র, তিনি দীনমনে ধরাসনে উপবেশন করিয়া আছেন। প্রাণত্যাগেই তাঁহার मक्षण्य, जिनि विशांगार्य कथलिनीत नाग्र विवर्ग बहेग्राएन।

বানরগণ! আমি অতিকটে দেই জানকীর মনে বিশ্বাস
জন্মাইয়া দেই এবং তাঁহার সহিত বাক্যালাপ আরম্ভ করিয়া
সমস্ত কথাই নিবেদন করি। তিনি স্থ্রীবের সহিত রামের
মৈত্রীবন্ধনে অত্যন্ত প্রীত হইয়াছেন। তাঁহার স্বামিভ্রুতি
উৎকটি এবং আচারও প্রশংসনীয়। তিনি যে স্ব-প্রভাবে
রাবণকে বিনাশ করিতেছেন না, ইহা রাবণের পরম সোভাগ্য।
বলিতে কি, এক্ষণে রাক্ষসবধে রাম কারণমাত্র হইবেন, বস্তুত
জানকীই ইহাঁর মূল। হা! তিনি একেই ত ক্ষীণান্দী,
তাহাতে আবার ভর্ত্বিরহে প্রতিপদে পাঠশীল ছাত্রের
বিদ্যার ন্যায় আরপ্ত ক্ষীণ হইয়াছেন। বানরগণ! এই আমি
তোমাদের নিকট সমস্ত বৃত্তান্ত কীর্ত্বন করিলাম। এক্ষণে

यिखि তম সর্গ।

-

তখন অঙ্গদ কহিলেন, দেখে. এই চুই অশ্বিতনয় অত্যন্ত মহাবলপরাক্রান্ত, পূর্বে সর্বলোকপিতামহ ব্রহ্মা মহাত্মা অশ্বির সন্মান বর্দ্ধিত করিবার জন্য ইহাঁদিগকৈ সকলের অবধ্য করিয়াছেন ৷ তদব্ধি ইহাঁরা বনগর্মিত হইয়া সর্মত্র পর্যাটন করিয়া থাকেন ৷ একদা এই তুই মহাবীর স্কুর্বেন্য পরাজয় করিয়া অমৃত পান করিয়াছিলেন! বানরগণ! তোমরা আর কেন নিরর্থক চেফা পাইবে, ইহঁরাই ক্রোধাবিফ হইয়া হস্তার্থ সৈনের সহিত লক্ষাপুরী উৎসন্ন করিবেন! অথবা ইহাঁরা থাকুন, আমি একাকীই রাবণের বধ সাধন করিব। তোমরা অস্ত্রনিপুণ ও জিগীয়ু, আমি তোমাদের সাহায্য পাইলে নিশ্চয়ই ক্লভকার্য্য হইব। আমি শুনিলাম, হরুমান দেবী জানকীরে দেখিয়াছেন. কিন্তু জানি না, ইনি তাঁহাকে কি জন্য আনয়ন করেন নাই ! তোমরা বীরপুৰুষ, এক্ষণে রামের নিকট গিয়া এই অপ্রীতিকর কথা কিরুপে কহিবে? বীরত্ব প্রদর্শনে দেব-मीनवगरगत मरधा ७ जो मारिमत मनुमं कि नाहे। अक्सरण हल, আমরা রাবণবধ ও লঙ্কা জয় করিয়া, ছাউমনে জানকীরে লইয়া

আসি। মহাবীর হরুমান ত রাক্ষসগণকে প্রায় নিংশেষ করিরাছেন, স্থতরাং জানকীর উদ্ধার ব্যতীত আমাদের আর কি
করিবার আছে। যে সকল বানর দিক্দিগন্ত হইতে কিদ্ধিক্ষার উপস্থিত হইরাছে, তাহাদিগকে কফ দিবার প্রয়োজন
কি ? চল আমরাই অবশিষ্ট রাক্ষ্যের বধসাধন পূর্বক রাম,
লক্ষ্মণ ও স্থগ্রীবের সহিত সাক্ষাৎ করি।

তখন মহাবীর জামবান প্রীতমনে কহিলেন, কুমার! তুমি যেরূপ কৰিতেছ ইহা সুসঙ্গত বোধ হইল না ৷ দেখ, কপিরাজ স্থগ্রীব ও মহাত্মা রাম জানকীর উদ্দেশ লইবার জ্ব্যাই আমাদিগকে আদেশ করিয়াছেন, তাঁহাকে উদ্ধার করা আবশ্যক এরপ ত কিছু বলিয়া দেন নাই ৷ এক্ষণে যদিও আমরা কটেনৃটে রাক্ষনগণকে পরাজয় করিতে পারি, কিন্তু হয় ত ইহা তাঁহাদিগের তাদৃশ প্রীতিকর হইবে.না। রাজাধি-রাজ রাম স্বয়ংই সর্কাসমক্ষে স্বীয় বীরবংশের উল্লেখ করিয়া জানকীর উদ্ধার অঙ্গীকার করিয়াছেন, স্নতরাং ভদ্বিযয়ের ব্যাঘাত করা তোমার শ্রেয় হইতেছে না। তুমি যেরপা ইচ্ছা করিতেছ তদ্বারা সমস্ত কার্যাই বিফল হইবে এবং রামেরও কোনরপ প্রীতিলাভ হইবে না। এক্ষণে চল, যথায় রাম ও লক্ষ্মণ অবস্থান করিতেছেন, আমরা সেই স্থানে গমন করি এবং ভাঁছাদিগের নিকট আদ্যোপাস্ত সমস্তই কহি।

একষ্ঠিত্য দর্গ।

-

অনস্তর বানরগণ মহাবীর জাষবানের এই বাক্যে সম্মৃত হইল এবং প্রতিমনে মহেন্দ্র পর্বত হইতে অবতরণ পূর্ব্ধক কিন্ধিরার দিকে যাত্রা করিল। উহারা মহাবল ও মহাকার, তৎকালে মন্ত মাতঙ্গবৎ সকলে গগনতল আবৃত করিয়া যাইতে লাগিল। মহাবীর হনুমান স্থার ও মহাবেগ, বানরগণ গমনপথে যেন তাঁহাকে চক্ষে চক্ষে বহন করিয়া চলিল। সকলেই রামের কার্য্যসাধনে ক্রতসংকপ্প হইয়াছে এবং সকলেরই মনে ভজ্জনিত বশঃস্পৃহা বলবতী হইতেছে। উহারা জানকীর সংবাদলাতে স্কৃষ্ট হইয়া রাক্ষসগণের সহিত্ব যুদ্ধকামনা করিতে লাগিল।

অনন্তর ঐ সমস্ত বানর গগদপথ আত্রার পূর্বক কপিরাজ স্থাীবের স্থরমা মধুবনে উপস্থিত হইল। উহা বৃক্ষপূর্ন এবং স্থরকানন নক্ষনতুলা; স্থাীবের মাতুল কপিপ্রধান দ্ধিমুখ ঐ বন নিরন্তর রক্ষা করিতেছেন। উহা অভ্যন্ত তুর্গম, বানরেরা ভ্রাণে প্রবেশ পূর্বক একান্ত উদাম হইয়া উঠিল এবং রাজক্ষার অঙ্গদের সন্নিধানে মধুপানের প্রার্থনা করিল। তথ্য অঙ্গদ জান্থবান প্রভৃতি বৃদ্ধগণের অনুষ্তিক্রেমে ভৎক্ষাৎ

তিষ্বিয়ে সম্মৃত হইলেন। বানরের ও ভ্রমরসঙ্কুল বৃক্ষে উপিত হইল এবং ছাউমনে মধুবনের স্থান্ধী ফলমূল সমস্ত ভক্ষণ করিতে লাগিল।

অনস্তুর বানরেরা মধুপানে একান্ত উন্মত্ত হইয়া উঠিল এবং কেহ পুলকিত মনে মৃত্য, কেহ গান, কেহ হাস্য, কেহ পাঠ এবং কেছ বা প্রণাম করিতে লাগিল। কেছ বিচরণ ও কেছ বা লক্ষপ্রদানে প্রবৃত্ত হইল ৷ কেছ নিরবচ্ছিন্ন প্রলাপ ও কেহ বা অনোর সহিত কলহ করিতে লাগিল। কেহ বৃক্ষ হইতে বৃক্ষান্তরে, কেহ বৃক্ষাগ্র হইতে ভূপঠে, ও কেহ বা ভুপৃষ্ঠ হইতে বৃক্ষাণ্ডো মহাবেগে গিয়া পড়িল। কোন বানর সঙ্গীত আলাপ করিতেছিল, আর এক জন অউ-হাদ্যে তাহার সন্নিহিত হইল ৷ কোন বানর অজত্ম রোদন করিতেছিল, আর এক জন অঞ্পাত পূর্ব্বক তাহার নিকটস্থ হইল ৷ কোন বানর নখাঘাত করিতেছিল, আর এক জন তাহাকে প্রতিপ্রহার আরম্ভ করিল ৷ এইরপে ঐ বানরদৈন্য যার পর নাই উন্মত্ত হইয়া উঠিল।

তখন বনরক্ষক দিখিমুখ বানরগণকে বৃক্ষের ফলমূল ভক্ষণ ও পত্রপুষ্প ছিন্নভিন্ন করিতে দেখিয়া ক্রোধভরে নিবারণ করিলেন ৷ কিন্তু বানরেরা উহার বাক্যে উপেক্ষা করিয়া উহাকে ভর্মনা করিতে লাগিল। তখন দধিমুখ উহাদের

উপদ্রব শান্তির জন্য অধিকতর উদ্দেশ্যী হইলেন ৷ তিনি কাহাকে নির্ভয় দেখিয়া তিরঙ্কার করিলেন, তুর্বলকে চপেটা-ঘাত করিলেন, কাহারও সহিত ঘোরতর বাক্বিতভা করিতে লাগিলেন এবং কাহাকেও বা শান্ত বাক্যে ক্ষান্ত করিবার চেষ্টা পাইলেন। বানরগণ একান্ত মদবিহ্বল হইয়াছে, তখন দ্ধিমুখ উপায়ান্তর না দেখিয়া বলপূর্বক উহাদিগের বেগশান্তির ইচ্ছা করিলেন ৷ তৎকালে বানরগণের আর কিছুমাত্র রাজদণ্ডের ভয় নাই, উহারাও মহাবেগে দ্ধিমুখকে আকর্ষণ করিতে লাগিল ৷ কেহ তাঁহারে নখরে ক্ষতবিক্ষত করিল, কেহ তীক্ষ দত্তে দংশন করিল, কেহ চপেটাঘাত এবং কেহ বা পাদ গ্রহার করিতে লাগিল। এইরূপে বানরেরা দ্ধিমুখকে চারিদিক হইতে মৃতকম্প করিয়া ফেলিল।

দ্বিষ্ঠিতম সর্গ।

তথন মহাবীর হনুমান বানরগণকে উৎসাহ প্রদান পূর্বক কহিলেন, দেখ, আমি ভোমাদিগের শক্র নিবারণ করিতেছি, তোমরা স্থির হইয়া মধুপান কর। তখন কপিপ্রবীর অঙ্গদ হনুমানের এইরপ বাক্যে প্রসন্ন হইয়া কহিলেন, এই মহাবীর ক্রতকার্য্য হইয়া প্রত্যাগমন করিয়াছেন, এক্ষণে ইনি যেরপ কহিলেন ভাহাতে আর বক্তব্য কি আছে, যদি কোন অকার্য্যও হয় আমরা অবশ্যই ভাহা করিব। বানরগণ! ভোমরা স্থির হইয়া মধুপান কর ।

অনন্তর বানরের। হাউমনে কুমার অঙ্গদকে বারংবার সাধুবাদ প্রদান করিতে লাগিল এবং নদীপ্রবাহ যেমন বনমধ্যে প্রবেশ করে সেইরপ মহাবেগে মধুবনে প্রবেশ করিল। হরুমানের কার্য্যসিদ্ধি এবং মধুপানের অনুজ্ঞালাভ এই ছুই কারণে উহারা ভয়শূন্য হইল এবং বলপূর্কক রক্ষকগণকে বন্ধন করিয়া বৃক্ষের সুস্বাদ্ধ ফলএহণ ও মধুপান আরম্ভ করিল। তদ্ধ্রী বহুসংখ্য বনরক্ষক উপস্থিত হইয়া উহাদিগকে নিবারণ করিতে লাগিল। বানরেরাও ভাহাদিগকে নির্ভরে প্রহার করিতে প্রবৃত্ত হইল। কেছ স্বহন্তে দ্রোণপরিমিত মধুলইল, কেছ ছাউমনে পান করিতে লাগিল, কেছ পানাবশেষ দূরে নিক্ষেপ করিল, কেছ উচ্ছিস্ট মধুলারা অন্যকে প্রহার করিল। কেছ শাখা গ্রহণ পূর্ব্ধক বৃক্ষমূলে উপবিষ্ট হইল এবং কেছ বা অবসাদ হেতু পর্ণশয্যা রচনা করিয়া শয়ন করিল। সকলেই অতিশাত্র উন্মত, উহাদের বেগ বিলক্ষণ বর্দ্ধিত হইয়াছে, কেছ মহাবেগে কাছাকে নিক্ষেপ করিল, কাছারও বা পদস্থালন হইতে লাগিল। কেছ প্রমোদভরে বিহঙ্গম্বরে কুজন আরম্ভ করিল, কেছ ধরাশায়ী হইল, কেছ অত্যন্ত প্রগল্ভ, কেছ অউহাদ্যে হাসিতে লাগিল, কেছ রোদনে প্রবৃত্ত হইল, কেছ স্বকার গোপন করিয়া অন্যপ্রকার কহিল এবং কেছ বা সেই কথার বিপরীত অর্থ লইল।

ইত্যবসরে বনরক্ষক দধিমুখের ভৃত্যেরা ভীমরূপ বানরগণের প্রহারবেগে পালায়ন করিতে প্রাকৃত্ত হইল! বানরেরাও এক একটীকে গ্রহণ পূর্ব্বক উদ্ধে নিক্ষেপ করিতে লাগিল। তথন ভৃত্যগণ উদ্বিগ্ন মনে দধিমুখকে গিয়া কহিল, দেখ, বানরেরা হত্ত্ব-মানের বাক্যে উৎসাহিত হইয়া, বলপূর্ব্বক মধুবন নফ করিয়াছে এবং আমাদিগের জাতু ধারণ পূর্ব্বক উদ্ধে নিক্ষেপ করিতেছে!

তখন দ্বিমুখ বানরগণের মুখে এই বাক্য প্রবণ করিবামাত্র অত্যন্ত কোধাবিষ্ট হুইল এবং উহাদিগকে সান্তনা করিয়া কহিল, দেখ, বানরগণ অত্যস্ত বল গর্বিত হইয়াছে, চল আমরা গিয়া বলপূর্বক তাহাদিগকে নিবারণ করি।

অনন্তর ভৃত্যের। পুনর্স্বার মধুবনে চলিল। দিবিমুখ উহাদিগের
মধ্যস্থলে, তিনি এক প্রকাণ্ড বৃক্ষ উৎপার্টন পূর্বাক মহাবেগে
ধাবমান হইলেন। ভৃত্যেরাও বৃক্ষশিলা উদ্যত করিয়া ক্রোধভরে
চলিল এবং মুত্রমুহ্ গুঠপুট দংশন ও গর্জ্জন করিতে লাগিল।

তখন মহাৰীর অঙ্গদ দ্ধিমুখকে আগমন করিতে দেখিয়া ক্রোধভরে ভুজপঞ্জরে গ্রহণ করিলেন এবং তাঁহাকে স্বমত-বিৰুদ্ধ ব্যবহারে প্রাবৃত্ত জানিয়া, মহাবেগে ভূতলে নিষ্পিষ্ট করিয়া ফেলিলেন ৷ দধিমুখের অঙ্গ প্রভাঙ্গ চুর্ন হইয়া গেল এবং তিনি শোণিতাক্ত কলেবরে মুহূর্ত্তকাল বিহ্বল হইয়া রহিলেন। পরে ঐ বীর বানরগণের হস্তে কথঞ্চিৎ মুক্তিলাভ পূর্ব্বক বিরলে আসিয়া ভৃত্যদিগকে কহিলেন, দেখ, যথায় কপিরাজ স্থগীব, রাম ও লক্ষাণের সহিত অবস্থান করিতেছেন, চল, আমরা সেই স্থানেই যাই ! আমরা ভাঁহার নিকট উপস্থিত হইয়া, অঙ্গদের সমস্ত দোষের কথা উল্লেখ করি। তিনি অতি কোপনস্বভাব, আমার মুখে এই সমস্ত শুনিলে নিশ্চয়ই বানরগণকে বিনাশ করিবেন ৷ এই মধুবন তাঁহার পৈতৃক, ইহা নিতান্ত ছ্রম্পাবেশ, তিনি ইহার এইরূপ ত্রবস্থার কথা জানিতে পারিলে নিশ্চয়ই এই সমস্ত মধুলোলুপ অপ্পায়ু বানরকে দণ্ডাঘাতে চূর্ণ করিবেন।

ইহার। রাজাজ্ঞার বিরোধী বলিতে কি, ইহাদিগকে বন্ধন করিলে আমার অসহিষ্ণুতাজনিত রোষ নিশ্চরই সফল হইবে।

মহাবল দ্ধিমুখ ভ্তাগণকে এইরপ কহিয়া উহাদিগেরই সহিত কপিরাজ স্থ্রীবের নিকট চলিলেন এবং অবিলয়ে আকাশপথ আশ্রার পূর্বাক তথার উপস্থিত হইরা, রাম ও লক্ষ্মণের সহিত স্থ্রীবকে দর্শন করিলেন। তাঁহার মুখ বিষাদে মান, তিনি ক্ষতাঞ্জলিপুটে স্থ্রীবের সমিহিত হইরা তাঁহাকে প্রণাম করিলেন।

ত্রিন্ফিতন সর্গ।

অনস্তর স্থানি দধিমুখকে পদতলে নিপতিত দেখিয়া উদ্বিশ্ন মনে কহিলেন, দধিমুখ! উঠ উঠ, কি জন্য এইরপো পদতলে পড়িলে? আমি তোমায় অভয় দান করিতেছি, সভাবল, ভূমি কি কারণে ভীত হইয়াছ? মধুবনের কুশল ত?

তখন দ্ধিমুখ স্থাীবের এইরপ প্রীতিকর বাক্যে আর্শ্বস্ত হইয়া গাত্রোখান পূর্বক কহিলেন, রাজন্! বালি ও তুমি তোমরা উভয়েই বানরগণের অধিপতি; তোমরা কখন বানর-দিগকে মধুবন ইচ্ছাসুরূপ উপভোগ করিতে দেও নাই, কিন্তু আজ অঙ্গদ প্রভৃতি বীরগণ ঐ বন এককালে ভগ্ন করিয়াছে! আমি এই সমস্ত রক্ষকের সহিত উপস্থিত হইয়া, উহাদিগকে পুনঃপুনঃ নিষেধ করিলাম, কিন্তু উহারা আমাকেও লক্ষ্য না করিয়া হাউমনে পানভোজন করিতেছে এবং নিবারণ করিলে আমাদিগকে ভ্রুকী প্রদর্শন করিয়া থাকে। উহারা কাহাকে ক্রোধভরে যথোচিত অবমাননা করিয়াছে; কাহাকে চপেটাঘাত, কাহাকে পদাঘাত এবং কাহাকেও বা মহাবেগে উর্জ্বে

নিক্ষেপ করিয়াছে। রাজন্! তুমি বানরগণের প্রাভু, তুমি বিদ্যমানে ইহাদের এইরপ তুর্দিশা হইল!

তখন লক্ষণ স্থাতীবকে জিজ্ঞাসিলেন, কপিরাজ! এই বন-রক্ষক কি জন্য আসিয়াছেন? এবং কি জন্যই বা এইরূপ ছু:খিত হইয়াছেন?

তখন স্থাব কহিতে লাগিলেন, আর্যা! অঙ্গদ প্রভৃতি বানরগণ মধুবনের মধুপান করিয়াছে, বীর দ্ধিমুখ আসিয়া অাম'কে এই কথাই জ্ঞাপন করিতেছেন! এক্ষণে বোধ হয়; আমি যে সমস্ত বীরকে দক্ষিণ দিকে প্রেরণ করিয়াছিলাম, উাহারা কুতকার্য্য হইয়া প্রত্যাগমন করিয়াছেন, নচেৎ এইরূপ ব্যতিক্রমে ওঁ। হাদের কদাচই সাহস হইত না। যথন ভাঁহারা মধুবনে উপস্থিত তথন বোধ হইতেছে কার্য্যসিদ্ধির ব্যাঘাত ঘটে নাই। এই সমস্ত বনরক্ষক ভাঁহাদের উপদ্রব শান্তির চেষ্টা পাইয়াছিল. কিন্তু ভাঁহারা ক্রোগাবিষ্ট হইয়া ইহাদিগকে প্রহার করিয়াছেন ! বীর দ্ধিমুখ মধুবনের প্রাধান রক্ষক, আমরাই ইহাঁকে তথায় নিয়োগ করিয়াছি, কিন্তু এ বীরগণ ইহাঁকেও লক্ষ্য করে নাই। এক্ষণে অপর কেছ নয়, একমাত্র হতুমানই দেবী জানকীর দর্শন পাইয়াছেন ৷ আমি সেই মহাবীর ব্যতীত এই বিষয়ে আর কাহা-কেই সম্ভাবনা করি না! বুদ্ধি ও কার্য্যদিদ্ধি তাঁহারই আয়ত্ত: माहम, वनवीर्या ও শাল্রবোধ তাঁহারই আছে। দেখ, জাম-

বান, হরুমান ও অঙ্গদ যে কার্য্যের নেতা তাহার কদাচই অন্যথা হইবে না। এক্ষণে সেই সমস্ত বীর নিয়োগ পালন পূর্ব্বক মধুবনে প্রবেশ করিয়াছেন। এই বনরক্ষকেরা তাঁহাদের উপাদ্রব শান্তির জন্য চেন্টা পাইয়াছিল ইহারা অপমানিত হইয়াছে, এই মধুরবাদী দ্ধিমুখ আমাকে এই কথা জ্ঞাপন করিবার জন্যই উপস্থিত হইয়াছেন। বীর! বানরেরা যখন পানপ্রমোদে উমত্ত, তখন নিশ্চয় জানকীর উদ্দেশ লাভ হইয়াছে। দেখ, আমরা দেবগণের প্রীতি-দানম্বর্ধণ ঐ বন প্রাপ্ত হইয়াছি, বান-রেরা অঞ্কতকার্য্য হইলে কখন তম্মধ্যে উপাদ্রব করিত না।

তখন রাম ও লক্ষ্মণ স্থানিরে এই ক্রুভিস্থকর বাক্য প্রাবণ পূর্মক যার পর নাই পরিভুষ্ট হইলেন। অনন্তর স্থানিও ক্ষমনে বনরক্ষক দ্ধিমুখকে কহিলেন, মাভুল! বানরগণ কার্য্যনিদ্ধি ক্রিয়া যে, মধুবনের ফলমূল ভক্ষণ করিভেছে আমি ভোমার নিকট এই কথা শুনিয়া অভিমাত্র প্রীত হইলাম! এক্ষণে তাহাদিগের উপদ্রব সহ্য করিয়া থাকা আবশ্যক, ভুমি গিয়া পূর্মবিৎ মধুবনের রক্ষাকার্য্যে নিযুক্ত থাক এবং হন্মান প্রভৃতি বানরগণকে শীত্র এই স্থানে পাঠাইয়া দেও! কিরপে জানকীর উদ্দেশলাভ হইল ভাহা শুনিবার জন্য আমরা অভান্তই উৎস্ক রহিলাম।

চতুঃষষ্টিত্য দর্গ।

~~~

অনন্তর বনরক্ষক দ্বিমুখ হাউমনে রাম লক্ষ্মণ প্রভৃতি সক-লকে অভিবাদন করিয়া বানরগণের সহিত পুনর্কার আকাশপথ আশ্রয় পূর্বকে মধুবনে অবতীর্ণ হইলেন ৷ দেখিলেন, বানরগণ মদবেগ হইতে সম্পূর্ণ উন্মুক্ত হইয়াছে, এবং মুত্রদ্বার দিয়া অন-বরত মদরস পরিভাগি করিতেছে। তখন দ্ধিমুখ ক্তাঞ্জলিপুটে অঙ্গদের সন্নিহিত হইলেন এবং একান্ত পুলকিত হইয়া কহিতে লাগিলেন, কুমার! এই সমস্ত বনরক্ষক অজানতই ভোমাদিগকে মধুপানে নিষেধ করিয়াছিল, এক্ষণে সকলকে ক্ষমা কর। তুমি যুবরাজ এবং এই মধুবনের অধিপতি, তুমি দূরপথ পর্য্যটনে পরিশ্রান্ত হইরাছ, এক্ষণে হচ্ছন্দে মধূপান কর। আমি অগ্রে মূর্খতানিবদ্ধন ক্রোধাবিষ্ট হইয়াছিলাম, এক্ষণে ক্ষমা কর। তুমি ও স্থগ্রীব উভয়েই ভূতপূর্ক বালীর ন্যায় বানরগণের অধিপত্তি, এফণে ক্ষমা কর ৷ আমি স্প্রত্রীবের নিকট তোমা-দের সমন্ত সংবাদ দিয়াছি; তিনি শুনিয়া সম্ভুষ্ট হইয়াছেন এবং মধুবনের অত্যাচারের কথা কর্নগোচর করিয়াও কিছুমাত্র ৰুফ হন নাই। তিনি আমাকে কহিলেন, দধমুখ! তুমি গিয়া শীত্র তাঁহাদিগকে পাঠাইয়া দেও।

তখন অক্ষদ কহিলেন, বানরগণ! এই দ্ধিমুখ আসিয়া হান্টান্তঃকরণে স্থ্রীবের কথা নিবেদন করিতেছেন, ইহাতেই বোধ হয়, রাম আমাদিগের বৃত্তান্ত জ্ঞাত হইয়া থাকিবেন। একণে আমরা ত বিস্তর অকার্য্য করিলাম, স্মৃতরাং এই স্থানে থাকা আর আমাদিগের উচিত হইতেছে না। চল, অতঃপর সকলে কিশিরাজ স্থ্রীবের নিকট গমন করি। আমি তোমাদের অধীন, তোমরা আমায় থেরূপ কহিবে, আমি অকুণ্ঠিত মনে তাহাই করিব। আমি যদিও যুবরাজ, তথাচ তোমাদিগকে আদেশ করিতে সাহসী নহি।

বানরগণ অঙ্গদের এইরপ বাক্য প্রবিণ পূর্ম্বক হার্টমনে কহিল, কুমার! প্রভু হইয়া কে এরপ কহিতে পারে? অন্যে ঐশ্বর্য্যার্কে নিজের প্রভুত্ব দর্শাইয়া থাকেন। কিন্তু ভোমার কথা স্বতন্ত্র; ভূমি যেরপ কহিতেছ ইহা ভোমার বিনীত ভাবের সমুচিত হইল, বলিতে কি, এইরপ সন্নতিই ভোমার ভাবী ভাগ্যোননতি স্কুম্পেট ব্যক্ত করিতেছে। এক্ষণে চল, আমরা কপিরাজ স্থ্যীবের নিকট গমন করি। সত্যই কহিতেছি, আমরা ভোমার আজ্ঞা ব্যতীত কুত্রাপি এক পদও যাইতে সাহসী নহি!

অনন্তর বানরগণ গগনতল আর্ত করিয়া কণিরাজ স্থাীবের নিকট চলিল । সর্কাগ্রে যুবরাজ অঙ্গদ ও হনুমান। উহারা যন্ত্রোৎক্ষিপ্ত উৎপলবৎ মহাবেগে চলিল এবং

বাভাহত ঘনঘটার ন্যায় ঘোর ও গভীর গর্চ্জন করিতে লাগিল। তদ্যে কপিরাজ স্থাীব রামকে প্রবোধ বাক্যে কহিতে লাগি-लन, मर्थ! जार्रेख इ.७. वानत्रांग ज्यमारे जानकीत छेत्मम লাভ করিয়াছে, নচেৎ এইরপ কালবিলম্বে কেহই এম্বানে আসিত না! আমি অঙ্গদের হর্ষ দেখিয়া সুস্পাট্টই ব্ঝিতেছি, কার্য্যের ব্যাঘাত ঘটিলে ইনি কখন আমার সহিত সাক্ষাৎ করিতেন না। অন্যান্য বানরেরা ক্তকার্য্য না হইলেও স্বভাবদোষে চাপল্য প্রদর্শন করিতে পারে, কিন্তু ভাষা হইলে অঙ্গদ নিশ্চয়ই ভগুমনে ও দীনবদনে আসিতেন ৷ মধুবন আমাদিগের পৈতৃক, কার্য্যদিদ্ধি না হইলে অঙ্গদ কদাচ তথায় প্রবেশ করিতেন না। রাম! তুমি আশ্বস্ত হও, অপর কেহ নয়, একমাত্র হরুমানই জানকীর দর্শন পাই-য়াছেন! আমি দেই মহাবীর ব্যতীত এই বিষয়ে আর কাহা-কেই সম্ভাবনা করি না। বুদ্ধি ও কার্যাসিদ্ধি তাঁহারই আয়ত ; বল উৎসাহ ও শাস্ত্রবোধ ভাঁহারই আছে। হনুমান, জাম্বান ও অঙ্গদ যে কার্যোর নেতা তাহার কদাচই অন্যথা হইবে না। সখে! এক্ষণে চিন্তা নাই, বনভঙ্গ ও মধুপানেই অনুমান করিতেছি, বানরগণ ক্লতকার্য্য হইয়াছে।

সিদ্ধিলাভগর্ষিত বানরগণের কিলকিলা রব ক্রমশঃ নিকটে শ্রুত হইতে লাগিল ৷ তখন কপিরাজ স্থানিও ছাউমনে

লাঙ্গুল প্রসারিত করিয়া দিলেন ৷ অনস্তুর বানরগণ ক্রমান্ধরে রামদর্শনার্থী হইয়া আগমন করিল এবং স্থানিব ও রামকে প্রণাম করিতে লাগিল ৷ তখন মহাবীর হনুমান রামের সন্নিহিত হইয়া অভিবাদন পূর্বেক কতাঞ্জলিপুটে কহিলেন, বীর ! আমি দেবী জানকীরে দেখিয়াছি ৷ তিনি ক্রশলে আছেন এবং স্বীয় পাভিত্রতা রক্ষা করিতেছেন !

তখন রাম ও লক্ষণ হরুমানের নিকট এই অমৃততুল্য
সংবাদ পাইবামাত্র যার পর নাই সম্ভট হইলেন ৷ মহাবীর
লক্ষণ কপিরাজ স্থগ্রীবকে প্রীতমনে সবহুমানে নিরীক্ষণ করিলেন এবং রামও প্রীত হইয়া সাদরে হরুমানের প্রতি ঘন ঘন
দৃষ্টিপাত করিতে লাগিলেন ৷

### পঞ্চাষ্টিতম সর্গ।

---

অনস্তর সকলে কাননশোভিত প্রস্রবণ শৈলে গমন করিলেন ৷ তথায় বানরগণ রাম লক্ষ্মণ ও স্থগ্রীবকে অভিবাদন
পূর্মক জানকীর বৃত্তান্ত আনুপূর্মিক কহিতে লাগিল ৷
রাবণের অন্তঃপুরমধ্যে জানকীর নিরোধ, রাক্ষসীগণক্ষত
ভৎ সনা, তদীয় স্থামিভক্তি এবং রাবণনির্দ্দিই জীবিত কাল,
ক্রমান্বয়ে এই সমস্ত কথা কহিতে লাগিল ৷

তখন রাম জানকীর সর্বাঙ্গীন কুশল শ্রবণে প্রীত হইয়া জিজ্ঞাসা করিলেন, বানরগণ! এক্ষণে দেবী কোথায় আছেন এবং আমার প্রতি তাঁহার কিরূপ অনুরাগ?

তখন বানরেরা জানকীর র্ভান্ত বর্ণনে হনুমানকে অনুরোধ করিল ৷ হনুমান উদ্দেশে জানকীরে প্রণাম করিয়া রামের হল্তে অভিজ্ঞানম্বরপ প্রদীপ্ত স্বর্ণমণি প্রদান পূর্বক রুভাঞ্জালি-পুটে কহিতে লাগিলেন, দেব! আমি সীভার অনুসন্ধানার্থ শত যোজন সমুদ্র লজ্মন করি! উহার দক্ষিণ তীরে ত্রাত্মা রাবণের লক্ষাপুরী। আমি তথায় দেবী জানকীরে দর্শন করিয়াছি। তিনি রাবণের অন্তঃপুরমধ্যে নিক্সন, রাক্ষসী- গণ নির্মার ভাঁছার প্রতি ভর্জন গর্জ্জন করিভেছে। তিনি ভোমার অনুরাগেই প্রাণধারণ করিয়া আছেন! বিকটা-কার রাক্ষদীরা তাঁহার রক্ষক l তিনি তোমার বিরহে অতিশয় কফ পাইতেছেন! তাঁহার পৃষ্ঠে একমাত্র. বেণী লম্বিত । তিনি দীনমনে নিরন্তর ধ্যানে নিমগু রহিয়াছেন। তাঁহার শ্যা ধরাতল, বর্ণ হিমাগ্যে কমলিনীর ন্যায় মালন। তিনি রাবণের প্রতি বিদ্বেষ বশত প্রাণত্যাগের সংকল্প করিয়াছেন। দেব! আমি ইক্লাকু রাজকুলের খ্যাতি কীর্ত্তন করিয়া তাঁহার বিশ্বাস উৎপাদন করি এবং তাঁহার সহিত কথোপকথনে প্রবৃত্ত হইয়া স্ববক্তব্য জ্ঞাপন করি। তিনি স্ত্রীবের সহিত স্থাতার কথা শুনিয়া সম্ভট হইয়াছেন। ভোমার প্রতিই নিয়ত তাঁহার ভক্তি এবং তোমার উদ্দেশেই তাঁহার সমস্ত কার্য। রাম! আমি সেই তপঃপরায়ণা সীতাকে এইরপেই দেখিলাম। চিত্রক্টে তোমারই সমক্ষে একটা কাক ভাঁহার উপর যেরূপ অভ্যাচার করে তিনি অভিজ্ঞানস্বরূপ আনুপূর্ব্বিক সেই কথা কহিয়াছেন এবং আমি লঙ্কাপুরীতে স্বচক্ষে যাহা কিছু দেখিলাম তিনি তৎ-সমুদায়ও কহিতে অনুরোধ করিয়াছেন। আমি যত্নপূর্বাক এই চূড়ামণি আনয়ন করিলাম, তিনি কপিরাজ স্থাীবের সমক্ষে ইহা ভোমাকে অর্পণ করিতে বলিয়াছেন ৷ তুমি মনঃশিশা দারা তাঁহার যে তিলক রচনা করিয়া দেও, তিনি পুনঃ পুনঃ ইহা স্মরণ করিতে বলিয়াছেন। আরও কহিলেন, আমি আর এক মাসকাল জীবিত থাকিব, পরে রাক্ষসগণের হস্তে প্রাণত্যাগ করিব। রাম! দেবী জানকী আমাকে এইরূপই কহিয়াছেন, এক্ষণে ভূমি যেরূপে সমুদ্র পার হইতে পার ভাহারই উপায় কর।

# ষট্যফিতিম সর্গ।

---

অনন্তর রাম জানকীপ্রদত্ত ঐ মণি-রত্ন হৃদয়ে স্থাপন পূর্ত্তক মনদ মনদ রোদন করিতে লাগিলেন এবং বারংবার ভাহা নিরীক্ষণ পূর্বক অঞ্চপূর্ন লোচনে কপিরাজ স্থগ্রীবকে কহিলেন, সখে! বৎসলা ধেনু বৎসদর্শনে যেমন স্কিঞ্ধ হয় এই চুড়ামণি দেখিয়া আখার হৃদয়ও সেইরপ স্থিধ হইতেছে। বিদেহরাজ জনক আমার বিবাহকালে এই উৎকৃষ্ট মণিরত্ব জানকীরে অর্পণ করিয়াছিলেন; ইহা সলিলোখিত এ মুরগণপুজিত। পূর্মে দেবরাজ ইন্দ্র যজ্ঞকালে পরিতুষ্ট ছইয়া ইহা ঐ রাজর্ষিকে প্রদান করেন। আজ এই মণিরত্ব দেখিয়া পিতা দশরথ ও রাজর্ষি জনককে আমার বারংবার স্মরণ হইতেছে। প্রোয়সী জানকী ইহা মহুকে ধারণ করিতেন, আজ যেন বোধ হইতেছে আমি সাক্ষাৎ সম্বন্ধে তাঁহাকেই পাইলাম। সেম্যি! তুমি পুনঃ পুনঃ বল, জানকী কি কহিলেন ৷ জলদেক দারা মূচ্ছিত ব্যক্তির যেমন চৈতন্য ছইয়া থাকে তদ্রপ তাঁহার কথায় আমার দেহে প্রাণ-

সঞ্চার হইবে ৷ লক্ষ্মণ! আমি জানকী বাতীত এই মণিটি দেখিলাম ইহা অপেকা আর আমার কি কটকর আছে ! এক্ষণে যদি কফেসুফে আর একমাস শতীত হয় তবেই তিনি বহুকাল বাঁচিবেন। বীর! আমি সেই ক্ফলোচনা জানকীর বিরহে ক্ষণমাত্রও ভিষ্ঠিতে পারি না৷ এক্ষণে যে স্থানে তাঁহাকে দেখিয়াছ আমাকেও সেই প্রদেশে লইয়া চল ৷ আমি তাঁহার উদ্দেশ পাইয়া কিছুতেই কাল-বিলম্ব করিতে পারি না। জানকী অত্যন্ত ভীৰুমভাব, জানি না, তিনি কিরুপে সেই ভীষণ রাক্ষ্মগণের মধ্যে কাল-হরণ করিতেছেন। অন্ধকারমুক্ত শারদীয় চক্র যেমন মেঘের আবরণে মলিন হইয়া যায় সেইরপা তাঁহার মুখমওল একণে প্রভাশৃন্য হইয়াছে i হরুমন্! জানকী কি কহিলেন তুমি আমাকে যথার্থ বল; রোগীর পক্ষে যেমন ঔষধ তাঁহার বাক্ত সেইরপ আমার প্রাণধারণের পক্ষে যথেষ্ট হইবে ৷ বল সেই মধুরভাষিণী কি বলিলেন। বল, তিনি ছঃখের পার ছঃখ সহিয়া কিরুপে জীবিত আছেন !

# সপ্তথ্যিতিম সর্গ।

-

তখন হনুমান কহিতে লাগিলেন, রাম! চিত্রকূট পর্বতে বায়সসংক্রাপ্ত যে ঘটনা হয়, জানকী অভিজ্ঞানস্বরূপ সেই কথার উল্লেখ করিয়াছেন। একদা তিনি ঐ পর্বতে তোমার সহিত স্থেখ নিজিত ছিলেন এবং তুমি জাগরিত হইবার পূর্বেই স্বয়ং গাত্রোপান করেন। ইত্যবসরে এক কাক আসিয়া সহসা তাঁহার স্তনতট ক্ষত বিক্ষত করিয়া দেয়। তৎকালে তুমি জানকীর ক্রোড়ে প্রস্থপ্ত হিলে, স্বতরাং ঐ কাক নির্ভয়ে আবার আসিয়া তাঁহার স্তনমুগল অতিমাত্র ক্ষত বিক্ষত করে। তোমার সর্বাঙ্গ শোণিতসিক্ত, জানকী যন্ত্রণায় তোমাকে জাগরিত করিলেন। তখন তুমি স্বচক্ষে তাঁহার ঐরপ্র হ্রবস্থা দেখিয়া ভুজঙ্গবৎ গর্জ্জন পূর্বক কহিলে, বল, নখাগ্র দ্বারা কে তোমার স্তনতট ক্ষত বিক্ষত করিল? ক্রোধপ্রদিপ্ত পঞ্চমুখ সর্পের সহিত কাহারই বা ক্রীড়া করিবার ইচ্ছা হইল?

ভুমি এই বলিয়া চভুর্দ্দিকে দৃষ্টি প্রসারণ করিলে এবং সহসা ঐ বায়সকে রক্তাক্ত নখে সীতার সমুখে দেখিতে পাইলে !

সে ইল্রের পুত্র, গতিবেগে বায়ুর তুল্য। সে ভূবিবরে বাস করিতেছিল ৷ তুমি উহাকে দেখিবামাত্র ক্রোধে নেত্রযুগল আবর্ত্তিত করিয়া, উহার বিনাশে কতসংক্ষণ্প হইলে এবং দর্ভান্তরণ হইতে একটা দর্ভ গ্রহণ পূর্ব্বক ত্রন্ধান্তমন্ত্রে যোজনা করিলে ৷ দর্ভ মন্ত্রপূত হইবামাত্র প্রলয়বহ্নির ন্যায় জ্বলিয়া উচিল এবং ভুমিও তৎক্ষণাৎ উহা কাকের প্রতি নিক্ষেপ করিলে। কাক আকাশে উড্ডীন হইল, দর্ভও উহার অনু-পারণ করিতে লাগিল। কাক পরিত্রাণ পাইবার জন্য ত্রিলোক পর্যাটন করিল, কিন্তু দেবতারাও তোমার ভয়ে তাহাকে রক্ষা করিতে পারিলেন না! পরিশেষে সে তোমার শরণাপন্ন হ্ইল ৷ তুমি উহাকে ভূতলে নিপতিত দেখিয়া একান্ত ক্লপাবিষ্ট হইলে এবং দণ্ডার্হ হইলেও রক্ষা করিলে। কিন্তু তোমার ত্রকাস্ত্র অমোষ, ভাহা কদাচ ব্যর্থ হইবার নয়, এই কারণে ভুমি ভদ্মারা কেবল ঐ কাকের দক্ষিণ চক্ষু নষ্ট করিলে। পরে কাক রাজা দশরথ ও ভোমাকে নমস্কার পুর্বক স্বস্থানে প্রস্থান করিল 1

বীর! জানকী আরও কহিলেন "জানি না তুমি কি জন্য রাক্ষসগণকে ক্ষমা করিতেছ। যুদ্ধে তোমার প্রতিঘন্দ্রী হইতে পারে দেব দানব ও গন্ধর্কের মধ্যেও এমন কেহ নাই। এক্ষণে আমার প্রতি যদি ভোমার কিছুমাত্র দৃষ্টি থাকে তবে শীত্রই স্থাণিত শরে প্রবৃত্ত রাবণকে সংহার কর। বীর লক্ষণই বা কি জন্য ভাত্নিদেশে আমায় উদ্ধার করিতেছেন না। ঐ চুই তেজস্বী রাজকুমারের বলবিক্রম স্থরগণেরও প্রনিবার, এক্ষণে তাহারা কি জুন্য আমায় উপেক্ষা করিতেছেন। যখন তাঁহারা সাধ্যপক্ষেও উদাসীন হইয়া আছেন তখন বোধ হয় আমারই কোন প্রদৃষ্ট ঘটিয়া থাকিবে।"

রাম! আমি জানকীর এইরপ দীনবাক্য শ্রবণ করিয়া কহিলাম, দেবি! আমি সত্য শপথে কহিতেছি, রাম তোমার বিরহ হুংখে সকল কার্য্যেই উদাসীন হইয়া আছেন এবং মহাবীর লক্ষ্মণও তাঁহার এইরপ অবস্থান্তর দেখিয়া, অস্থেখ কালহরণ করিতেছেন। এক্ষণে আমি বহুরেশে ভোমার অনুসন্ধান পাইলাম। অভংপর ভূমি আর হতাশ হইও না! বলিতে কি, ভোমার এই হুংখ শীত্রই দূর হইবে। রাম ও দক্ষ্মণ ভোমায় দেখিবার জন্য উৎসাহিত হইয়া, অচিরাৎ লক্ষ্মা ভক্ষমণ করিবেন। মহাবীর রাম হুরাচার রাবণকে সবংশে বিনাশ করিয়া ভোমাকে অব্যোধ্যায় লইয়া ঘাইবেন। দেবি! এক্ষণে তাঁহার গোধগম্য হয় এইরপ কোন প্রীতিকর অভিজ্ঞান থাকে তাঁহা ভূমি আমাকে অর্পণ কর।

অনস্তর জানকী একবার চতুর্দ্ধিকে দৃষ্টিপাত করিলেন এবং এই উৎকৃষ্ট চূড়ামণি বক্তাঞ্চল হইতে উন্মোচন পূর্বক আমার ছত্তে সমর্পণ করিলেন। আমি ভোমার জন্য বন্ধাঞ্জলি হইয়া,
এই মণি গ্রহণ ও ভাঁহাকে অভিবাদন পূর্বক প্রভ্যাগমনে
ইচ্ছুক হইলাম। ভদ্টে জানকী অভিমাত্র ব্যন্তসমন্ত হইয়া
উঠিলেন এবং অঞ্চপূর্ণ লোচনে বাষ্পাগদগদ বচনে পুনর্বার
আমাকে কহিলেন, দৃত! ভূমি যখন পালপলাশলোচন
রাম ও মহাবীর লক্ষ্মণকে দেখিতেছ তখন ভোমার স্থধ্য

পরে আমি কহিলাম, দেবি! তুমি শীদ্র আমার পৃষ্ঠে আরোহণ কর, আমি অদ্যই ভোমাকে রাম ও লক্ষণের নিকটি লইয়া যাইব।

তখন জানকী কহিলেন, দৃত! আমি স্বেচ্ছাক্রমে তোমার স্পৃষ্ঠ স্পর্শ করিব না, ইহা অত্যন্ত ধর্মবিকদ্ধ। পূর্বে যে আমার রাক্ষনের গাত্র স্পর্শ করিতে হইরাছিল, তাহা কেবল কালপ্রভাবে, তির্বিয়ে আমি কি করিব? দৃত! তুমি এক্ষণে সেই হুই রাজকুমারের নিকট শীত্র প্রস্থান কর। তুমি তাঁহা-দিগকে এবং অমাত্য স্থ্রীবকে কুশল জিজ্ঞাসা করিও। কহিও মহাবীর রাম এই হুংখক্রশ হইতে শীত্রই যেন আমাকে উদ্ধার করেন। তুত। অধিক আর কি, অতঃপর তুমি নির্বিয়ে যাও।

### অফ্টষফিত্ৰ সৰ্গ।

-000-

দেব! জানকা ভোমার প্রতি স্নেছ এবং আমার প্রতি সোহার্দ নিবন্ধন ব্যস্তসমস্ত হইয়া পুনর্কার কহিতে লাগিলেন, দৃত! মহাবীর রাম যুদ্ধে প্রবৃত্ত রাক্ষসকে বধ করিয়া যেন শীত্র আমাকে উদ্ধার করেন। দেখ, ভোমাকে দেখিলে এই মন্দভাগিনীর শোক কণকালের জন্যও উপশম হইতে পারে, একণে যদি তোমার ইচ্ছা হয় তবে এই লঙ্কার কোন নিভত স্থানে অন্তত এক দিনের জন্যও অবস্থান কর, পরে গতক্রম হইয়া কল্য প্রস্থান করিও। আমি একদুটে ভোমার প্রভ্যা-গমন প্রতীক্ষা করিব বটে কিন্তু তদবধি জীবিত থাকি কি না সন্দেহ হইতেছে ৷ আমি একে হুংখের উপর হুংখ সহিয়া আছি, অতঃপর তোমার অদর্শন আমায় আরও হিহ্নল করিবে। বীর ! জানি না, বানর ও ভল্ল,কগণ, কপিরাজ স্থগ্রীব ও ঐ ছুই রাজ্রকুমার কি রূপে এই ত্রন্সার সমুদ্র উত্তীর্ণ হুইয়া আসিবেন ৷ তুমি, গৰুড়ও বায়ু এই তিন জন ব্যতীত এই সমুদ্র লজ্মন করিতে পারে এমন আর কাহাকেই দেখি না তুমি স্বয়ং বৃদ্ধিমান, একণে বল ইছার কিরপ উপার অবধারণ করিতে ? মানিলাম, তুমি একাকীই সকল কার্য্য সাধন করিতে পার এবং তোমার এইরপ বলবীর্য্য অবশ্যই প্রশংসনীয়, কিন্ত যদি রাম সসৈন্যে আসিয়া সমরে শক্র বিনাশ করেন ভাহা ছইলেই ভাঁহার পক্ষে সমুচিত কার্য্য করা হইবে। তিনি যদি এই লক্ষাপুরী বানর সৈন্যে আচ্ছন্ন করিয়া আমাকে লইয়া যান ভাহা হইলেই ভাঁহার পক্ষে সমুচিত কার্য্য করা হইবে। দৃত। একণে দেই মহাবীর যাহাতে অনুরপ বিক্রম প্রকাশে উৎসাহী হন তুমি ভাহাই করিও।

তখন আমি কহিলাম, দেবি ! কপিরাজ স্থাীব মহাবীর, তিনি ভোমার উদ্ধারসংকল্পে ক্তনিশ্চয় হইয়া আছেন । এক্ষণে তিনি স্বয়ং রাক্ষসগণকে সংহার করিবার জন্য অসংখ্য বানরসৈন্যের সহিত শীদ্রই আগমন করিবেন । বানরগণ তাঁহারই আজ্ঞানুবর্ত্তী ভূত্য, উহারা মহাবল ও মহাবীর্ষ্য, উহাদিগের গতি কোন দিকে কদাচই প্রতিহত্ত হয় না । উহারা মনোবেগবৎ শীদ্র গমন করিয়া থাকে । ছক্ষর কার্যেও উহাদিগের কোনরপ অবসাদ দৃষ্ট হয় না । উহারা বায়ুবেগে বারংবার এই সসাগরা পৃথিবী প্রদক্ষিণ করিয়াছে। দেবি ! কপিরাজের নিকট আ্মা হইতে উৎকৃষ্ট এবং আমার সমকক্ষ এমন অনেক বানর আছে, কিছ

আমা অপেকা হীনবল আর কাহাকেই দেখি না! একৰে সেই সমস্ত বীরের কথা দূরে থাক, আমি এইরূপ সামান্য इर्सल हरेवा अथारन छेशिक्छ हरेवाहि। तथ, छे० करखेता कथन कोन कार्या नियुक्त इन ना, यादाता निकृषे जादाताहै প্রেরিত হইয়া থাকে ৷ অতঃপর তুমি আর ছুংখিত হইও না, শোক পরিভ্যাগ কর! কপিবীরেরা এক লক্ষে সমুদ্র লঙ্ঘন করিয়া লক্কায় উত্তীর্ণ হইবে এবং রাম ও লক্ষণ আমার পৃষ্ঠে আরোহণ পূর্বক উদিত চক্রন্থর্যের ন্যায় ভোষার নিকট উপ-স্থিত হইবেন। তুমি অচিরাৎ সেই সিংহসক্কাশ মহাবীরকে **ভাতা লক্ষ্মণের সহিত লক্ষাদ্বারে দেখিতে পাইবে। তুরি** অচিরাৎ সিংহব্যাত্রবিক্রাস্ত করালনখ তীক্ষদশন বানরগণকে সমাগত দেখিতে পাইবে ৷ তুমি অচিরাৎ লক্কার পর্বতশিখরে ঐ সকল মেঘাকার বীরগণের সিংহনাদ শুনিতে পাইবে ! দেবি ! রাম তোমার সহিত বনবাস হইতে প্রতিনিত্বত হইয়া, অযোধ্যারাক্ষ্যে অভিষিক্ত হইবেন ইহা তুমি শীত্রই দেখিৰে।

রাম! জানকী তোমার শোকে অতিমাত্র আকুল হইলেও আমার এইরপ আশ্বাসকর বাক্যে বীতশোক হইরা শান্তিলাভ করিয়াছেন।

হুন্দরকাণ্ড সম্পূর্ণ